দ্বিতীয় পত্র

অধ্যায় ১

# ব্যাংক ব্যবস্থার প্রাথমিক ধারণা
## [Primary Concept of Banking System]

## Chapter Outlook Map

ব্যাংক ব্যবস্থার প্রাথমিক ধারণা

- Type-1 : ব্যাংক ব্যবস্থার মৌলিক ধারণা
- Type-2 : ব্যাংকের শ্রেণীবিভাগ ও মূলনীতি
- Type-3 : বিবিধ
- Type-4: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে
- Step-1: Basic Information
- Step-2: At a Glance : Most Important Information
- Step-3: বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4: সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**হোম টিউটর** — বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে এ বছরের ভর্তি পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| | অতি গুরুত্বপূর্ণ (৯০% +) | গুরুত্বপূর্ণ (৮০% +) | কম গুরুত্বপূর্ণ (৭০% +) | জানা জরুরি (৫০% +) |
|---|---|---|---|---|
| টপিকসমূহ | ■ ব্যাংকের শ্রেণিবিভাগ | ■ ব্যাংক ব্যবসার অতীত ও বর্তমান | ■ গ্রাহককে জানা<br>■ গারনিশী আদেশ<br>■ ব্যাংকার-গ্রাহক সম্পর্ক | ■ ব্যাসেল ১, ২ |

# Type 1 ব্যাংক ব্যবস্থার মৌলিক ধারণা

## Step 1 BASIC INFORMATION

### ☐ ব্যাংক শব্দের উৎপত্তি (Origin of Bank word):

Banke (জার্মান শব্দ) → Banco (ইতালীয় শব্দ) → Bank (ইংরেজি শব্দ)

### ☐ ব্যাংক (Bank):

- ব্যাংক হলো আর্থিক সেবাদানকারী প্রতিষ্ঠান।
- ব্যাংক ব্যবসায়ের ক্ষেত্রে অর্থগত উপযোগ সৃষ্টি করে।
- আধুনিক অর্থনীতির জীবনীশক্তি বলা হয়- ব্যাংককে।
- ব্যাংকের প্রধান উদ্দেশ্য- মুনাফা অর্জন।
- ব্যাংকের সকল কাজকে ব্যাংকিং বলে।
- যে ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যাংক ব্যবসায়ের কর্মকাণ্ডে জড়িত তাকে ব্যাংকার বলে।
- 'মুদ্রার প্রয়োজনে ব্যাংক এসেছে'– উক্তিটি করেছেন অর্থনীতিবিদ হানা
- 'Money is what money does'-উক্তিটি করেছেন- ক্রাউথার



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## ❑ ব্যাংক ব্যবসার অতীত ও বর্তমান (Past and Present of Bank Business):

♦ আধুনিক ব্যাংকের পূর্বসূরি :

| | |
|---|---|
| স্বর্ণকার শ্রেণি (Goldsmiths) | • যুগ যুগ ধরে বিশ্বের বিভিন্ন স্থানে স্বর্ণকারদের অস্তিত্ব থাকলেও মধ্যযুগে ইংল্যান্ডের স্বর্ণকারগণই কেবল জনগণের উদ্বৃত্ত অর্থ, মূল্যবান দলিলপত্র প্রভৃতি জমা রাখত।<br>• আধুনিক ব্যাংকের উৎপত্তিতে স্বর্ণকারদের অবদান সর্বাধিক।<br>• স্বর্ণকার শ্রেণির মাধ্যমে ব্যাংক অব ইংল্যান্ড (Bank of England) প্রতিষ্ঠিত হয়।<br>• জমা রসিদ (Slip), ব্যাংক নোট, উত্তোলন রসিদ, সার্ভিস চার্জ আদায়, ঋণ প্রদান ও আমানত সংগ্রহ রসিদ প্রভৃতির প্রচলন করে স্বর্ণকার শ্রেণি (ব্যবিলনীয় সভ্যতায়)। |
| মহাজন শ্রেণি (Money Lenders) | • ঋণকে ব্যবসায়িক সওদাতে পরিণত করে মহাজন শ্রেণি।<br>• জামানতি বা বন্ধকি ঋণের প্রচলন, হুন্ডি তথা ব্যাংক ড্রাফট ও প্রত্যয়পত্রের প্রচলন করে মহাজন শ্রেণি।<br>• জেনেভা শহরে প্রতিষ্ঠিত হয় মহাজন শ্রেণির ব্যাংক। |
| ব্যবসায়ী শ্রেণি (The Merchant) | • ব্যাংকের আজ্ঞাপত্র, প্রত্যয়পত্র, ভ্রাম্যমাণ নোট, ভ্রমণকারীর চেক, ভ্রমণকারীর প্রত্যয়পত্র, প্রভৃতি ব্যবসায়ী শ্রেণি প্রচলন করে- রোমান সভ্যতায়। |

♦ ১৯৭২ সালে বাংলাদেশে জাতীয়করণকৃত ৬টি বাণিজ্যিক ব্যাংক :

০১. সোনালী ব্যাংক (বর্তমানে ১০০% সরকারি)
০২. জনতা ব্যাংক (বর্তমানে ১০০% সরকারি)
০৩. অগ্রণী ব্যাংক (বর্তমানে ১০০% সরকারি)
০৪. রূপালী ব্যাংক (বর্তমানে ৯৪.৫% সরকারি)
০৫. পূবালী ব্যাংক (বর্তমানে বেসরকারি)
০৬. উত্তরা ব্যাংক (বর্তমানে বেসরকারি)

♦ ১৯৭২ সালে জাতীয়করণকৃত ৬টি বাণিজ্যিক ব্যাংকের পুরাতন ও নতুন নাম-

| পুরাতন নাম | | নতুন নাম |
|---|---|---|
| ১. ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | ২. দ্যা প্রিমিয়ার ব্যাংক লি.৩. দ্যা ব্যাংক অব ভাওয়ালপুর | ১. সোনালী ব্যাংক |
| ১. দ্যা হাবিব ব্যাংক লি. | ২. দ্যা কমার্স ব্যাংক লি. | ২. অগ্রণী ব্যাংক |
| ১. দ্যা ইউনাইটেড ব্যাংক লি. | ২. দ্যা ইউনিয়ন ব্যাংক লি. | ৩. জনতা ব্যাংক |
| ১. দ্যা মুসলিম কমার্শিয়াল ব্যাংক লি. | ২. দ্যা স্ট্যান্ডার্ড ব্যাংক লি. ৩.দ্যা অস্ট্রেলিয়া ব্যাংক লি. | ৪. রূপালী ব্যাংক |
| ১. দ্যা ইষ্টার্ন মার্কেন্টাইল ব্যাংক লি. | | ৫. পূবালী ব্যাংক লি. |
| ১. দ্যা ইষ্টার্ন ব্যাংকিং কর্পোরেশন লি. | | ৬. উত্তরা ব্যাংক লি. |

♦ কয়েকটি গুরুত্বপূর্ণ ব্যাংক :

| ব্যাংকের তথ্যসমূহ | ব্যাংকের নাম | প্রতিষ্ঠিত স্থান |
|---|---|---|
| বিশ্বের প্রথম ব্যাংক | শান্সী ব্যাংক (৬০০ BC) | চীন |
| বিশ্বের প্রথম সরকারি ব্যাংক | ব্যাংক অব ভেনিস (১১৫৭ সাল) | ইতালি |
| বিশ্বের প্রথম সাংগঠনিক ব্যাংক | ব্যাংক অব বার্সিলোনা (১৪০১ সাল) | ইতালি |
| বণিকদের যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত প্রথম ব্যাংক | ব্যাংক অব সানজর্জিও (১১৭৮ সাল) | জেনেভা |
| বিশ্বের প্রথম নোট ইস্যুকারী, প্রথম সনদপ্রাপ্ত ও প্রথম কেন্দ্রীয় ব্যাংক | দি রিক্স ব্যাংক অব সুইডেন | সুইডেন |
| বিশ্বের দ্বিতীয় সনদপ্রাপ্ত ও প্রথম সাংগঠনিক কেন্দ্রীয় ব্যাংক | ব্যাংক অব ইংল্যান্ড (১৬৯৪ সাল) | ইংল্যান্ড |
| ভারত উপমহাদেশে প্রথম প্রতিষ্ঠিত বাণিজ্যিক ব্যাংক | হিন্দুস্থান ব্যাংক (১৭৭০ সাল) | ভারত |
| বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক | বাংলাদেশ ব্যাংক | বাংলাদেশ |
| বিশ্বের প্রথম সুদবিহীন ব্যাংক | ইসলামিক ডেভেলপমেন্ট ব্যাংক | সৌদি আরব |
| বাংলাদেশের প্রথম সুদবিহীন ব্যাংক | ইসলামী ব্যাংক | বাংলাদেশ |
| বাংলাদেশের প্রথম বেসরকারি ব্যাংক | এবি ব্যাংক | বাংলাদেশ |
| ভারতীয় উপমহাদেশে প্রথম মুসলিম মালিকানাধীন ব্যাংক | হাবিব ব্যাংক | ভারত |

**অন্যান্য তথ্য**

- NGO, মহাজন শ্রেণি হলো- দেশীয় ব্যাংকের উদাহরণ।
- ADB (Asian Development Bank) হলো- আঞ্চলিক ব্যাংকের উদাহরণ।
- IDB (Islamic Development Bank) হলো- গোষ্ঠী উন্নয়ন ব্যাংকের উদাহরণ।
- WB (World Bank), IMF (International Monetary Fund) হলো- আন্তর্জাতিক ব্যাংক।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

♦ **এক নজরে বাংলাদেশের বর্তমান ব্যাংকের সংখ্যা :**




Source: Bangladesh Bank Website (June-2023)

**→ সরকারি তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক - ৬ টি।**

| | | |
|---|---|---|
| ১. সোনালী ব্যাংক লি. | ৩. জনতা ব্যাংক লি. | ৫. বেসিক ব্যাংক লি. |
| ২. রূপালী ব্যাংক লি. | ৪. অগ্রণী ব্যাংক লি. | ৬. বিডিবিএল |

**→ সরকারি বিশেষায়িত তালিকাভুক্ত ব্যাংক - ৩টি।**

| সংক্ষিপ্ত নাম | পূর্ণরূপ |
|---|---|
| ১. BKB | Bangladesh Krishi Bank (বাংলাদেশ কৃষি ব্যাংক) |
| ২. RKUB | Rajshahi Krishi Unnayan Bank (রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক) |
| ৩. PKB | Probashi Kallyan Bank (প্রবাসী কল্যাণ ব্যাংক) |

**→ ইসলামী বাণিজ্যিক ব্যাংক- ১০টি।**

| | |
|---|---|
| ১. ইসলামী ব্যাংক বাংলাদেশ লি. | ৬. আল-আরাফা ইসলামী ব্যাংক লি. |
| ২. শাহজালাল ইসলামী ব্যাংক লি. | ৭. সোস্যাল ইসলামী ব্যাংক লি. |
| ৩. ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি | ৮. ICB ইসলামী ব্যাংক লি. |
| ৪. EXIM ব্যাংক অব বাংলাদেশ লি. | ৯. ইউনিয়ন ব্যাংক লি. |
| ৫. স্ট্যান্ডার্ড ব্যাংক লি. | ১০. যমুনা ব্যাংক লি. |

**→ বিদেশি বাণিজ্যিক ব্যাংক- ৯টি।**

| ব্যাংকের নাম | দেশের নাম |
|---|---|
| ১. Citi Bank N.A. | USA |
| ২. দি স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক লি. | England |
| ৩. স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | India |
| ৪. হাবিব ব্যাংক লি. | Pakistan |
| ৫. ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | Pakistan |
| ৬. Woori Bank | South Korea |
| ৭. The Hongkong and Shanghai Banking Corporation (HSBC) | England |
| ৮. কমার্শিয়াল ব্যাংক অব সিলন | Srilanka |
| ৯. ব্যাংক আলফালাহ্ | Pakistan |

**→ অতালিকাভুক্ত ব্যাংক ৫টি।**

| | | |
|---|---|---|
| ১. আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক | ৩. কর্মসংস্থান ব্যাংক | ৫. গ্রামীণ ব্যাংক |
| ২. জুবিলী ব্যাংক | ৪. পল্লী সঞ্চয় ব্যাংক | |

■ **ব্যাংকের রেটিং পদ্ধতি (Rating system of bank):**

বাংলাদেশ ব্যাংক ও বিমার জন্য ২ রকমের পৃথক রেটিং ব্যবস্থা প্রচলিত। বাংলাদেশের যাবতীয় ব্যাংকসমূহকে রেটিং করা হয় CAMEL পদ্ধতিতে এবং যাবতীয় বিমাসমূহকে রেটিং করা হয় CARAMEL পদ্ধতিতে। CAMEL এর পূর্ণরূপ হলো : C = Capital Adequacy, A = Asset, M = Management Quality, E = Earnings and L = Liquidity

## Step 2 At a Glance :Most Important Information

- ব্যাংকের প্রধান উদ্দেশ্য- মুনাফা অর্জন।
- ব্যাংকের সকল কাজকে ব্যাংকিং বলে।
- সরকারি তালিকাভুক্ত বাণিজ্যিক ব্যাংক - ৬ টি।
- সরকারি বিশেষায়িত তালিকাভুক্ত ব্যাংক - ৩টি।
- ইসলামি বাণিজ্যিক ব্যাংক- ১০টি।
- বিদেশি বাণিজ্যিক ব্যাংক- ৯টি।
- অতালিকাভুক্ত ব্যাংক ৫টি।
- যে ব্যক্তি বা প্রতিষ্ঠান ব্যাংক ব্যবসায়ের কর্মকাণ্ডে জড়িত তাকে ব্যাংকার বলে।

## Step 3 বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

01. কোন ব্যাংক জামানত ছাড়াই ঋণ প্রদান করে থাকে? [DU : 07-08; JU : 09-10]
Ⓐ ব্র্যাক ব্যাংক Ⓑ গ্রামীণ ব্যাংক Ⓒ বাংলাদেশ কৃষি ব্যাংক Ⓓ সোনালী ব্যাংক Ⓔ ইসলামী ব্যাংক বাংলাদেশ — Ans B

02. নিচের কোনটি বিদেশি ব্যাংক? [DU : 02-03, 00-01]
Ⓐ স্ট্যান্ডার্ড ব্যাংক Ⓑ সিটি ব্যাংক এন. এ. Ⓒ ওয়ান ব্যাংক Ⓓ IFIC ব্যাংক — Ans B

03. বাংলাদেশে বর্তমানে রাষ্ট্রায়ত্ত ব্যাংক- [DU : 99-2000,97-98]
Ⓐ সোনালী ন্যাশনাল, পূবালী Ⓑ সোনালী, রূপালী, অগ্রণী, জনতা Ⓒ সোনালী, ন্যাশনাল, রূপালী Ⓓ কোনোটিই নয় — Ans B

### ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. পদ্মা ব্যাংক কোন ব্যাংকের পরিবর্তিত নাম? [DU 7 College : 19-20]
Ⓐ সাউথ বাংলা ব্যাংক Ⓑ ফার্মারস ব্যাংক Ⓒ এন আর বি ব্যাংক Ⓓ ইউনিয়ন ব্যাংক — Ans B

02. গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা কে? [HEC : 19-20]
Ⓐ ড. মোহাম্মদ শহীদুল্লাহ Ⓑ ড. মোহাম্মদ ফরাস উদ্দীন Ⓒ ড. মুহাম্মদ ইউনূস Ⓓ ড. অমর্ত্য সেন — Ans C

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. ধারণা মতে যে গ্রিক শব্দ থেকে আধুনিক ব্যাংক শব্দটির উৎপত্তি সেটি কী? [RU : 13-14]
Ⓐ BANQUE Ⓑ BANC Ⓒ BANCO Ⓓ BANKA Ⓔ BANKE — Ans C

02. কোন ইতালীয়ান শব্দ থেকে "Bank" শব্দের উৎপত্তি? [RU : 10-11]
Ⓐ Banco Ⓑ Bancu Ⓒ Banke Ⓓ Back — Ans A

03. 'Money is what money does'-উক্তিটি করেছেন- [RU : 10-11]
Ⓐ ওয়াকার Ⓑ ক্রাউথার Ⓒ সেয়ার্স Ⓓ কোল — Ans B

04. বিশ্বের প্রথম ব্যাংক যে দেশে প্রতিষ্ঠিত হয়েছিল তার নাম- [RU : 08-09]
Ⓐ ইংল্যান্ড Ⓑ ইন্ডিয়া Ⓒ আমেরিকা Ⓓ জাপান Ⓔ চীন — Ans E

05. উত্তরা ব্যাংকের পুরাতন নাম- [RU : 08-09]
Ⓐ দি প্রিমিয়ার ব্যাংক লি. Ⓑ দি ইস্টার্ন মার্কেন্টাইল ব্যাংক লি. Ⓒ দি ইস্টার্ন ব্যাংকিং কর্পোরেশন লি. Ⓓ দি ইউনাইটেড ব্যাংক লি. Ⓔ দি ইউনিয়ন ব্যাংক লি. — Ans C

06. কোন ব্যাংক জামানত ছাড়াই ঋণ প্রদান করে থাকে? [RU : 07-08; JU : 09-10]
Ⓐ ব্র্যাক ব্যাংক Ⓑ গ্রামীণ ব্যাংক Ⓒ বাংলাদেশ কৃষি ব্যাংক Ⓓ সোনালী ব্যাংক Ⓔ ইসলামী ব্যাংক বাংলাদেশ — Ans B

07. গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠিত হয়- [RU : 06-07]
Ⓐ ১৯৭৬ সালে Ⓑ ১৯৭৩ সালে Ⓒ ১৯৭২ সালে Ⓓ ১৯৮৩ সালে — Ans D



CamScanner

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**01. বাংলাদেশের প্রথম বেসরকারি ব্যাংক কোনটি?**
Ⓐ হাবিব ব্যাংক Ⓑ ইসলামি ব্যাংক Ⓒ উত্তরা ব্যাংক Ⓓ এবি ব্যাংক Ans D

**02. উপমহাদেশের ১ম মুসলিম মালিকানার ব্যাংক হলো-**
Ⓐ মুসলিম কমার্শিয়াল Ⓑ ইস্টার্ন মার্কেন্টাইল ব্যাংক Ⓒ হাবিব ব্যাংক Ⓓ ইসলামি ব্যাংক Ans C

**03. সরকারি উদ্যোগে গঠিত বিশ্বের প্রথম ব্যাংক কোনটি?**
Ⓐ দি ব্যাংক অব ইংল্যান্ড Ⓑ দি ব্যাংক অব কানাডা
Ⓒ দি ব্যাংক অব বার্সিলোনা Ⓓ ব্যাংক অব ভেনিস Ans D

**04. উদ্দেশ্য অর্জনের জন্য ব্যাংকের সম্পাদিত কার্যাবলিকে কী বলে?**
Ⓐ ব্যবসায় Ⓑ ব্যবস্থাপনা
Ⓒ ব্যাংকিং Ⓓ বিমা Ans C

**05. আধুনিক অর্থনীতির জীবনীশক্তি কোনটি?**
Ⓐ অর্থ Ⓑ মূলধন Ⓒ ব্যাংক Ⓓ বিনিয়োগ Ans C

**06. কোনটি আধুনিক ব্যাংকের পূর্বসূরী বহির্ভূত?**
Ⓐ বণিক সংঘ Ⓑ ব্যবসায়ী গোষ্ঠী
Ⓒ মহাজন শ্রেণি Ⓓ স্বর্ণকার Ans A

**07. ব্যাংক ব্যবস্থার প্রচলনে প্রথমত কোন বিষয়টি মুখ্য ভূমিকা রেখেছে?**
Ⓐ অর্থের প্রচলন Ⓑ কেন্দ্রীয় ব্যাংক প্রতিষ্ঠা
Ⓒ রাষ্ট্র ব্যবস্থার সংহতি Ⓓ সভ্যতার উন্নয়ন Ans A

**08. নিচের কোনটি তালিকাভুক্ত বেরসকারি ইসলামি ব্যাংক?**
Ⓐ এক্সিম ব্যাংক লিমিটেড Ⓑ প্রাইম ব্যাংক লিমিটেড
Ⓒ সাউথইস্ট ব্যাংক লিমিটেড Ⓓ ঢাকা ব্যাংক লিমিটেড Ans A

**09. ডাচ বাংলা ব্যাংক লিমিটেড বাংলাদেশ ব্যাংকের অধীন কোন ধরনের তালিকাভুক্ত ব্যাংক?**
Ⓐ বিশেষায়িত ব্যাংক Ⓑ বেসরকারি মালিকানাধীন ব্যাংক
Ⓒ সরকারি ও বেসরকারি মালিকানাধীন ব্যাংক Ⓓ বিদেশি বাণিজ্যিক ব্যাংক Ans B

**10. নিচের কোনটি কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত ব্যাংক বহির্ভূত?**
Ⓐ বাংলাদেশ কৃষি ব্যাংক Ⓑ ইসলামী ব্যাংক বাংলাদেশ
Ⓒ গ্রামীণ ব্যাংক Ⓓ প্রাইম ব্যাংক Ans C

**11. প্রাচীনকাল থেকেই সুদের ব্যবসায়ী হিসেবে কারা পরিচিত ছিল?**
Ⓐ মহাজন শ্রেণি Ⓑ ব্যবসায়ী গোষ্ঠী Ⓒ স্বর্ণকার Ⓓ সওদাগর শ্রেণি Ans A

**12. নিচের কোনটি ব্যাংকের সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ?**
Ⓐ অর্থ স্থানান্তর Ⓑ তহবিল সংরক্ষণ
Ⓒ বৈদেশিক মুদ্রার লেনদেন Ⓓ আমানত সংগ্রহ ও ঋণদান Ans D

**13. ব্যাংক গচ্ছিত টাকার ঝুঁকি বহনকারীর কে?**
Ⓐ সরকার Ⓑ কেন্দ্রীয় ব্যাংক Ⓒ ব্যাংক নিজেই Ⓓ আমানতকারী Ans C

**14. কোনটি সরকারি ব্যাংক?**
Ⓐ এবি ব্যাংক লি. Ⓑ ন্যাশনাল ব্যাংক লি. Ⓒ রূপালী ব্যাংক লি. Ⓓ স্ট্যান্ডার্ড ব্যাংক লি. Ans C

**15. রূপালী ব্যাংকের পূর্ব নাম কী ছিল?**
Ⓐ দি ইস্টার্ন ব্যাংক লি. Ⓑ দি ইউনিয়ন ব্যাংক লি .
Ⓒ দি ইস্টার্ন মার্কেন্টাইল ব্যাংক লি. Ⓓ মুসলিম কমার্শিয়াল লি. Ans D

**16. যৌথ উদ্যোগে বিশ্বে প্রথম প্রতিষ্ঠিত ব্যাংক কোনটি?**
Ⓐ দি ব্যাংক অব ভেনিস Ⓑ দি ব্যাংক অব বার্সিলোনা
Ⓒ দি ব্যাংক অব সানজর্জিও Ⓓ দি ব্যাংক অব জেনেভা Ans C



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

# Type 2 ব্যাংকের শ্রেণীবিভাগ ও মূলনীতি

## Step 1 BASIC INFORMATION

**ব্যাংকের প্রকারভেদ**

- **১. মালিকানার ভিত্তিতে শ্রেণিবিভাগ**
  - ১. সরকারি ব্যাংক
  - ২. বেসরকারি ব্যাংক
  - ৩. সরকারি ও বেসরকারি যৌথ মালিকানাধীন ব্যাংক
  - ৪. স্বায়ত্তশাসিত ব্যাংক
  - ৫. বিদেশি ব্যাংক
- **২. কার্যভিত্তিক শ্রেণিবিভাগ**
  - ১. কেন্দ্রীয় ব্যাংক
  - ২. বাণিজ্যিক ব্যাংক
  - ৩. বিশেষায়িত ব্যাংক
    - i) কৃষি ব্যাংক
    - ii) শিল্প ব্যাংক
    - iii) সঞ্চয়ী বা আমানত ব্যাংক
    - iv) বিনিয়োগ ব্যাংক
    - v) মিশ্র ব্যাংক
    - vi) সমবায় ব্যাংক
    - vii) বিনিময় ব্যাংক
    - viii) মার্চেন্ট ব্যাংক
    - ix) আমদানি-রপ্তানি ব্যাংক
    - x) ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক
    - xi) কর্মসংস্থান ব্যাংক
    - xii) গৃহসংস্থাপন ব্যাংক
    - xiii) ভোক্তা ব্যাংক
    - xiv) পরিবহন ব্যাংক
    - xv) বন্ধকী ব্যাংক
    - xvi) গ্রামীণ ব্যাংক
  - ৪. অন্যান্য ব্যাংক
    - i) দেশীয় ব্যাংক
    - ii) আঞ্চলিক ব্যাংক
    - iii) গোষ্ঠী উন্নয়ন ব্যাংক
    - iv) আন্তর্জাতিক ব্যাংক
- **৩. সংগঠন কাঠামো ভিত্তিতে শ্রেণিবিভাগ**
  - ১. একক ব্যাংক
  - ২. শাখা ব্যাংক
  - ৩. চেইন ব্যাংক
  - ৪. গ্রুপ ব্যাংক
- **৪. তালিকাভুক্তির ভিত্তিতে শ্রেণিবিভাগ**
  - ১. তালিকাভুক্ত ব্যাংক
  - ২. অতালিকাভুক্ত ব্যাংক
- **৫. গ্রাহক সেবার ভিত্তিতে শ্রেণিবিভাগ**
  - ১. পাইকারি ব্যাংক
  - ২. খুচরা ব্যাংক

১. **মালিকানাভিত্তিক শ্রেণীবিভাগ (Based on owmership)**

(ক) **সরকারি ব্যাংক** - সংগঠন, নিয়ন্ত্রক, পরিচালক ও মালিক সরকার। যেমন- সোনালী ব্যাংক লিমিটেড।

(খ) **বেসরকারি ব্যাংক**- ব্যক্তি মালিকানায় গঠিত। যেমন- উত্তরা ব্যাংক লিমিটেড।

(গ) **সরকারি বেসরকারি যৌথ মালিকানা**- ৫১% বা তার অধিক শেয়ার সরকারের এবং ৪৯% বা তার কম শেয়ার বেসরকারি মালিকানায়। যেমন: IFIC ব্যাংক লিমিটেড।

(ঘ) **স্বায়ত্বশাসিত ব্যাংক**- সরকারি বিশেষ আইনে গঠিত ও স্বনিয়ন্ত্রিত। যেমন- বাংলাদেশ ব্যাংক।

২. **কার্যভিত্তিক শ্রেণীবিভাগ (Based on Function)**

(ক) **কেন্দ্রীয় ব্যাংক** - যে ব্যাংক বাণিজ্যিক ব্যাংকের অভিভাবক হিসেবে কাজ করে। যেমন- বাংলাদেশ ব্যাংক- ৯টি শাখা, ১টি লোকাল অফিস সহ মোট ১০টি শাখা, সর্বশেষ শাখা–ময়মনসিংহ।

(খ) **বাণিজ্যিক ব্যাংক** - জনতা ব্যাংক লিমিটেড , ঢাকা ব্যাংক লিমিটেড।

(গ) **বিশেষায়িত ব্যাংক** - বাংলাদেশ কৃষি ব্যাংক।

৩. **সংগঠন কাঠামো ভিত্তিক শ্রেণীবিভাগ (Based on organizational format)**

(ক) **একক ব্যাংকিং**- যে ব্যাংকিং ব্যবস্থায় একটি মাত্র অফিসের সাহায্যে কাজ করে। সে ব্যাংকিং ব্যবস্থাকে একক ব্যাংকিং বলা হয় । আমেরিকায় এর প্রচলন হয় এবং সেখানেই দেখা যায়। বাংলাদেশে এ ধরনের ব্যাংকের অস্তিত্ব নেই।

(খ) **শাখা ব্যাংকিং**-এ ব্যাংকিং পদ্ধতিতে একটি কেন্দ্রীয় ব্যাংকের অফিসের অধীনে অনেকগুলো শাখা প্রতিষ্ঠিত হয়। উৎপত্তি UK-তে।

(গ) **চেইন ব্যাংকিং**- একই শ্রেণিভুক্ত কয়েকটি ব্যাংক বৃহদায়তন ব্যাংকিং সুবিধা গ্রহণের জন্য চুক্তিবদ্ধ হয়ে নিজ নিজ সত্তা বজায় রেখে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। বাংলাদেশে নেই। উৎপত্তি USA-তে।

(ঘ) **গ্রুপ ব্যাংকিং**- সমজাতীয় কয়েকটি ব্যাংক একটি শক্তিশালী ব্যাংকের অধীনে জোটবদ্ধ হয়ে ব্যাংকিং কাজ করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

৪. **তালিকাভিত্তিক শ্রেণিবিভাগ (Based on listing)**

(ক) **তালিকাভুক্ত ব্যাংক:** দেশের অভ্যন্তরে কর্মরত যে সকল ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের সংরক্ষিত তালিকার অন্তর্ভুক্ত থেকে ব্যবসায় কার্যক্রম পরিচালনা করে, সে সকল ব্যাংককে তালিকাভুক্ত ব্যাংক বলে।

(খ) **অতালিকাভুক্ত ব্যাংক:** এ ধরনের ব্যাংক দেশের ব্যাংকিং আইন অনুযায়ী গঠিত হলেও কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত না হয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।

৫. **গ্রাহক সেবাভিত্তিক শ্রেণিবিভাগ(Based on customer service)**

(ক) **পাইকারি ব্যাংক:** বড় ধরনের কর্পোরেট প্রতিষ্ঠানসমূহকে অত্যন্ত ব্যয়সাধ্য ও উন্নত প্রযুক্তির ব্যাংকিং সেবা প্রদানের জন্য এ ধরনের ব্যাংকিং প্রতিষ্ঠান কাজ করে।

(খ) **খুচরা ব্যাংক:** খুচরা গ্রাহক অর্থাৎ ব্যক্তি গ্রাহক এবং বিভিন্ন সাধারণ ব্যবসায়ী ও অব্যবসায়ী প্রতিষ্ঠানকে এ ধরনের ব্যাংক, ব্যাংকিং সেবা প্রদান করে।

## ❑ ব্যাংক ব্যবসায়ের মূলনীতি (Basic principals of bank)

১. স্বচ্ছলতার নীতি
২. সততা ও বিশ্বস্ততার নীতি
৩. প্রচার নীতি
৪. অবস্থান নীতি
৫. সংরক্ষণ নীতি
৬. দেশের অর্থনৈতিক উন্নতির নীতি
৭. নিরাপত্তার নীতি
৮. দক্ষতার নীতি
৯. সেবার নীতি
১০. ঋণদান নীতি
১১. বিশেষায়ন নীতি
১২. বিনিয়োগ নীতি
১৩. সুনামের নীতি
১৪. তারল্য নীতি
১৫. মিতব্যয়িতার নীতি
১৬. জমা সংগ্রহ নীতি
১৭. গোপনীয়তার নীতি
১৮. সুদ ও মুনাফার হার নীতি

## Step 2 At a Glance : Most Important Information

- **সরকারি ব্যাংক** - সংগঠন, নিয়ন্ত্রক, পরিচালক ও মালিক সরকার। যেমন- সোনালী ব্যাংক লিমিটেড।
- **বেসরকারি ব্যাংক**- ব্যক্তি মালিকানায় গঠিত। যেমন- উত্তরা ব্যাংক লিমিটেড।
- **বাণিজ্যিক ব্যাংক** - জনতা ব্যাংক লিমিটেড , ঢাকা ব্যাংক লিমিটেড।
- **বিশেষায়িত ব্যাংক** - বাংলাদেশ কৃষি ব্যাংক।
- **তালিকাভুক্ত ব্যাংক**-দেশের অভ্যন্তরে কর্মরত, কেন্দ্রীয় ব্যাংকের সংরক্ষিত তালিকার অন্তর্ভুক্ত থেকে ব্যবসায় কার্যক্রম পরিচালনা করে।
- **অতালিকাভুক্ত ব্যাংক**-এ ধরনের ব্যাংক দেশের ব্যাংকিং আইন অনুযায়ী গঠিত হলেও কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত না হয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে।
- **পাইকারি ব্যাংক**-বড় ধরনের কর্পোরেট প্রতিষ্ঠানসমূহকে অত্যন্ত ব্যয়সাধ্য ও উন্নত প্রযুক্তির ব্যাংকিং সেবা প্রদানের জন্য এ ধরনের ব্যাংকিং প্রতিষ্ঠান কাজ করে।
- **খুচরা ব্যাংক**-খুচরা গ্রাহক অর্থাৎ ব্যক্তি গ্রাহক এবং বিভিন্ন সাধারণ ব্যবসায়ী ও অব্যবসায়ী প্রতিষ্ঠানকে এ ধরনের ব্যাংক, ব্যাংকিং সেবা প্রদান করে।
- **Shadow Banking**- অনিয়ন্ত্রিত আর্থিক প্রতিষ্ঠান সমূহ সাধারণ ব্যাংক গুলোর মতো কিন্তু সাধারণ ব্যাংকিং নিয়ম কানুনের বাইরে গিয়ে যে ব্যাংকিং সেবা প্রদান করে তাকে Shadow Banking বলে।

## Step 3 বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

**01. নিচের কোন্ জাতীয় প্রতিষ্ঠান আমানত গ্রহণ করে না?** [DU : 17-18]
Ⓐ উন্নয়ন ব্যাংক Ⓑ সমবায় ব্যাংক
Ⓒ বাণিজ্যিক ব্যাংক Ⓓ বিনিয়োগ ব্যাংক
Ans D

**02. নিচের কোন দেশে Unit ব্যাংকিং প্রচলিত?** [DU : 08-09]
Ⓐ বাংলাদেশ Ⓑ ইংল্যান্ড Ⓒ ভারত Ⓓ যুক্তরাষ্ট্র
Ans D

**03. শাখা ব্যাংকের আদিভূমি−** [DU : 97-98,96-97]
Ⓐ যুক্তরাজ্য Ⓑ যুক্তরাষ্ট্র Ⓒ চীন Ⓓ জার্মানি
Ans A



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. নিজেদের মধ্যে প্রতিযোগিতা হ্রাসের জন্য কোন ধরনের ব্যাংক চালু হয়? [RU : 10-11]
Ⓐ একক ব্যাংক Ⓑ চেইন ব্যাংক Ⓒ গ্রুপ ব্যাংক Ⓓ মিশ্র ব্যাংক Ans Ⓑ

02. ওয়ান ব্যাংক লিমিটেড একটি- [RU : 08-09]
Ⓐ একক Ⓑ মার্চেন্ট Ⓒ বিদেশি Ⓓ শাখা ব্যাংক Ans Ⓓ

03. যে ব্যবস্থায় কিছুসংখ্যক ব্যাংক তাদের স্বাধীন সত্তা অক্ষুণ্ন রেখে একই পরিচালনায় নিয়ন্ত্রিত হয়- [RU : 06-07]
Ⓐ চেইন ব্যাংকিং Ⓑ শাখা ব্যাংকিং Ⓒ একক ব্যাংকিং Ⓓ গ্রুপ ব্যাংকিং Ans Ⓐ

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. যে ব্যাংক একটি অফিসের মাধ্যমে তাদের সমগ্র সেবা প্রদান করে থাকে তাদেরকে বলা হয়- [CU : 12-13]
Ⓐ খুচরা ব্যাংক Ⓑ শাখা ব্যাংক Ⓒ উদ্ভাবিত ব্যাংক
Ⓓ উন্নয়ন ব্যাংক Ⓔ ইউনিট ব্যাংক Ans Ⓔ

## GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. মার্চেন্ট ব্যাংক একটি.. [BSFMSTU : 19-20; JKKNIU : 12-13]
Ⓐ বাণিজ্যিক ব্যাংক Ⓑ বিনিয়োগ কোম্পানি Ⓒ বিনিয়োগ ব্যাংক Ⓓ উন্নয়ন ব্যাংক Ans Ⓒ

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থা কী ধরনের? [RAJ-21]
Ⓐ একক ব্যাংকিং Ⓑ গ্রুপ ব্যাংকিং Ⓒ শাখা ব্যাংকিং Ⓓ চেইন ব্যাংকিং Ans Ⓒ

02. নিচের কোন ব্যাংকটি অনলাইন ব্যাংকিং সেবা থেকে বঞ্চিত? [COM-21]
Ⓐ শাখা ব্যাংকিং Ⓑ গ্রুপ ব্যাংকিং Ⓒ একক ব্যাংকিং Ⓓ চেইন ব্যাংকিং Ans Ⓒ

03. গ্রুপ ব্যাংকের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী ব্যাংককে কী বলা হয়? [CHI-21]
Ⓐ যৌথ কোম্পানি Ⓑ সাবসিডিয়ারি কোম্পানি Ⓒ হোল্ডিং কোম্পানি Ⓓ অংশীদারি কোম্পানি Ans Ⓒ

04. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় বেশি সুবিধাজনক? [CHI-21]
Ⓐ চেইন Ⓑ একক Ⓒ শাখা Ⓓ গ্রুপ Ans Ⓒ

05. গ্রুপ ব্যাংকিং ব্যবস্থায় ব্যাংক পরিচালনার দায়িত্ব বহন করে কে? [BAR-21]
Ⓐ কেন্দ্রীয় ব্যাংক Ⓑ অর্থ মন্ত্রণালয় Ⓒ হোল্ডিং কোম্পানি Ⓓ সাবসিডিয়ারি ব্যাংক Ans Ⓒ

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. মাইক্রো ব্যাংক পদ্ধতির প্রবক্তা হলো-
Ⓐ UN Ⓑ IFC Ⓒ USA Ⓓ RUSSIA Ans Ⓒ

02. শাখা ব্যাংকের উৎপত্তি-
Ⓐ UN Ⓑ France Ⓒ USA Ⓓ UK Ans Ⓓ

03. কোনটি স্বায়ত্তশাসিত ব্যাংক?
Ⓐ জনতা ব্যাংক Ⓑ উত্তরা ব্যাংক Ⓒ আরব-বাংলাদেশ ব্যাংক Ⓓ বাংলাদেশ ব্যাংক Ans Ⓓ

04. যুক্তরাষ্ট্রের অধিকাংশ ব্যাংক কোন ধরনের?
Ⓐ একক ব্যাংক Ⓑ শাখা ব্যাংক Ⓒ গ্রুপ ব্যাংক Ⓓ চেইন ব্যাংক Ans Ⓐ

05. বাংলাদেশে কোন প্রকৃতির ব্যাংকিং প্রচলিত?
Ⓐ একক ব্যাংকিং Ⓑ শাখা ব্যাংকিং Ⓒ চেইন ব্যাংকিং Ⓓ গ্রুপ ব্যাংকিং Ans Ⓑ

06. কোনটি মাইক্রো ব্যাংকিং?
Ⓐ একক ব্যাংকিং Ⓑ শাখা ব্যাংকিং Ⓒ চেইন ব্যংকিং Ⓓ গ্রুপ ব্যাংকিং Ans Ⓐ

07. কোন ব্যাংক আমানত গ্রহণ ও বিনিয়োগ এর সাথে জড়িত?
Ⓐ চেইন Ⓑ মিশ্র Ⓒ বিনিয়োগ Ⓓ গ্রুপ Ans Ⓑ

08. কোন ব্যাংকিং এর প্রধান ব্যাংক হোল্ডিং ব্যাংকের দায়িত্ব পালন করে?
Ⓐ শাখা ব্যাংকিং Ⓑ গ্রুপ ব্যাংকিং Ⓒ চেইন ব্যাংকিং Ⓓ একক ব্যাংকিং Ans Ⓑ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. নিজেদের মধ্যে প্রতিযোগিতা হ্রাসের জন্য কোন ধরনের ব্যাংক চালু হয়? [RU : 10-11]
Ⓐ একক ব্যাংক Ⓑ চেইন ব্যাংক Ⓒ গ্রুপ ব্যাংক Ⓓ মিশ্র ব্যাংক Ans Ⓑ

02. ওয়ান ব্যাংক লিমিটেড একটি- [RU : 08-09]
Ⓐ একক Ⓑ মার্চেন্ট Ⓒ বিদেশি Ⓓ শাখা ব্যাংক Ans Ⓓ

03. যে ব্যবস্থায় কিছুসংখ্যক ব্যাংক তাদের স্বাধীন সত্তা অক্ষুণ্ন রেখে একই পরিচালনায় নিয়ন্ত্রিত হয়- [RU : 06-07]
Ⓐ চেইন ব্যাংকিং Ⓑ শাখা ব্যাংকিং Ⓒ একক ব্যাংকিং Ⓓ গ্রুপ ব্যাংকিং Ans Ⓐ

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. যে ব্যাংক একটি অফিসের মাধ্যমে তাদের সমগ্র সেবা প্রদান করে থাকে তাদেরকে বলা হয়- [CU : 12-13]
Ⓐ খুচরা ব্যাংক Ⓑ শাখা ব্যাংক Ⓒ উদ্ভাবিত ব্যাংক
Ⓓ উন্নয়ন ব্যাংক Ⓔ ইউনিট ব্যাংক Ans Ⓔ

## GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. মার্চেন্ট ব্যাংক একটি- [BSFMSTU : 19-20; JKKNIU : 12-13]
Ⓐ বাণিজ্যিক ব্যাংক Ⓑ বিনিয়োগ কোম্পানি Ⓒ বিনিয়োগ ব্যাংক Ⓓ উন্নয়ন ব্যাংক Ans Ⓒ

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থা কী ধরনের? [RAJ-21]
Ⓐ একক ব্যাংকিং Ⓑ গ্রুপ ব্যাংকিং Ⓒ শাখা ব্যাংকিং Ⓓ চেইন ব্যাংকিং Ans Ⓒ

02. নিচের কোন ব্যাংকটি অনলাইন ব্যাংকিং সেবা থেকে বঞ্চিত? [COM-21]
Ⓐ শাখা ব্যাংকিং Ⓑ গ্রুপ ব্যাংকিং Ⓒ একক ব্যাংকিং Ⓓ চেইন ব্যাংকিং Ans Ⓒ

03. গ্রুপ ব্যাংকের ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী ব্যাংককে কী বলা হয়? [CHI-21]
Ⓐ যৌথ কোম্পানি Ⓑ সাবসিডিয়ারি কোম্পানি Ⓒ হোল্ডিং কোম্পানি Ⓓ অংশীদারি কোম্পানি Ans Ⓒ

04. অনলাইন ব্যাংকিং কোন ধরনের ব্যাংক ব্যবস্থায় বেশি সুবিধাজনক? [CHI-21]
Ⓐ চেইন Ⓑ একক Ⓒ শাখা Ⓓ গ্রুপ Ans Ⓒ

05. গ্রুপ ব্যাংকিং ব্যবস্থায় ব্যাংক পরিচালনার দায়িত্ব বহন করে কে? [BAR-21]
Ⓐ কেন্দ্রীয় ব্যাংক Ⓑ অর্থ মন্ত্রণালয় Ⓒ হোল্ডিং কোম্পানি Ⓓ সাবসিডিয়ারি ব্যাংক Ans Ⓒ

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. মাইক্রো ব্যাংক পদ্ধতির প্রবক্তা হলো-
Ⓐ UN Ⓑ IFC Ⓒ USA Ⓓ RUSSIA Ans Ⓒ

02. শাখা ব্যাংকের উৎপত্তি-
Ⓐ UN Ⓑ France Ⓒ USA Ⓓ UK Ans Ⓓ

03. কোনটি স্বায়ত্তশাসিত ব্যাংক?
Ⓐ জনতা ব্যাংক Ⓑ উত্তরা ব্যাংক Ⓒ আরব-বাংলাদেশ ব্যাংক Ⓓ বাংলাদেশ ব্যাংক Ans Ⓓ

04. যুক্তরাষ্ট্রের অধিকাংশ ব্যাংক কোন ধরনের?
Ⓐ একক ব্যাংক Ⓑ শাখা ব্যাংক Ⓒ গ্রুপ ব্যাংক Ⓓ চেইন ব্যাংক Ans Ⓐ

05. বাংলাদেশে কোন প্রকৃতির ব্যাংকিং প্রচলিত?
Ⓐ একক ব্যাংকিং Ⓑ শাখা ব্যাংকিং Ⓒ চেইন ব্যাংকিং Ⓓ গ্রুপ ব্যাংকিং Ans Ⓑ

06. কোনটি মাইক্রো ব্যাংকিং?
Ⓐ একক ব্যাংকিং Ⓑ শাখা ব্যাংকিং Ⓒ চেইন ব্যাংকিং Ⓓ গ্রুপ ব্যাংকিং Ans Ⓐ

07. কোন ব্যাংক আমানত গ্রহণ ও বিনিয়োগ এর সাথে জড়িত?
Ⓐ চেইন Ⓑ মিশ্র Ⓒ বিনিয়োগ Ⓓ গ্রুপ Ans Ⓑ

08. কোন ব্যাংকিং এর প্রধান ব্যাংক হোল্ডিং ব্যাংকের দায়িত্ব পালন করে?
Ⓐ শাখা ব্যাংকিং Ⓑ গ্রুপ ব্যাংকিং Ⓒ চেইন ব্যাংকিং Ⓓ একক ব্যাংকিং Ans Ⓑ



CS CamScanner

## Type 3 বিবিধ

### Step 1 BASIC INFORMATION

❑ **ব্যাংকের গঠন প্রণালীতে ব্যবহৃত আইন (Laws used for formation of bank):**

- যে কোনো দেশের প্রচলিত আর্থিক ও ব্যাংকিং আইনের নিয়মানুযায়ী ব্যাংক গঠিত হয়।
- যে কেউ ইচ্ছা করলেই ব্যাংক প্রতিষ্ঠা করতে পারে না, দেশের প্রচলিত আইন (১৯৯১), কেন্দ্রীয় ব্যাংক ও সরকারের অনুমতিক্রমে ব্যাংক প্রতিষ্ঠা করতে হয়।
  - একমালিকানা ব্যাংকের ক্ষেত্রে কেন্দ্রীয় ব্যাংক এর অনুমতিই যথেষ্ট।
  - অংশীদারি ব্যাংকিং এর ক্ষেত্রে - ১৯৩২ সালের অংশীদারি আইন মানতে হয়।
  - কোম্পানি ব্যাংকিং এর ক্ষেত্রে - ১৯৯৪ সালের কোম্পানি আইন মানতে হয়।
  - সমবায় ব্যাংকিং এর ক্ষেত্রে- ২০০১ সালের সমবায় আইন এবং ২০০৪ সালের সমবায় বিধি দ্বারা গঠিত, পরিচালিত ও নিয়ন্ত্রিত হয়ে থাকে।

❑ **বাংলাদেশে ব্যাংক ব্যবস্থার নিয়ন্ত্রণ বিধান (Supervision of bangladeshi banking system):**

১. **ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ (Bank Company Act, 1991):**
বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থার সুষ্ঠু পরিচালনার স্বার্থে সরকার ১৯৯১ সালে যে নতুন আইন পাস করে তাই ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ নামে পরিচিত। এই আইন বাংলাদেশের ব্যাংক ব্যবসায় পরিচালনায় মুখ্য ভূমিকা রাখে। এই আইনের বিভিন্ন ধারায় অন্তর্ভুক্ত বিষয়সমূহ নিম্নরূপ:

- ব্যাংক কোম্পানির ব্যবসায় বা কার্যাবলি;
- ব্যাংক কোম্পানি কর্তৃক কতিপয় নিষিদ্ধ ব্যাংকিং ব্যবসায়;
- ব্যাংক কোম্পানির লাইসেন্স সংক্রান্ত বিধি-বিধান;
- ব্যাংক কোম্পানিকে প্রদত্ত লাইসেন্স বাতিল সংক্রান্ত বিধি-বিধান;
- ব্যাংক কোম্পানির ন্যূনতম আদায়কৃত মূলধন ও সংরক্ষিত মূলধন সম্পর্কিত আইনের বিধান;
- ব্যাংক কোম্পানির সংরক্ষিত তহবিল সম্পর্কিত বিধান;
- ব্যাংক কোম্পানির সংরক্ষিত নগদ তহবিল সম্পর্কিত আইনের বিধান;
- ঋণ ও অগ্রিম প্রদানের ওপর বাধা-নিষেধ;
- খেলাপি ঋণগ্রহীতার তালিকা প্রেরণ সম্পর্কিত বিধান;
- ঋণ মওকুফের ওপর বাধা-নিষেধ;
- অগ্রিম প্রদান নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা;
- নতুন পরিচালক নির্বাচন সম্পর্কে আইনের বিধান;
- প্রধান নির্বাহী কর্মকর্তার পদ পূরণ;
- পরিচালক পদের মেয়াদ;
- পরিচালক পদের শূন্যতা;
- পরিচালক কর্তৃক গৃহীত সুযোগ-সুবিধা সম্পর্কিত বিধান;
- সাধারণ পরিচালক নিয়োগে বাধা-নিষেধ;
- ব্যাংক কোম্পানির হিসাব, ব্যালেন্সশীট, বিবরণী ও প্রতিবেদন সম্পর্কিত বিধানসমূহ;
- বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক কোম্পানি ও তার খাতা-পত্র এবং হিসাব পরিদর্শন এবং তদন্ত সম্পর্কিত বিধান।
- ব্যাংক কোম্পানির পরিচালক ইত্যাদির অপসারণের ব্যাপারে বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা;
- বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংক-কোম্পানির পরিচালক-পর্ষদ বাতিল করার ক্ষমতা;
- সরকার কর্তৃক ব্যাংক-কোম্পানির প্রতিষ্ঠানসমূহ অধিগ্রহণ;
- হাইকোর্ট কর্তৃক সাময়িকভাবে ব্যাংক ব্যবসায় বন্ধ রাখার বিধি-বিধান; এবং
- হাইকোর্ট বিভাগ কর্তৃক ব্যাংক কোম্পানির অবসায়ন সংক্রান্ত বিধান।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২. **BIS প্রবর্তিত ব্যাসেল-১ ও ব্যাসেল-২ (Basel-1 & Basel-2):**

- তালিকাভুক্ত ব্যাংকসমূহের ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাপ্ততার বিষয়টি নিশ্চিত করার জন্য 'Bank of International Settlement' (সংক্ষেপে BIS) প্রবর্তিত নির্দেশনা বা বিধি-বিধান ব্যাসেল-১ ও ব্যাসেল-২ নামে পরিচিত।
- সুইজারল্যান্ডের ব্যাসেল শহরে BIS কমিটি এরূপ ফ্রেমওয়ার্ক গ্রহণ করায় এর নামকরণের সাথে ব্যাসেল-১ শব্দ যুক্ত হয়েছে। পরবর্তীকালে এই ফ্রেমওয়ার্ককে আরও যুগোপযোগী করার জন্য ব্যাসেল-২ প্রণয়ন করা হয়েছে।
- বাংলাদেশ ব্যাংক এই আন্তর্জাতিক মানদন্ডের সাথে মিল রেখে তালিকাভুক্ত ব্যাংকসমুহের জন্য ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাপ্ততা নির্দেশনা (Risk Based Capital Adequacy-RBCA) জারি করেছে।
- ব্যাসেল-২ তে আর্থিক খাতে শৃঙ্খলা রক্ষার্থে তিনটি বিষয় সুপারিশ করা হয়েছে, যা Three Pillars in Basel-2 নামে খ্যাত। নিম্নে এ সম্পর্কে সংক্ষিপ্ত ধারণা প্রদত্ত হলো :

১. **Pillar-1/স্তম্ভ-১ (ন্যূনতম মূলধন পর্যাপ্ততা নিশ্চিতকরণ):** এর মুখ্য বিষয় হলো ব্যাংকের জন্য ন্যূনতম মূলধন পর্যাপ্ততা নিশ্চিত করা। যার আলোকে বাংলাদেশ ব্যাংক তার অধীনে তালিকাভুক্ত ব্যাংকসমূহের জন্য ইতোমধ্যে যে সকল নির্দেশনা জারি করেছে, তার কতিপয় নিম্নে উল্লেখ করা হলো :

(ক) পরিশোধিত মূলধন ন্যূনতম চারশত কোটি টাকা থাকতে হবে;

(খ) ঝুঁকিগ্রস্ত সম্পদ; যেমন-খেলাপি ঋণ বা মন্দ বিনিয়োগের ১০ শতাংশ প্রভিশন হিসাবে মূলধন থেকে সংরক্ষণ করতে হবে। যার ৫% মুখ্য মূলধন এবং ৫% সম্পূরক মুলধন থেকে সংরক্ষিত হবে।

(গ) ব্যাংকগুলোর মূলধন নিম্নোক্ত তিনটি পর্যায়ে বিভক্ত হবে;

Tire-১ এ থাকবে মুখ্য মূলধন (Core Capital) অর্থাৎ আদায়কৃত শেয়ার মূলধন, অপরিশোধিত শেয়ার প্রিমিয়াম হিসাব, বিধিবদ্ধ সঞ্চিতি, সংরক্ষিত আয় ও লভ্যাংশ সমতাকরণ হিসাব।

Tire-২ এ থাকবে সম্পূরক মূলধন। যার মধ্যে থাকবে-সাধারণ প্রভিশন, পুনর্মূল্যায়ন সঞ্চিতি (স্থায়ী সম্পত্তি, সিকিউরিটিজ ইত্যাদি), অন্যান্য সকল অগ্রাধিকার শেয়ার ইত্যাদি।

Tire-৩ এ থাকবে অতিরিক্ত সম্পূরক মূলধন। যার মধ্যে থাকবে- ২ থেকে ৫ বছরের জন্য স্বল্পমেয়াদে Subordinated বা দলিলের মাধ্যমে পরবর্তী পর্যায়ে গৃহীত ঋণ।

উল্লেখ্য Tire- ২ এ মূলধনের পরিমাণ কখনোই Tire-১ এর মূলধন সীমার অতিরিক্ত হতে পারবে না।

৩. **Pillar-2/স্তম্ভ-২ (তদারকী পর্যালোচনার ব্যবস্থা) :** এর মুখ্য বিষয় হলো Piller-১ এর নির্দেশনা নিশ্চিতকরণের জন্য তদারকি পর্যালোচনার বিষয়টি জোরদার করা। তদারকি পর্যালোচনা হচ্ছে ব্যাংকের ঝুঁকিসমুহ নির্ধারণ ও মূলধন কাঠামো শক্তিশালীকরণের পদক্ষেপ গ্রহণ। এজন্য বাংলাদেশ ব্যাংকের নির্দেশনাসমূহ নিম্নরূপ :

(ক) ব্যাংকগুলোকে নিজ নিজ ঝুঁকি বিবেচনায় সঠিক পরিমাণ পুঁজি সংরক্ষণের প্রক্রিয়া ও কৌশল কার্যকর করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

(খ) নিয়ন্ত্রণকারী সংস্থাগুলোকে ব্যাংকগুলোর পর্যাপ্ততার মান, কৌশল ও বিধিবিধান পরিপালনের ক্ষমতা ও দক্ষতা পর্যবেক্ষণ ও মূল্যায়ন করার সুযোগ নিশ্চিত করতে হবে।

(গ) কোনো ব্যাংকের পুঁজি যদি ঝুঁকি বিবেচনায় অপর্যাপ্ত হয়ে পড়ার আশঙ্কা দেখা দেয়, সেই ক্ষেত্রে নিয়ন্ত্রণকারী সংস্থাকে আগেভাগেই হস্তক্ষেপ করে প্রয়োজনীয় প্রতিবিধানের ব্যবস্থা করার জন্য সুযোগ নিশ্চিত করতে হবে।

৪. **Pillar-3/ স্তম্ভ-৩ (বাজার শৃঙ্খলা) :** এর মুখ্য বিষয় হলো বাজার শৃঙ্খলা বজায় রাখা। এরূপ শৃঙ্খলার বিষয় হলো-ব্যাংক এমন স্বচ্ছতার সাথে তার কার্যক্রম পরিচালনা করবে যাতে সংশ্লিষ্ট সকলেই ব্যাংকের অবস্থা, ঝুঁকি ইত্যাদি বিষয়ে জানতে পারে। তাই এটি ন্যূনতম মূলধন প্রয়োজনীয়তা (Minimum Capital Requirement) ও তদারকি পর্যালোচনা (Supervisory Review) এর পরিপূরক। ব্যাংকসমূহের প্রকাশনা কাঠামোর প্রয়োজনীয় উপাদানগুলো হবে নিম্নরূপ।

(ক) মূলধন কাঠামো (Capital Structure)

(খ) মূলধন পর্যাপ্ততা (Capital Adequacy)

(গ) ঋণ ঝুঁকি (Credit Risk)

(ঘ) ইকুইটিজ (Equities: Disclosure for Banking Book Position)

(ঙ) সুদ হারের ঝুঁকি (Interest Rate Risk in the Banking Book-IRRBB)

(চ) বাজার ঝুঁকি (Market Risk)

(ছ) পরিচালন ঝুঁকি (Operational Risk)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## ❑ ব্যাংক কর্তৃক সরবরাহকৃত সেবা (Service provided by bank):

০১. আমানত জমা/গ্রহণ ও উত্তোলনের সুযোগ প্রদান করা।
০২. জমাকৃত চেকের অর্থ আদায় এবং প্রদত্ত চেকের অর্থ পরিশোধ করা।
০৩. পাওনা আদায় ও দেনা বা বিল পরিশোধ করা।
০৪. গ্রাহকের পক্ষে নিশ্চয়তা প্রদান বা এলসি, নিশ্চয়তাপত্র ইত্যাদি ইস্যু করা।
০৫. ব্যাংক সংক্রান্ত বিষয়ে তথ্য প্রদান এবং উপদেশ ও পরামর্শ প্রদান করা।
০৬. বিনিময় বিলে স্বীকৃতি প্রদান এবং বিলের অর্থ পরিশোধ করা।
০৭. গ্রাহকের পক্ষে শেয়ার ও সিকিউরিটি এবং বৈদেশিক মুদ্রা ক্রয় এবং বিক্রয় করা।
০৮. কোম্পানির শেয়ার ও ঋণপত্র বিক্রয়ে অবলেখকের দায়িত্ব পালন করা।
০৯. আর্থিক সচ্ছলতার সনদ প্রদান করা।
১০. ইলেকট্রনিক ব্যাংকিং সেবা সুবিধা যেমন- এটিএম কার্ড, মোবাইল ব্যাংকিং, হোম ব্যাংকিং, অনলাইন ব্যাংকিং ইত্যাদি সুবিধা প্রদান করা।
১১. গ্রাহকের প্রয়োজন অনুযায়ী বিভিন্ন ঋণ বা অগ্রিম প্রদান করা।
১২. মূল্যবান সম্পদ সংরক্ষণে লকার সুবিধা প্রদান করা ইত্যাদি।

## ❑ ব্যাংকার-গ্রাহক সম্পর্ক(Bank and customer relation):

১. **পাওনাদার-দেনাদার সম্পর্ক–** অর্থাৎ আমানতকারী পাওনাদার ও ব্যাংকার দেনাদার। আবার ঋণ গ্রাহক দেনাদার এবং ব্যাংকার পাওনাদার।
২. **গ্রাহকের অর্থ সম্পদের তত্ত্বাবধায়ক হিসেবে সম্পর্ক–** অর্থাৎ বিশ্বস্ততার প্রতীক হিসেবে ব্যাংক আমানতকারীদের অর্থের নিরাপদ হেফাজতকারী বা তত্ত্বাবধায়ক।
৩. **গ্রাহকদের অছি (Trustee) হিসেবে সম্পর্ক–** অর্থাৎ অর্থসম্পদ ছাড়াও লকার সুবিধা প্রদানের মাধ্যমে স্বর্ণালংকারসহ মূল্যবান সম্পদ ও দলিল পত্রের সংরক্ষণকারী।
৪. **গ্রাহকদের প্রতিনিধি হিসেবে সম্পর্ক–** অর্থাৎ গ্রাহকের পক্ষে চেকের অর্থ আদায়, পাওনা পরিশোধ, বিলে স্বীকৃতি প্রদান ইত্যাদি দায়িত্ব পালন।
৫. **ব্যাংকিং সেবা সরবরাহকারী হিসেবে সম্পর্ক–** অর্থাৎ বর্তমানকালে ব্যক্তিগত প্রয়োজন ছাড়াও ব্যবসায় বাণিজ্যে যে বহুমুখী ব্যাংকিং সেবা সুবিধার প্রয়োজন পড়ে তার সরবরাহকারী ইত্যাদি।

## ❑ গ্রাহককে জানা(Knowing customer):

- কোনো গ্রাহক অবৈধ লেনদেন করছে কিনা, মানিলন্ডারিং এর মত অপরাধ ব্যাংক হিসাবকে ব্যবহার করছে কিনা-এগুলো ব্যাংকারকে সতর্কতার সাথে নজরে রাখতে হয়।
- ভুয়া নামে হিসাব খুলে কেউ যাতে লেনদেন করতে না পারে, এ জন্যও গ্রাহক সম্পর্কে জানার প্রয়োজন পড়ে। এজন্যই বর্তমানে হিসাব খুলতে KYC (Know Your Customer) ফর্ম পূরণ করা বাধ্যতামূলক করা হয়েছে।

## ❑ গারনিশী আদেশ(Gurneshee order):

- গ্রাহকের কোনো হিসাব ক্রোক বা বন্ধ করার বা লেনদেন স্থগিত করার জন্য আদালত কর্তৃক ব্যাংকের ওপর কোনো আদেশ প্রদত্ত হলে তাকে গারনিশী আদেশ বলে।
- আমানতকারীর নিকট টাকা পাবে এমন কোনো পাওনাদারের পাওনা অর্থ আদায়ের উদ্দেশ্যে আদালত ব্যাংকের প্রতি এরূপ আদেশ জারি করে থাকে।
- গারনিশী আদেশ দু'ধরনের হয়:

(১) সীমাবদ্ধ আদেশ অর্থাৎ জমাকৃত নির্দিষ্ট পরিমাণ অংকের ওপর লেনদেন বন্ধের নির্দেশ। এতে হিসাব চালু থাকে ও অতিরিক্ত অর্থের ওপর লেনদেন করা যায়।

(২) সীমাহীন আদেশ অর্থাৎ যেখানে ঐ হিসাবে কোনো লেনদেন করা যায় না। প্রয়োজনে নতুন হিসাব খুলতে হয়। এক্ষেত্রে ব্যাংক গ্রাহকের হিসাবের স্থিতি বা জের আদালতকে জানাতে বাধ্য থাকে। তবে জমাকৃত অর্থের ওপর ব্যাংকের কোনো পূর্বস্বত্ব (Lien) এর অধিকার থাকলে ব্যাংক তা কেটে রেখে বাকি অর্থের হিসাব আদালতে প্রদান করে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

□ **ব্যাংকার ও গ্রাহক সম্পর্কের পরিসমাপ্তি(Closing the relation of bank and customer):**

১. গ্রাহক তার হিসাব বন্ধ করলে
২. গ্রাহক আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হলে
৩. গ্রাহক পাগল হলে বা মারা গেলে
৪. সীমাহীন গারনিশী আদেশ আদালত কর্তৃক জারি করা হলে
৫. দীর্ঘকাল ধরে হিসাবে কোনো লেনদেন করা না হলে ইত্যাদি।

## Step 2 : At a Glance : Most Important Information

- ভুয়া নামে হিসাব খুলে কেউ যাতে লেনদেন করতে না পারে এ জন্যও গ্রাহক সম্পর্কে জানার প্রয়োজন পড়ে। এজন্যই বর্তমানে হিসাব খুলতে KYC (Know Your Customer) ফর্ম পূরণ করা বাধ্যতামূলক করা হয়েছে।
- গ্রাহকের কোনো হিসাব ক্রোক বা বন্ধ করার বা লেনদেন স্থগিত করার জন্য আদালত কর্তৃক ব্যাংকের ওপর কোনো আদেশ প্রদত্ত হলে তাকে গারনিশী আদেশ বলে।
- তালিকাভুক্ত ব্যাংকসমূহের ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাপ্ততার বিষয়টি নিশ্চিত করার জন্য 'Bank of International Settlement' (সংক্ষেপে BIS) প্রবর্তিত নির্দেশনা বা বিধি-বিধান ব্যাসেল-১ ও ব্যাসেল-২ নামে পরিচিত।
- বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থার সুষ্ঠু পরিচালনার স্বার্থে সরকার ১৯৯১ সালে যে নতুন আইন পাস করে তাই ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ নামে পরিচিত।

## Step 3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

01. **KYC-এর পূর্ণরূপ কোনটি?** (DU 7 College: 22-23)
Ⓐ Know Your Customer Ⓑ Know Your Consumer
Ⓒ Know Your Clients Ⓓ Know Your Community
Ans Ⓐ

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. **আদালত কর্তৃক ঘোষিত ঋণ পরিশোধে অক্ষম ব্যক্তিকে বলে-** [RU : 05-06]
Ⓐ Lunatic Ⓑ Incapable person
Ⓒ Bank loser Ⓓ Bankrupt
Ans Ⓓ

### GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. **Bankrupt শব্দের অর্থ কী?** [SUST : 11-12; RU : 08-09]
Ⓐ ঋণ পরিশোধে অসমর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান
Ⓑ ঋণ পরিশোধে সমর্থ কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান
Ⓒ যে ব্যক্তি বা প্রতিষ্ঠান কেন্দ্রীয় ব্যাংকে অগাধ অর্থ জমা রাখেন
Ⓓ যে ব্যক্তি বা প্রতিষ্ঠানের অপ্রদর্শিত অর্থসম্পদ আছে
Ⓔ যে ব্যাংক বা প্রতিষ্ঠান ঋণ প্রদানে সক্ষম নয়
Ans Ⓐ

02. **ব্যাংক তার শেয়ার বিক্রি করে যে মূলধন সংগ্রহ করে তাকে বলে:** [SUST : 11-12]
Ⓐ রিজার্ভ Ⓑ পরিশোধিত মূলধন Ⓒ সঞ্চিতি তহবিল
Ⓓ ঋণকৃত তহবিল Ⓔ আমানত
Ans Ⓑ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

**01. KYC এর পূর্ণরূপ কী?** [MYM-22]
Ⓐ Know Your Customer Ⓑ Knowledge Your Customer
Ⓒ Known Your Customer Ⓓ Knew Your Customer
Ans Ⓐ

**02. ব্যাসেল-২ এর মোট স্তম্ভ কয়টি?** [SYL-21]
Ⓐ ১ Ⓑ ২
Ⓒ ৩ Ⓓ ৪
Ans Ⓒ

**03. গারনিশি অর্ডারে কয়টি পক্ষ থাকে?** [MYM-21]
Ⓐ ১টি Ⓑ ২টি
Ⓒ ৩টি Ⓓ ৪টি
Ans Ⓒ

**04. কোন আইনের দ্বারা বাংলাদেশে বাণিজ্যিক ব্যাংকসমূহ পরিচালিত হয়?** [RAJ-19]
Ⓐ কোম্পানি আইন, ১৯৯৪ Ⓑ ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১
Ⓒ ব্যাংক কোম্পানি আইন, ১৯৯২ Ⓓ ব্যাংক কোম্পানি আইন, ১৯৩২
Ans Ⓑ

**05. বর্তমানে বাংলাদেশে ব্যাংকিং আইন কত সালের?** [DHA-17]
Ⓐ ১৯৯০ Ⓑ ১৯৯১
Ⓒ ১৯৯২ Ⓓ ১৯৯৩
Ans Ⓑ

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**01. বাংলাদেশে ১৯৯১ সালে প্রবর্তিত গুরুত্বপূর্ণ আইন কোনটি?**
Ⓐ কোম্পানি আইন Ⓑ ব্যাংক কোম্পানি আইন
Ⓒ হস্তান্তরযোগ্য দলিল আইন Ⓓ বিমা আইন
Ans Ⓑ

**02. বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ নির্দেশনা অনুযায়ী তালিকাভুক্ত ব্যাংক প্রতিষ্ঠার ক্ষেত্রে ন্যূনতম কী পরিমাণ পরিশোধিত মূলধন থাকতে হবে?**
Ⓐ ২০০ কোটি Ⓑ ৩০০ কোটি
Ⓒ ৪০০ কোটি Ⓓ ৫০০ কোটি
Ans Ⓒ

**03. কোন দেশের ব্যাসেল শহরকে কেন্দ্র করে ব্যাসেল ১ ও ২ নামকরণ করা হয়েছে?**
Ⓐ সুইজারল্যান্ড Ⓑ নেদারল্যান্ড
Ⓒ ডেনমার্ক Ⓓ গ্রেট ব্রিটেন
Ans Ⓐ

**04. ব্যাসেল ১ ও ২ এর মুখ্য বিষয় কোনটি?**
Ⓐ ব্যাংকগুলোর খেলাপি ঋণ নির্ণয় করা Ⓑ ব্যাংক পরিচালনায় দক্ষতা নিশ্চিত করা
Ⓒ ঝুঁকিভিত্তিক মূলধন পর্যাপ্ততা নিশ্চিত করা Ⓓ ঋণ আদায় কার্যকর ব্যবস্থা গ্রহণ
Ans Ⓒ

**05. ব্যাংকার গ্রাহক সম্পর্কের বহির্ভূত কোনটি?**
Ⓐ পাওনাদার দেনাদার সম্পর্ক Ⓑ গ্রাহকদের অছি হিসেবে সম্পর্ক
Ⓒ গ্রাহকদের প্রতিনিধি হিসেবে সম্পর্ক Ⓓ পরিচালক ও উপদেষ্টা হিসেবে সম্পর্ক
Ans Ⓓ

**06. গ্রাহককে ভালোভাবে জানা ব্যাংকের জন্য গুরুত্বপূর্ণ কেন?**
Ⓐ অবৈধ লেনদেন বন্ধ করার জন্য Ⓑ ব্যাংকের আর্থিক স্বার্থ রক্ষা করার জন্য
Ⓒ গ্রাহকদের আর্থিক স্বার্থ রক্ষা করার জন্য Ⓓ গ্রাহকদের অবস্থা বুঝে আচরণ করার জন্য
Ans Ⓐ

**07. আদালত প্রদত্ত গারনিশী আদেশ নিচের কোন বিষয় সম্পর্কিত?**
Ⓐ আমানতকারীর স্বার্থ সম্পর্কিত Ⓑ ভুয়া গ্রাহক যাতে ব্যাংক হিসাব খুলতে না পারে সে সম্পর্কিত
Ⓒ গ্রাহকদের ব্যাংক হিসাব বন্ধ বা স্থগিত বিষয়ক Ⓓ গ্রাহকদের সাথে সম্পর্ক রক্ষা বিষয়ক
Ans Ⓒ



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Type 4 — লিখিত প্রশ্নোত্তর

### Step-1 — এক কথায় প্রশ্নোত্তর

- সরকারি কর্তৃক প্রতিষ্ঠিত, পরিচালিত এবং নিয়ন্ত্রিত ব্যাংককে কি বলে? – **সরকারি ব্যাংক**
- একটি মাত্র শাখা অফিসের মাধ্যমে যে ব্যাংক তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে তাকে কি বলে? – **একক ব্যাংক**
- একটি প্রধান অফিসের অধীনে বিভিন্ন শাখা স্থাপনের মাধ্যমে যে ব্যাংক তার ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে তাকে কি বলে? – **শাখা ব্যাংক**
- দুই বা ততোধিক ব্যাংক তাদের নিজেদের মধ্যে প্রতিযোগিতা কমিয়ে আনার লক্ষ্যে যখন একত্রিত হয়ে ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে তাকে কি বলে? – **চেইন ব্যাংক**
- যে ব্যাংক বিশেষায়িত বা বাণিজ্যিক উভয় প্রকার ব্যাংকিং কার্যক্রম সম্পাদন করে থাকে তাকে কি বলে? – **মিশ্র ব্যাংক**
- যে ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম-নীতি পালনের শর্তে এর তালিকায় অন্তর্ভুক্ত হয়, তাকে কি বলে? – **তালিকাভুক্ত ব্যাংক**
- যে সব ব্যাংক কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম-নীতি মেনে চলার শর্তে এর তালিকায় অন্তর্ভুক্ত হয় না, তাকে কি বলে? – **অ-তালিকাভুক্ত ব্যাংক**

### Step-2 — গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

**০১. ব্যাংক অর্থ ও ঋণের ব্যবসায়ী কেন? বুঝিয়ে লেখ।**

**উত্তর :** যে ব্যবসায় প্রতিষ্ঠান বিভিন্ন হিসাবের মাধ্যমে জনগণ থেকে আমানত সংগ্রহ করে, ঋণ দেয়, বিনিময় মাধ্যম সৃষ্টিসহ গ্রাহকদের বিভিন্ন ব্যাংকিং প্রদান করে তাকে ব্যাংক বলে। ব্যাংকের মুখ্য কাজ হলো আমানতকারীদের নিকট থেকে কম লাভে আমানত বা ধার সংগ্রহ করা এবং ঐ অর্থ বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে অধিক লাভে ঋণ দেয়া। অর্থ ঋণ নেয়া এবং এ অর্থ ধার দেয়া ব্যাংকের মুখ্য কাজ হওয়ায় ব্যাংককে অর্থ ও ঋণের ব্যবসায়ী বা ধার করা অর্থের ধারক বলে।

**০২. ব্যাংক আর্থিক মধ্যস্থ ব্যবসায় প্রতিষ্ঠান কেন? বুঝিয়ে লেখ।**

**উত্তর :** যে আর্থিক মধ্যস্থ ব্যবসায় প্রতিষ্ঠান জনগণ থেকে আমানত সংগ্রহ করে, ঋণ দেয়, বিভিন্ন বিনিময় মাধ্যম সৃষ্টিসহ গ্রাহকদের বিভিন্ন ব্যাংকিং সেবা সুবিধা প্রদান করে তাকে ব্যাংক বলে। ব্যাংক নিজের অর্থে কার্যত ব্যবসায় করে না। জনগণ থেকে কম লাভে সংগৃহীত আমানত খাটিয়ে মূলত ব্যাংক আয় করে। আমানতকারী ও ব্যবহারকারীর মাঝখানে থেকে ব্যাংক তার আর্থিক ব্যবসায় কার্যক্রম পরিচালনা করে বিধায় ব্যাংককে আর্থিক মধ্যস্থ প্রতিষ্ঠান বলে।

**০৩. তালিকাভুক্ত ব্যাংকে লেনদেন উত্তম কেন ?**

**উত্তর :** কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম-নির্দেশনা মেনে ও এর তালিকায় অন্তর্ভুক্ত থেকে যে ব্যাংক তার কার্যক্রম পরিচালনা করে তাকে তালিকাভুক্ত ব্যাংক বলে। কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত হতে হলে কোনো ব্যাংকের ন্যূনতম আর্থিক সামর্থ্য থাকতে হয়। এর প্রতিটা কাজে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা মেনে চলার প্রয়োজন পড়ে। এ ব্যাংক কোনো সমস্যায় পড়লে কেন্দ্রীয় ব্যাংক পাশে এসে দাঁড়ায়। আমানতকারীদের স্বার্থ সুরক্ষায় কেন্দ্রীয় ব্যাংক সবসময়ই নজর রাখে। তাই তালিকাভুক্ত ব্যাংকে লেনদেন উত্তম।

**০৪. গারনিশী আদেশ মান্য করা ব্যাংকের জন্য গুরুত্বপূর্ণ কেন ?**

**উত্তর :** গ্রাহকের কোনো হিসাব ক্রোক বা বন্ধ করার বা লেনদেন স্থগিত করার জন্য আদালত কর্তৃক ব্যাংকের ওপর কোনো আদেশ প্রদত্ত হলে তাকে গারনিশী আদেশ বলে। পাওনাদারের পাওনা অর্থ আদায়ের উদ্দেশ্যে আদালত ব্যাংকের প্রতি এরূপ আদেশ জারি করে থাকে। পাওনাদারের আবেদনের প্রেক্ষিতে আদালত যদি প্রমাণ পায় যে, আমানতকারী আবেদনকারীর নিকট দায়গ্রস্ত তবেই নির্দেশ দেয়া হয়ে থাকে। এরূপ আদেশ পাওয়ার পর ব্যাংকের কর্তব্য হলো এ বিষয়ে গ্রাহককে অবহিত করা এবং উক্ত আদেশ প্রত্যাহার না হওয়া পর্যন্ত ঐ হিসাবের লেনদেন বন্ধ রাখা।

**০৫. ব্যাংককে আধুনিক অর্থনীতির জীবনীশক্তি বলা হয় কেন ?**

**উত্তর :** ব্যাংক হলো এমন একটি আর্থিক মধ্যস্থ ব্যবসায় প্রতিষ্ঠান যা আমানত হিসেবে অর্থ সংগ্রহ করে, ঋণ দেয় ও বিভিন্ন ব্যাংক সংক্রান্ত কাজ সম্পাদন করে। যে কোনো দেশেই ব্যাংক অর্থনৈতিক কর্মকাণ্ডের মূলে অবস্থান করে। দেশের জন্য নোট ও মুদ্রা ইস্যু ও প্রচলনের দায়িত্ব পালন করে ব্যাংক। দেশের জন্য বিভিন্ন বিনিময় মাধ্যম ব্যাংকগুলোই সৃষ্টি করে। এ ছাড়া জনগণের অর্থ জমা গ্রহণ, ঋণদানসহ দৈনন্দিন সকল অর্থনৈতিক কর্মকাণ্ড ব্যাংককে ঘিরেই আবর্তিত হয়। এজন্য ব্যাংককে আধুনিক অর্থনীতির জীবনীশক্তি বলে।

### Step-3 — বিগত বছরের প্রশ্নোত্তর

**০১. বাংলাদেশের ২টি বিশেষায়িত ব্যাংকের নাম লেখ। (ঢাবি ২২-২৩)**

**উত্তর :** বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রবাসি কল্যাণ ব্যাংক।

**০২. এক ধরনের ব্যাংকিং আছে যা খুব সীমিত এলাকায় কাজ করে। এর ব্যবস্থাপনা কেন্দ্রীভূত যা দ্রুত সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় সহায়তা করে। কিন্তু এই ধরনের ব্যাংকিং অর্থ স্থানান্তরে গুরুতর অসুবিধার সম্মুখীন হয়। এর তারল্য সমস্যাও তীব্র। এটা কী ধরনের ব্যাংকিং? কেনো এই ধরনের ব্যাংকিং বিরাজ করে? (ঢাবি ২১-২২)**

**উত্তর :** যেসকল ব্যাংকিং সীমিত এলাকায় সীমিত শাখার মাধ্যমে কাজ করে বা একক শাখার মাধ্যমে কাজ করে তাকে একক ব্যাংকিং বলে। সাধারণত পর্যাপ্ত মূলধনের অভাব, দ্রুত সিদ্ধান্ত গ্রহণ এই সকল কারণে এই ব্যাংকিং বিরাজ করে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

# SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

## Part-1 MCQ

01. বাংলাদেশে সরকারি ব্যাংকিং প্রতিষ্ঠানের সংখ্যা কয়টি?
Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৬ Ⓓ ৪

02. BIS কত সালে ব্যাসেল-১ ক্যাপিটাল এডিকোয়েন্সি ফ্রেমওয়ার্ক প্রণয়ন করে?
Ⓐ ১৯৮৪ Ⓑ ১৯৮৮ Ⓒ ১৯৯১ Ⓓ ১৯৯৪

03. ব্যাসেল-২ কয়টি স্তম্ভ সম্পৃক্ত?
Ⓐ ৩ Ⓑ ৪
Ⓒ ৫ Ⓓ ৭

04. ব্যাসেল-২ অনুযায়ী খেলাপি ঋণ বা মন্দ বিনিয়োগ কত শতাংশ প্রভিশন হিসেবে মূলধন থেকে সংরক্ষণ করতে হয়?
Ⓐ ৩% Ⓑ ৫%
Ⓒ ১০% Ⓓ ১৫%

05. কখন কাগজী নোটের প্রচলন ঘটে?
Ⓐ প্রাচীন যুগের শেষে Ⓑ মধ্য যুগের প্রথমে
Ⓒ মধ্য যুগের মাঝামাঝিতে Ⓓ মধ্য যুগের শেষে

06. অর্থ উত্তোলনের উদ্দেশ্যে কে উত্তোলন রসিদ চালু করেন?
Ⓐ মহাজন Ⓑ বণিকগণ
Ⓒ স্বর্ণকার Ⓓ সমাজপতি

07. ইতালীয় 'Banco' শব্দটি কোন জার্মান শব্দ থেকে এসেছে?
Ⓐ Banca Ⓑ Bancus
Ⓒ Banke Ⓓ Monte

08. ব্যাংক মক্কেলের পক্ষে কীসে স্বীকৃতি দেয়?
Ⓐ চেকে Ⓑ পে-অর্ডারে
Ⓒ ভ্রমণকারীর চেকে Ⓓ বিনিময় বিলে

09. যুক্তরাষ্ট্রের অধিকাংশ ব্যাংক কোন ধরনের?
Ⓐ শাখা ব্যাংক Ⓑ একক ব্যাংক
Ⓒ চেইন ব্যাংক Ⓓ গ্রুপ ব্যাংক

10. বাংলাদেশের ব্যাংক ব্যবস্থা কত ধরনের?
Ⓐ ২ Ⓑ ৪
Ⓒ ৬ Ⓓ ৮

11. গারনিশী শব্দটি কোন দেশীয় শব্দ?
Ⓐ গ্রিক Ⓑ ল্যাটিন
Ⓒ জার্মানি Ⓓ আমেরিকা

12. গারনিশী অর্ডার জারি করেন কে?
Ⓐ পাওনাদার Ⓑ গ্রাহক
Ⓒ দেনাদার Ⓓ আদালত

| OMR | | | | | |
|---|---|---|---|---|---|
| 01.ⒶⒷⒸⒹ | 02.ⒶⒷⒸⒹ | 03.ⒶⒷⒸⒹ | 04.ⒶⒷⒸⒹ | 05.ⒶⒷⒸⒹ | 06.ⒶⒷⒸⒹ |
| 07.ⒶⒷⒸⒹ | 08.ⒶⒷⒸⒹ | 09.ⒶⒷⒸⒹ | 10.ⒶⒷⒸⒹ | 11.ⒶⒷⒸⒹ | 12.ⒶⒷⒸⒹ |

| Answer | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12.D | 11.B | 10.A | 09.B | 08.D | 07.C | 06.C | 05.D | 04.C | 03.A | 02.B | 01.C |



CamScanner

## Part-2 Written

01. আমদানি-রপ্তানি ব্যাংক কী ?

02. ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক কী?

03. DBHFC এর পূর্ণ নাম কী?

04. BDBL এর পূর্ণ নাম কী?

05. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেনো? ব্যাখ্যা করো।

06. ব্যাংক কেনো সঞ্চয় সংগ্রহ করে ? ব্যাখ্যা করো।

07. ব্যাংক আর্থিক মধ্যস্থ ব্যবসায় প্রতিষ্ঠান কেন?

08. তালিকাভুক্ত ব্যাংকে লেনদেন উত্তম কেন ?

## Answer

01. আমদানি-রপ্তানি বাণিজ্যে সহায়তা দেওয়ার উদ্দেশ্যে যে ধরনের ব্যাংক প্রতিষ্ঠিত হয় তাকে আমদানি-রপ্তানি ব্যাংক বলে। আমাদের দেশে এই ধরনের ব্যাংক নেই, তবে বাণিজ্যিক ব্যাংকগুলো এই দায়িত্ব পালন করে।

02. স্বল্পোন্নত ও শিল্পে অনগ্রসর দেশগুলোতে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নয়নের জন্য যে ব্যাংক অর্থ সরবরাহ করে সেটিই হলো ক্ষুদ্র ও কুটির শিল্প ব্যাংক।

03. DBHFC এর পূর্ণ নাম হলো 'Delta Brac Housing Finance Corporation'.

04. BDBL এর পূর্ণ নাম হলো 'Bangladesh Development Bank Limited'.

05. ব্যাংক একজনের জমাকৃত অর্থ অন্যজনকে ঋণ হিসেবে ধার দেয়। ব্যাংক গ্রাহকের অর্থ আমানত হিসেবে সংগ্রহ করে কিছু অর্থ জমা রেখে বাকিটা বেশি সুদে গ্রাহকদের ঋণ দেয়। আমানতের মাধ্যমে ধার করা অর্থ পরবর্তীতে ঋণ হিসেবে দিয়ে ব্যবসায় পরিচালনা করে বলে ব্যাংককে ধার করা অর্থের ধারক বলে।

06. ব্যাংক অর্থনৈতিক কাজ পরিচালনা করতে সঞ্চয় সংগ্রহ করে থাকে। ব্যাংক একজন সঞ্চয়কারী থেকে অর্থ সংগ্রহ এবং সেই অর্থ অন্য একজন ঋণগ্রহীতাকে দেয়। এই কাজের জন্যই ব্যাংক সঞ্চয় সংগ্রহ করে। মূলত সঞ্চয়কারীর অর্থ ঋণ দেওয়ার কাজে ব্যবহারের জন্য ব্যাংক সঞ্চয় সংগ্রহ করে।

07. যে আর্থিক মধ্যস্থ ব্যবসায় প্রতিষ্ঠান জনগণ থেকে আমানত সংগ্রহ করে, ঋণ দেয়, বিভিন্ন বিনিময় মাধ্যম সৃষ্টিসহ গ্রাহকদের বিভিন্ন ব্যাংকিং সেবা সুবিধা প্রদান করে তাকে ব্যাংক বলে। ব্যাংক নিজের অর্থে কার্যত ব্যবসায় করে না। জনগণ থেকে কম লাভে সংগৃহীত আমানত খাটিয়ে মূলত ব্যাংক আয় করে। আমানতকারী ও ব্যবহারকারীর মাঝখানে থেকে ব্যাংক তার আর্থিক ব্যবসায় কার্যক্রম পরিচালনা করে বিধায় ব্যাংককে আর্থিক মধ্যস্থ প্রতিষ্ঠান বলে।

08. কেন্দ্রীয় ব্যাংকের নিয়ম-নির্দেশনা মেনে ও এর তালিকায় অন্তর্ভুক্ত থেকে যে ব্যাংক তার কার্যক্রম পরিচালনা করে তাকে তালিকাভুক্ত ব্যাংক বলে। কেন্দ্রীয় ব্যাংকের তালিকাভুক্ত হতে হলে কোনো ব্যাংকের ন্যূনতম আর্থিক সামর্থ্য থাকতে হয়। এর প্রতিটা কাজে কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা মেনে চলার প্রয়োজন পড়ে। এ ব্যাংক কোনো সমস্যায় পড়লে কেন্দ্রীয় ব্যাংক পাশে এসে দাঁড়ায়। আমানতকারীদের স্বার্থ সুরক্ষায় কেন্দ্রীয় ব্যাংক সবসময়ই নজর রাখে। তাই তালিকাভুক্ত ব্যাংকে লেনদেন উত্তম।



CamScanner

দ্বিতীয় পত্র

অধ্যায় ২

# কেন্দ্রীয় ব্যাংক [Central Bank]

## Chapter Outlook Map

কেন্দ্রীয় ব্যাংক
- Type-1 : কেন্দ্রীয় ব্যাংকের মৌলিক তথ্য
- Type-2 : কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি ও নিকাশ ঘর
- Type-3 : ঋণ নিয়ন্ত্রণ ও নোট
- Type-4: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে
- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

## হোম টিউটর: বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে এ বছরের ভর্তি পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| | অতি গুরুত্বপূর্ণ (৯০% +) | গুরুত্বপূর্ণ (৮০% +) | কম গুরুত্বপূর্ণ (৭০% +) | জানা জরুরি (৫০% +) |
|---|---|---|---|---|
| টপিকসমূহ | ■ কেন্দ্রীয় ব্যাংকের উৎপত্তি ও ক্রমবিকাশ<br>■ বিভিন্ন কেন্দ্রীয় ব্যাংকের নাম<br>■ ঋণ নিয়ন্ত্রণ<br>■ নোট ইস্যু | ■ কেন্দ্রীয় ব্যাংকের কার্যাবলি<br>■ নিকাশ ঘর | ■ বাংলাদেশ ব্যাংক | ■ বাংলাদেশ ব্যাংকের গভর্নরসমূহ |

## Type 1: কেন্দ্রীয় ব্যাংকের মৌলিক তথ্য

### Step 1: BASIC INFORMATION

☐ **কেন্দ্রীয় ব্যাংক (Central Bank):**

- একটি দেশের সকল বাণিজ্যিক ব্যাংকগুলোকে নিয়ন্ত্রণ করে- কেন্দ্রীয় ব্যাংক।
- কেন্দ্রীয় ব্যাংকের প্রধান কাজ- নোট ও মুদ্রার প্রচলন।
- কেন্দ্রীয় ব্যাংকের উদ্দেশ্য- জনকল্যাণ ও দেশের অর্থনৈতিক উন্নয়ন।
- একটি দেশের মুদ্রা বাজার গঠন ও নিয়ন্ত্রণ, মুদ্রার প্রচলন, ঋণ নিয়ন্ত্রণ, মুদ্রামান সংরক্ষণ, বিনিময় হার নির্ধারণ ইত্যাদি গুরুত্বপূর্ণ কাজগুলো করে- কেন্দ্রীয় ব্যাংক।
- 'কেন্দ্রীয় ব্যাংক ঋণের শেষ আশ্রয়স্থল' কথাটি বলেছেন অধ্যাপক হট্রে।
- কেন্দ্রীয় ব্যাংক সরকারের প্রতিনিধি হিসাবে কাজ করে।
- কেন্দ্রীয় ব্যাংক অন্যান্য ব্যাংকের ব্যাংক হিসাবে কাজ করে।



CamScanner

## ❑ কেন্দ্রীয় ব্যাংকের উৎপত্তি ও ক্রমবিকাশ (Evalution of Central Bank):

- কেন্দ্রীয় ব্যাংক ব্যবস্থা গড়ে ওঠে ১৬৫৬ সালে, The Ricks Bank of Sweden প্রতিষ্ঠার পর।
- প্রথম খাঁটি কেন্দ্রীয় ব্যাংক ১৬৯৪ সালে গড়ে উঠে The Bank of England প্রতিষ্ঠার পর।
- ১৯১৩ সালের 'ফেডারেল রিজার্ভ অ্যাক্ট' এর আওতায় আমেরিকার কেন্দ্রীয় ব্যাংক ফেডারেল রিজার্ভ সিস্টেম গড়ে ওঠে।
- ১৯২০ সালে ব্রাসেলস ও ১৯২২ সালে জেনেভায় অনুষ্ঠিত অর্থনৈতিক সম্মেলনে প্রত্যেক দেশে একটি কেন্দ্রীয় ব্যাংক প্রতিষ্ঠার সুপারিশ করা হয়।

| ব্যাংকের নাম | দেশের নাম | প্রতিষ্ঠার সাল | তথ্য |
|---|---|---|---|
| দি রিকস ব্যাংক অব সুইডেন | সুইডেন | ১৬৫৬ | • বিশ্বের সর্বপ্রথম কেন্দ্রীয় ব্যাংক।<br>• প্রথমে ব্যক্তিগত উদ্যোগে প্রতিষ্ঠিত হয়, পরে ১৬৬৮ সালে জাতীয়করণ করা হয়। |
| ব্যাংক অব ইংল্যান্ড | যুক্তরাজ্য | ১৬৯৪ | • বিশ্বের প্রথম সুগঠিত কেন্দ্রীয় ব্যাংক। এর প্রধান অফিস লন্ডনে।<br>• একে Mother of Central Bank বলা হয়। |
| ফেডারেল রিজার্ভ সিস্টেম | যুক্তরাষ্ট্র | ১৯১৩ | • ১২টি ফেডারেল রিজার্ভ ব্যাংকের সমন্বয়ে গঠিত।<br>• এক্ষেত্রে প্রতিটি সদস্য ব্যাংককে নোট ইস্যুর জন্য ২৫% এর সমান মূল্যের স্বর্ণ রিজার্ভ রাখতে হয়। সদরদপ্তর ওয়াশিংটনে।<br>• এক্ষেত্রে সদস্য ব্যাংকগুলোকে মূলধন ৬% জমা রাখতে হয়। |
| ব্যাংক অব জাপান | জাপান | ১৮৮২ | • এশিয়ার প্রথম কেন্দ্রীয় ব্যাংক। |
| রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া | ভারত | ১৯৩৫ | • ভারতের কেন্দ্রীয় ব্যাংক।<br>• ইম্পেরিয়াল ব্যাংক অব ইন্ডিয়ার পরিবর্তে এটি কেন্দ্রীয় ব্যাংক হিসেবে কাজ শুরু করে। |
| স্টেট ব্যাংক অব পাকিস্তান | পাকিস্তান | ১৯৪৮ | • পাকিস্তানের কেন্দ্রীয় ব্যাংক।<br>• মোট শেয়ারের শতকরা ৫১% সরকার এবং ৪৯% বেসরকারি ব্যক্তি ও প্রতিষ্ঠান মালিক। |
| বাংলাদেশ ব্যাংক | বাংলাদেশ | ১৯৭২ | • ১৯৭২ সালে Bangladesh Bank Order বলে বাংলাদেশ ব্যাংক প্রতিষ্ঠা হয় যা ১৯৭১ সালের ১৬ ডিসেম্বর থেকে কার্যকর ধরা হয়। |

## ❑ গুরুত্বপূর্ণ কেন্দ্রীয় ব্যাংক ও মুদ্রার নাম(Important central bank name with currency):

| দেশের নাম | কেন্দ্রীয় ব্যাংকের নাম | প্রতিষ্ঠার সাল | মুদ্রার নাম |
|---|---|---|---|
| সুইডেন | দি রিক্স ব্যাংক অব সুইডেন (ব্যাংক অব সুইডেন*) | ১৬৫৬ | ক্রোনা (Krona) |
| যুক্তরাজ্য | ব্যাংক অব ইংল্যান্ড | ১৬৯৪ | পাউন্ড স্টার্লিং |
| ফ্রান্স | ব্যাংক অব ফ্রান্স | ১৮০০ | ইউরো |
| নেদারল্যান্ড | দি ব্যাংক অব নেদারল্যান্ড (নেদারল্যান্ড ব্যাংক*) | ১৮১৪ | ইউরো |
| নরওয়ে | দি ব্যাংক অব নরওয়ে | ১৮১৭ | ক্রোন (Krone) |
| ডেনমার্ক | দি ন্যাশনাল ব্যাংক অব ডেনমার্ক | ১৮১৮ | ক্রোন (Krone) |
| অস্ট্রিয়া | দি ন্যাশনাল ব্যাংক অব (অস্ট্রিয়ান ন্যাশনাল ব্যাংক*) | ১৮১৭ | ইউরো |
| স্পেন | ব্যাংক অব স্পেন | ১৮৫৬ | ইউরো |
| বেলজিয়াম | দি ন্যাশনাল ব্যাংক অব বেলজিয়াম | ১৮৫০ | ইউরো |
| জাপান | ব্যাংক অব জাপান | ১৮৮২ | ইয়েন |
| ইতালি | ব্যাংক অব ইতালি | ১৮৯৩ | ইউরো |
| সুইজারল্যান্ড | দি সুইস ন্যাশনাল ব্যাংক | ১৯০৭ | সুইস ফ্রাঙ্ক |
| মার্কিন যুক্তরাষ্ট্র | দি ফেডারেল রিজার্ভ সিস্টেম | ১৯১৩ | ডলার |
| রাশিয়া | ব্যাংক অব রাশিয়া (সেন্ট্রাল ব্যাংক অব রাশিয়ান ফেডারেশন) | ১৯৯০ | রুবল |
| চীন | ব্যাংক অব চায়না | ১৯২৮ | ইউয়ান |



CamScanner

| দেশের নাম | কেন্দ্রীয় ব্যাংকের নাম | প্রতিষ্ঠার সাল | মুদ্রার নাম |
|---|---|---|---|
| মেক্সিকো | ব্যাংক অব মেক্সিকো | ১৯২৫ | পেসো |
| তুরস্ক | মারকাজ ব্যাংকাসা/ সেন্ট্রাল ব্যাংক অব রিপাবলিক অব টার্কি | ১৯৩১ | লীরা |
| কানাডা | ব্যাংক অব কানাডা | ১৯৩৪ | কানাডিয়ান ডলার |
| ভারত | রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়া | ১৯৩৫ | রুপী |
02. ব্যাংক হিসাব খুললে প্রথমত কোন্ সুফল পাওয়া যায়?
Ⓐ মুনাফা লাভের Ⓑ সুদ প্রাপ্তির
Ⓒ ঋণ প্রাপ্তির Ⓓ নিরাপদ লেনদেনের

03. চলতি ও সঞ্চয়ী হিসাবের মধ্যে পার্থক্যের ক্ষেত্র হলো-
Ⓐ ATM কার্ড Ⓑ জমাতিরিক্ত ঋণ
Ⓒ নিরাপদ লেনদেন Ⓓ ক্রেডিট কার্ড

04. নিম্নের কোন হিসাবে সুদের হার সবচেয়ে কম হয়?
Ⓐ সঞ্চয়ী Ⓑ বিশেষ চলতি
Ⓒ পেনশন সঞ্চয়ী Ⓓ স্থায়ী

05. ব্যাংকিং কাজ পরিচালনায় প্রধান নিয়ামক কোনটি?
Ⓐ অর্থ গ্রহণ Ⓑ ব্যাংক হিসাব
Ⓒ অর্থ উত্তোলন Ⓓ দেনা-পাওনা

06. বর্তমানকালে নমুনা স্বাক্ষর কার্ডে কোনটি সংযুক্ত করা হয়?
Ⓐ ছবি Ⓑ স্ট্যাম্প
Ⓒ ভোটার আইডি কার্ড Ⓓ জন্ম নিবন্ধন সার্টিফিকেট

07. ব্যাংক হিসাব প্রধানত কত ধরনের ?
Ⓐ ২ Ⓑ ৩
Ⓒ ৪ Ⓓ ৫

08. চেক বই ইস্যু করা হয় না কোন ধরনের ব্যাংক হিসাবে?
Ⓐ চলতি Ⓑ সঞ্চয়ী
Ⓒ স্থায়ী Ⓓ বিশেষ চলতি

09. কোন ধরনের হিসাব মালিককে এটিএম কার্ড সরবরাহ করা হয় না?
Ⓐ স্থায়ী Ⓑ চলতি
Ⓒ সঞ্চয়ী Ⓓ বিশেষ চলতি

10. লেনদেন সংক্রান্ত তথ্য সংরক্ষণে ব্যাংক কোন ধরনের বই দেয়?
Ⓐ নগদ বই Ⓑ পাশ বই
Ⓒ জমা বই Ⓓ চেক বই

11. নিচের কোন হিসাবের গ্রাহকগণ ব্যাংক হতে অধিক সুদ বা লাভপ্রাপ্ত হন?
Ⓐ বিশেষ চলতি হিসাব Ⓑ সঞ্চয়ী হিসাব
Ⓒ সাধারণ স্থায়ী হিসাব Ⓓ বিশেষ মেয়াদি স্থায়ী হিসাব

12. একজন ব্যবসায়ীর জন্য কোন ধরনের হিসাব উত্তম?
Ⓐ চলতি Ⓑ সঞ্চয়ী
Ⓒ স্থায়ী Ⓓ বিশেষ সঞ্চয়ী

**OMR**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01.ⒶⒷⒸⒹ | 02.ⒶⒷⒸⒹ | 03.ⒶⒷⒸⒹ | 04.ⒶⒷⒸⒹ | 05.ⒶⒷⒸⒹ | 06.ⒶⒷⒸⒹ |
| 07.ⒶⒷⒸⒹ | 08.ⒶⒷⒸⒹ | 09.ⒶⒷⒸⒹ | 10.ⒶⒷⒸⒹ | 11.ⒶⒷⒸⒹ | 12.ⒶⒷⒸⒹ |

**Answer**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12.A | 11.C | 10.B | 09.A | 08.C | 07.B | 06.A | 05.B | 04.A | 03.B | 02.D | 01.C |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Part-2 Written

01. সঞ্চয়ী হিসাবের মূল উদ্দেশ্য কী?

02. ব্যাংক পাস বই কী?

03. KYC কেন প্রয়োজন? ব্যাখ্যা করো।

04. একজন ছাত্রের জন্য কোন ধরনের হিসাব উপযোগী? ব্যাখ্যা দাও।

05. নমুনা স্বাক্ষর কার্ড কী?

06. ঋণ আমানতি হিসাব কাকে বলে?

07. বিমা সঞ্চয়ী হিসাব কাকে বলে?

08. পেনশন বা বিশেষ সঞ্চয়ী হিসাব কাকে বলে?

## Answer

01. জনগণের মাঝে সঞ্চয় প্রবণতা সৃষ্টি করাই হলো সঞ্চয়ী হিসাবের মূল উদ্দেশ্য।

02. সঞ্চয়ী হিসাব খোলার পর ব্যাংক তার গ্রাহককে লেনদেন সংক্রান্ত তথ্য সরবরাহের লক্ষ্যে যে ক্ষুদ্রাকৃতির বই সরবরাহ করে তাকে ব্যাংক পাস বই বলে।

03. KYC ফরমের মাধ্যমে গ্রাহক সম্পর্কিত সঠিক তথ্য জানা যায় বিধায় এটি গ্রাহকের লেনদেনের স্বচ্ছতা নিশ্চিত করে। ব্যাংক যে ফরমের মাধ্যমে গ্রাহক সম্পর্কিত যাবতীয় তথ্য সংগ্রহ করে তাই মূলত KYC ফরম। এর মাধ্যমে গ্রাহকের সঠিক পরিচয় শনাক্ত করা যায়। গ্রাহক কী উদ্দেশ্য হিসাব খুলবে, কেমন লেনদেন করবে, গ্রাহক কোনো অবৈধ কর্মকাণ্ডে জড়িত কিনা তা জানা যায়। আর এ উদ্দেশ্যকে লক্ষ্য রেখেই ব্যাংক KYC ফরম সংরক্ষণ করে।

04. একজন ছাত্রের জন্য সঞ্চয়ী হিসাব উপযোগী। সঞ্চয়ী হিসাব হলো এমন এক ধরনের হিসাব, যে হিসাবে গ্রাহক ইচ্ছেমতো অর্থ সঞ্চয় করতে পারেন। আর ছাত্ররা তাদের খরচের টাকা থেকে কিছু টাকা বাঁচিয়ে এ হিসাব খোলার মাধ্যমে তাদের জমানো অর্থ সঞ্চয় করতে পারে।

05. চেকের স্বাক্ষর যথার্থ কিনা তা মিলিয়ে দেখার জন্য আমানতকারীর নমুনা স্বাক্ষর যে কার্ডে ব্যাংক সংরক্ষণ করে তাকে নমুনা স্বাক্ষর কার্ড বলে।

06. ব্যাংক অনেক সময় ঋণগ্রহীতাদের সরাসরি ঋণ না দিয়ে ঋণগ্রহীতার নামে একটি আলাদা ঋণ আমানত হিসাব খুলে ঐ হিসাবে ঋণের অর্থ জমা করে। অতঃপর ঋণগ্রহীতাকে চেকের মাধ্যমে অর্থ উত্তোলনের সুযোগ দেওয়া হয়। এরূপ হিসাবকে ঋণ আমানতি হিসাব বলে। নগদ ঋণ হিসাব এর উদাহরণ।

07. যে হিসাবের মাধ্যমে আমানতকারী সঞ্চয়ী হিসাবের সুবিধা ভোগ করার পাশাপাশি বিমার সুবিধা ভোগ করে তাকে বিমা সঞ্চয়ী হিসাব বলে। এরূপ হিসাবগ্রহীতা ব্যাংক বা বিমা কোম্পানি চুক্তির শর্ত মোতাবেক অসুস্থতা, দুর্ঘটনা বা মৃত্যুর বিপক্ষে বিমা সুবিধা লাভ করে।

08. যে হিসাবে গ্রাহক নির্দিষ্ট সময় পর্যন্ত মাসে মাসে টাকা জমা করে এবং নির্ধারিত মেয়াদ শেষে ব্যাংক সাধারণত একবারে অনেক টাকা একত্রে প্রদান করে তাকে পেনশন বা বিশেষ সঞ্চয়ী হিসাব বলে। বেসরকারি চাকরিজীবী ও পেশাজীবী মানুষের জন্য এ হিসাব উপযোগী। ডিপোজিট পেনশন স্কিম (DPS), হজ্ব একাউন্ট হিসাবসমূহ এর উদাহরণ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

দ্বিতীয় পত্র

অধ্যায় ৫

# হস্তান্তরযোগ্য ঋণের দলিল
# [Negotiable Instruments]

## Chapter Outlook Map

হস্তান্তরযোগ্য ঋণের দলিল

- Type-1 : হস্তান্তরযোগ্য দলিল
- Type-2: হস্তান্তর-অযোগ্য দলিল
- Type-3: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে
↓
Step-1 : Basic Information
↓
Step-2 : At a Glance : Most Important Information
↓
Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
↓
Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
↓
Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

## হোম টিউটর — বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে এ বছরের ভর্তি পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| টপিক | অতি গুরুত্বপূর্ণ (৯০% +) | গুরুত্বপূর্ণ (৮০% +) | কম গুরুত্বপূর্ণ (৭০% +) | জানা জরুরি (৫০% +) |
|---|---|---|---|---|
| সমূহ | ■ হস্তান্তরযোগ্য দলিল | ■ হস্তান্তর-অযোগ্য দলিল | - | - |

## Type 1 হস্তান্তরযোগ্য দলিল

### Step 1 BASIC INFORMATION

☐ **হস্তান্তরযোগ্য দলিল (Negotiable Instrument):**

- যথা নিয়মে এক হাত থেকে অন্য হাতে হস্তান্তরের মাধ্যমে যে দলিল এর হস্তান্তর গ্রহীতা এর বৈধ মালিকানা লাভ করে তাকে হস্তান্তরযোগ্য ঋণের দলিল বলে।
- এটি দেশের প্রচলিত আইন অনুযায়ী হস্তান্তরযোগ্য।
- বাংলাদেশে প্রচলিত হস্তান্তরযোগ্য দলিল আইন ১৮৮১ সালের।

☐ **হস্তান্তরযোগ্য দলিলের বৈশিষ্ট্যসমূহ(Features of Negotiable Instrument):**

| | |
|---|---|
| → লিখিত দলিল | → প্রাপকের নামোল্লেখ |
| → যথাযথ পক্ষ কর্তৃক স্বাক্ষরিত | → বিহিত মুদ্রায় অর্থ পরিশোধ |
| → একাধিক পক্ষ | → চাহিবামাত্র বা নির্দিষ্ট সময়ে দেয় |
| → শর্তহীন প্রকৃতি | → উপস্থাপন |
| → হস্তান্তরযোগ্যতা | → ঋণের প্রমাণ |
| → নির্দিষ্ট পরিমাণ অর্থের উল্লেখ | |

☐ **হস্তান্তরযোগ্য দলিল সমূহ(Negotiable Instruments):**

০১. **অঙ্গীকার পত্র (Promissory Note):** সাধারণ অর্থে অঙ্গীকার পত্র বলতে এমন কোন পত্র বা দলিল বিশেষকে বুঝায়, যাতে কোনো ব্যক্তি অপর ব্যক্তিকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের অঙ্গীকার করে থাকে। যে ব্যক্তি এরূপ অঙ্গীকার করে থাকে তাকে অঙ্গীকারকারী এবং যার অনুকূল অঙ্গীকার ঘোষণা করা হয় তাকে অঙ্গীকার গ্রহীতা হলে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

০২. **বিনিময় বিল (Bill of Exchange):** বিনিময় বিল হলো এমন এক প্রকার হস্তান্তরযোগ্য দলিল যেখানে কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের শর্তহীন নির্দেশ দিয়ে থাকে। ব্যাপক অর্থে, আদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত যে দলিল উক্ত ব্যক্তি বা অন্য কোনো ব্যক্তিকে বা তার আদেশে কোনো ব্যক্তিকে বা দলিলের বাহককে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ নির্দিষ্ট সময় পরে বা চাহিবামাত্র প্রদানের জন্য অপর কোনো ব্যক্তিকে যে শর্তহীন নির্দেশ দেয় তাকে বিনিময় বিল বলে। এই দলিলটি একই পক্ষের নিকট দুইবার উপস্থাপন করতে হয়।

০৩. **ব্যাংকের আজ্ঞাপত্র (Bank Draft):** কোন ব্যাংকের এক শাখা হতে অন্য শাখায় টাকা স্থানান্তরের ক্ষেত্রে ড্রাফট্ ব্যবহৃত হয়। ১৮৮১ সালের হস্তান্তরযোগ্য দলিল আইনের ৮৫ (ক) নং ধারা অনুসারে ড্রাফট হচ্ছে, "অর্থ পরিশোধের একটি আদেশ যা এক ব্যাংক কর্তৃক অপর ব্যাংকের উদ্দেশ্যে বা নিজ ব্যাংকের শাখায় উদ্দেশ্য দেওয়া হয়।" অর্থাৎ যখন কোনো একটি ব্যাংক তার নিজ শাখাকে বা অপর কোনো ব্যাংককে বা কোনো নির্দিষ্ট ব্যক্তিকে বা তার আদেশে অন্য কোনো ব্যক্তিকে কিংবা ব্যাংককে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করার জন্য যে আদেশ দেয় ঐ আদেশকে ব্যাংক ড্রাফট বলে।

০৪. **ভ্রমণকারীর চেক (Traveller's Cheque):** সাধারণ অর্থে, ভ্রমণকারীর সুবিধার্থে অর্থ সংগ্রহের জন্য ব্যাংক যে বিশেষ ধরনের চেক ইস্যু করে তাকে ভ্রমণকারীর চেক বলে। অন্যভাবে বলা যায়, যখন কোনো ব্যাংক তার বিদেশে অবস্থিত শাখা বা প্রতিনিধিকে ভ্রমণকারীর সুবিধার্থে একটি নির্দিষ্ট পরিমাণ টাকা পরিশোধের আদেশ জারি করে যে চেক ইস্যু করে তাকে ভ্রমণকারীর চেক বলে। যে সমস্ত ব্যক্তি বিদেশে ভ্রমণ করে তারা নগদ অর্থের পরিবর্তে ভ্রমণকারীর চেক বহন করে থাকে। ভ্রমণকারীর চেকের টাকা ব্যাংক শর্তহীনভাবে পরিশোধ করতে বাধ্য থাকে।

০৫. **ব্যাংক নোট (Bank Note):** ব্যাংক নোট হচ্ছে এক ধরনের হস্তান্তরযোগ্য দলিল যা অঙ্গীকার পত্র হিসাবে পরিচিত। ব্যাংক নোট ব্যাংক কর্তৃক ইস্যু করা হয় এবং এর মূল্য বাহককে চাহিবামাত্র পরিশোধ্য। শুরুতে ব্যাংক নোট বাণিজ্যিক ব্যাংক কর্তৃক ইস্যু হলেও বর্তমানে এটি কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক ইস্যুকৃত কাগজী মুদ্রা। কেন্দ্রীয় ব্যাংক এর বাহককে চাহিবামাত্র মূল্য পরিশোধ করতে বাধ্য থাকে।

০৬. **ট্রেজারি বিল (Treasary Bill):** ট্রেজারি বিল হচ্ছে সরকার কর্তৃক স্বল্পমেয়াদি অঙ্গীকার পত্র যা সরকার খোলা বাজার থেকে তহবিল সংগ্রহের জন্য এবং সরবরাহ নিয়ন্ত্রণ করার জন্য ইস্যু করে থাকে। ট্রেজারি বিল সাধারণত কোনো সুদ প্রদান করে না এবং অবহারে বিক্রি হয়ে থাকে। সরকার চাহিবামাত্র বা বিলে উল্লেখিত মেয়াদান্তে এর বাহককে মূল্য পরিশোধ করতে বাধ্য থাকে।

০৭. **ঋণপত্র (Debenture):** ঋণপত্র হচ্ছে জামানতবিহীন ঋণের দলিল যা বড় বড় ব্যবসায় প্রতিষ্ঠান দীর্ঘমেয়াদি ঋণ সংগ্রহ করার জন্য ইস্যু করে থাকে। ঋণপত্র ইস্যুকারী প্রতিষ্ঠান এর বাহককে একটি নির্দিষ্ট সময় পর পর একটি নির্দিষ্ট পরিমাণ সুদ প্রদান করে থাকে। আবার, মেয়াদ শেষে ইস্যুকারী প্রতিষ্ঠান এর বাহককে ঋণপত্রের অভিহিত মূল্য ফেরত দিতে বাধ্য থাকে। ঋণপত্র সহজেই হস্তান্তরযোগ্য এবং এটা কোম্পানির মূলধন কাঠামোয় একটি অংশ।

০৮. **চেক (Cheque):** চেক হলো ব্যাংকের প্রতি টাকা প্রদানের শর্তহীন লিখিত ও দস্তখতকৃত আদেশ নামা, যার টাকা চাহিবামাত্র ব্যাংক প্রদানে বাধ্য থাকে।

## Step 2 At a Glance : Most Important Information

- সাধারণ অর্থে অঙ্গীকার পত্র বলতে এমন কোনো পত্র বা দলিল বিশেষকে বুঝায়, যাতে কোনো ব্যক্তি অপর ব্যক্তিকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের অঙ্গীকার করে থাকে।
- বিনিময় বিল হলো এমন এক প্রকার হস্তান্তরযোগ্য দলিল যেখানে কোনো ব্যক্তি অন্য কোনো ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের শর্তহীন নির্দেশ দিয়ে থাকে।
- যখন কোনো একটি ব্যাংক তার নিজ শাখাকে বা অপর কোনো ব্যাংককে বা কোনো নির্দিষ্ট ব্যক্তিকে বা তার আদেশে অন্য কোনো ব্যক্তিকে কিংবা ব্যাংককে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করার জন্য যে আদেশ দেয় ঐ আদেশকে ব্যাংক ড্রাফট্ বলে।
- ভ্রমণকারীর সুবিধার্থে অর্থ সংগ্রহের জন্য ব্যাংক যে বিশেষ ধরনের চেক ইস্যু করে তাকে ভ্রমণকারীর চেক বলে।
- ব্যাংক নোট ব্যাংক কর্তৃক ইস্যু করা হয় এবং এর মূল্য বাহককে চাহিবামাত্র পরিশোধ্য
- ট্রেজারি বিল হচ্ছে সরকার কর্তৃক স্বল্পমেয়াদি অঙ্গীকার পত্র যা সরকার খোলা বাজার থেকে তহবিল সংগ্রহের জন্য এবং সরবরাহ নিয়ন্ত্রণ করার জন্য ইস্যু করে থাকে।
- ঋণপত্র হচ্ছে জামানতবিহীন ঋণের দলিল যা বড় বড় ব্যবসা প্রতিষ্ঠান দীর্ঘমেয়াদি ঋণ সংগ্রহ করার জন্য ইস্যু করে থাকে।
- চেক হলো ব্যাংকের প্রতি টাকা প্রদানের শর্তহীন লিখিত ও দস্তখতকৃত আদেশ নামা, যার টাকা চাহিবামাত্র ব্যাংক প্রদানে বাধ্য থাকে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## Step 3 বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিল? [DU : 21-22]
Ⓐ অঙ্গীকারপত্র Ⓑ বাণিজ্যিকপত্র Ⓒ ট্রেজারি বিল Ⓓ প্রত্যয়পত্র — Ans A

02. কোন হস্তান্তরযোগ্য দলিল একই পক্ষের নিকট দু'বার উপস্থাপন করতে হয়? [DU : 20-21]
Ⓐ অঙ্গীকারপত্র Ⓑ বিনিময় বিল Ⓒ লভ্যাংশ পরোয়ানা Ⓓ চেক — Ans B

03. নিচের কোনটি মুদ্রার বিকল্প হিসেবে ব্যবহৃত হয় না? [DU : 18-19]
Ⓐ স্বল্প নোটিশে ফেরতযোগ্য ঋণ Ⓑ পে- অর্ডার Ⓒ ভ্রমণকারী চেক Ⓓ প্রাইজ বন্ড — Ans A

### GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. কোনটি হস্তান্তরযোগ্য দলিল? [JKKNIU : 17-18]
Ⓐ বিনিময় বিল Ⓑ চেক
Ⓒ অঙ্গীকারপত্র Ⓓ সবগুলো — Ans D

02. হস্তান্তরযোগ্য ঋণ দলিল প্রচলিত হয়– [CoU : 08-09]
Ⓐ ১৯৭২ Ⓑ ১৮৮১ Ⓒ ১৯৯৪ Ⓓ ১৯১৩ — Ans B

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. কোনটি ব্যাংকের প্রতি গ্রাহকের লিখিত নির্দেশ? [CHI-19]
Ⓐ ব্যাংকের নিশ্চয়তা Ⓑ ব্যাংক ড্রাফট Ⓒ পে-অর্ডার Ⓓ চেক — Ans D

02. বিনিময় বিলের প্রধানত পক্ষ কতটি? [COM-19]
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৫ — Ans C

03. বর্তমানে প্রচলিত হস্তান্তরযোগ্য দলিল আইনটি কত সালের? [JES-19, RAJ-17, SYL-17]
Ⓐ ১৮১৮ Ⓑ ১৮৭১ Ⓒ ১৮৮১ Ⓓ ১৮৯১ — Ans C

04. বিনিময় বিল প্রস্তুত করে কে? [RAJ-19]
Ⓐ পাওনাদার Ⓑ ব্যাংক Ⓒ বিমা প্রতিষ্ঠান Ⓓ দেনাদার — Ans A

05. ১৮৮১ সালের হস্তান্তরযোগ্য দলিল আইনের কোন ধারায় চেক সম্পর্কে বলা হয়েছে? [JES-16]
Ⓐ ধারা-৪ Ⓑ ধারা-৫ Ⓒ ধারা-৬ Ⓓ ধারা-৭ — Ans C

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. ব্যবসায়িক জগতে ধারা লেনদেনের ক্ষেত্রে দুটি পক্ষের মধ্যে সম্পাদিত চুক্তিকে কী বলে?
Ⓐ বিনিময় বিল Ⓑ চেক Ⓒ ব্যাংকের আজ্ঞাপত্র Ⓓ ঋণের দলিল — Ans D

02. ঋণের দলিল হস্তান্তর প্রক্রিয়া কোন আইন দ্বারা হয়ে থাকে?
Ⓐ আন্তর্জাতিক আইন Ⓑ দেশের প্রচলিত ব্যবসায় আইন
Ⓒ বাণিজ্যিক ব্যাংক আইন Ⓓ কেন্দ্রীয় ব্যাংকের আইন — Ans B

03. একটি চেক আইনগত দলিলে পরিণত হয় কখন?
Ⓐ তারিখ উল্লেখের পর Ⓑ অর্থ প্রদানের পর
Ⓒ গ্রাহক কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর Ⓓ চেকটি উপস্থাপনের পর — Ans C

04. বি.কে.বি ব্যাংকের ধানমন্ডি শাখা তাদের উত্তরা শাখাকে জনাব শফিককে ৫ হাজার টাকার অর্থ প্রদানে আদেশ দিয়েছে। দলিলটিকে বলা যায় কোনটি?
Ⓐ চেক Ⓑ ব্যাংক ড্রাফট Ⓒ অঙ্গীকারপত্র Ⓓ বিনিময় বিল — Ans B

05. অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্যের প্রসার লাভের জন্য মাধ্যম হিসেবে কাজ করে কোনটি?
Ⓐ ব্যাংক Ⓑ চেক বই Ⓒ ঋণের দলিল Ⓓ ব্যাংক ড্রাফট — Ans C



CamScanner

06. ব্যবসায়িক ধারে লেনদেন করে কেন?
Ⓐ অর্থনৈতিক কার্য সম্পাদনের জন্য
Ⓑ অর্থের অভাবে
Ⓒ অধিক অর্থ লাভের আশায়
Ⓓ ব্যবসায়কে সম্প্রসারণের জন্য
Ans A

07. আধুনিক ব্যবসায়ের ক্ষেত্রে কোন ধরনের লেনদেন বেশি সম্পাদিত হয়?
Ⓐ নগদে
Ⓑ ধারে
Ⓒ উভয়ই
Ⓓ কোনোটিই নয়
Ans B

08. দায়বদ্ধ পক্ষ হতে মামলা করে অর্থ আদায়ের পূর্বে কোন ধরনের বিজ্ঞপ্তি প্রদান করতে হবে?
Ⓐ মামলা বিজ্ঞপ্তি
Ⓑ প্রত্যাখ্যানের বিজ্ঞপ্তি
Ⓒ দলিলের বিজ্ঞপ্তি
Ⓓ অঙ্গীকারের বিজ্ঞপ্তি
Ans B

09. হস্তান্তরযোগ্য দলিলের আইন প্রতিষ্ঠিত হয় কত সালে?
Ⓐ ১৮৯১ সালে
Ⓑ ১৮৮১ সালে
Ⓒ ১৯১৯ সালে
Ⓓ ১৯৮১ সালে
Ans B

10. ধারে ব্যবসায় করার ক্ষেত্রে কোন ধরনের লেনদেন বেশি সম্পাদিত হয়-
Ⓐ ধারকৃত অর্থ যে কোনো সময়ে ফেরত দেওয়া যাবে
Ⓑ ধারকৃত অর্থ আর ফেরত দেওয়া লাগবে না
Ⓒ অল্প অল্প করে অর্থ পরিশোধ করা যাবে
Ⓓ একটি নির্দিষ্ট সময় পর নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে হবে
Ans D

11. হস্তান্তরযোগ্য দলিল অবশ্যই কোন ধরনের হতে হবে?
Ⓐ লিখিত
Ⓑ মৌখিক
Ⓒ লিখিত এবং মৌখিক
Ⓓ ব্যবসায় ধরন
Ans A

12. বিনিময় বিল অনুযায়ী ব্যাংকের আজ্ঞাপত্রকে চেক না বলার কারণ কী?
Ⓐ এক স্থান থেকে অন্য স্থানে অর্থ স্থানান্তরিত হয় বলে
Ⓑ ব্যাংক কর্তৃক ব্যাংকের আদেশ দেওয়া হয় বলে
Ⓒ ব্যক্তি কর্তৃক ব্যাংকের আদেশ দেওয়া হয় না বলে
Ⓓ নির্দিষ্ট হারে কমিশন দেওয়া হয় বলে
Ans C

13. হস্তান্তরযোগ্য দলিলের মাধ্যমে মালিকানা হস্তান্তর করা যায় কীভাবে?
Ⓐ দলিল হস্তান্তর করার মাধ্যমে
Ⓑ ঋণ গ্রহণের মাধ্যমে
Ⓒ ব্যবসায়িক কার্যক্রম পরিবর্তন করে
Ⓓ দেনা-পাওনার নিষ্পত্তির মাধ্যমে
Ans A

14. হস্তান্তরযোগ্য দলিল আর্থিক লেনদেনের সহজ শর্ত সাপেক্ষে কী হিসেবে ব্যবহৃত হয়?
Ⓐ ঋণ
Ⓑ ধারকৃত অর্থ
Ⓒ জমাকৃত অর্থ
Ⓓ নগদ অর্থ
Ans D

15. কোনটি বিনিময় বিলের অন্যতম প্রধান বৈশিষ্ট্য?
Ⓐ এতে ক্রেতার নাম অবশ্যই উল্লেখ থাকবে
Ⓑ এতে বিক্রেতার নাম অবশ্যই উল্লেখ থাকবে
Ⓒ এতে অবশ্যই নির্দিষ্ট পরিমাণ অর্থের উল্লেখ থাকবে
Ⓓ এতে ব্যবসায়িক প্রতিষ্ঠানের নাম অবশ্যই উল্লেখ থাকবে
Ans C

16. চেক ব্যাংকের ওপর কার দ্বারা লিখিত আদেশপত্র?
Ⓐ ব্যাংকের পরিচালক
Ⓑ আমানতকারীর
Ⓒ সরকারের
Ⓓ জনগণের
Ans B

17. চেকে সাধারণত কয়টি পক্ষ থাকে?
Ⓐ ১ পক্ষ
Ⓑ ২ পক্ষ
Ⓒ ৩ পক্ষ
Ⓓ ৪ পক্ষ
Ans C

18. ব্যাংক ড্রাফ্ট সাধারণত কোন কাজে ব্যবহৃত হয়?
Ⓐ অর্থ বহনের কাজ
Ⓑ অর্থ স্থানান্তরের কাজে
Ⓒ অর্থের নিরাপত্তা প্রদানের কাজে
Ⓓ অর্থের মূল্যবৃদ্ধির কাজে
Ans B

19. আইনের ধারা অনুযায়ী হস্তান্তরযোগ্য দলিল শুধু হস্তান্তর করা সম্ভব কীভাবে?
Ⓐ স্থানান্তরের মাধ্যমে
Ⓑ সম্পর্কের মাধ্যমে
Ⓒ গ্রহণের মাধ্যমে
Ⓓ অর্পণের মাধ্যমে
Ans D

20. হস্তান্তরযোগ্য দলিলের উপস্থাপনের সময় কত নম্বর ধারায় বর্ণনা করা হয়েছে?
Ⓐ ধারা-৬৫
Ⓑ ধারা-৩০
Ⓒ ধারা-৪৭
Ⓓ ধারা-৩১
Ans A



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

21. শফিক ব্যাংক কর্তৃক দেওয়া একটি পাতায় স্বাক্ষর করে ও টাকার অঙ্ক লিখে তার ছেলেকে দিয়ে ব্যাংকে পাঠালো। এটি কী?
Ⓐ বিনিময় বিল Ⓑ চেক
Ⓒ প্রতিশ্রুতি পত্র Ⓓ ব্যাংক ড্রাফট Ans [illegible]

22. বিভিন্ন হস্তান্তরযোগ্য দলিলের মধ্যে বৈশিষ্ট্যের মিলের ক্ষেত্র কোনটি?
Ⓐ কমপক্ষে তিনটি পক্ষ থাকে Ⓑ সর্বদাই স্ট্যাম্পের ব্যবহার করতে হবে
Ⓒ যেকোনো সাদা কাগজেই লেখা যায় Ⓓ সব দলিলের প্রকৃতি শর্তহীন Ans [illegible]

23. প্রস্তুতকারক কর্তৃক সঠিকভাবে লেখার পরও মূল্যবান দলিল হিসেবে গণ্য হয় না?
Ⓐ ঋণপত্র Ⓑ অঙ্গীকারপত্র
Ⓒ বিনিময় বিল Ⓓ চেক Ans [illegible]

24. সরকারি নোট ও ব্যাংক নোটের মধ্যে মিলের ক্ষেত্র কোনটি?
Ⓐ উভয়ই সরকার কর্তৃক ইস্যু করা হয় Ⓑ উভয়ই ঋণের দলিল হিসেবে ব্যবহৃত হয়
Ⓒ উভয়ই ঋণের পরিশোধে ব্যবহৃত হয় Ⓓ সকল ক্ষেত্রেই গভর্নরের স্বাক্ষর থাকে Ans [illegible]

25. নিচের কোনটি দলিল স্ট্যাম্পে ব্যবহার করা বাধ্যতামূলক?
Ⓐ বিনিময় বিল Ⓑ চেক
Ⓒ পে-অর্ডার Ⓓ ব্যাংক ড্রাফট Ans [illegible]

26. কোন দলিলটির ব্যবহার সার্বজনীন ও ব্যাপক?
Ⓐ বিনিময় বিল Ⓑ অঙ্গীকারপত্র Ⓒ পে-অর্ডার Ⓓ চেক Ans [illegible]

27. ব্যাংক ড্রাফট ব্যবহার করা হয় কেন?
Ⓐ অর্থের নিরাপত্তা বিধানের জন্য Ⓑ প্রাপকের অর্থপ্রাপ্তি নিশ্চিত করার জন্য
Ⓒ পাওনাদারকে অর্থ প্রদানের জন্য Ⓓ অর্থের নিরাপদ স্থানান্তরের জন্য Ans [illegible]

28. ব্যাপক ভিত্তিতে সর্বত্র ব্যবহৃত হয় কোনটি?
Ⓐ চেক Ⓑ ব্যাংক নোট
Ⓒ পে-অর্ডার Ⓓ বিনিময় বিল Ans Ⓐ

29. ব্যাংক ড্রাফটের ব্যবহার কমে যাওয়ার কারণ কোনটি?
Ⓐ জনমনে নিরাপত্তা বৃদ্ধি Ⓑ চেকের ব্যবহার বৃদ্ধি
Ⓒ অনলাইন ব্যাংকিং পদ্ধতি চালু Ⓓ এটিএম কার্ডের ব্যবহার Ans Ⓒ

30. ব্যাংকের আজ্ঞাপত্র প্রস্তুত করে কে?
Ⓐ পাওনাদার Ⓑ দেনাদার Ⓒ ব্যাংক Ⓓ কেন্দ্রীয় ব্যাংক Ans Ⓒ

31. কোন দলিলে আদেষ্টা ও আদিষ্ট উভয়ই ব্যাংকে থাকে?
Ⓐ পে-অর্ডার Ⓑ ব্যাংকের আজ্ঞাপত্র
Ⓒ চেক Ⓓ ব্যাংক নোট Ans Ⓑ

32. ব্যাংক ড্রাফট ও পে-অর্ডারের মধ্যে মিলের ক্ষেত্র কোনটি?
Ⓐ উভয়ই হস্তান্তরযোগ্য ঋণের দলিল Ⓑ এটি দেশে-বিদেশে সর্বত্র ব্যবহার হয়
Ⓒ উভয় ক্ষেত্রেই ইস্যুকারীর কর্তৃপক্ষ হলো ব্যাংক Ⓓ দুধরনের দলিলেই তিনটি করে পক্ষ থাকে Ans Ⓒ

33. হস্তান্তরযোগ্য দলিল আইন প্রণয়নের উদ্দেশ্য কী?
Ⓐ দলিলের অপব্যবহার বন্ধ করা
Ⓑ প্রস্তুতকারীদের স্বার্থ ও অধিকার সুরক্ষা করা
Ⓒ প্রাপক ও সরকারের স্বার্থ ও অধিকার সুরক্ষা করা
Ⓓ বিভিন্ন পক্ষের স্বার্থ সুরক্ষা ও আইনগত অধিকার নিশ্চিত করা Ans Ⓓ

34. অধিক ঝুঁকিপূর্ণ বিনিময় মাধ্যম কোনটি?
Ⓐ নগদ অর্থ Ⓑ চেক
Ⓒ বিল Ⓓ ড্রাফট Ans Ⓐ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Type 2 হস্তান্তর-অযোগ্য দলিলসমূহ

### Step 1 BASIC INFORMATION

**হস্তান্তর-অযোগ্য দলিলসমূহ (Non Negotiable Instruments):**

০১. **পে-অর্ডার (Pay Order) :** ব্যাংক ড্রাফট এর মতো পে-অর্ডার ও টাকা স্থানান্তরের কাজে ব্যবহৃত হয়। পে-অর্ডার হচ্ছে এমন একটি দলিল যেটা একটি ব্যাংককে তৃতীয় কোনো ব্যক্তিকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের নির্দেশ দেয়।

০২. **পোস্টাল অর্ডার (Postal Order) :** পোস্টাল অর্ডার হচ্ছে এমন একটি আর্থিক দলিল যেটা ডাকযোগে অর্থ প্রেরণের কাজে ব্যবহৃত হয়। এটা একটি নির্দিষ্ট মূল্য সরবরাহ করে। এটি পোস্ট অফিস থেকে কিনতে হয় এবং অন্য একটি পোস্ট অফিস থেকে এর টাকা সংগ্রহ করতে হয়। পোস্টাল অর্ডার কোনো বিহিত মুদ্রা না, কিন্তু এটি একটি অঙ্গীকার পত্র।

০৩. **ফিক্সড ডিপোজিট (Fixed Deposit) :** যখন কোনো ব্যক্তি কোনো আর্থিক প্রতিষ্ঠানে নির্দিষ্ট সময়ের জন্য অর্থ জমা রাখে এবং ঐ সময়ের মধ্যে অর্থ উত্তোলন না করার অঙ্গীকার করে তখন ঐ আর্থিক প্রতিষ্ঠান ঐ বিনিয়োগকারীকে একটি রশিদ প্রদান করে যা ফিক্সড ডিপোজিট রশিদ (FDR) নামে পরিচিত। এটি কোনো অঙ্গীকার পত্র নয়।

০৪. **সরকারি নোট (Government Note) :** সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে ও নিয়ন্ত্রণে যে কাগজী মুদ্রা ছাপানো হয় তাকে সরকারি নোট বলে। বাংলাদেশে এক টাকা ও দুই টাকার , পাঁচ টাকার নোট হলো সরকারি নোট। সরকারি নোট হলো বিহিত মুদ্রা। সরকারি নোটের পরিপূরক হিসাবে ধাতব মুদ্রাও প্রচলিত আছে।

০৫. **মানি অর্ডার (Money Order) :** মানি অর্ডার হচ্ছে পোস্ট অফিস কর্তৃক ইস্যুকৃত এক ধরনের অর্ডার যেখানে পোস্ট অফিসের এজেন্সি দ্বারা একটি নির্দিষ্ট পরিমাণ টাকা পরিশোধের নির্দেশ দেওয়া হয়। বাংলাদেশে একটি মানি অর্ডার সর্বোচ্চ ৫,০০০ টাকা হতে পারে।

০৬. **শেয়ার সার্টিফিকেট (Share Certificate):** কোম্পানি আইনের আওতায় গঠিত কোম্পানির শেয়ার একটি হস্তান্তর অযোগ্য দলিল। কোম্পানির অনুমোদন ব্যতীত শেয়ার সার্টিফিকেটের স্বত্ব এক ব্যক্তি বা প্রতিষ্ঠান থেকে অন্য ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হস্তান্তর করা যায় না।

০৭. **প্রত্যয়পত্র (Letter of Credit) :** প্রত্যয়পত্র হলো একটি অনুরোধ পত্র যেখানে একটি ব্যাংক অপর কোনো ব্যাংককে প্রত্যয়পত্রে উল্লিখিত তৃতীয় কোনো ব্যক্তিকে কোনো নির্দিষ্ট অংকের অগ্রিম প্রদানের জন্য অনুরোধ করেন এবং অঙ্গীকার করেন যে উক্ত অংকের টাকা অগ্রিম প্রদানকারী ব্যাংককে পুনঃপরিশোধ করবেন।

০৮. **আই ও ইউ (IOU):** "I Owe you" অর্থাৎ আমি তোমার কাছে ঋণী। এই দলিলের মাধ্যমে একজন ঋণগ্রহীতা তার ঋণ সম্পর্কিত স্বীকৃতি প্রদান করে। এই দলিলে ঋণ গ্রহীতার নাম, স্বাক্ষর এবং ঋণদাতার ঠিকানা, ঋণের পরিমাণ ও পরিশোধের সময়সীমা উল্লেখ থাকে।

০৯. **ক্রেডিট কার্ড (Credit Card) :** এটি এক ধরনের হস্তান্তর অযোগ্য দলিল। এর মাধ্যমে গ্রাহকগণ জমার অতিরিক্ত টাকা উত্তোলনের বা ঋণ সুবিধা পায়।

### Step 2 At a Glance : Most Important Information

- পে-অর্ডার হচ্ছে এমন একটি দলিল যেটা একটি ব্যাংককে তৃতীয় কোনো ব্যক্তিকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের নির্দেশ দেয়।
- পোস্টাল অর্ডার হচ্ছে এমন একটি আর্থিক দলিল যেটা ডাকযোগে অর্থ প্রেরণের কজে ব্যবহৃত হয়। এটা একটি নির্দিষ্ট মূল্য সরবরাহ করে।
- সরকারের অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে ও নিয়ন্ত্রণে যে কাগজী মুদ্রা ছাপানো হয় তাকে সরকারি নোট বলে।
- বাংলাদেশে একটি মানি অর্ডার সর্বোচ্চ ৫,০০০ টাকা হতে পারে।
- I Owe you" অর্থাৎ আমি তোমার কাছে ঋণী। এই দলিলের মাধ্যমে একজন ঋণগ্রহীতা তার ঋণ সম্পর্কিত স্বীকৃতি প্রদান করে।

### Step 3 বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

#### ঢাকা বিশ্ববিদ্যালয়

01. **একটি পে-অর্ডারের মেয়াদ কতদিন?** [DU : 18-19]
Ⓐ ১০৮ দিন Ⓑ ৯০ দিন Ⓒ কোনো নির্দিষ্ট মেয়াদ নেই Ⓓ ১ বছর **Ans Ⓒ**

02. **নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিলের উদাহরণ নয়?** [DU : 17-18]
Ⓐ ব্যাংক ক্রেডিট কার্ড Ⓑ ব্যাংক ড্রাফট Ⓒ ব্যাংক নোট Ⓓ ব্যাংক চেক **Ans Ⓐ**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

01. কোন দলিলের মাধ্যমে একটি ব্যাংক একজন নির্দিষ্ট ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের জন্য বিদেশস্থ প্রতিনিধিকে নির্দেশ দেয়? (DU 7 College: 22-23)
Ⓐ নগদ ঋণ Ⓑ পে-অর্ডার Ⓒ পূর্বস্বত্ব Ⓓ সার্কুলার নোট Ans B

02. নগদ অর্থ বহনের সবচেয়ে নিরাপদ বিকল্প কী? [DU 7 College : 20-21]
Ⓐ পে-অর্ডার Ⓑ সার্কুলার নোট Ⓒ চেক Ⓓ বিনিময় বিল, Ans A

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি ঋণের দলিল নয়? [RU : 17-18]
Ⓐ বিনিময় বিল Ⓑ চেক Ⓒ অঙ্গীকারপত্র Ⓓ আই.ও.ইউ Ans B

02. হস্তান্তর অযোগ্য দলিল- [RU : 13-14; IU : 16-17]
Ⓐ বিনিময় বিল Ⓑ হুন্ডি Ⓒ প্রাইজবন্ড Ⓓ পে-অর্ডার Ans D

03. বাণিজ্যিক ঋণের দলিল নয়- [RU : 13-14]
Ⓐ প্রত্যয়পত্র Ⓑ বিনিময় বিল Ⓒ ভ্রাম্যমাণ নোট Ⓓ প্রতিজ্ঞাপত্র Ans C

04. কোনটি হস্তান্তরযোগ্য দলিল নয়? [RU : 13-14]
Ⓐ প্রত্যয়পত্র Ⓑ চেক Ⓒ বিনিময় বিল Ⓓ প্রতিজ্ঞাপত্র Ans A

## GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিল নয়? [RU : 19-20; DU : 07-08; BU : 13-14]
Ⓐ পে-অর্ডার Ⓑ বিনিময় বিল
Ⓒ ব্যাংক নোট Ⓓ প্রতিজ্ঞাপত্র Ans A

02. নিচের কোনটি মুদ্রার বিকল্প হিসেবে কাজ করে? [JnU : 16-17]
Ⓐ Share Ⓑ Bond Ⓒ Pay order Ⓓ Stock Ans C

## Step 4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. হস্তান্তর অযোগ্য ঋণের দলিল কোনটি? [DHA-16; RAJ-17]
Ⓐ পে-অর্ডার Ⓑ চেক Ⓒ বিনিমিয় বিল Ⓓ ব্যাংক ড্রাফট Ans A

02. আমাদের দেশে বহাল হস্তান্তরযোগ্য দলিল আইন অনুসারে নিচের কোনটি হস্তান্তরযোগ্য দলিল হিসেবে গণ্য নয়? [JES-17]
Ⓐ অঙ্গীকারপত্র Ⓑ শেয়ার ওয়ারেন্ট Ⓒ বিনিময় বিল Ⓓ চেক Ans B

## Step 5 : NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোন দলিল সংগ্রহ করতে কমিশন দিতে হয়?
Ⓐ বিনিময় বিল Ⓑ অঙ্গীকারপত্র Ⓒ ব্যাংক নোট Ⓓ পে-অর্ডার Ans D

02. প্রাপকের অর্থপ্রাপ্তি নিশ্চিত করতে কোন দলিলটি বেশি ব্যবহৃত হয়?
Ⓐ বিনিময় বিল Ⓑ অঙ্গীকারপত্র Ⓒ পে-অর্ডার Ⓓ ব্যাংকের আজ্ঞাপত্র Ans C

03. সরকারি নোট কার তত্ত্বাবধানে ছাপানো হয়?
Ⓐ কেন্দ্রীয় ব্যাংকের Ⓑ বাণিজ্যিক ব্যাংকের Ⓒ অর্থ মন্ত্রণালয়ের Ⓓ পররাষ্ট্র মন্ত্রণালয়ের Ans C

04. সরকারি নোটে কার স্বাক্ষর থাকে?
Ⓐ গভর্নরের Ⓑ প্রধানমন্ত্রীর Ⓒ অর্থমন্ত্রীর Ⓓ অর্থসচিবের Ans D

05. পে-অর্ডার বিলের বৈশিষ্ট্য কোনটি?
Ⓐ এটি দ্রুত অর্থ প্রেরণের একটি মাধ্যম Ⓑ এটি হস্তান্তরযোগ্য ঋণের দলিল
Ⓒ এটি অনেকটা প্রত্যয়পত্রের অনুরূপ Ⓓ এটি ইস্যুকারী শাখা থেকে পরিশোধ্য Ans D

06. হস্তান্তর অযোগ্য ঋণের দলিল কোনটি?
Ⓐ পে-অর্ডার Ⓑ চেক Ⓒ বিনিময় বিল Ⓓ ব্যাংক ড্রাফ্ট Ans A



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Type 3

## লিখিত প্রশ্নোত্তর

### Step-1 ▶ এক কথায় প্রশ্নোত্তর

- যে দলিলের মাধ্যমে কোনো পাওনাদার বা প্রস্তুতকারক কোনো ব্যক্তিকে বা আদেশ অনুসারে অন্য কোনো ব্যক্তিকে বা বাহককে নির্দিষ্ট সময়ে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের জন্য দেনাদারকে যে শর্তহীন আদেশ প্রদান করে তাকে কি বলে? – বিনিময় বিল
- নির্দিষ্ট ব্যাংকের উদ্দেশ্যে চাহিবামাত্র প্রদেয় অর্থ পরিশোধের নির্দেশ দিয়ে যে বিনিময় বিল প্রস্তুত হয়, তাকে কি বলে? – চেক
- পাওনাদার বা প্রস্তুতকারী কর্তৃক নির্দিষ্ট সময় পর দেনাদার বা আদেশানুসারে বা গ্রাহককে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের অঙ্গীকারকে কি বলে? – অঙ্গীকারপত্র
- কোনো ব্যাংকের শাখা তার অন্যকোনো শাখা বা তার প্রতিনিধি ব্যাংককে যখন কোনো নির্দিষ্ট ব্যক্তিকে বা তার আদেশ অনুসারে কোনো ব্যক্তিকে নির্দিষ্ট পরিমাণ অর্থ চাহিবামাত্র প্রদান করার নির্দেশ দেয় তাকে কি বলে? – ব্যাংক ড্রাফট
- যে দলিলের মাধ্যমে ব্যাংকের কোনো একটি শাখা এর প্রাপককে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের নিশ্চিত প্রতিশ্রুতি প্রদান করে তাকে কি বলে? – পে-অর্ডার

### Step-2 ▶ গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

**০১. বৈদেশিক লেনদেন নিষ্পত্তিতে বিনিময় বিল গুরুত্বপূর্ণ কেন?**

**উত্তর :** রপ্তানিকারক পণ্য জাহাজীকরণের পর যেসব দলিল পাঠায় তার মধ্যে বিনিময় বিল অন্যতম। এই বিল আমদানিকারক বা তার পক্ষে ব্যাংক স্বাক্ষর করলেই জাহাজি দলিলগুলো জমা দেওয়া হয়। রপ্তানিকারক এ ধরনের বিল পেলে প্রয়োজনে তার ব্যাংক থেকে বাট্টাকরণ করে বা ব্যাংকের মাধ্যমে অর্থ সংগ্রহ করে। যা অন্য কোনো দলিলের মাধ্যমে সম্ভব হয় না। তাই লেনদেন নিষ্পত্তিতে বিনিময় বিল গুরুত্বপূর্ণ।

**০২. সরকারি নোট ও ব্যাংক নোটের মধ্যে পার্থক্য কী?**

**উত্তর :**

| বিষয় | সরকারি নোট | ব্যাংক নোট |
|---|---|---|
| ১. সংজ্ঞা | দেশের সরকার নিজ দায়িত্বে বিহিত মুদ্রা হিসেবে যে নোট ইস্যু করে তাকে সরকারি নোট বলে। | সরকারের অনুমতি নিয়ে কেন্দ্রীয় ব্যাংকের ইস্যু কাগজী মুদ্রা বা নোটকে ব্যাংক নোট বলে। |
| ২. মূল্যমান | বাংলাদেশের এক টাকা, দুই টাকা ও পাঁচ টাকার নোটগুলো সরকারি নোট। | এক টাকা, দুই টাকা ও পাঁচ টাকার নোট বাদে বাকি সব কাগজি নোট ব্যাংক নোট। |
| ৩. ইস্যুকারী কর্তৃপক্ষ | সরকারি নোট অর্থ মন্ত্রণালয়ের দায়িত্ব ও প্রত্যয় নিয়ন্ত্রণে ইস্যু হয়ে থাকে। | ব্যাংক নোট কেন্দ্রীয় ব্যাংকের অধীনে ইস্যু হয়ে থাকে। |
| ৪. রূপান্তর যোগ্যতা | সরকারি নোট অ-হস্তান্তরযোগ্য বিহিত মুদ্রা হওয়ায় এটি চিহ্নিত মুদ্রায় রূপান্তর করা যায় না। | ব্যাংক নোট চিহ্নিত মুদ্রায় রূপান্তরযোগ্য। |

**০৩. চেক অপেক্ষা পে-অর্ডারের মাধ্যমে অর্থ লেনদেন উত্তম কেন?**

**উত্তর:** অর্থ লেনদেনের ক্ষেত্রে নিরাপত্তাই মূল বিষয় বিবেচিত হওয়ায় প্রাপকের জন্য চেক অপেক্ষা পে-অর্ডার উত্তম। যে দলিলের মাধ্যমে ব্যাংক এর প্রাপককে নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের নিশ্চয়তা দেয় তাকে পে-অর্ডার বলে। চেক প্রদত্ত হলে তাতে প্রাপকের অর্থ না পাওয়ার নানান কারণ থাকতে পারে। কিন্তু ব্যাংক পে-অর্ডার ইস্যু করায় এ ধরনের সম্ভাবনা থাকে না। ফলে গ্রাহকের জন্য তা অধিক নিরাপদ। সে কারণে বড় অঙ্কের লেনদেনে পে-অর্ডার ব্যবহৃত হয়।

**০৪. বাণিজ্যিক ঋণের দলিল ও অবাণিজ্যিক ঋণের দলিলসমূহ কী কী?**

**উত্তর :**

■ **বাণিজ্যিক ঋণের দলিলসমূহ :**

১. ব্যাংকের আজ্ঞাপত্র
২. পে-অর্ডার
৩. প্রত্যয়পত্র
৪. ব্যাংক নিশ্চয়তাপত্র (Guarantee)

■ **অবাণিজ্যিক ঋণের দলিলসমূহ :**

১. ভ্রাম্যমাণ নোট
২. ভ্রমণকারীর চেক
৩. ভ্রমণকারী প্রত্যয়পত্র

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

### Part-1 MCQ

**01. কোন দলিলের ক্ষেত্রে সাধারণত আদিষ্ট হলো দেনাদার?**
Ⓐ অঙ্গীকারপত্র Ⓑ বিনিময় বিল
Ⓒ চেক Ⓓ বন্ড

**02. কোন হস্তান্তরযোগ্য দলিল স্বীকৃতির প্রয়োজন পড়ে?**
Ⓐ বিনিময় বিল Ⓑ অঙ্গীকারপত্র
Ⓒ চেক Ⓓ লভ্যাংশ পরোয়ানা

**03. কোন হস্তান্তরযোগ্য দলিল বাট্টা করা যায় না?**
Ⓐ বিনিময় বিল Ⓑ অঙ্গীকার পত্র
Ⓒ চেক Ⓓ প্রাপ্য বিল

**04. নিচের কোন দলিলটির ব্যবহার সর্বজনীন ও ব্যাপক?**
Ⓐ বিনিময় বিল Ⓑ অঙ্গীকারপত্র
Ⓒ পে-অর্ডার Ⓓ চেক

**05. নিচের কোনটি সাধারণত হস্তান্তর অযোগ্য ঋণের দলিল?**
Ⓐ পে-অর্ডার Ⓑ ব্যাংকের আজ্ঞাপত্র
Ⓒ চেক Ⓓ বিনিময় বিল

**06. বিনিময় বিল কে তৈরি করেন?**
Ⓐ ব্যাংক Ⓑ পাওনাদার
Ⓒ দেনাদার Ⓓ প্রাপক

**07. অঙ্গীকারপত্রের প্রস্তুতকারী সাধারণত কে থাকেন?**
Ⓐ আদেষ্টা Ⓑ আদিষ্ট
Ⓒ দেনাদার Ⓓ পাওনাদার

**08. নিচের কোনটিতে স্ট্যাম্পযুক্ত করা হয়?**
Ⓐ চেক Ⓑ ব্যাংক নোট
Ⓒ পে-অর্ডার Ⓓ অঙ্গীকারপত্র

**09. ব্যাংক ড্রাফট বলতে কোনটিকে বোঝায়?**
Ⓐ ভ্রাম্যমাণ চেক Ⓑ স্থায়ী আমানত
Ⓒ প্রতিশ্রুতি পত্র Ⓓ আজ্ঞাপত্র

**10. অঙ্গীকার পত্রে কয়টি পক্ষ থাকে?**
Ⓐ ২টি Ⓑ ৩টি
Ⓒ ৪টি Ⓓ ৫টি

**11. একটি বৈধ চেকের মেয়াদ কত মাস থাকে?**
Ⓐ ২ মাস Ⓑ ৩ মাস
Ⓒ ৬ মাস Ⓓ ৯ মাস

**12. চেকে সাধারণত কয়টি পক্ষ থাকে?**
Ⓐ ১ পক্ষ Ⓑ ২ পক্ষ
Ⓒ ৩ পক্ষ Ⓓ ৪ পক্ষ

**OMR**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01.ⒶⒷⒸⒹ | 02.ⒶⒷⒸⒹ | 03.ⒶⒷⒸⒹ | 04.ⒶⒷⒸⒹ | 05.ⒶⒷⒸⒹ | 06.ⒶⒷⒸⒹ |
| 07.ⒶⒷⒸⒹ | 08.ⒶⒷⒸⒹ | 09.ⒶⒷⒸⒹ | 10.ⒶⒷⒸⒹ | 11.ⒶⒷⒸⒹ | 12.ⒶⒷⒸⒹ |

**Answer**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12.C | 11.C | 10.A | 09.D | 08.D | 07.C | 06.B | 05.A | 04.D | 03.C | 02.A | 01.B |



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Part-2 ▶ Written

সরকারি নোট কী?

পৃষ্ঠাঙ্কন কাকে কী বোঝায়?

হস্তান্তরযোগ্য দলিলকে প্রামাণ্য দলিল বলা হয় কেন?

'চেকের অদিষ্ট হলো ব্যাংক'-কথাটি বুঝিয়ে লেখো।

ব্যাংক ড্রাফট সর্বজনীন কীভাবে? ব্যাখ্যা করো।

বৈদেশিক লেনদেন নিষ্পত্তিতে বিনিময় বিল গুরুত্বপূর্ণ কেন?

চেক অপেক্ষা পে-অর্ডারের মাধ্যমে অর্থ লেনদেন উত্তম কেন?

ব্যাংক নোট কী?

## Answer

কোনো দেশের সরকার নিজ দায়িত্বে বিহিত মুদ্রা হিসেবে যে নোটের প্রচলন করে তাকে সরকারি নোট বলে। বর্তমানে বাংলাদেশে এক টাকা এবং পাঁচ টাকা হচ্ছে সরকারি নোট।

হস্তান্তরযোগ্য দলিলের প্রস্তুতকারক বা ধারক হস্তান্তরের উদ্দেশ্যে দলিলের সামনে বা পিছনে বা সংযুক্ত পৃথক কোনো কাগজে অথবা একই উদ্দেশ্যে একটি স্ট্যাম্পযুক্ত কাগজে স্বাক্ষর করে একে হস্তান্তরযোগ্য দলিলে পরিণত করাকে পৃষ্ঠাঙ্কন বলে।

হস্তান্তরযোগ্য দলিল দু-পক্ষের লেনদেনের ক্ষেত্রে ব্যবহৃত হয় এবং এ দলিলে দুপক্ষের লেনদেনের সব বিবরণী, অর্থ ফেরতের সময় তাদের স্বাক্ষরসহ উল্লেখ করা থাকে। তাই পরবর্তীতে ধার করা ব্যক্তি অর্থ ফেরতে অস্বীকার করলে অর্থের প্রাপক এই দলিলকে প্রমাণ হিসেবে আইনের সাহায্য নিতে পারে। তাই হস্তান্তরযোগ্য দলিলকে প্রামাণ্য দলিল বলা হয়।

চেক ব্যাংকের ওপর লিখিত নির্দেশ হওয়ায় এর অদিষ্ট হলো ব্যাংক। হস্তান্তরযোগ্য দলিল আইনের ৬ ধারায় বলা হয়েছে যে, চেক হলো একটি বিনিময় বিল, যা কোনো ব্যাংকের ওপর কাটা বা ইস্যু করা হয় এবং এর অর্থ চাহিবামাত্র পরিশোধ্য। অর্থাৎ চেকের মাধ্যমে আমানতকারী প্রাপককে অর্থ পরিশোধের জন্য ব্যাংককে নির্দেশ দেয়। চেকের সব বৈশিষ্ট্য ঠিক থাকলে ব্যাংক উক্ত ব্যক্তিকে অর্থ পরিশোধে বাধ্য থাকে।

দেশ বিদেশে চাওয়ামাত্র এই দলিলের টাকা প্রাপককে পরিশোধ করতে ব্যাংক বা তার প্রতিনিধি বাধ্য থাকে বলে ব্যাংক ড্রাফট সর্বজনীন। এটি একটি হস্তান্তরযোগ্য ঋণের দলিল, যা চাওয়ামাত্র হস্তান্তরযোগ্য। এটি দেশে বিদেশে যেকোনো জায়গায় ব্যবহার করা হয়। ব্যাংক ড্রাফটের ব্যবহার ব্যাপক বলে এটি সর্বজনীন।

রপ্তানিকারক পণ্য জাহাজীকরণের পর যেসব দলিল পাঠায় তার মধ্যে বিনিময় বিল অন্যতম। এই বিল আমদানিকারক বা তার পক্ষে ব্যাংক স্বাক্ষর করলেই জাহাজি দলিলগুলো জমা দেওয়া হয়। রপ্তানিকারক এ ধরনের বিল পেলে প্রয়োজনে তার ব্যাংকে গিয়ে বাট্টাকরণ করে বা ব্যাংকের মাধ্যমে অর্থ সংগ্রহ করে। যা অন্য কোনো দলিলের মাধ্যমে সম্ভব হয় না। তাই লেনদেন নিষ্পত্তিতে বিনিময় বিল গুরুত্বপূর্ণ।

অর্থ লেনদেনের ক্ষেত্রে নিরাপত্তাই মূল বিষয় বিবেচিত হওয়ায় প্রাপকের জন্য চেক অপেক্ষা পে-অর্ডার উত্তম। যে দলিলের মাধ্যমে ব্যাংক এর প্রাপককে নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের নিশ্চয়তা দেয় তাকে পে-অর্ডার বলে। চেক প্রদত্ত হলে তাতে প্রাপকের অর্থ না পাওয়ার নানান কারণ থাকতে পারে। কিন্তু ব্যাংক পে-অর্ডার ইস্যু করায় এ ধরনের সম্ভাবনা থাকে না। ফলে প্রাপকের জন্য তা অধিক নিরাপদ। সে কারণে বড় অঙ্কের লেনদেনে পে-অর্ডার ব্যবহৃত হয়।

সরকারের অনুমতি নিয়ে কেন্দ্রীয় ব্যাংকের ইস্যুকৃত কাগজী মুদ্রা বা নোটকে ব্যাংক নোট বলে। এক টাকা, দুই টাকা ও পাঁচ টাকার নোট বাদে বাকি সব কাগজি নোট ব্যাংক নোট।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

দ্বিতীয় পত্র

অধ্যায় ৬

# চেক, বিনিময় বিল ও অঙ্গীকারপত্র
**[Cheque, Bill of Exchange & Promissory Note]**

## Chapter Outlook Map

চেক, বিনিময় বিল ও অঙ্গীকারপত্র

- Type-1 : চেকের মৌলিক ধারণা
- Type-2 : চেকের প্রকারভেদ
- Type-3 : বিনিময় বিল ও অঙ্গীকারপত্র
- Type-4: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে

- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**হোম টিউটর** — বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে এ বছরের ভর্তি পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| টপিক সমূহ | অতি গুরুত্বপূর্ণ (৯০% +) | গুরুত্বপূর্ণ (৮০% +) | কম গুরুত্বপূর্ণ (৭০% +) | জানা জরুরি (৫০% +) |
|---|---|---|---|---|
| | ■ চেকের প্রকারভেদ | ■ চেকের মৌলিক ধারণা | ■ বিনিময় বিল ও অঙ্গীকারপত্র | ■ চেক প্রত্যাখ্যাত হওয়ার কারণ |

## Type 1 — চেকের মৌলিক ধারণা

### Step 1 — BASIC INFORMATION

❑ **চেক (Cheque):**

- চেক হলো ব্যাংকের প্রতি টাকা প্রদানের শর্তহীন লিখিত ও দস্তখতকৃত আদেশ নামা, যার টাকা চাহিবামাত্র ব্যাংক প্রদানে বাধ্য থাকে।
- হস্তান্তরযোগ্য দলিল আইন ১৮৮১ সালের ৬ ধারায় চেকের সংজ্ঞা দেওয়া হয়েছে।
- অতীতে চেক উত্তোলন চিঠা নামে পরিচিত ছিল।
- উত্তোলন চিঠার প্রবর্তক হলো - স্বর্ণ ব্যবসায়ীরা।
- আধুনিক ছাপানো চেকের ব্যবহার শুরু হয় - ইংল্যান্ডে।

❑ **চেকের বিভিন্ন পক্ষ (Different Parties of Cheque):**

১. **আদেষ্টা (Drawer):** যে ব্যক্তি চেকে স্বাক্ষর প্রদানের মাধ্যমে কোনো ব্যক্তিকে বা নিজকে অর্থ প্রদানের শর্তহীন নির্দেশ প্রদান করে তাকে চেকের আদেষ্টা বলে। চেকের প্রস্তুতকারীকে আদেষ্টা বলে।

২. **আদিষ্ট (Drawee):** আদেষ্টা চেক প্রস্তুত করে মূলত যার প্রতি এর অর্থ পরিশোধের নির্দেশ দেয় তাকে চেকের আদিষ্ট বলে। চেকের ক্ষেত্রে আদিষ্ট হলো আমানতকারীর ব্যাংক।

৩. **প্রাপক (Payee):** চেকের আদেষ্টা অর্থ পরিশোধের নিমিত্তে যার নাম চেকের পাতায় উল্লেখ করে তাকে চেকের প্রাপক বলে। অবশ্য আদেষ্টা ইচ্ছা করলে 'নিজ" বা 'Self' শব্দ লিখে নিজেও প্রাপক হিসেবে গণ্য হতে পারে।



CamScanner

৪. **অনুমোদন বলে প্রাপক (Indorsee):** অনুমোদন বা হস্তান্তরের মাধ্যমে চেকের স্বত্ব কেউ প্রাপ্ত হলে তাকে অনুমোদন বলে প্রাপক বলে। ধরা যাক, রাসেল চেকের প্রাপক। সে যদি তা সাজ্জাদ-এর বরাবর হস্তান্তর করে তবে সাজ্জাদকে অনুমোদন বলে প্রাপক বলা হবে।

৫. **অনুমোদনকারী (Indorser):** অনুমোদন বা হস্তান্তরের দ্বারা যে ব্যক্তি চেকের অর্থ প্রাপ্তির অধিকার অন্যের নিকট হস্তান্তর করে তাকে অনুমোদনকারী বলে। অর্থাৎ রেজা, অপুকে চেক হস্তান্তর করলে রেজা অনুমোদনকারী বলে গণ্য হবে।

৬. **ধারক (Holder):** চেকের ধারক বলতে চেকের প্রাপক বা অনুমোদন বলে প্রাপককে বুঝায় যার দখলে দলিলটি রয়েছে বা তার পক্ষে যে বিলটি বহন করছে।

৭. **যথাকালে ধারক বা প্রকৃত ধারক (Holder in Due Course):** কোনো ধারক তিনটি শর্ত পালনসাপেক্ষে চেকের ধারক, প্রাপক বা অনুমোদন বলে প্রাপক হলে তাকে যথাকালে ধারক বলা হবে: (ক) মূল্যবান প্রতিদানের বিনিময়ে যদি সে তা প্রাপ্ত হয়, (খ) পরিশোধের তারিখ পার হওয়ার পূর্বে যদি সে এর ধারক হয়, এবং (গ) যে ব্যক্তির নিকট থেকে সে তা গ্রহণ করছে, গ্রহণকালে প্রদানকারীর স্বত্বে ত্রুটি আছে বলে বিশ্বাসের কোনো কারণ যদি লক্ষ্য না করে।

## ❑ চেকের অনুমোদন (Endorsement of Cheque):

- চেকের অনুমোদন দ্বারা চেকের মালিকানা পরিবর্তন নিশ্চিত হওয়ায় চেক হস্তান্তরে চেকের অনুমোদন গুরুত্বপূর্ণ।
- বাহক চেক শুধু প্রদানের মাধ্যমে অনুমোদন হলেও হুকুম চেকের উল্টো পিঠে অবশ্যই বৈধ অধিকারী দ্বারা অনুমোদিত হতে হয়।
- চেকের অনুমোদন অবশ্যই সম্পূর্ণ চেকের জন্য হয়ে থাকে।

## ❑ চেকের অনুমোদনের প্রকারভেদ (Classification of cheque endorsement):

১. **সাধারণ বা ফাঁকা অনুমোদন (Blank Endorsement):** চেকের উল্টো পৃষ্ঠায় কিছু না লিখে শুধু স্বাক্ষর প্রদান করলে তাকে সাধারণ বা ফাঁকা অনুমোদন বলে। এরূপ অনুমোদনের ফলে হুকুম চেক বাহক চেকে রূপান্তরিত হয়।

২. **বিশেষ বা পূর্ণ অনুমোদন (Special or Full Endorsement):** যাকে চেক হস্তান্তর করা হবে তার নাম উল্লেখ পূর্বক চেক অনুমোদন করা হলে তাকে বিশেষ বা পূর্ণ অনুমোদন বলে।

৩. **সীমিত অনুমোদন (Restrictive Endorsement):** এ ধরনের অনুমোদনের ফলে অনুমোদন বলে প্রাপক এর মালিকানা লাভ করলেও পুনরায় তা হস্তান্তর করতে পারে না।

৪. **শর্তসাপেক্ষে অনুমোদন (Conditional Endorsement):** চেকের অনুমোদনের সাথে কোনো ধরনের শর্ত আরোপ করা হলে তাকে শর্তসাপেক্ষে অনুমোদন বলে।

## ❑ কখন ব্যাংক চেক সম্মান করতে বাধ্য (When bank is bound to allow cheque):

১. গ্রাহকের পর্যাপ্ত ব্যালেন্স থাকলে
২. চেক পরিশোধে আইনগত কোনো নিষেধ না থাকলে
৩. যথাসময়ে ও যথাযথ নিয়মে চেক উপস্থাপিত হলে
৪. চেকের নির্দিষ্ট তারিখ থাকলে।

## ❑ চেকের অমর্যাদা (Cheque Dishonour):

কোনো কারণে ব্যাংক চেকের অর্থ প্রদানে অস্বীকার করলে তাকে চেকের অমর্যাদা বলে।

**■ ব্যাংক কর্তৃক চেক অমর্যাদা হওয়ার কয়েকটি কারণ :**

- আদেষ্টার নমুনা স্বাক্ষরের সাথে বর্তমান স্বাক্ষরের মিল না হলে।
- আদেষ্টার হিসাব নম্বরে বর্ণিত পরিমাণ অর্থ না থাকলে।
- চেক দাখিলের পূর্বেই আদেষ্টার মৃত্যু হলে।
- তারিখ না থাকা।
- আদেষ্টার স্বাক্ষর না থাকা।

## ❑ সংযুক্ত চিঠা অথবা পুচ্ছ (Allonge):

অনুমোদনের উদ্দেশ্যে বার বার ধারক কর্তৃক স্বাক্ষর প্রদানের জন্য হস্তান্তরযোগ্য দলিলের বিপরীত পৃষ্ঠায় স্থান সংকুলান না হলে উক্ত দলিল পুনরায় অনুমোদন করার উদ্দেশ্যে তার সাথে পৃথক এক টুকরা কাগজ অথবা চিঠা সংযোজন করে তাতে অনুমোদনকারীগণ স্বাক্ষর প্রদান করতে থাকেন; হস্তান্তরযোগ্য ঋণ দলিলের সঙ্গে গাথা এরূপ সংযুক্ত পৃথক কাগজের টুকরাকে "সংযুক্ত চিঠা" অথবা "পুচ্ছ" বলা হয়।



CamScanner

## Step 2 : At a Glance : Most Important Information

- চেক হলো ব্যাংকের প্রতি টাকা প্রদানের শর্তহীন লিখিত ও দস্তখতকৃত আদেশ নামা, যার টাকা চাহিবামাত্র ব্যাংক প্রদানে বাধ্য থাকে।
- যে ব্যক্তি চেকে স্বাক্ষর প্রদানের মাধ্যমে কোনো ব্যক্তিকে বা নিজকে অর্থ প্রদানের শর্তহীন নির্দেশ প্রদান করে তাকে চেকের আদেষ্টা বলে।
- চেকের ধারক বলতে চেকের প্রাপক বা অনুমোদন বলে প্রাপককে বুঝায় যার দখলে দলিলটি রয়েছে বা তার পক্ষে যে বিলটি বহন করছে।
- চেকের উল্টো পৃষ্ঠায় কিছু না লিখে শুধু স্বাক্ষর প্রদান করলে তাকে সাধারণ বা ফাঁকা অনুমোদন বলে।
- কোনো কারণে ব্যাংক চেকের অর্থ প্রদানে অস্বীকার করলে তাকে চেকের অমর্যাদা বলে।

## Step 3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

**01. নিচের কোনটি চেকের সাথে জড়িত পক্ষ নয়?** [DU : 13-14]

Ⓐ আদেষ্টা Ⓑ আদিষ্ট Ⓒ প্রাপক
Ⓓ অনুমোদন বলে প্রাপক Ⓔ পাওনাদার **Ans Ⓔ**

**02. কোন ব্যাংক কর্তৃক চেক অসম্মান করার জন্য নিচের কোনটি ন্যায্যকরণ নয়–** [DU : 98-99]

Ⓐ চেকে যদি ভবিষ্যৎ তারিখ উল্লেখ থাকে
Ⓑ আমানতকারীর স্বাক্ষর যদি তার নমুনা স্বাক্ষরের সাথে না মেলে
Ⓒ যদি টাকা উত্তোলনের উদ্দেশ্য উল্লেখ না করা হয়
Ⓓ চেক বাসি হলে **Ans Ⓒ**

**03. ভ্রমণকারীর চেক ভাঙানো যায়-** [DU : 96-97]

Ⓐ যে দেশে ইস্যু করা হয়েছে Ⓑ যে দেশে ভ্রমণ করতে যাওয়া হবে
Ⓒ পৃথিবীর যেকোনো দেশে Ⓓ A + B **Ans Ⓒ**

**04. স্বাক্ষরযোগ্য কাগজে যখন কোনো জায়গা থাকে না তখন স্বাক্ষরের দলিলের সাথে আলাদা কাগজ ব্যবহৃত হয় তাকে–** [DU : 96-97]

Ⓐ শপথনামা Ⓑ দলিল সম্মিলিত প্রত্যয়নপত্র
Ⓒ পুচ্ছ Ⓓ পরিচ্ছন্ন প্রত্যয়নপত্র **Ans Ⓒ**

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

**01. চেক নিষ্পত্তিতে বর্তমানে যে প্রযুক্তি ব্যবহার করা হয়-** [RU : 13-14]

Ⓐ MICR Ⓑ ATM Ⓒ 3G Ⓓ Wi-Fi **Ans Ⓐ**

**02. যে ব্যক্তি চেক প্রদান করে তাকে বলে–** [RU : 11-12]

Ⓐ Payee Ⓑ Drawee Ⓒ Drawer Ⓓ কোনোটিই নয় **Ans Ⓒ**

**03. চেকের বহুগত পরিবর্তন করতে পারে-** [RU : 08-09]

Ⓐ আদেষ্টা Ⓑ আদিষ্ট Ⓒ বাহক Ⓓ ব্যাংক **Ans Ⓐ**

**04. ব্যাংক চেক অসম্মান করতে পারে -** [RU : 04-05]

Ⓐ মাসুদের বাহক চেকে রিপন টাকা তুলতে গেলে
Ⓑ ২৮/১১/০৪ তারিখের প্রস্তুতকৃত চেক ২৮/১২/০৪ তারিখে টাকা তুলতে গেলে
Ⓒ সোনালী ব্যাংকের চেক অগ্রণী ব্যাংকে জমা দিলে
Ⓓ চেক ভেলে ভিজে গেলে **Ans Ⓓ**

**05. চেক হলো একটি-** [RU : 02-03]

Ⓐ আদেশপত্র Ⓑ অনুরোধপত্র
Ⓒ উপদেশপত্র Ⓓ ঋণপত্র **Ans Ⓐ**



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. কাদের চেক অঙ্কনে বৈধ অধিকার আছে? [CU : 12-13]
Ⓐ বাহকের Ⓑ আমানতকারীর Ⓒ জমাদানকারীর
Ⓓ ব্যাংকের Ⓔ কোনোটিই নয় Ans Ⓑ

02. চেকে প্রতারণা ও জালিয়াতির বিরুদ্ধে ব্যাংকের প্রধান রক্ষাকবচ হচ্ছে- [CU : 08-09]
Ⓐ আদেষ্টার স্বাক্ষর থাকা Ⓑ প্রাপকের সঠিকতা Ⓒ চেকের পাতা পরীক্ষা
Ⓓ তারিখের সঠিকতা Ⓔ স্বাক্ষরের তুলনা Ans Ⓐ

## GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. একটি চেকে সর্বমোট কতটি পক্ষ থাকে? [BSFMSTU : 19-20]
Ⓐ ৫টি Ⓑ ৭টি Ⓒ ৪টি Ⓓ ৩টি Ans Ⓑ

02. দাগকাটা চেকের দাগকাটা বাতিল করতে পারে- [JKKNIU : 18-19]
Ⓐ আদেষ্টা Ⓑ আদিষ্ট Ⓒ প্রাপক Ⓓ ধারক Ans Ⓐ

03. হুকুম চেকের অনুমোদনকারী কে হতে পারে? [PUST : 17-18]
Ⓐ আদেষ্টা Ⓑ আদিষ্ট Ⓒ প্রাপক Ⓓ প্রস্তুতকারক Ans Ⓒ

04. চেকের আদিষ্ট কে? [PUST : 13-14]
Ⓐ প্রাপক Ⓑ ব্যাংক Ⓒ প্রস্তুতকারক Ⓓ প্রকৃত ধারক Ans Ⓑ

**Note:** চেকের আদিষ্ট শুধুই ব্যাংক হতে পারে।

05. ব্যাংক কর্তৃক চেক প্রত্যাখ্যাত হওয়ার কারণ নয় কোনটি? [SUST : 10-11]
Ⓐ আদেষ্টার নমুনা স্বাক্ষরের সাথে বর্তমান স্বাক্ষরের মিল না হলে Ⓑ উত্তোলনকারী অশিক্ষিত হলে
Ⓒ আদেষ্টার হিসাব নম্বরে বর্ণিত পরিমাণ অর্থ না থাকলে Ⓓ চেক দাখিলের পূর্বেই আদেষ্টার মৃত্যু হলে Ans Ⓑ

06. চেকের বৈশিষ্ট্য হলো– [CoU : 08-09]
Ⓐ নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের নির্দেশনামা Ⓑ শর্তহীন নির্দেশনামা
Ⓒ লিখিত নির্দেশনামা Ⓓ সবগুলো Ans Ⓓ

07. একটি বাহক চেকে কয়টি পক্ষ থাকে? [IU : 05-06]
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৫ Ans Ⓑ

08. কোনটি চেক প্রত্যাখ্যানের কারণ নয়? [IU : 05-06]
Ⓐ তারিখ না থাকা Ⓑ আদেষ্টার স্বাক্ষর না থাকা
Ⓒ টাকার পরিমাণ না থাকা Ⓓ কোনোটিই নয় Ans Ⓓ

09. আধুনিক চেক সর্বপ্রথম কোথায় ছাপানো হয়? [IU : 05-06]
Ⓐ আমেরিকা Ⓑ ইংল্যান্ড Ⓒ চীন Ⓓ জাপান Ans Ⓑ

## Step 4: সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. কোন সময়ে চেক, ব্যাংক ড্রাফট ইত্যাদির প্রচলন ঘটেছিল? [DIN-22]
Ⓐ ব্যবিলনীয় সভ্যতায় Ⓑ রোমান সভ্যতায় Ⓒ গ্রীক সভ্যতায় Ⓓ চৈনিক সভ্যতায় Ans Ⓑ

02. চেকের মূল পক্ষ কয়টি? [SYL-22]
Ⓐ ২টি Ⓑ ৩টি Ⓒ ৪টি Ⓓ ৫টি Ans Ⓑ

03. হস্তান্তরযোগ্য আইন কত সালের? [DHK-22]
Ⓐ ১৮৮১ Ⓑ ১৮৮২ Ⓒ ১৯৯১ Ⓓ ১৯৯২ Ans Ⓐ

04. একটি বৈধ চেকের মেয়াদকাল কত মাস? [DHK-22]
Ⓐ ৩ Ⓑ ৬ Ⓒ ৯ Ⓓ ১২ Ans Ⓑ

05. চেক হারিয়ে গেলে আমানতকারীর প্রথম করণীয় কী? [DIJ-22]
Ⓐ পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়া Ⓑ ব্যাংককে অবহিত করা
Ⓒ কাউকে না জানানো Ⓓ হারানো চেক খুঁজে বের করার চেষ্টা করা Ans Ⓑ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

06. চেকে যিনি আদেশপ্রাপ্ত হন তাকে কী বলে? [SYL-22]
Ⓐ আদেষ্টা Ⓑ আদিষ্ট Ⓒ প্রাপক Ⓓ ধারক Ans Ⓑ

07. ব্যাংক টাকা প্রদানে অস্বীকৃতি জানানোর কারণ– [SYL-22]
Ⓐ নির্ধারিত তারিখের পূর্বেই উপস্থাপন Ⓑ হিসাবে যথেষ্ট পরিমাণ টাকা না থাকা
Ⓒ তারিখ ভুল থাকা Ⓓ নমুনা স্বাক্ষরে মিল না থাকা Ans Ⓐ

08. চেকের আদিষ্ট কে? [BAR-21]
Ⓐ ব্যাংক Ⓑ ধারক Ⓒ প্রাপক Ⓓ আমানতকারী Ans Ⓐ

09. চেকের প্রস্তুতকারককে কী বলে? [DIN-17]
Ⓐ প্রাপক Ⓑ অনুমোদনকারী Ⓒ আদেষ্টা Ⓓ আদিষ্ট Ans Ⓒ

10. একটি চেকের প্রধান পক্ষ কয়টি? [RAJ-17]
Ⓐ ২টি Ⓑ ৩টি Ⓒ ৪টি Ⓓ ৫টি Ans Ⓑ

11. একটি চেক প্রত্যাখ্যান হওয়ার কারণ হলো- [RAJ-17]
Ⓐ পর্যাপ্ত পরিমাণ অর্থ থাকা Ⓑ চেকে আদিষ্টের স্বাক্ষর না থাকা
Ⓒ মেয়াদ ৫০ দিনের মধ্যে Ⓓ আদেষ্টার স্বাক্ষর না থাকা Ans Ⓓ

12. দাগকাটা চেক কার নিরাপত্তা নিশ্চিত করে? [DHA-16, COM-16]
Ⓐ আদেষ্টা Ⓑ আদিষ্ট Ⓒ প্রাপক Ⓓ বাহক Ans Ⓒ

13. হুকুম চেকের উল্টো পিঠে কী করে তা অনুমোদন করা যায়? [CHI-16]
Ⓐ শর্ট নোটিশ লিখে Ⓑ রেখাঙ্কন করে Ⓒ প্রাপকের নাম লিখে Ⓓ স্বাক্ষর দিয়ে Ans Ⓓ

14. দাগকাটা চেক কার নিরাপত্তা নিশ্চিত করে? [COM-16]
Ⓐ বাহক Ⓑ আদেষ্টা Ⓒ আদিষ্ট Ⓓ প্রাপক Ans Ⓓ

15. নিচের কোনটি চেকের ওপর উল্লেখ করতে হয় না? [COM-16]
Ⓐ স্থিতির পরিমাণ Ⓑ গ্রহীতার নাম
Ⓒ দাতার নাম Ⓓ প্রস্তুতের তারিখ Ans Ⓒ

16. বিনিময়ের মাধ্যম হিসেবে নিচের কোনটি অধিক জনপ্রিয়? [COM-16]
Ⓐ ব্যাংক নোট Ⓑ পে-অর্ডার
Ⓒ চেক Ⓓ ব্যাংকের আজ্ঞাপত্র Ans Ⓒ

17. চেক হারিয়ে গেলে তাৎক্ষণিকভাবে কী ব্যবস্থা গ্রহণ করতে হয়? [SYL-16]
Ⓐ পত্রিকায় বিজ্ঞাপন দিতে হয় Ⓑ থানাকে জানাতে হয়
Ⓒ ব্যাংককে জানাতে হয় Ⓓ মামলা করতে হয় Ans Ⓒ

18. ব্যাংক কর্তৃক চেকের অর্থ পরিশোধ না করাকে ব্যাংকের ভাষায় কী বলে?
Ⓐ জালিয়াতি Ⓑ প্রতারণা Ⓒ প্রত্যাহার Ⓓ প্রত্যাখ্যান Ans Ⓓ

## Step 5 : NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. ব্যাংক কর্তৃক চেক সম্মানের কোনটি অপরিহার্য শর্ত নয়?
Ⓐ টাকার পরিমাণ Ⓑ টাকা উত্তোলনের উদ্দেশ্য
Ⓒ আমানতকারীর স্বাক্ষর Ⓓ সবগুলো অপরিহার্য Ans Ⓑ

02. চেকে দাগ কাটার ক্ষমতা প্রাপ্ত ব্যক্তিগণের কথা কোন আইনে বলা হয়েছে?
Ⓐ ইংল্যান্ডের বিনিময় বিল আইন ১৯৮২ এর ধারা ৭৭ Ⓑ হস্তান্তরযোগ্য দলিল ১৮৮১ এর ১২৫ ধারা
Ⓒ কোম্পানি আইন -১৯৯৪ Ⓓ A + B Ans Ⓓ

03. দাগকাটা চেকের দাগকাটা বাতিল করতে পারে কে?
Ⓐ আদিষ্ট Ⓑ আদেষ্টা Ⓒ অনুমোদন বলে প্রাপক Ⓓ প্রাপক Ans Ⓑ

04. চেকের অনুমোদন পদ্ধতি -
Ⓐ বিশেষ বা পূর্ণ অনুমোদন Ⓑ শর্তসাপেক্ষে ও সীমাবদ্ধ Ⓒ ফাঁকা বা সাধারণ অনুমোদন Ⓓ সবগুলো Ans Ⓓ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

05. বর্তমানে আমরা যে চেক ব্যবহার করি অতীতে তা কী নামে পরিচিত ছিল?
Ⓐ উত্তোলন চিঠা Ⓑ জমাকারীর রসিদ Ⓒ প্রত্যয়নপত্র Ⓓ ব্যাংক জমা Ans Ⓐ

06. আধুনিক চেক সর্বপ্রথম কোথায় ছাপানো হয়?
Ⓐ সুইডেন Ⓑ আমেরিকা Ⓒ ইংল্যান্ড Ⓓ চীন Ans Ⓒ

07. চেক হলো–
Ⓐ চাহিবামাত্র পরিশোধ Ⓑ ব্যাংকের প্রতি টাকা প্রদানের শর্তহীন লিখিত আদেশ
Ⓒ A + B উভয় Ⓓ ব্যাংক কর্তৃক লিখিত আদেশ Ans Ⓒ

08. নিম্নের কোনটি চেকের বৈশিষ্ট্য বা শর্তাবলি নয়?
Ⓐ ব্যাংকের প্রতি আদেশ Ⓑ চাহিদামাত্র পরিশোধ
Ⓒ আইন সম্মত মুদ্রায় পরিশোধ Ⓓ যেকোনো ব্যাংকে টাকা প্রদান Ans Ⓓ

09. চেকে প্রধানত কয়টি পক্ষ থাকে–
Ⓐ ৩ Ⓑ ৪ Ⓒ ৫ Ⓓ ৬ Ans Ⓐ

10. চেকের প্রস্তুতকারককে কী বলে?
Ⓐ প্রাপক Ⓑ অনুমোদনকারী Ⓒ আদেষ্টা Ⓓ আদিষ্ট Ans Ⓒ

11. আমানতকারীর অর্থ উত্তোলন কোন দলিলটি ব্যবহার করা হয়?
Ⓐ চেক Ⓑ বিনিময় বিল Ⓒ প্রমিসরি নোট Ⓓ হুন্ডি Ans Ⓐ

12. ব্যাংকের প্রতি লিখিত আদেশ কোনটি?
Ⓐ অঙ্গীকার পত্র Ⓑ ডিমান্ড ড্রাফট Ⓒ ব্যাংক ড্রাফট Ⓓ চেক Ans Ⓓ

13. চেকের ক্ষেত্রে কেন ঝুঁকির পরিমাণ বেশি থাকে?
Ⓐ চেকের পাতায় চেক প্রস্তুত করতে হয় বলে Ⓑ চাহিবামাত্র নগদে পরিশোধ্য বলে
Ⓒ সকল শ্রেণির মানুষের নিকট ব্যবহারযোগ্য বলে Ⓓ চেক হস্তান্তরযোগ্য ঋণের দলিল বলে Ans Ⓐ

14. জনাব রশীদের নিকট টাকা না থাকায় তিনি বাহক চেকের মাধ্যমে তার পাওনাদারকে পরিশোধ করলেন। তার চেকটি কী হিসেবে ব্যবহৃত হয়েছে?
Ⓐ বিনিয়োগের মাধ্যম হিসেবে Ⓑ যোগাযোগের মাধ্যম হিসেবে
Ⓒ বার্তা প্রেরণের মাধ্যম হিসেবে Ⓓ বিনিময়ের মাধ্যম হিসেবে Ans Ⓓ

15. কখন চেক আইনসম্মত দলিলে পরিণত হয়?
Ⓐ আমানতকারী কর্তৃক স্বাক্ষরের পরই Ⓑ আমানতকারী কর্তৃক হিসাব নম্বর লেখার পরই
Ⓒ আমানতকারী কর্তৃক তারিখ লেখার পরেই Ⓓ আমানতকারী কর্তৃক চেক কাটার পরেই Ans Ⓐ

16. জনাব শফিক একজন ব্যাংকার। তার কাছে উত্থাপিত একটি চেক অমর্যাদাকৃত হবে কখন?
Ⓐ যদি চেকে পূর্বের তারিখ থাকে Ⓑ যদি চেকে বেশি অর্থ উত্তোলন করতে চায়
Ⓒ যদি চেকে ব্যাংক হিসাবধারীর নাম না থাকে Ⓓ যদি চেকে স্বাক্ষর সঠিকভাবে না থাকে Ans Ⓓ

17. কোনটি চেকের সাথে জড়িত পক্ষবহির্ভূত?
Ⓐ প্রেরক Ⓑ অনুমোদনকারী Ⓒ ধারক Ⓓ প্রাপক Ans Ⓐ

18. উত্তোলন চিঠার আধুনিক রূপ কী?
Ⓐ চেক Ⓑ সঞ্চয়পত্র Ⓒ বিল অব এক্সচেঞ্জ Ⓓ প্রমিসরি নোট Ans Ⓐ

19. অর্থ উত্তোলন সহজ ও সর্বজন স্বীকৃত মাধ্যম কী?
Ⓐ প্রমিসরি নোট Ⓑ চেক Ⓒ চেক Ⓓ বিনিময় বিল Ans Ⓑ

20. ব্যাংক কর্তৃক সরবরাহকৃত সুনির্দিষ্ট ছকে আমানতকারী কর্তৃক ব্যাংকের ওপর জারিকৃত লিখিত আদেশকে কী বলে?
Ⓐ অঙ্গীকারপত্র Ⓑ ব্যাংক ড্রাফট
Ⓒ প্রত্যয়পত্র Ⓓ চেক Ans Ⓓ

21. হস্তান্তরযোগ্য দলিল হিসেবে কোনটি বেশি প্রচলিত?
Ⓐ প্রমিসরি নোট Ⓑ ব্যাংক ড্রাফট Ⓒ চেক Ⓓ অঙ্গীকার পত্র Ans Ⓒ

22. চেক হচ্ছে ব্যাংকের প্রতি মক্কেলের কোন ধরনের অংশ?
Ⓐ মৌখিক অংশ Ⓑ লিখিত অংশ Ⓒ অলিখিত অংশ Ⓓ নির্দেশনামা Ans Ⓑ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Type 2 চেকের প্রকারভেদ

### Step 1 BASIC INFORMATION

❑ **চেকের প্রকারভেদ (Types of Cheque):**




▪ **বাহক চেক (Bearer Cheque):**

- যেকোনো ব্যক্তি বা বাহক ব্যাংকে উপস্থাপন করে যে চেকের অর্থ সংগ্রহ করতে পারে তাকে বাহক চেক বলে।
- যিনি এ চেক বহন করে ব্যাংকে উপস্থাপন করবেন তাকে বাহক বলে।
- এই চেকের নামের শেষে 'অথবা বাহককে' শব্দদ্বয় লেখা থাকে।
- এরূপ চেকের কোনো লিখিত অনুমোদনের প্রয়োজন হয় না।
- তবে এটি তুলনামূলকভাবে কম নিরাপদ।

▪ **হুকুম চেক (Order Cheque):**

- যে চেকের মাধ্যমে এর আদেষ্টা (প্রস্তুতকারী) কোনো নির্দিষ্ট ব্যক্তিকে অথবা তার আদেশ অনুসারে অন্য কোনো ব্যক্তিকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করতে ব্যাংকের প্রতি শর্তহীন নির্দেশ দেয় তাকে হুকুম চেক বলে।
- এই চেকে প্রাপকের নামের শেষে 'অথবা আদেশানুসারে' শব্দ দুইটি অবশ্যই লিখতে হয়।
- এই চেক অনুমোদন দ্বারা হস্তান্তর করা যায়।
- প্রাপক ও অনুমোদন বলে প্রাপক ছাড়া এই চেকে অর্থ কেউ সংগ্রহ করতে পারে না।

▪ **দাগকাটা চেক (Cross Cheque):**

- বাহক চেক অথবা হুকুম চেকের বাম কোণায় আড়াআড়িভাবে দুটি সমান্তরাল সরলরেখা টানা হলে ঐ চেককে দাগকাটা চেক বলে।
- ক্রসড চেকের মূল বৈশিষ্ট্য বামে সমান্তরাল ২টি রেখা টানা।
- এরূপ চেকে দাগের মাঝে কিছু লেখা যেতে পারে আবার নাও যেতে পারে।
- এরূপ চেকে অর্থ সরাসরি কাউন্টার থেকে সংগ্রহ করা যায় না।
- প্রাপকের ব্যাংক হিসাবের মাধ্যমে এ চেকের অর্থ সংগ্রহ করতে হয়।
- এ চেক অধিক নিরাপদ ও ঝুঁকিমুক্ত।
- দাগকাটা চেক দুই প্রকার। যথা :

  **১. সাধারণ দাগকাটা চেক (Ordinary Cross Cheque):** যদি কোনো রেখাঙ্কিত চেকের দুই দাগের মাঝে কিছু লেখা না থাকে বা লেখা থাকলেও ব্যাংক শব্দের উল্লেখ না থাকে তাকে সাধারণভাবে দাগকাটা চেক বলে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**২. বিশেষভাবে দাগকাটা চেক (Specially Cross Cheque):** কোনো দাগকাটা চেকের দুই দাগের মাঝখানে কোনো ব্যাংকের নাম উল্লেখ থাকলে তাকে বিশেষভাবে দাগকাটা চেক বলে। বিশেষভাবে দাগকাটা চেকের নমুনা :




■ **দাগকাটার উদ্দেশ্য (Purpose of crossing):**
- চেকের অধিক নিরাপত্তা বিধান।
- চুরি, জালিয়াতি ও প্রতারণা বন্ধ করা।
- বড় অঙ্কের লেনদেন নিরাপদে করা।
- প্রকৃত মালিককে টাকা প্রদান।
- চোর ও অপরাধীকে শনাক্ত করা।

■ **দাগকাটার ক্ষমতাপ্রাপ্ত পক্ষসমূহ (Legal authorities of crossing):**
- আদেষ্টা বা চেক প্রস্তুতকারক (চেকে দাগকাটা বাতিল করতে পারে)
- ধারক (দাগহীন চেকে দাগ কাটতে পারে)
- ধারক (সাধারণ দাগকাটা চেককে বিশেষ দাগকাটা চেকে রূপান্তরিত করতে পারে)
- ব্যাংক

## Step 2 : At a Glance : Most Important Information

■ যেকোনো ব্যক্তি বা বাহক ব্যাংকে উপস্থাপন করে যে চেকের অর্থ সংগ্রহ করতে পারে, তাকে বাহক চেক বলে। যিনি এ চেক বহন করে ব্যাংকে উপস্থাপন করবেন তাকে বাহক বলে।

■ যে চেকের মাধ্যমে এর আদেষ্টা (প্রস্তুতকারী) কোনো নির্দিষ্ট ব্যক্তিকে অথবা তার আদেশ অনুসারে অন্য কোনো ব্যক্তিকে একটি নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করতে ব্যাংকের প্রতি শর্তহীন নির্দেশ দেয় তাকে হুকুম চেক বলে।

■ বাহক চেক অথবা হুকুম চেকের বাম কোণায় আড়াআড়িভাবে দুটি সমান্তরাল সরলরেখা টানা হলে ঐ চেককে দাগকাটা চেক বলে।

■ যদি কোনো রেখাঙ্কিত চেকের দুই দাগের মাঝে কিছু লেখা না থাকে বা লেখা থাকলেও ব্যাংক শব্দের উল্লেখ না থাকে তাকে সাধারণভাবে দাগকাটা চেক বলে।

■ কোনো দাগকাটা চেকের দুই দাগের মাঝখানে কোনো ব্যাংকের নাম উল্লেখ থাকলে তাকে বিশেষভাবে দাগকাটা চেক বলে।

## Step 3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

**01. বাসি চেক কাকে বলে?** [DU : 22-23]
Ⓐ ভবিষ্যৎ তারিখের চেক Ⓑ জালিয়াতি চেক Ⓒ মেয়াদোত্তীর্ণ চেক Ⓓ তারিখবিহীন চেক **Ans Ⓒ**

**02. কোন ধরনের চেক হস্তান্তরে অনুমোদনের প্রয়োজন নেই?** [DU : 19-20]
Ⓐ বাহক চেক Ⓑ দাগ কাটা চেক Ⓒ ভ্রমণকারীর চেক Ⓓ হুকুম চেক **Ans Ⓐ**

**03. মিউটিলেটেড চেক কাকে বলে?** [DU : 13-14]
Ⓐ ভবিষ্যৎ তারিখের চেক Ⓑ দুই বা ততোধিক অংশে বিচ্ছিন্ন চেক Ⓒ তারিখবিহীন চেক Ⓓ জালিয়াতি চেক Ⓔ স্বাক্ষরবিহীন চেক **Ans Ⓑ**

**04. চেক ইস্যু করার তারিখ থেকে কত মাসের মধ্যে না ভাঙালে তা কার্যকর হয় না?** [DU : 11-12]
Ⓐ ৩ মাস Ⓑ ৬ মাস Ⓒ ৯ মাস Ⓓ ১২ মাস Ⓔ ১৮ মাস **Ans Ⓑ**

**05. MICR চেক বলতে বোঝায়-** [DU : 10-11, JnU : 13-14, MBSTU : 11-12]
Ⓐ Magnetic Ink Character Recognition Ⓑ Magnetic Ink Character Realization
Ⓒ Magnetic Information Character Recognition Ⓓ Magnetic Ink Cheque Recognition
Ⓔ Magnetic Ink Cheque Realization **Ans Ⓐ**

**06. ভ্রমণকারীর চেক ভাঙানো যায়-** [DU : 96-97]
Ⓐ যে দেশে ইস্যু করা হয়েছে Ⓑ যে দেশে ভ্রমণ করতে যাওয়া হবে
Ⓒ পৃথিবীর যেকোনো দেশে Ⓓ A + B **Ans Ⓒ**

**13. নিচের কোনটি বিমার আওতাভুক্ত?** [IU : 10-11]
Ⓐ উপযোগ সৃষ্টি Ⓑ শস্যহানি Ⓒ দুর্ঘটনা Ⓓ সবকটি Ans Ⓓ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. বিমা ব্যবসায়ের উৎপত্তির ক্রম হলো– [CTG-22]
Ⓐ জীবন → নৌ → অগ্নি → দুর্ঘটনা Ⓑ নৌ → অগ্নি → জীবন → দুর্ঘটনা
Ⓒ নৌ → জীবন → অগ্নি → দুর্ঘটনা Ⓓ অগ্নি → নৌ → জীবন → দুর্ঘটনা **Ans B**

02. বাংলাদেশে বর্তমানে কত সালের বিমা আইন কার্যকর রয়েছে? [CTG-22]
Ⓐ ১৯৩২ Ⓑ ১৯৬৫ Ⓒ ১৯৯৪ Ⓓ ২০১০ **Ans D**

03. বিমা হলো– [JES-22]
Ⓐ ঝুঁকি প্রতিরোধকারী ব্যবসায় Ⓑ ঝুঁকির বিপক্ষে আর্থিক প্রতিরক্ষা ব্যবস্থা
Ⓒ সম্পত্তির ঝুঁকি মোকাবেলাকারী Ⓓ জীবনের ঝুঁকি গ্রহণকারী **Ans B**

04. নিচের কোনটি বিমা চুক্তির আইনগত উপাদান? [DIJ-22]
Ⓐ বিমাযোগ্য স্বার্থ Ⓑ চূড়ান্ত সদ্বিশ্বাস Ⓒ প্রস্তাব ও স্বীকৃতি Ⓓ প্রিমিয়াম প্রদান **Ans C**

05. বাংলাদেশ বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থা কোনটি? [DHA-21; JES-16; COM-19; CHI-17; SYL-21; BAR-21]
Ⓐ BIA Ⓑ BIDA
Ⓒ BIDC Ⓓ IDRA **Ans D**

06. বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমি কত সালে প্রতিষ্ঠিত হয়? [DHA-21]
Ⓐ ১৯৭১ Ⓑ ১৯৭২
Ⓒ ১৯৭৩ Ⓓ ১৯৭৪ **Ans C**

07. বর্তমানে বাংলাদেশের বিমা আইন কত সালের? [JES-21; RAJ-16; COM-21; SYL-16; MYM-21]
Ⓐ ১৯৭২ Ⓑ ১৯৮৫ Ⓒ ১৯৯৪ Ⓓ ২০১০ **Ans D**

08. নিচের কোনটি বিমাচুক্তির বিশেষ উপাদান? [ CHI-21]
Ⓐ প্রস্তাব ও স্বীকৃতি Ⓑ বিমাযোগ্য স্বার্থ
Ⓒ আইনসম্মত প্রতিদান Ⓓ নিশ্চয়তা **Ans B**

09. বিমা পলিসিতে ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে? [SYL-21]
Ⓐ বোনাস Ⓑ প্রিমিয়াম Ⓒ সুদ Ⓓ সমর্পণ মূল্য **Ans B**

10. কোনটির অবর্তমানে কোনো বিমাচুক্তি সম্পাদিত হতে পারে না? [SYL-21]
Ⓐ চূড়ান্ত সদ্বিশ্বাস Ⓑ বিমাযোগ্য স্বার্থ Ⓒ ক্ষতিপূরণ Ⓓ কিস্তি **Ans B**

11. বিমা পলিসিতে ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে? [DHA-19, CHI-19]
Ⓐ বোনাস Ⓑ প্রিমিয়াম Ⓒ সমর্পণ মূল্য Ⓓ সুদ **Ans B**

12. বিমা বিষয়ে সূচনা হয় কোন বিমার মাধ্যমে? [DHA-19]
Ⓐ দুর্ঘটনাবিমা Ⓑ অগ্নিবিমা Ⓒ নৌবিমা Ⓓ জীবনবিমা **Ans C**

13. বাংলাদেশে বিমা ব্যবস্থার নিয়ন্ত্রক সংস্থা কোনটি? [COM-19, CHI-17, JES-16]
Ⓐ DIAC Ⓑ BIDC Ⓒ BIDA Ⓓ IDRA **Ans D**

14. যে সকল জীবনবিমা প্রস্তাব সরাসরি প্রত্যাখ্যানযোগ্য নয়, আরো ডাক্তার পরীক্ষা ও খোঁজখবর নেওয়া প্রয়োজন, তাকে কোন শ্রেণির জীবনবিমা বলা হয়? [RAJ-19]
Ⓐ ১ম শ্রেণি Ⓑ ২য় শ্রেণি Ⓒ ৩য় শ্রেণি Ⓓ ৪র্থ শ্রেণি **Ans C**

15. অভ্যন্তরীণ ও বৈদেশিক ব্যবসায়ের ব্যাপক সম্প্রসারণ ঘটে- [DIN-19]
Ⓐ প্রাচীন যুগে Ⓑ শিল্প বিপ্লবের পরে Ⓒ শিল্প বিপ্লবের আগে Ⓓ মধ্যযুগে **Ans B**

16. নিচের কোনটি বিমা ব্যবসায়ের বিশেষ উপাদান? [BAR-19]
Ⓐ দুটি পক্ষ Ⓑ স্বেচ্ছাসায় Ⓒ নির্দিষ্টতা Ⓓ বিমাযোগ্য স্বার্থ **Ans D**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

17. দ্বৈত বিমার উদ্দেশ্য কোনটি? [SYL-19]
Ⓐ মূলধন গঠন Ⓑ ঝুঁকি হ্রাস Ⓒ মুনাফা বৃদ্ধি Ⓓ গ্রাহকের সন্তুষ্টি Ans B

18. বিমা চুক্তির সাধারণ উপাদান কোনটি? [SYL-19]
Ⓐ বিমাযোগ্য স্বার্থ Ⓑ বৈধ প্রতিদান Ⓒ পরম সদ্বিশ্বাস Ⓓ প্রত্যক্ষ কারণ Ans B

19. পণ্য সামগ্রীর ক্ষতি হলে বিমা দাবি আদায়ের জন্য কোন দলিলটির গুরুত্ব অনেক? [BAR-17]
Ⓐ চার্টার পার্টি Ⓑ জরিপকারীর প্রতিবেদন Ⓒ চালানি রসিদ Ⓓ প্রতিবাদপত্র Ans C

20. কোন বিমার ক্ষেত্রে বিমাগ্রহীতাকে দাবি হিসাবে অর্থ পরিশোধ করা হয় না? [BAR-17]
Ⓐ স্বাস্থ্য Ⓑ জীবন Ⓒ অক্ষমতা Ⓓ শস্য Ans C

21. বিমা কোম্পানি কর্তৃক অন্যের ঝুঁকি নিজের কাঁধে নেওয়ার বিনিময় মূল্যকে কী বলে? [JES-17]
Ⓐ প্রিমিয়াম Ⓑ বাট্টা Ⓒ সুদ Ⓓ ভাতা Ans A

22. বিমাযোগ্য স্বার্থ বলতে মূলত কার স্বার্থকে বোঝায়? [RAJ-17, JES-22]
Ⓐ বিমাকারী এবং বিমাগ্রহীতা উভয় Ⓑ বিমাগ্রহীতা
Ⓒ লেনদেনকৃত ব্যাংক Ⓓ বিমাকারী Ans B

23. একটি বিমাচুক্তির অপরিহার্য পক্ষ কয়টি থাকে? [RAJ-17]
Ⓐ ২টি Ⓑ ৩টি Ⓒ ৪টি Ⓓ ৫টি Ans A

24. বিমাযোগ্য স্বার্থ কোন ক্ষেত্রে বিদ্যমান? [COM-17]
Ⓐ স্বামীর জীবনে স্ত্রীর Ⓑ বন্ধুর জীবনে বন্ধুর
Ⓒ কর্মচারীর জীবনে কর্মকর্তার Ⓓ ক্রেতার জীবনে বিক্রেতার Ans A

25. নিচের কোনটি নৈতিক ঝুঁকি? [COM-17]
Ⓐ সম্পত্তির অতিদাহ্য প্রকৃতি Ⓑ ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো
Ⓒ শত্রুতাবশত অগ্নি সংযোগ Ⓓ অগ্নি নির্বাপণ ব্যবস্থার অভাব Ans C

26. বর্তমানে বাংলাদেশে প্রচলিত বিমা আইন কত সালের? [RAJ-16, SYL-16]
Ⓐ ১৯৩৮ Ⓑ ১৯৯১ Ⓒ ১৯৯৩ Ⓓ ২০১০ Ans D

27. বিমাযোগ্য স্বার্থ বিমাগ্রহীতার কীসের ওপর নির্ভর করে? [COM-16]
Ⓐ বিষয়বস্তু Ⓑ সুনাম Ⓒ উদ্দেশ্য Ⓓ আর্থিক সুবিধা Ans D

28. নিচের কোনটি নিশ্চয়তার চুক্তি? [RAJ-16]
Ⓐ নৌ-বিমা Ⓑ জীবনবিমা Ⓒ অগ্নি বিমা Ⓓ গবাদিপশু বিমা Ans B

29. নিচের কোনটি বিমা চুক্তির বৈশিষ্ট্য? [BAR-16]
Ⓐ আর্থিক প্রতিরক্ষা Ⓑ নিরাপত্তা ও বিনিয়োগের সুযোগ
Ⓒ সঞ্চয় সৃষ্টি ও মূলধন গঠন Ⓓ বৃদ্ধ বয়সের অবলম্বন Ans A

## Step 5 : NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. বর্তমানে কত সালের বিমা আইন প্রচলিত আছে?
Ⓐ ১৮৩৮ Ⓑ ২০১০ Ⓒ ১৯৮৩ Ⓓ ১৭৮৩ Ans B

02. অধিকাংশ বিশেষজ্ঞের মতে বিমার ধারণা ও নাম বিকাশের ক্ষেত্রে কারা গোড়াপত্তন করে?
Ⓐ যুক্তরাষ্ট্রের অধিবাসীরা Ⓑ ইতালীয়রা Ⓒ ভারতীয়রা Ⓓ বাংলাদেশিরা Ans B

03. কত সালে বাংলাদেশে বিমা সংস্থাগুলোকে জাতীয়করণ করা হয়?
Ⓐ ১৯৭০ Ⓑ ১৯৭১ Ⓒ ১৯৭২ Ⓓ ১৯৭৩ Ans C



CamScanner

04. ১৯৭২ সালে কতটি বিমা প্রতিষ্ঠানকে জাতীয়করণ করা হয়?
Ⓐ ২০ টি Ⓑ ৭৫ টি Ⓒ ১২০ টি Ⓓ ১৫০ টি Ans B

05. বাংলাদেশে বর্তমানে সরকারি বিমা প্রতিষ্ঠান কয়টি?
Ⓐ ২ টি Ⓑ ১২ টি Ⓒ ১৮ টি Ⓓ ২০ টি Ans A

06. নিচের কোনটি বিমার আওতায় পড়ে?
Ⓐ অগ্নিকাণ্ড Ⓑ শস্যহানি Ⓒ দুর্ঘটনা Ⓓ সবগুলো Ans D

07. বাংলাদেশের বিমা কোম্পানিগুলো কোনো মন্ত্রণালয়ের অধীন?
Ⓐ শিল্প Ⓑ অর্থ Ⓒ শিক্ষা Ⓓ বাণিজ্য Ans B

08. যখন একজন বিমাকারী তার গৃহীত ঝুঁকির কোনো অংশ অন্য বিমাকারীর কাছে হস্তান্তর করে তাকে বলা হয়–
Ⓐ পুনঃবিমা Ⓑ মুনাফা ক্ষতির বিমা Ⓒ আইন বিমা Ⓓ দ্বৈত বিমা Ans A

09. কোনটি বিমাযোগ্য স্বার্থের মূল উপাদান?
Ⓐ আর্থিক স্বার্থ Ⓑ পাবলিক স্বার্থ Ⓒ আইন বিরুদ্ধ স্বার্থ Ⓓ বিষয়বস্তু স্বার্থ Ans A

10. "বিমাচুক্তি ক্ষতিপূরণের চুক্তি" কথাটি প্রযোজ্য নয়–
Ⓐ জীবনবিমায় Ⓑ নৌবিমায় Ⓒ অগ্নি বিমায় Ⓓ শস্য বিমায় Ans A

11. সাধারণ বিমার মূল বিষয় হলো–
Ⓐ মানুষের জীবন Ⓑ বিমাযোগ্য স্বার্থ Ⓒ জীবন ও সম্পত্তি Ⓓ সম্পত্তি Ans D

12. কোন্‌টি বিমা চুক্তির উপাদান নয়?
Ⓐ স্বেচ্ছা সায় Ⓑ একাধিক পক্ষ Ⓒ প্রস্তাব ও স্বীকৃতি Ⓓ অনির্দিষ্টতা Ans D

13. উপমহাদেশের বিমা ব্যবসায় সাধারণ জনগণের মাঝে জনপ্রিয় করে তোলার জন্য অবদান বেশি?
Ⓐ ইতালির উদ্যোক্তাদের Ⓑ লন্ডনের উদ্যোক্তাদের Ⓒ ভারতীয় উদ্যোক্তাদের Ⓓ ইউরোপীয় পাদ্রীদের Ans B

14. কীসের ভিত্তিতে বিমাযোগ্য স্বার্থ সৃষ্টি হয়?
Ⓐ অর্থের অভাবে Ⓑ পারিবারিক নিরাপত্তার চুক্তি Ⓒ মালিকানা ভিত্তিতে Ⓓ সঞ্চয় বৃদ্ধির চুক্তি Ans C

15. নিচের কোনটি বিমার সামাজিক গুরুত্ব?
Ⓐ মূলধন গঠন Ⓑ ঝুঁকিগত প্রতিবন্ধকতা হ্রাস
Ⓒ সরকারের রাজস্ব বৃদ্ধি Ⓓ বেকার সমস্যার সমাধান Ans D

16. কোনটি বিমাচুক্তির বিশেষ উপযোগী?
Ⓐ বৈধ প্রতিদান Ⓑ উদ্দেশ্য Ⓒ নিকটতম কারণ Ⓓ নির্দিষ্টতা Ans C

17. অনিশ্চয়তা ও ঝুঁকি সংক্রান্ত ধ্যান-ধারণা থেকে কোন ব্যবসায়ের উদ্ভব?
Ⓐ ব্যাংক Ⓑ বিমা Ⓒ মুদ্রা শিল্প Ⓓ কুটির শিল্প Ans B

18. ঝুঁকি ও অনিশ্চয়তাকে নিশ্চিত করার প্রক্রিয়াকে কী বলে?
Ⓐ চুক্তি Ⓑ ঝুঁকি ব্যবস্থাপনা Ⓒ বিমা Ⓓ সমবায় Ans C

19. বাংলাদেশের কোন খাতে বিমার গুরুত্ব অনস্বীকার্য?
Ⓐ রাজনীতি Ⓑ অর্থনীতি Ⓒ সমাজ Ⓓ পরিবার Ans B

20. কোনটি ক্ষতিপূরণের চুক্তি সংশ্লিষ্ট?
Ⓐ স্বাস্থ্য বিমা Ⓑ গ্রুপ বিমা Ⓒ ব্যক্তিগত দুর্ঘটনা বিমা Ⓓ শস্য বিমা Ans D



CamScanner

## Type 2 বিমা ঝুঁকির প্রকারভেদ ও মূলনীতি

### Step 1 BASIC INFORMATION

☐ **বিমা ঝুঁকির প্রকারভেদ (Types of insurance risk) :**

**ক) পরিমাপযোগ্যতা বিচারে (On the Basis of Considering Measurability):**

**১. আর্থিক ঝুঁকি (Financial Risk):** কোনো বিপদজনক বা ঝুঁকিপূর্ণ অবস্থা, কার্যক্রম বা দুর্ঘটনা থেকে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের যে আর্থিক ক্ষতির সম্ভাবনা লক্ষ্য করা যায় তাকে আর্থিক ঝুঁকি বলে। জাহাজডুবি, কারখানায় অগ্নিকাণ্ড, মালামাল চুরি যাওয়া ইত্যাদির ঝুঁকি পরিমাপযোগ্য বিধায় এগুলো আর্থিক ঝুঁকি হিসেবে গণ্য।

**২. অনার্থিক ঝুঁকি (Non-Financial Risk) :** যে ঝুঁকির ফলাফল আর্থিকভাবে পরিমাপ করা যায় না তাকে অনার্থিক ঝুঁকি বা অনিশ্চয়তা বলে। ফাস্টফুডের দোকানে নতুন আইটেমে কেউ প্রত্যাশিত স্বাদ না পাওয়ায় মনঃক্ষুন্ন হতে পারে- যার ঝুঁকি আর্থিকভাবে পরিমাপযোগ্য নয়।

**খ) ফলাফল বিচারে (On the Basis of Considering Outcome):**

**১. বিশুদ্ধ ঝুঁকি (Pure Risk) :** যে সকল সম্ভাব্য বিপদজনক বা ঝুঁকিগত অবস্থায় অথবা কোনো দুর্ঘটনায় ব্যক্তি বা প্রতিষ্ঠান নিশ্চিতভাবেই ক্ষতির সম্মুখীন হয় তাকে বিশুদ্ধ ঝুঁকি বলে। মালামাল পুড়ে গেলে, চুরি হলে, ব্যক্তি মারা গেলে, দুর্ঘটনায় পঙ্গ হলে প্রকৃত পক্ষেই ক্ষতি হয়ে যায়। এ ধরনের সকল ঝুঁকিই বিশুদ্ধ ঝুঁকি।

**২. ফটকা বা দুরকল্পনামূলক ঝুঁকি (Speculative Risk) :** যে ধরনের ঘটনা বা অনিশ্চয়তার ফলে ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রত্যাশিত ফলাফলের বাইরে লাভ বা ক্ষতি উভয়েরই সম্ভাবনা থাকে তাকে ফটকা বা দুরকল্পনামূলক ঝুঁকি বলে। শেয়ারে অর্থ বিনিয়োগে লাভ বা ক্ষতি উভয়েরই সম্ভাবনা থাকে। যা ফটকা ঝুঁকি হিসেবে গণ্য।

**গ) কারণ ও ফলাফল বিচারে (On the Basis of Considering Cause and Outcome):**

**১. মৌলিক ঝুঁকি (Fundamental Risk) :** যে ঝুঁকি ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ অযোগ্য কোনো কারণে উদ্ভূত হয় এবং এর ফলাফল সবাইকে সাধারণভাবে ক্ষতিগ্রস্ত করে তাকে মৌলিক ঝুঁকি বলে। এ ধরনের ঝুঁকি প্রাকৃতিক ও অপ্রাকৃতিক উভয়বিধ কারণেই সৃষ্ট হতে পারে।

**২. নির্দিষ্ট ঝুঁকি (Particular Risk) :** যে ঝুঁকি ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক বা কোনো কারণে উদ্ভূত হয় এবং ফলাফলও কোনো বিশেষ ব্যক্তি, ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠানের ওপর আপতিত হয় তাকে নির্দিষ্ট ঝুঁকি বলে। আগুন লাগা, চুরি, ডাকাতি, ব্যক্তিগত দুর্ঘটনা, যানবাহন দুর্ঘটনা ইত্যাদি নির্দিষ্ট ঝুঁকির উদাহরণ। এ ধরনের ঝুঁকি সবসময়ই বিমাযোগ্য।

**ঘ) বিমাযোগ্যতার বিচারে (On the Basis of Considering Insurability):**

**১. বিমাযোগ্য ঝুঁকি (Insurable Risk):** যে ঝুঁকির বিপক্ষে বিমা করে আর্থিক প্রতিরক্ষার সুযোগ নেওয়া যায় তাকে বিমাযোগ্য ঝুঁকি বলে। মানুষের জীবন ও সম্পত্তি সংশ্লিষ্ট বিভিন্ন ঝুঁকি বিমাযোগ্য। প্রাকৃতিক দুর্যোগ বা দৈব দুর্বিপাক (Act of God), দুর্ভিক্ষ, মহামারী, অর্থনৈতিক মন্দা, যুদ্ধ, সামাজিক, রাজনৈতিক ও প্রযুক্তিগত পরিবর্তন ইত্যাদির ঝুঁকি বাদ দিলে অবশিষ্ট সকল ঝুঁকিই বিমাযোগ্য বিবেচিত হয়ে থাকে। গ্রহণযোগ্যতার বিচারে এরূপ ঝুঁকি নিম্নোক্ত ধরনের হতে পারে:

**i) উত্তম আদর্শিক ঝুঁকি (Super-Standard Risk) :** যে ঝুঁকির ক্ষেত্রে ক্ষতির আশঙ্কা স্বাভাবিকের চেয়ে কম তাকে উত্তম আদর্শিক ঝুঁকি বলে। বিমা কোম্পানির পোর্টফলিওতে যদি এ ধরনের ঝুঁকির বিপক্ষে বিমা পলিসির সংখ্যা বেশি হয় তবে তা বিমা কোম্পানির কম ঝুঁকির নির্দেশ করে।

**ii) আদর্শিক ঝুঁকি (Standard Risk):** স্বাভাবিক বা গ্রহণযোগ্য মাত্রার ঝুঁকিকে আদর্শিক ঝুঁকি বলে। এ ধরনের ঝুঁকি গ্রহণে বিমা কোম্পানিকে বেশি দুঃশ্চিন্তায় পড়তে হয় না। কোনো বিশেষ অস্বাভাবিক অবস্থা না ঘটলে এ ধরনের ঝুঁকি কোম্পানির সহ্যসীমার মধ্যে থাকে। ± ২৫ ধরে ৭৫ থেকে ১২৫ মাত্রার ঝুঁকিকে আদর্শিক ঝুঁকি বলে।

**iii) উপ-আদর্শিক ঝুঁকি (Sub-Standard Risk) :** স্বাভাবিক মাত্রার চেয়ে অধিক ঝুঁকি সম্বলিত ঝুঁকিকে উপ-আদর্শিক ঝুঁকি বলে। বিভিন্ন দিক বিবেচনায় পয়েন্ট বিচারে ঝুঁকির মাত্রা ১০০ কে স্বাভাবিক গণ্য করা হয়। এখন (+-) ২৫ ধরে ৭৫ থেকে ১২৫ মাত্রার ঝুঁকির উপরে কিন্তু ৫০০ এর নিচের ঝুঁকিকে উপ-আদর্শিক ঝুঁকি গণ্য করা হয়। এর অধিক মাত্রার ঝুঁকি বিমাযোগ্য হলেও তা বিমা করা বিমা কোম্পানির পক্ষে উচিত নয়।

**২. অবিমাযোগ্য ঝুঁকি (Uninsurable Risk) :** যে ঝুঁকির বিপক্ষে বিমা সুবিধা লাভ করা যায় না তাকে অ-বিমাযোগ্য ঝুঁকি বলে। যে ঝুঁকির ফলাফল সাধারণ এবং এর উপর মানুষের কোনো কর্তৃত্ব বা নিয়ন্ত্রণ নেই তা সাধারণভাবে অবিমাযোগ্য ঝুঁকি হিসেবে গণ্য। ভূমিকম্প, বন্যা, দুর্ভিক্ষ, মহামারী, যুদ্ধ, অর্থনৈতিক মন্দা, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক ইত্যাদি ঝুঁকির অধিকাংশই অ-বিমাযোগ্য ঝুঁকির মধ্যে পড়ে।



CamScanner

## বিমা ব্যবসায়ের মূলনীতি (Main principals of insurance business):

০১. **বিমাযোগ্য স্বার্থের নীতি:** বিমাকৃত বিষয়বস্তুতে বিমাগ্রহীতার আর্থিক স্বার্থকেই বিমাযোগ্য স্বার্থ বলে। এরূপ স্বার্থ না থাকলে বিমা চুক্তি করা যায় না।

০২. **সদ্বিশ্বাসের সম্পর্কের নীতি:** বিমা চুক্তিতে বিমাকারী ও বিমাগ্রহীতার মধ্যে সদ্বিশ্বাসের সম্পর্ক প্রতিষ্ঠিত হয়। বিমায় সদ্বিশ্বাসের সম্পর্ক বলতে বিমা সম্পর্কিত সকল গুরুত্বপূর্ণ তথ্য সঠিকভাবে উপস্থাপনে উভয়পক্ষের বাধ্যবাধকতা বুঝায়।

০৩. **আর্থিক ক্ষতিপূরণের নীতি:** বিমা হলো সম্ভাব্য ক্ষতি বা আর্থিক দুরবস্থার বিপক্ষে আর্থিক ক্ষতিপূরণের একটি ব্যবস্থা। এরূপ নীতির ফলে চুক্তিতে উল্লেখ কোনো কারণে বিমাকৃত সম্পত্তির ক্ষতি হলে বিমা কোম্পানি ক্ষতিপূরণ করে।

০৪. **প্রত্যক্ষ কারণের নীতি:** এরূপ নীতির মূলকথা হলো বিমা চুক্তিতে উল্লেখ করণের সঙ্গে প্রত্যক্ষভাবে সম্পর্কিত এমন কিছুর ফলে জীবন বা সম্পত্তির হানি হলেই বিমা কোম্পানি ক্ষতিপূরণ করে। তাই ক্ষতি হলে চুক্তিতে উল্লিখিত কোন কারণের প্রত্যেক প্রভাবে ক্ষতি হয়েছে কিনা বিমা কোম্পানি তা যাচাই করে।

০৫. **আনুপাতিক অংশগ্রহণের নীতি:** এরূপ নীতির মূলকথা হলো কোনো সম্পত্তি একাধিক বিমা কোম্পানির নিকট বিমা করা হলে এবং তার আংশিক ক্ষতির ক্ষতিপূরণের ক্ষেত্রে সকল বিমা কোম্পানি তাদের বিমাকৃত অঙ্কের আনুপাতিক হারে ক্ষতিপূরণে বাধ্য থাকে।

০৬. **বিপুল সংখ্যায় পলিসি সংগ্রহের নীতি:** বিমা ব্যবসায় সফলতার আরেকটি মূলনীতি হলো বিপুল সংখ্যায় পলিসি সংগ্রহের নীতি। বিমাকে ঝুঁকি বণ্টনের ব্যবস্থা ধরা হলে ঝুঁকি বা পলিসির সংখ্যা যত বেশি হয় ততই বিমা ব্যবসায়ের ঝুঁকি হ্রাস পায়।

০৭. **সম্ভাব্যতার নীতি:** কোনো ঝুঁকির ক্ষেত্রে দায় উদ্ভূত হওয়ার সম্ভাবনা কতটা বিমা কোম্পানি তা তার দীর্ঘদিনের অভিজ্ঞতা ও পর্যবেক্ষণের আলোকে বিশেষভাবে মূল্যায়ন করে। এর ভিত্তিতেই প্রিমিয়ামের হার নির্ধারণ এবং কোনো ঝুঁকি গ্রহণ করা হবে কি হবে না তার সিদ্ধান্ত নেয়া হয়।

০৮. **সামর্থ্যমাফিক ঝুঁকি গ্রহণের নীতি:** বিমা ব্যবসায়ের ক্ষেত্রে বিমা কোম্পানিকে এতটা পরিমাণ ঝুঁকি গ্রহণ করা উচিত যাতে বিমা ব্যবসায়ের অস্তিত্ব ঝুঁকির সম্মুখীন না হয়। এজন্য অধিক ঝুঁকিসম্পন্ন সম্পত্তি বা জীবন বিমা করা উচিত নয়।

০৯. **দ্রুত সাড়া দানের নীতি:** বিমাকৃত সম্পদ বা জীবনের যখন হানি বা ক্ষতি হয় তখন যত দ্রুত সম্ভব ক্ষতিগ্রস্তদের পাশে দাঁড়ানো এবং ক্ষতিপূরণের ব্যবস্থা করা বিমা ব্যবসায়ের আরেকটি মূলনীতি।

১০. **স্থলাভিষিক্তকরণ বা উত্তমর্ণের নীতি:** সম্পত্তি বিমার ক্ষেত্রে সামগ্রিক ক্ষতিতে বিমা কোম্পানি বিমাগ্রহীতাকে সম্পূর্ণ ক্ষতিপূরণ করে। কিন্তু সেক্ষেত্রে উক্ত সম্পত্তির ভগ্নাবশেষ বা এতদসংক্রান্ত দাবি বহাল থাকতে পারে। এই ভগ্নাংবশেষের বা এতদসংক্রান্ত দাবির মালিকানা বিমগ্রহীতার স্থলে বিমাকারীর নিকট ন্যস্ত হওয়ার নীতি বা বিধানকেই স্থলাভিষিক্তকরণ বা উত্তমর্ণের নীতি বলে।

## Step 2 — At a Glance : Most Important Information

- কোনো বিপদজনক বা ঝুঁকিপূর্ণ অবস্থা, কার্যক্রম বা দুর্ঘটনা থেকে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠানের যে আর্থিক ক্ষতির সম্ভাবনা লক্ষ্য করা যায় তাকে আর্থিক ঝুঁকি বলে।
- যে সকল সম্ভাব্য বিপদজনক বা ঝুঁকিগত অবস্থায় অথবা কোনো দুর্ঘটনায় ব্যক্তি বা প্রতিষ্ঠান নিশ্চিতভাবেই ক্ষতির সম্মুখীন হয় তাকে বিশুদ্ধ ঝুঁকি বলে।
- যে ঝুঁকি ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক বা কোনো কারণে উদ্ভূত হয় এবং ফলাফলও কোনো বিশেষ ব্যক্তি, ব্যক্তিবর্গ বা প্রতিষ্ঠানের ওপর আপতিত হয় তাকে নির্দিষ্ট ঝুঁকি বলে।
- স্বাভাবিক মাত্রার চেয়ে অধিক ঝুঁকি সম্বলিত ঝুঁকিকে উপ-আদর্শিক ঝুঁকি বলে।
- বিমায় সদ্বিশ্বাসের সম্পর্ক বলতে বিমা সম্পর্কিত সকল গুরুত্বপূর্ণ তথ্য সঠিকভাবে উপস্থাপনে উভয়পক্ষের বাধ্যবাধকতা বুঝায়।
- বিমাকৃত বিষয়বস্তুতে বিমাগ্রহীতার আর্থিক স্বার্থকেই বিমাযোগ্য স্বার্থ বলে।

## Step 3 — বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

01. **কোনটি বিমাযোগ্য বিশুদ্ধ ঝুঁকির উদাহরণ?** [DU-C : 20-21]
Ⓐ চুরি Ⓑ শেয়ার বাজারে ক্ষতি Ⓒ রাজনৈতিক অস্থিরতা Ⓓ অতিমারি **Ans Ⓐ**

02. **বাংলাদেশের বিমা কোম্পানিগুলোর জন্য কোন রেটিং পদ্ধতি প্রচলিত আছে?** [DU : 13-14]
Ⓐ সি.এ.এম.ই.এল Ⓑ ইউ.এফ.আই.আর.এস Ⓒ এস.এন্ড.পি Ⓓ সি.এ.আর.এ.এম.ই.এল **Ans Ⓓ**

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. **বিমাতে 'পেরিল' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়?** [RU : 18-19]
Ⓐ ঝুঁকি Ⓑ লোকসান Ⓒ ক্ষতিপূরণ Ⓓ কোনোটিই নয় **Ans Ⓐ**

02. **বিমার উদ্দেশ্য-** [RU : 08-09]
Ⓐ ঝুঁকি বণ্টন Ⓑ ঝুঁকি নির্মূল Ⓒ ঝুঁকি সৃষ্টি Ⓓ সবকটি **Ans Ⓐ**



CS CamScanner

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. বিমাকারী যখন বিমাগ্রহীতাকে ক্ষতিগ্রস্ত সম্পদের সম্পূর্ণ মূল্য পরিশোধ করে, তখন অবশিষ্ট সম্পত্তিতে বিমাগ্রহীতার পরিবর্তে বিমাকারীর অধিকার সৃষ্টি হয়। এ বিমা নীতির নাম হচ্ছে- [CU : 10-11]
Ⓐ বিমাযোগ্য স্বার্থনীতি Ⓑ ক্ষতিপূরণের নীতি
Ⓒ সহযোগিতার নীতি Ⓓ স্থলাভিষিক্তকরণ নীতি
Ans Ⓓ

### রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

01. ব্যবসায় ঝুঁকি দূরীকরণের উপায় কোনটি? [RSTU : 18-19]
Ⓐ মুনাফা অর্জন Ⓑ শেয়ার বিক্রয়
Ⓒ বেতন প্রদান Ⓓ বিমাকরণ
Ans Ⓓ

### ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

01. স্বাভাবিক মাত্রার ঝুঁকির চেয়ে অধিক ঝুঁকি সংবলিত ঝুঁকিকে কী বলে? [DU 7 College : 21-22]
Ⓐ উপ-আদর্শিক ঝুঁকি Ⓑ অনাদর্শিক ঝুঁকি
Ⓒ আদর্শিক ঝুঁকি Ⓓ উত্তম আদর্শিক ঝুঁকি
Ans Ⓐ

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. বিমা কোম্পানি বিমাচুক্তির কোন নীতি লঙ্ঘনের কারণে ক্ষতিপূরণ দেয় না? [MYM-21]
Ⓐ বিমাযোগ্য স্বার্থের নীতি Ⓑ সদ্বিশ্বাসের নীতি
Ⓒ স্থলাভিষিক্তকরণের নীতি Ⓓ আনুপাতিক অংশগ্রহণের নীতি
Ans Ⓑ

02. কোন ঝুঁকি মুনাফা অর্জনের মাধ্যমে মোকাবিলা করা সম্ভব নয়? [SYL-21]
Ⓐ ফটকা ঝুঁকি Ⓑ মৌলিক ঝুঁকি
Ⓒ বিশুদ্ধ ঝুঁকি Ⓓ বিমাযোগ্য ঝুঁকি
Ans Ⓑ

03. বিমা পলিসিতে ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে? [DHA-19, CHI-19]
Ⓐ বোনাস Ⓑ প্রিমিয়াম
Ⓒ সমর্পণ মূল্য Ⓓ সুদ
Ans Ⓑ

04. ক্ষতির আশঙ্কা স্বাভাবিকের চেয়ে কম থাকলে তাকে কী বলা হয়? [DIN-19, COM-22]
Ⓐ আদর্শিক Ⓑ উত্তম আদর্শিক
Ⓒ উপ-আদর্শিক Ⓓ কম আদর্শিক
Ans Ⓑ

05. দ্বৈত বিমার উদ্দেশ্য কোনটি? [SYL-19]
Ⓐ মূলধন গঠন Ⓑ ঝুঁকি হ্রাস
Ⓒ মুনাফা বৃদ্ধি Ⓓ গ্রাহকের সন্তুষ্টি
Ans Ⓑ

06. আদর্শিত ঝুঁকির পরিসর কোনটি? [BAR-17]
Ⓐ ৭৫ নম্বর এর নিচে Ⓑ ৭৫-১২৫ এর মধ্যে
Ⓒ ১২৫-৫০০ এর মধ্যে Ⓓ ৫০০ নম্বর এর উপর
Ans Ⓑ

07. বিমা কোম্পানি কর্তৃক অন্যের ঝুঁকি নিজের কাঁধে নেওয়ার বিনিময় মূল্যকে কী বলে? [JES-17]
Ⓐ প্রিমিয়াম Ⓑ বাট্টা
Ⓒ সুদ Ⓓ ভাতা
Ans Ⓐ

08. যে ঝুঁকির ক্ষেত্রে ক্ষতির আশঙ্কা স্বাভাবিকের চেয়ে কম তাকে কী ঝুঁকি বলা হয়? [CHI-16]
Ⓐ আদর্শিক Ⓑ উত্তম আদর্শিক
Ⓒ উপ-আদর্শিক Ⓓ অবিমাযোগ্য
Ans Ⓑ

09. নিচের কোনটি বিমা চুক্তির বিশেষ উপাদান? [SYL-16]
Ⓐ প্রস্তাব ও স্বীকৃতি Ⓑ প্রতিদান
Ⓒ স্বাধীন সায় Ⓓ স্থলাভিষিক্তকরণ
Ans Ⓓ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. কোনটি বিমাচুক্তির বিশেষ উপযোগী?
Ⓐ বৈধ প্রতিদান Ⓑ উদ্দেশ্য
Ⓒ নিকটতম কারণ Ⓓ নির্দিষ্টতা
Ans Ⓒ

02. অনিশ্চয়তা ও ঝুঁকি সংক্রান্ত ধ্যান-ধারণা থেকে কোন ব্যবসায়ের উদ্ভব?
Ⓐ ব্যাংক Ⓑ বিমা
Ⓒ মুদ্রা শিল্প Ⓓ কুটির শিল্প
Ans Ⓑ

03. ঝুঁকি ও অনিশ্চয়তাকে নিশ্চিত করার প্রক্রিয়াকে কী বলে?
Ⓐ চুক্তি Ⓑ ঝুঁকি ব্যবস্থাপনা
Ⓒ বিমা Ⓓ সমবায়
Ans Ⓒ

04. কোনটি ক্ষতিপূরণের চুক্তি সংশ্লিষ্ট?
Ⓐ স্বাস্থ্য বিমা Ⓑ গ্রুপ বিমা
Ⓒ ব্যক্তিগত দুর্ঘটনা বিমা Ⓓ শস্য বিমা
Ans Ⓓ

## Type 3 লিখিত প্রশ্নোত্তর

### Step-1 এক কথায় প্রশ্নোত্তর

- বিমাযোগ্য বিষয়বস্তুর ওপর বিমাগ্রহীতার এমন স্বার্থকে বুঝায় যার উপস্থিতিতে বিমাগ্রহীতা আর্থিকভাবে লাভবান হবে এবং যেটির অনুপস্থিতিতে বিমাগ্রহীতা ক্ষতিগ্রস্ত হবে তাকে কি বলে? **-বিমাযোগ্য স্বার্থ**
- বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়ে বিমা সংক্রান্ত বিষয়ে সত্য কথা বলবে এবং কোনো বিষয় গোপন করবে না, তাকে কি বলে? **-পরম সদ্বিশ্বাসের চুক্তি**
- যে সব কারণে ক্ষতি সংঘটিত হলে বিমা কোম্পানি ক্ষতিপূরণ প্রদান করবে তাকে কি বলে? **-প্রত্যক্ষ কারণ**
- বিমগ্রহীতার অবর্তমানে আইন অনুযায়ী সুবিধা প্রাপ্ত ব্যক্তিকে বা উত্তরাধিকারী ব্যক্তিকে কি বলে? **-মনোনয়ন**
- কোনো বিষয়বস্তুর ওপর একাধিক বিমা করা থাকলে উভয় পক্ষ যে হারে ক্ষতিপূরণ প্রদান করে তাকে কি বলে? **-আনুপাতিক হার**
- বিমাগ্রহীতা ঝুঁকি হস্তান্তরের উদ্দেশ্যে বিমা কোম্পানিকে এককালীন অথবা নির্দিষ্ট সময় পর পর যে অর্থ প্রদান করে তাকে কি বলে? **-প্রিমিয়াম**

### Step-2 গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

**০১. বিমাযোগ্য স্বার্থ কী?**

**উত্তর:** বিমা চুক্তির সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হলো বিমাযোগ্য স্বার্থ এবং বিমাযোগ্য স্বার্থের মূল উপাদান আর্থিক স্বার্থ। এরূপ স্বার্থ না থাকলে বিমা চুক্তি গ্রহণযোগ্য হয় না। বিমাযোগ্য স্বার্থ হলো বিমাকৃত ব্যক্তির জীবনে বিমাগ্রহীতার আর্থিক স্বার্থ। নিজ জীবনে, স্ত্রীর স্বামীর জীবনে, স্বামীর স্ত্রীর জীবনে, পাওনাদারের দেনাদারের জীবনে এরূপ স্বার্থ থাকে বলে ধরা হয়।

**০২. ক্ষতিপূরণের চুক্তি কী?**

**উত্তর :** এই নীতি অনুসারে, বিমাকৃত বিষয়বস্তু বিশেষত সম্পদের ক্ষতিপূরণ হলে বিমা কোম্পানি ক্ষতিপূরণ করে। জীবনবিমার বিষয়বস্তু মানুষের জীবন এবং জীবনবিমার ক্ষেত্রে ক্ষতিপূরণের নীতি কার্যকর হয় না। সাধারণ বিমায় ক্ষতিপূরণের নীতি কার্যকর হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**০৩. বিভিন্ন প্রকার বিমায় বিমাযোগ্য স্বার্থ সম্পর্কে লেখ।**

**উত্তর :**

| নৌবিমার ক্ষেত্রে | অগ্নি বিমার ক্ষেত্রে | জীবনবিমার ক্ষেত্রে |
|---|---|---|
| ১. পণ্যের ওপর মালিকের<br>২. জাহাজের ওপর মালিকের<br>৩. পণ্যের ভাড়ার ওপর জাহাজ মালিকের<br>৪. জাহাজের ওপর বন্ধকি ঋণদাতার<br>৫. বেতন বা মজুরির উপর শ্রমিক ও কাপ্তানের<br>৬. জাহাজের ওপর অছির<br>৭. পণ্যের ওপর রক্ষিকতার | ১. সম্পত্তির ওপর মালিকের<br>২. সম্পত্তির ওপর আজীবন ভাড়াটের<br>৩. সম্পত্তির ওপর ইজারা গ্রহীতার<br>৪. সম্পত্তির ওপর রক্ষিকতার<br>৫. সম্পত্তির ওপর ক্রেতার | ১. বিমাযোগ্য স্বার্থ প্রমাণের প্রয়োজন নেই স্বামী-স্ত্রীর জীবন বিমায়।<br>২. অন্যান্য পারিবারিক ও ব্যবসায়িক সম্পর্কের ক্ষেত্রে বিমাযোগ্য স্বার্থ প্রমাণ করতে হয়।<br>৩. শুধু বিমা পলিসি গ্রহণের সময় বিমাযোগ্য স্বার্থ থাকা বাধ্যতামূলক। বিমা দাবি গ্রহণের সময় এরূপ স্বার্থ না থাকলেও চলে। |

**০৪. বিমার বিভিন্ন শাখায় ক্ষতিপূরণ নীতির প্রয়োগ সম্পর্কে লেখ।**

**উত্তর :**

**ক্ষতিপূরণের নীতি**

- **প্রযোজ্য ক্ষেত্রসমূহ**
  - ১. নৌ-বিমা
  - ২. অগ্নি বিমা
  - ৩. দুর্ঘটনা বিমা
  - ৪. মোটর বিমা
  - ৫. শস্য বিমা
  - ৬. গবাদিপশু বিমা
  - ৭. কলকব্জা বিমা
  - ৮. বিমান বিমা
  - ৯. লাগেজ বিমা
  - ১০. ধার বিমা
  - ১১. আস্থা বিমা
  - ১২. হিমাগার বিমা
  - ১৩. যুদ্ধ ঝুঁকি বিমা
  - ১৪. রপ্তানি বিমা
  - ১৫. চিকিৎসা বিমা
  - ১৬. চৌর্য বিমা (চুরিজনিত বিমা)
- **প্রযোজ্য নয় ক্ষেত্রসমূহ**
  - ১. জীবনবিমা
  - ২. ব্যক্তিগত দুর্ঘটনা বিমা
  - ৩. স্বাস্থ্য বিমা
  - ৪. ব্যক্তিগত দায় বিমা
  - ৫. অন্যান্য ব্যক্তিগত বিমা
    - ক. বেকার বিমা
    - খ. শিক্ষা বিমা
  - ৬. গ্রুপ বিমা

**০৫. স্থলাভিষিক্তকরণ নীতি কী?**

**উত্তর :** সম্পত্তি বিমার ক্ষেত্রে সম্পূর্ণ সম্পত্তি সামগ্রিকভাবে ক্ষতিগ্রস্ত হলে সম্পূর্ণ বিমাদাবি পূরণের পর যদি উক্ত সম্পত্তির অবশিষ্ট থাকে তবে তা বিমা কোম্পানি পাওয়ার অধিকারকে স্থলাভিষিক্তকরণ নীতি বলে। স্থলাভিষিক্তকরণ নীতি সম্পত্তি বিমার ক্ষেত্রে কার্যকরী হয়।

**০৬. সদ্বিশ্বাসের নীতি কী?**

**উত্তর :** বিমা চুক্তি সংশ্লিষ্ট উভয় পক্ষ একে অপরের প্রতি বিশ্বস্ত থাকবে এবং আবশ্যকীয় সকল তথ্য একে অন্যকে দিবে এই নীতিকেই বিমার ক্ষেত্রে সদ্বিশ্বাসের নীতি বলে।

**০৭. প্রিমিয়াম কাকে বলে?**

**উত্তর :** ঝুঁকি গ্রহণের জন্য বিমাগ্রহীতা বিমাকারীকে যে অর্থ প্রদান করে তাকে প্রিমিয়াম বলে। সহজ ভাষায়, বিমার ক্ষেত্রে অন্যের ঝুঁকি নিজের কাঁধে নেওয়ার বিনিময় মূল্য হলো প্রিমিয়াম।



CamScanner

# SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

## Part-1 MCQ

01. কোন ধরনের বিমার মধ্যে দিয়ে বিমা ব্যবসায় যাত্রা শুরু করে?
Ⓐ জীবন Ⓑ নৌ
Ⓒ অগ্নি Ⓓ দুর্ঘটনা

02. বাংলাদেশে প্রধানত কয় ধরনের বিমা প্রতিষ্ঠান লক্ষণীয়?
Ⓐ ২ Ⓑ ৩
Ⓒ ৪ Ⓓ ৫

03. বিমা চুক্তির ক্ষেত্রে আইনগতভাবে কে প্রস্তাব করে?
Ⓐ বিমাকারী Ⓑ বিমাগ্রহীতা
Ⓒ বিমাকর্মী Ⓓ বিমা প্রতিষ্ঠান

04. বাংলাদেশে বিমা ব্যবসায়ের নিয়ন্ত্রক সংস্থাকে সংক্ষেপে কী বলে?
Ⓐ IDRB Ⓑ IDRA
Ⓒ BDRA Ⓓ IDRAB

05. বাংলাদেশে বিমা নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের মেয়াদকাল আইনানুযায়ী কয় বছর?
Ⓐ ২ Ⓑ ৩
Ⓒ ৪ Ⓓ ৫

06. বাংলাদেশে কত সালের বিমা আইন কার্যকর করা হয়?
Ⓐ ১৯৩৮ Ⓑ ১৯৬৫
Ⓒ ১৯৯৪ Ⓓ ২০১০

07. কোন বিমায় একই সাথে সঞ্চয় ও বিনিয়োগের সুযোগ পাওয়া যায়?
Ⓐ জীবনবিমা Ⓑ নৌবিমা
Ⓒ অগ্নি বিমা Ⓓ দায় বিমা

08. ক্ষতিপূরণের নীতি কোন ধরনের বিমা বহির্ভূত?
Ⓐ জীবনবিমা Ⓑ নৌবিমা
Ⓒ অগ্নি বিমা Ⓓ দায় বিমা

09. কত সালে দুর্ঘটনা বিমার প্রচলন হয়?
Ⓐ ১৮৮১ সালে Ⓑ ১৮৮২ সালে
Ⓒ ১৮৮৩ সালে Ⓓ ১৮৮৪ সালে

10. বিমা ব্যবসায়ের গোড়াপত্তন হয় কোন দেশে?
Ⓐ ইংল্যান্ড Ⓑ ইতালি
Ⓒ যুক্তরাষ্ট্র Ⓓ গ্রীস

11. কোনটি ক্ষতিপূরণের চুক্তি সংশ্লিষ্ট?
Ⓐ স্বাস্থ্য বিমা Ⓑ গ্রুপ বিমা
Ⓒ ব্যক্তিগত দুর্ঘটনা বিমা Ⓓ শস্য বিমা

12. কোনটি আর্থিকভাবে নির্ণয় করা যায়?
Ⓐ ঘটনা Ⓑ অনিশ্চয়তা
Ⓒ দুর্ঘটনা Ⓓ ঝুঁকি

**OMR**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01.ⒶⒷⒸⒹ | 02.ⒶⒷⒸⒹ | 03.ⒶⒷⒸⒹ | 04.ⒶⒷⒸⒹ | 05.ⒶⒷⒸⒹ | 06.ⒶⒷⒸⒹ |
| 07.ⒶⒷⒸⒹ | 08.ⒶⒷⒸⒹ | 09.ⒶⒷⒸⒹ | 10.ⒶⒷⒸⒹ | 11.ⒶⒷⒸⒹ | 12.ⒶⒷⒸⒹ |

**Answer**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12.D | 11.D | 10.B | 09.D | 08.A | 07.A | 06.D | 05.B | 04.B | 03.B | 02.A | 01.B |



CamScanner

## Part-2 Written

01. বিমাকে ঝুঁকি বণ্টনের যৌথ ব্যবস্থা বলা হয় কেন?

02. 'বিমা চুক্তিকে ক্ষতিপূরণের চুক্তি' বলা হয় কেন?

03. স্বার্থ ছাড়া বিমা চুক্তি সম্পন্ন হয় না কেন, ব্যাখ্যা করো।

04. বিমা চুক্তিকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয় কেন?

05. স্থলাভিষিক্তকরণ নীতি কী?

06. সদ্বিশ্বাসের নীতি কী?

07. প্রিমিয়াম কাকে বলে?

08. বিমাযোগ্য স্বার্থ কী?

## Answer

01. বিমার মাধ্যমে বিমাগ্রহীতা তার সম্ভাব্য ঝুঁকিকে কয়েকটি পক্ষের মধ্যে বণ্টন করে বলে বিমাকে ঝুঁকি বণ্টনের যৌথ ব্যবস্থা বলা হয়। বিমা এমন একটি ব্যবস্থা, যার মাধ্যমে ক্ষতিগ্রস্ত বিমাগ্রহীতার ক্ষতিকে বিভিন্ন পক্ষের মধ্যে বণ্টনের ব্যবস্থা করা যায়।

02. সাধারণত কোনো ব্যক্তি বা বস্তুকে ক্ষতির হাত থেকে রক্ষা করতে বিমা চুক্তি করা হয়। এ চুক্তি অনুসারে বিমাকৃত বস্তু ক্ষতিগ্রস্ত হলে বিমা প্রতিষ্ঠান বিমাগ্রহীতাকে ক্ষতিপূরণ দেয়। ক্ষতি থেকে রক্ষার্থে এ চুক্তি করা হয় বলে বিমা চুক্তিকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয়।

03. সম্পদের ক্ষতিতে এর স্বার্থসংশ্লিষ্ট পক্ষ আর্থিক ক্ষতির সম্মুখীন হওয়ায় বিমা চুক্তি সম্পাদনে বিমাযোগ্য স্বার্থকে প্রাধান্য দেওয়া হয়। এ ধরনের চুক্তিতে বিমাকৃত বিষয়বস্তুর ওপর বিমাগ্রহীতার আর্থিক স্বার্থ থাকা আবশ্যক। এরূপ স্বার্থ না থাকলে বিমা চুক্তি করা যায় না।

04. বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়পক্ষ প্রয়োজনীয় সব তথ্য একে অন্যকে দিতে বাধ্য থাকে। এজন্য বিমা চুক্তিকে পরম বিশ্বাসের চুক্তি বলা হয়। বিমা চুক্তির মাধ্যমে বিমাকারী ও বিমাগ্রহীতার মধ্যে সদ্বিশ্বাসের সম্পর্ক প্রতিষ্ঠিত হয়। আর সে কারণে চুক্তিবদ্ধ প্রত্যেকে একে অন্যের কাছে সঠিক তথ্য দিতে বাধ্য। কোনো পক্ষ সঠিক তথ্য না দিলে বিমা চুক্তি বাতিল হয়।

05. সম্পত্তি বিমার ক্ষেত্রে সম্পূর্ণ সম্পত্তি সামগ্রিকভাবে ক্ষতিগ্রস্ত হলে সম্পূর্ণ বিমাদাবি পূরণের পর যদি উক্ত সম্পত্তির অবশিষ্ট থাকে তবে তা বিমা কোম্পানি পাওয়ার অধিকারকে স্থলাভিষিক্তকরণ নীতি বলে। স্থলাভিষিক্তকরণ নীতি সম্পত্তি বিমার ক্ষেত্রে কার্যকরী হয়।

06. বিমা চুক্তি সংশ্লিষ্ট উভয় পক্ষ একে অপরের প্রতি বিশ্বস্ত থাকবে এবং আবশ্যকীয় সকল তথ্য একে অন্যকে দিবে এই নীতিকেই বিমার ক্ষেত্রে সদ্বিশ্বাসের নীতি বলে।

07. ঝুঁকি গ্রহণের জন্য বিমাগ্রহীতা বিমাকারীকে যে অর্থ প্রদান করে তাকে প্রিমিয়াম বলে। সহজ ভাষায়, বিমার ক্ষেত্রে অন্যের ঝুঁকি নিজের কাঁধে নেওয়ার বিনিময় মূল্য হলো প্রিমিয়াম।

08. বিমা চুক্তির সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হলো বিমাযোগ্য স্বার্থ এবং বিমাযোগ্য স্বার্থের মূল উপাদান আর্থিক স্বার্থ। এরূপ স্বার্থ না থাকলে বিমা চুক্তি গ্রহণযোগ্য হয় না। বিমাযোগ্য স্বার্থ হলো বিমাকৃত ব্যক্তির জীবনে বিমাগ্রহীতার আর্থিক স্বার্থ। নিজ জীবনে, স্ত্রীর স্বামীর জীবনে, স্বামীর স্ত্রীর জীবনে, পাওনাদারের দেনাদারের জীবনে এরূপ স্বার্থ থাকে বলে ধরা হয়।



CamScanner

দ্বিতীয় পত্র

অধ্যায় ১১

# জীবন বিমা [Life Insurance]

## Chapter Outlook Map

জীবন বিমা

- Type-1 : জীবন বিমার মৌলিক ধারণা
- Type-2 : বিমা চুক্তি সম্পাদন প্রক্রিয়া ও দাবি আদায়
- Type-3 : বিবিধ
- Type-4: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে

- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

## হোম টিউটর — বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে এ বছরের ভর্তি পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| | অতি গুরুত্বপূর্ণ (৯০% +) | গুরুত্বপূর্ণ (৮০% +) | কম গুরুত্বপূর্ণ (৭০% +) | জানা জরুরি (৫০% +) |
|---|---|---|---|---|
| টপিক সমূহ | ■ জীবন বিমার বৈশিষ্ট্য | ■ সমর্পণ মূল্য, পুনর্বিমা, দ্বৈত বিমা | ■ বিমা চুক্তি সম্পাদন প্রক্রিয়া ও দাবি আদায় | ■ মৃত্যুহার পুঞ্জি, চিরস্থায়ী বৃত্তি |

## Type 1 — জীবন বিমার মৌলিক ধারণা

### Step 1 — BASIC INFORMATION

❑ **জীবন বিমা (Life Insurance):**

- মানুষের জীবন সংশ্লিষ্ট ঝুঁকি আর্থিকভাবে মোকাবেলার ব্যবস্থাই হলো জীবন বিমা।
- জীবন বিমা হলো মানব জীবন সংশ্লিষ্ট বিমা চুক্তি।
- মৃত্যু, বার্ধক্য, পঙ্গুত্ব ও অসুস্থতাজনিত দুর্দশা এরূপ বিমার আওতাভুক্ত।
- এটি নিশ্চয়তার চুক্তি কারণ এক্ষেত্রে নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের নিশ্চয়তা দেয়া হয়।
- জীবনের ক্ষতি অর্থ দ্বারা পরিমাপ করা যায় না বিধায় এটি ক্ষতিপূরণের চুক্তি নয়।
- এরূপ বিমায় ব্যক্তির মৃত্যুতে বা বিমাপত্রের মেয়াদ পূর্তিতে সাধারণত বিমাদাবি পরিশোধ করা হয়।
- জীবন বিমার ক্ষেত্রে সমর্পন মূল্য দেয়া হয়।

❑ **জীবন বিমার বৈশিষ্ট্য (Life Insurance Charecterstics):**

**(১) মানব জীবন সংশ্লিষ্টতা:** এরূপ চুক্তি সব সময়ই মানব জীবনের সাথে সংশিওষ্ট। কোনো ব্যক্তির মৃত্যু হলে, ব্যক্তি অক্ষম হলে, বার্ধক্যজনিত কারণে বা ব্যক্তিজীবনের একটা নির্দিষ্ট সময় পরে অর্থ প্রদানের প্রতিশ্রুতি এরূপ চুক্তির মূল বিষয়।

**(২) নিশ্চয়তার চুক্তি:** জীবন বিমা নিশ্চয়তার চুক্তি। অন্যান্য বিমার ন্যায় এটি ক্ষতিপূরণের চুক্তি নয়। কারণ জীবনের হানি হলে ক্ষতির পরিমাণ অর্থ দিয়ে পরিমাপ করা যায় না; তাই এক্ষেত্রে বিমাগ্রহীতাকে জীবনের হানি বা ক্ষতির জন্য একটা নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের প্রতিশ্রুতি দেয়া হয়।



CamScanner

**(৩) বিমাযোগ্য স্বার্থ:** এরূপ চুক্তিতে বিমাযোগ্য স্বার্থ বিদ্যমান থাকাও এর অপরিহার্য বৈশিষ্ট্য হিসেবে গণ্য। বিমাযোগ্য স্বার্থ বলতে বিমাকৃত জীবনের ওপর বিমাগ্রহীতার আর্থিক স্বার্থকে বুঝায়। ব্যক্তির নিজ জীবনের ওপর নিজের স্বার্থ অনস্বীকার্য। অন্যের জীবনের ওপর এরূপ স্বার্থ থাকলে তা বিমা করা যায়।

**(৪) চূড়ান্ত সদ্বিশ্বাসের সম্পর্ক:** অন্যান্য বিমা চুক্তির ন্যায় এরূপ চুক্তিতেও উভয় পক্ষের মধ্যে চূড়ান্ত সদ্বিশ্বাসের সম্পর্ক প্রতিষ্ঠিত হয়। যে কারণে উভয়পক্ষ একে অন্যকে সকল তথ্য সম্পূর্ণ ও নির্ভুলভাবে প্রদানে বাধ্য থাকে। কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন বা মিথ্যা বর্ণনা করা হলে এরূপ চুক্তি বাতিল হতে পারে।

**(৫) সঞ্চয় ও বিনিয়োগের উদ্দেশ্য:** এরূপ চুক্তিতে শুধুমাত্র জীবন হানিতে অর্থ প্রাপ্তির উদ্দেশ্যই থাকে না। সঞ্চয় ও বিনিয়োগের উদ্দেশ্যও ক্রিয়াশীল থাকে। অর্থাৎ মেয়াদি বিমায় বিমাগ্রহীতা একটা দীর্ঘ সময় পর্যন্ত কিস্তি জমা দিয়ে অর্থ সঞ্চয় করে এবং নির্দিষ্ট সময় পরে জমাকৃত অর্থ একত্রে ফেরত পেয়ে তা বিনিয়োগ করতে পারে।

**(৬) মনোনয়ন ও হস্তান্তর:** বিমাকৃত ব্যক্তি মারা গেলে বিমাদাবি কাকে পরিশোধ করা হবে এ বিষয়ে ব্যক্তি বা ব্যক্তিবর্গের নাম পূর্ব অনুমোদনকে মনোনয়ন বলে। বিমাগ্রহীতা এক বা একাধিক ব্যক্তিকে এরূপ মনোনয়ন দিতে পারেন। মেয়াদি বিমার ক্ষেত্রে বিমাগ্রহীতা ইচ্ছা করলে বিমাপত্রের ওপর তার স্বত্ব হস্তান্তরও করতে পারেন।

**(৭) সমর্পণ মূল্য:** জীবন বিমাপত্রের বিশেষত আজীবন ও মেয়াদি বিমাপত্রের বিমাগ্রহীতা অনেকদিন কিস্তি দেয়ার পর যদি বিমাপত্র চালু রাখতে না চায় তবে তা বিমা কোম্পানি বরাবর সমর্পণ করতে পারে। এ জন্য সে যে মূল্য পায় তাকে সমর্পণ মূল্য বলে। অন্য বিমার ক্ষেত্রে সাধারণত এ নিয়ম প্রযোজ্য নয়।

**(৮) মৃত্যুহারপঞ্জি নির্ভরতা:** জীবন বিমায় মৃত্যুঝুঁকির ওপর প্রিমিয়ামের হার নির্ভর করে। বিভিন্ন বয়সের ব্যক্তিবর্গের মৃত্যুর সম্ভাবনা মৃত্যুহার পঞ্জি থেকে জানা যায়। এরূপ পঞ্জি হলো নির্দিষ্ট বয়ঃক্রম অনুযায়ী অতীত মৃত্যুহারের একটা হাজারভিত্তিক পরিসংখ্যান।

## ❑ জীবন বিমাপত্রের শ্রেণিবিভাগ (Life Insurance Policy Type):

### (i) বিমাপত্রের মেয়াদের ভিত্তিতে:

**মেয়াদি বিমাপত্র:**

যে বিমাপত্রের মাধ্যমে প্রতিশ্রুতি দেয়া হয় যে, বিমাগ্রহীতা নির্দিষ্ট বয়সে পদার্পণ করলে বিমাপত্রে উল্লেখিত নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদান করা হবে অথবা উক্ত সময়ের পূর্বে বিমাগ্রহীতার মৃত্যু ঘটলে তার মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীদেরকে বিমাপত্রে উল্লেখিত নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদত্ত হবে, তাকে মেয়াদি বিমাপত্র বলে। নিম্নে এরূপ বিমাপত্রের প্রকারভেদ আলোচনা করা হলো:

**(ক) সাধারণ মেয়াদি বিমাপত্র:** এরূপ বিমাপত্রের বেলায় নির্দিষ্ট মেয়াদের মধ্যে বিমাকৃত ব্যক্তি মারা গেলে মনোনীত ব্যক্তিকে অথবা উক্ত মেয়াদের মধ্যে বিমাকৃত ব্যক্তি মারা না গেলে মেয়াদ পরে তাকে বিমাকৃত অর্থ প্রদান করা হয়। ফলে এরূপ বিমাপত্র একাধারে বিনিয়োগ ও অন্যদিকে প্রতিরক্ষার সুবিধা প্রদান করে। সাধারণভাবে জীবন বিমা বলতে মানুষ এ ধরনের বিমাপত্রকেই বুঝে থাকে। এরূপ বিমা সাধারণত দীর্ঘমেয়াদি হয় এবং বয়সভেদে এতে বিমা প্রিমিয়ামের হারও বিভিন্ন ধরনের হয়ে থাকে।

**(খ) বিশুদ্ধ মেয়াদি বিমাপত্র:** এরূপ বিমাপত্রের ক্ষেত্রে যে মেয়াদের জন্য বিমাপত্র খোলা হয় ঐ মেয়াদ উত্তীর্ণ হলেই শুধুমাত্র বিমাগ্রহীতা বিমাদাবির অর্থ লাভ করে। এর মধ্যে যদি বিমাকৃত ব্যক্তি মারা যায় তবে বিমাগ্রহীতা বা তার উত্তরাধিকারী কোনো অর্থ পায় না। এরূপ বিমাপত্র মূলত কোনো ব্যক্তির বেশি দিন বেঁচে থাকার ক্ষেত্রে নির্দিষ্ট মেয়াদের পর আর্থিক নিশ্চয়তার ব্যবস্থা করে। এরূপ বিমাপত্র সাধারণত ৫ বা ১০ বছর মেয়াদি হয় এবং এতে বিমা প্রিমিয়ামের পরিমাণও কম হয়।

**(গ) যৌথ-জীবন মেয়াদি বিমাপত্র:** একই বিমাপত্রের আওতায় দুই বা ততোধিক জীবনের ওপর একত্রে নির্দিষ্ট মেয়াদের জন্য বিমা পলিসি খোলা হলে তাকে যৌথ-জীবন মেয়াদি বিমাপত্র বলে। এ ধরনের বিমাপত্রে বিমাকৃত ব্যক্তিবর্গের যে কোনো একজন মারা গেলে বিমাকারী বিমাগ্রহীতা বা তার মনোনীত ব্যক্তিদের বিমার অর্থ প্রদান করে। আবার নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত বিমাকৃত সকল ব্যক্তি জীবিত থাকলে বিমাকৃত অর্থ বিমাগ্রহীতাদের প্রদানে বাধ্য থাকে। তাই এ ধরনের বিমাপত্র আজীবন বা মেয়াদি উভয় ধরনেরই হতে পারে।

**(ঘ) শিক্ষাবৃত্তি বিমাপত্র:** এ ধরনের বিমাপত্র সন্তান-সন্ততিদের লেখাপড়ার স্বার্থে গ্রহণ করা হয়। এক্ষেত্রে বিমাগ্রহীতা নির্দিষ্ট মেয়াদের জন্য শিক্ষাবৃত্তি বিমাপত্র খুলে বিমাকিস্তির অর্থ প্রদান করতে থাকে এবং মেয়াদ শেষে আবার বিমাকারী নিদিষ্ট সময় পর্যন্ত বিমাপত্রে উল্লেখিত পোষ্য বা সন্তানকে শিক্ষাবৃত্তি হিসেবে নির্দিষ্ট সময় পরে পরে বৃত্তি হিসেবে অর্থ প্রদান করে। বিমাগ্রহীতা যদি নির্দিষ্ট মেয়াদের আগে মারা যায় তবে আর বিমাকিস্তির অর্থ প্রদানের প্রয়োজন পড়ে না। মৃত্যুর পর হতেই বিমাকারী শিক্ষাবৃত্তি হিসেবে নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত বিমাপত্র উল্লেখিত সন্তান বা সন্তানদেরকে শিক্ষাবৃত্তি প্রদান করে।

**(ঙ) বহুমুখী উদ্দেশ্যসম্পন্ন বিমাপত্র:** জীবনের বহুমুখী প্রয়োজন একই বিমাপত্রের আওতায় পূরণের ব্যবস্থা রাখা হলে তাকে বহুমুখী উদ্দেশ্যসম্পন্ন বা সুবিধাসম্পন্ন বিমাপত্র বলে। মানুষের মৃত্যু, পঙ্গুত্ব, অসুস্থতা, বেকারত্ব, সন্তানদের লেখাপড়া, মেয়েদের বিবাহ ইত্যাদি একাধিক বিষয়ে অর্থ প্রাপ্তির নিশ্চয়তা এরূপ বিমাপত্রে প্রদান করা হয়ে থাকে। স্বাভাবিকভাবেই এরূপ বিমাপত্রের ক্ষেত্রে প্রিমিয়ামের হার বেশি হয়।



CS CamScanner

### আজীবন বিমাপত্র:

যে বিমা চুক্তিপত্রের মাধ্যমে বিমাগ্রহীতাকে তার মৃত্যুকাল বা নির্দিষ্ট সময়কাল পর্যন্ত অথবা একবারে প্রিমিয়ামের টাকা বিমা কোম্পানিকে পরিশোধ করতে হয় এবং বিমাকোম্পানি, বিমাগ্রহীতার মৃত্যুর পর তার মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীদেরকে বিমাপত্রে উল্লেখিত নির্দিষ্ট পরিমাণ অর্থ প্রদানের প্রতিশ্রুতি দেয় তাকে আজীবন বিমাপত্র বলে। নিম্নে বিভিন্ন ধরনের আজীবন বিমাপত্র সম্পর্কে আলোচনা করা হলো:

**(ক) একক কিস্তিসম্পন্ন আজীবন বিমাপত্র:** যে আজীবন বিমাপত্রের ক্ষেত্রে একবারই মাত্র বিমাকিস্তির অর্থ পরিশোধ করা হয় এবং বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর তার মনোনীত ব্যক্তি বা পোষ্যরা বিমাদাবির অর্থ প্রাপ্ত হয় তাকে একক কিস্তিসম্পন্ন আজীবন বিমাপত্র বলে। এরূপ বিমাপত্রের সুবিধা হলো বারে বারে কিস্তি প্রদানের ঝামেলা এতে থাকে না। অন্যদিকে বিমাকারী একবারেই পুরো অর্থ প্রাপ্ত হয়ে তা কাজে লাগাতে পারে।

**(খ) অবিরাম কিস্তিসম্পন্ন আজীবন বিমাপত্র:** যে বিমাপত্রের বেলায় বিমাকৃত ব্যক্তি যতদিন জীবিত থাকে ততদিন পর্যন্ত নির্দিষ্ট হারে বিমা প্রিমিয়াম প্রদান করে এবং তার মৃত্যুর পর তার মনোনীত ব্যক্তি বা পোষ্যরা বিমা দাবির অর্থ প্রাপ্ত হয় তাকে অবিরাম কিস্তিসম্পন্ন আজীবন বিমাপত্র বলে। জীবনে শেষভাগে এসে মানুষের আয়-রোজগার কমে গেলেও বিমাগ্রহীতাকে কিস্তি চালিয়ে যেতে হয় বিধায় বর্তমানকালে তা তেমন জনপ্রিয় নয়।

**(গ) সীমিত কিস্তিসম্পন্ন আজীবন বিমাপত্র:** এ ধরনের বিমাপত্রে বিমাগ্রহীতাকে একটি নির্দিষ্ট সময় পর্যন্ত বিমার কিস্তি বা প্রিমিয়াম বিমাকারীকে প্রদান করতে হয়। নির্দিষ্ট সময়ের পর বিমাগ্রহীতা জীবিত থাকলেও তাকে আর কোনো কিস্তি জমা দিতে হয় না। এ ধরনের আজীবন বিমাপত্রকে স্বস্তিদায়ক বলে মনে করা হয় এবং আজীবন বিমাপত্রের মধ্যে এটিই বেশি জনপ্রিয়।

### সাময়িক বিমাপত্র:

সাময়িক বিমাপত্র সাধারণত স্বল্পমেয়াদি হয়। এ ধরনের বিমাপত্রের মেয়াদ সাধারণত ৩ মাস থেকে সর্বোচ্চ ৫ বছর পর্যন্ত হতে দেখা যায়। এক্ষেত্রে যে মেয়াদের জন্য বিমাপত্র গ্রহণ করা হয় উক্ত মেয়াদের মধ্যে বিমাকৃত ব্যক্তি মারা গেলে বিমাদাবির অর্থ পরিশোধ করা হয়। আর যদি বিমাকৃত ব্যক্তি জীবিত থাকে তাহলে বিমাদাবি পাওয়া যায় না। এ ধরনের বিমাপত্রে সাধারণত একবারেই প্রিমিয়াম পরিশোধ করতে হয়। নিম্নে বিভিন্ন ধরনের সাময়িক বিমাপত্র সম্পর্কে আলোচনা করা হলো:

**(ক) স্বল্পকালীন সাময়িক বিমাপত্র:** এ ধরনের বিমাপত্র সাধারণত দু'বছরের জন্য ইস্যু করা হয়। আর এ দু'বছরের মধ্যে বিমাগ্রহীতার মৃত্যু হলে কেবলমাত্র তখনই বিমাদাবি পূরণ করা হয়। এ ধরনের বিমাপত্র এককিস্তি সম্পন্ন হয় এবং মেয়াদের শুরুতে বিমাগ্রহীতা কর্তৃক তা পরিশোধ করা হয়ে থাকে। এক্ষেত্রে বিমাগ্রহীতাকে তার নিজ খরচে ডাক্তারি রিপোর্ট সংগ্রহ করে তা বিমাকারীকে দেখাতে হয়।

**(খ) নবায়নযোগ্য সাময়িক বিমাপত্র:** এ জাতীয় বিমাপত্র সাধারণত ডাক্তারি পরীক্ষা ছাড়াই নবায়ন করে নেয়ার সুযোগ থাকে। আর সে কারণেই নবায়ন করার সময় বিমাকৃত ব্যক্তির বয়সদৃষ্টে প্রিমিয়ামের পরিমাণ পরিবর্তন করে নেয়ার প্রয়োজন পড়ে। বিমাগ্রহীতার বয়স ৫৫ বছর পূর্ণ না হওয়া পর্যন্ত যতবার খুশি এরূপ বিমাপত্র নবায়ন করে নেয়া যায়। যে সব ব্যক্তি স্বাস্থ্যের দ্রুত অবনতি হওয়ার আশঙ্কা থাকে, সে সব ব্যক্তির জন্য এ বিমাপত্রটি উত্তম।

**(ii) বিমা সেলামি পরিশোধের পদ্ধতির ভিত্তিতে:**

১. **একক কিস্তি বিমাপত্র:** বিমাপত্র খোলার সময় বিমা অঙ্কের জন্য একক কিস্তিতে বিমাগ্রহীতা পুরো প্রিমিয়াম বা সেলামি বিমাকারীকে প্রদান করে যে বিমাপত্র খোলে তাকে একক কিস্তি বিমাপত্র বলে। সাধারণত অপেক্ষাকৃত কম সময়ের জন্য এ ধরনের বিমাপত্র ইস্যু করা হয়। একটি মাত্র কিস্তিতে এরূপ বিমাপত্রের প্রিমিয়াম পরিশোধ করতে হয় বিধায় এর অঙ্কটাও বেশ বড় হয় যা সকল ধরনের বিমাগ্রহীতাদের জন্য সম্ভব হয় না। আজীবন ও সাময়িক উভয়ের ক্ষেত্রে এ ধরনের বিমাপত্র লক্ষ্য করা যায়।

২. **সমকিস্তি বিমাপত্র:** যে বিমাপত্রের বেলায় বিমাকৃত অঙ্কের বিপক্ষে প্রদত্ত প্রিমিয়াম মেয়াদ অনুযায়ী মোট কিস্তি নির্ধারণপূর্বক সমকিস্তি সম্পন্ন করে আদায় করা হয় তাকে সমকিস্তি বিমাপত্র বলে। সাধারণত মেয়াদি বিমাপত্রের বেলায় এরূপ বিমাপত্রের প্রচলন সর্বাধিক। বিমাগ্রহীতার পক্ষে এরূপ কিস্তি প্রদান অনেক সহজ। এতে বিমাগ্রহীতা অনেকটা বাধ্যতামূলক সঞ্চয়ের সুযোগ ভোগ করে। বর্তমানকালে জীবন বিমার ক্ষেত্রে এরূপ বিমাপত্রের ব্যবহারই সর্বাধিক।

**(iii) বিমাগ্রহীতার সংখ্যার ভিত্তিতে:**

১. **একক জীবন বিমাপত্র:** যে বিমাপত্রে একক কোনো ব্যক্তির জীবন বিমা করা হয় তাকে একক জীবন বিমাপত্র বলে। এরূপ বিমাপত্রের মাধ্যমে বিমাগ্রহীতা নিজ জীবনের ওপর বা বিমাযোগ্য স্বার্থ রয়েছে এমন কোনো ব্যক্তির ওপর বিমা পলিসি গ্রহণ করে। সাধারণভাবে বিমাপত্র এককই হয়ে থাকে। মেয়াদি, আজীবন বা সাময়িক সকল ধরনের জীবন বিমার ক্ষেত্রেই একক জীবন বিমাপত্র ইস্যু করা হয়।



CamScanner

২. **বহুজীবন বিমাপত্র:** এ ধরনের বিমাপত্রে এক সাথে একাধিক ব্যক্তির বা বহুজনের জীবন বিমা করা হয়। এরূপ বিমাপত্রকে দাবি পরিশোধের ভিত্তিতে নিম্নোক্ত দু'ভাগে ভাগ করা যায়।

**(ক) যৌথজীবন বিমাপত্র:** এরূপ বিমাপত্রে একাধিক ব্যক্তির জীবন একটি বিমাপত্রে বিমা করা হয় এবং এদের যে কোনো একজনের মৃত্যুতেই বিমাদাবি পরিশোধ করা হয়। সাধারণত অংশীদারি ব্যবসায়ের অংশীদারদের জন্য এরূপ বিমাপত্র বিশেষ উপযোগী। এতে প্রিমিয়ামের হার বেশি হয় তবে ব্যক্তির সংখ্যা বিবেচনায় তা কম হয়ে থাকে।

**(খ) শেষ উত্তরজীবী বিমাপত্র:** এরূপ বিমাপত্রের মাধ্যমেও একাধিক ব্যক্তির জীবনকে একত্রে বিমা করা হয়। তবে বিমা দাবি পরিশোধের দিক থেকে যৌথ জীবন বিমার সাথে এর পার্থক্য হলো যৌথ জীবন বিমার বেলায় যেকোনো একজনের প্রথম মৃত্যুতেই বিমাপত্রের কার্যকারিতা শেষ হয় এবং বিমা দাবি পরিশোধ করা হয়। কিন্তু এক্ষেত্রে যৌথ বিমাকৃত জীবনের শেষ জীবিত ব্যক্তিটি মারা গেলে বিমাদাবি পরিশোধ করা হয়। এরূপ বিমাপত্রের ক্ষেত্রে প্রিমিয়ামের হার খুবই কম হয়ে থাকে।

**(iv) বিমাদাবি পরিশোধের পদ্ধতির ভিত্তিতে:**

১. **এককালীন বা থোক বিমাপত্র:** এককালীন বা থোক বিমাপত্রের বেলায় বিমাদাবি পরিশোধের ক্ষেত্রে একবারে বা একই সময়ে দাবির সমস্ত অর্থ পরিশোধ করা হয়। সাধারণভাবে জীবন বিমাপত্র বলতে এ ধরনের বিমাপত্রকেই বুঝায়। মেয়াদি বিমার ক্ষেত্রে ব্যক্তির মৃত্যুতে বা মেয়াদ পূর্তিতে এবং আজীবন ও সাময়িক বিমাপত্রে ব্যক্তির মৃত্যুর পর একত্রে বিমাদাবির অর্থ পরিশোধ করা হয়ে থাকে।

২. **বৃত্তি বা কিস্তি বিমাপত্র:** এরূপ বিমাপত্রের মাধ্যমে বিমাদাবি বা বিমাকৃত অঙ্ক একবারে পরিশোধ করা হয় না। বিমাপত্রে উল্লিখিত নিয়মানুযায়ী দাবি উত্থাপিত হওয়ার পর নির্দিষ্ট সময় পরে কিস্তিতে বা বৃত্তি হিসেবে এরূপ অর্থ বিমাকারী পরিশোধ করে। অবসরজনিত বা বার্ধক্যজনিত অসহায়ত্ব থেকে রক্ষার এরূপ বিমাপত্র কার্যকর সুবিধা প্রদান করে।

## Step 2 At a Glance : Most Important Information

- জীবনবিমার বিষয়বস্তু হলো – **মানুষের জীবন।**
- জীবনবিমায় – **ক্ষতিপূরণের নীতি কার্যকর হয় না।**
- স্থলাভিষিক্ততার নীতি প্রযোজ্য নয় – **জীবনবিমায়।**
- জীবনবিমা কর্পোরেশন – **১৯৭৩ সালের আইন দ্বারা প্রতিষ্ঠিত হয়।**
- সর্বাধিক জনপ্রিয়তা অর্জনকারী বিমা হচ্ছে – **জীবনবিমা।**
- বিমাগ্রহীতার ঝুঁকি নিজে বহনের প্রতিশ্রুতিতে বিমাকারী প্রিমিয়ামের – **অর্থ পায়।**
- বোনাস হলো জীবনবিমা ব্যবসায়ের ফান্ড সৃষ্টিতে বিমাপত্রধারীদের – **অবদানের স্বীকৃতি।**
- জীবনবিমা চুক্তি সম্পাদনের প্রথম প্রক্রিয়া হলো প্রস্তাব দান এবং শেষটি হলো – **বিমাপত্র প্রদান।**
- Alliance Insurance Company গঠিত হয় – **১৮২৪ সালে।**
- Equitable Assurance Society হলো একটি জীবনবিমা প্রতিষ্ঠান। এটি – **আধুনিক পদ্ধতিতে জীবনবিমা শুরু করে।**
- বাংলাদেশে জীবনবিমা চালু হয় – **১৯৭২ সালে।**
- ১৯৫৮ সালে বাঙালি উদ্যোক্তাদের দ্বারা স্থাপিত হয় – **হোমল্যান্ড ইন্স্যুরেন্স কোম্পানি।**
- স্বল্পকালীন সাময়িক বিমাপত্র ইস্যু করা হয় – **২ বছরের জন্য।**
- ভারতে ডাক জীবনবিমা চালু হয় – **১৮৮৪ সালে।**
- যে বিমাপত্রে সাধারণত বার্ষিক, সাপ্তাহিক, ত্রৈমাসিক বা মাসিকভিত্তিক সমান কতগুলো কিস্তিতে বিমা প্রিমিয়াম নেওয়া হয় তাকে – **সমকিস্তি বিমাপত্র বলা হয়।**
- যে বিমাপত্রে যে কোনো একজন ব্যক্তির জীবন বিমা করা হয় তাকে – **একক জীবন বিমাপত্র বলে।**
- যে বিমাপত্রে এক সাথে একাধিক ব্যক্তির জীবন বিমা করা হয় তাকে – **বহুজীবন বিমাপত্র বলে।**
- যে বিমাপত্রে বিমাকৃত ঘটনা সংঘটনের ফলে বিমাকৃত অর্থ এককালীন পরিশোধিত হয় তাকে – **এককালীন বিমাপত্র বলা হয়।**
- যে বিমাপত্র একটি নির্দিষ্ট মেয়াদের জন্য করা হয়, তাকে – **মেয়াদি বিমাপত্র বলে।**
- যে বিমা ব্যবস্থায় একটি বিশেষ গোষ্ঠীর সবার জীবনকে একক বিমাপত্রের অধীনে বিমা করা হয় তাকে – **গোষ্ঠী বিমা বলে।**



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Step 3 বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

01. কোন মেয়াদি বিমাপত্রে কেবল বিমাগ্রহীতা একটি নির্দিষ্ট সময় পর্যন্ত বেঁচে থাকলে বীমাকৃত অঙ্ক পেয়ে থাকে? [DU : 22-23]
Ⓐ বিশুদ্ধ মেয়াদি বিমা পত্র Ⓑ সাময়িক মেয়াদি বিমা পত্র
Ⓒ আজীবন মেয়াদি বিমা পত্র Ⓓ সাধারণ মেয়াদি বিমা পত্র
Ans Ⓐ

02. নিচের কোনটি জীবন-বিমার ক্ষেত্রে প্রযোজ্য নয়? [DU : 19-20]
Ⓐ ক্ষতিপূরণের চুক্তি Ⓑ সমর্পণ মূল্য
Ⓒ বিমাযোগ্য স্বার্থ Ⓓ চূড়ান্ত সদ্বিশ্বাস
Ans Ⓐ

03. দ্বৈত বিমার ধারণাটি প্রয়োগের ক্ষেত্র: [DU : 18-19]
Ⓐ নৌ-বিমা Ⓑ জীবনবিমা
Ⓒ অগ্নি বিমা Ⓓ শস্য বিমা
Ans Ⓑ

04. পেনশন বিমাকে কোন শ্রেণির অন্তর্ভুক্ত বলা হয়? [DU : 16-17]
Ⓐ Liability insurance Ⓑ Life insurance Ⓒ Property insurance
Ⓓ Personal insurance Ⓔ Social insurance
Ans Ⓑ

05. 'মৃত্যুহার পঞ্জি' সর্বপ্রথম প্রস্তুত করেন কে? [DU : 13-14]
Ⓐ এডমন্ড হ্যালি Ⓑ এম.এন.মিশ্র Ⓒ আর.এস.শর্মা
Ⓓ পি.এইচ.কলিন Ⓔ লর্ড হার্শেল
Ans Ⓐ

06. জীবনবিমায় নিচের কোন উপাদানটি ঝুঁকিকে প্রভাবিত করে না? [DU : 11-12]
Ⓐ বয়স Ⓑ শারীরিক অবস্থা Ⓒ পেশা
Ⓓ পারিবারিক ইতিহাস Ⓔ সংস্কৃতি
Ans Ⓔ

07. ক্ষতিপূরণের নীতি কোন ধরনের বিমায় প্রযোজ্য নয়? [DU : 07-08; IU : 10-11]
Ⓐ জীবনবিমা Ⓑ অগ্নি বিমা Ⓒ নৌবিমা
Ⓓ দায় বিমা Ⓔ দুর্ঘটনা বিমা
Ans Ⓐ

08. জীবনবিমার পলিসি গ্রহণের জন্য নিচের কোন সম্পর্কের মধ্যে বিমাযোগ্য স্বার্থ প্রমাণ করার প্রয়োজন নেই? [DU : 07-08]
Ⓐ পিতা-পুত্র Ⓑ মা-মেয়ে Ⓒ ভাই-বোন
Ⓓ স্বামী-স্ত্রী Ⓔ মা-ছেলে
Ans Ⓓ

09. বিমাগ্রহীতা কর্তৃক পরিশোধিত প্রিমিয়ামের যে অংশ বিমাপত্র ফেরত দানের সময় বিমাগ্রহীতাকে পরিশোধ করা হয় তাকে বলা হয়? [DU : 01-02; CU : 07-08]
Ⓐ প্রিমিয়াম Ⓑ সমর্পণ মূল্য Ⓒ বোনাস
Ⓓ অবসর বৃত্তি Ⓔ তাফলিক বৃত্তি
Ans Ⓑ

### ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

01. কোন বিমায় স্থলাভিষিক্তকরণ নীতি প্রযোজ্য নয়? (DU 7 College: 22-23)
Ⓐ নৌ-বিমা Ⓑ জীবন বিমা
Ⓒ অগ্নি বিমা Ⓓ দুর্ঘটনা বিমা
Ans Ⓑ

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. — বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয়। [RU : 16-17, 12-13; IU : 16-17]
Ⓐ অগ্নি Ⓑ জীবন
Ⓒ শস্য Ⓓ কোনোটিই নয়
Ans Ⓑ

02. সম্ভাব্য ঝুঁকির পরিমাণ নিরূপণ করতে Mortality Table ব্যবহার করা হয়- [RU : 13-14]
Ⓐ নৌ-বিমার ক্ষেত্রে Ⓑ গবাদিপশু বিমার ক্ষেত্রে
Ⓒ গোষ্ঠী বিমার ক্ষেত্রে Ⓓ অগ্নি বিমার ক্ষেত্রে
Ans Ⓒ

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**03. 'Hand in Hand' প্রবাদটি প্রতিফলিত হয়** [RU : 09-10]
Ⓐ নৌ-বিমায় Ⓑ জীবনবিমায় Ⓒ অগ্নি বিমায় Ⓓ সাধারণ বিমায় Ans Ⓑ

**04. জীবনবিমা চুক্তি সম্পাদন প্রক্রিয়ায় সর্বপ্রথম কোন কাজটি করতে হয়?** [RU : 09-10]
Ⓐ প্রস্তাব প্রদান Ⓑ প্রাথমিক আনুষ্ঠানিকতাসমূহ Ⓒ প্রস্তাব গ্রহণ Ⓓ ডাক্তারি পরীক্ষা Ans Ⓐ

**05. জীবনবিমার প্রিমিয়াম নিয়ন্ত্রণকারী শর্ত নয়-** [RU : 08-09]
Ⓐ উত্তরাধিকার সনদ Ⓑ বিমার দাবি Ⓒ বিমাগ্রহীতার বয়স Ⓓ ব্যবস্থাপনা খরচ Ans Ⓐ

**06. জীবনবিমার ক্ষেত্রে বিমাগ্রহীতার বিমাযোগ্য স্বার্থ থাকে** [RU : 05-06]
Ⓐ নিজের স্ত্রী ও সন্তানদের Ⓑ নিজের ও স্ত্রীর Ⓒ শুধু নিজের Ⓓ সবগুলোই Ans Ⓓ

**07. কোন বিমা সাধারণ বিমার আওতাধীন নয়?** [RU : 05-06]
Ⓐ নৌ-বিমা Ⓑ অগ্নি বিমা Ⓒ জীবনবিমা Ⓓ শস্য বিমা Ans Ⓒ

**08. কোনটি বাংলাদেশের সরকারি বিমা সংস্থা?** [RU : 99-2000, 08-09]
Ⓐ জনতা বিমা কো. Ⓑ ন্যাশনাল বিমা কো. Ⓒ জীবনবিমা কো. Ⓓ রিলায়েন্স বিমা কো. Ans Ⓒ

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

**01. জীবনবিমা কর্পোরেশন কত সালের আইন দ্বারা প্রতিষ্ঠিত হয়?** [CU : 13-14]
Ⓐ ১৯৬০ Ⓑ ১৯৭১ Ⓒ ১৯৭৩ Ⓓ ১৯৭৫ Ⓔ ১৯৮০ Ans Ⓒ

**02. কোন বিমায় স্থলাভিষিক্ততার নীতি প্রযোজ্য নহে?** [CU : 07-08]
Ⓐ নৌ-বিমা Ⓑ অগ্নি বিমা Ⓒ জীবনবিমা Ⓓ নৌ ও অগ্নি বিমা Ⓔ নৌ ও জীবনবিমা Ans Ⓒ

**03. সর্বাধিক জনপ্রিয়তা অর্জনকারী বিমা হচ্ছে?** [CU : 02-03]
Ⓐ সাধারণ বিমা Ⓑ জীবনবিমা Ⓒ সামাজিক বিমা Ⓓ অগ্নি বিমা Ans Ⓑ

## GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

**01. কোন বিমার ক্ষেত্রে ক্ষতিপূরণের চুক্তি প্রযোজ্য নয়?** [JnU : 17-18, RU : 10-11; DU 7 College : 19-20; BRUR : 17-18]
Ⓐ অগ্নি বিমা Ⓑ জীবনবিমা Ⓒ নৌ-বিমা Ⓓ শস্য বিমা Ans Ⓑ

**02. 'Takaful' শব্দটি সম্পর্কযুক্ত-** [CoU : 13-14]
Ⓐ ইসলামি ব্যাংকিং Ⓑ ইসলামি জীবনবিমা Ⓒ দেউলিয়া Ⓓ সম্পদ পাচার Ans Ⓑ

**03. বর্তমানে বাংলাদেশে কয়টি বিদেশি জীবনবিমা কোম্পানি আছে?** [CoU : 13-14]
Ⓐ ৩ Ⓑ ২ Ⓒ ৫ Ⓓ ১ Ans Ⓓ

**04. জীবনবিমা কোন ধরনের চুক্তি?** [MBSTU : 13-14, PUST : 13-14, IU : 08-05]
Ⓐ ক্ষতিপূরণের চুক্তি Ⓑ অনিশ্চয়তার চুক্তি Ⓒ নিশ্চয়তার চুক্তি Ⓓ বহুপাক্ষিক চুক্তি Ans Ⓒ

**05. আজীবন বিমাপত্র বলতে বোঝায়:** [SUST : 11-12]
Ⓐ বিমাকারী বা বিমাগ্রহীতার মৃত্যুতে তার মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীদেরকে বিমাকৃত অর্থ প্রদানের প্রতিশ্রুতি দেয়া
Ⓑ বিমাকারী ব্যক্তি অবসরগ্রহণের পর যে বিমাকৃত অর্থ গ্রহণ করেন।
Ⓒ বিমাকারী জীবিতাবস্থায় আত্মীয়স্বজনের জন্য যে অর্থনৈতিক নিরাপত্তার ব্যবস্থা করেন।
Ⓓ বিমাকারী কোনো কারণে মানসিক ভারসাম্য হারিয়ে ফেললে সুদসহ বিমাকৃত অর্থের প্রাপ্তি। Ans Ⓐ

**06. কোন বিমার ক্ষেত্রে বিমা দাবি অবশ্যই পরিশোধ করতে হবে?** [IU : 05-06]
Ⓐ জীবনবিমা Ⓑ নৌবিমা Ⓒ দুর্ঘটনা বিমা Ⓓ অগ্নিবিমা Ans Ⓐ

**07. জীবনবিমার ক্ষেত্রে কোনটি প্রযোজ্য?** [IU : 04-05]
Ⓐ অনিশ্চয়তার ঝুঁকি Ⓑ নিশ্চয়তার চুক্তি Ⓒ পুনঃচুক্তি Ⓓ জীবনরক্ষা চুক্তি Ans Ⓑ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর দাবি পরিশোধ করা হয় কোন বিমায়? [CHI-21,22]
Ⓐ জীবন বিমায় Ⓑ গোষ্ঠী বিমায় Ⓒ সাময়িক বিমায় Ⓓ আজীবন বিমাপত্রে **Ans Ⓓ**

02. কোন ধরনের বিমায় মৃত্যু পর্যন্ত প্রিমিয়াম জমা দিতে হয়? [MYM-21]
Ⓐ আজীবন Ⓑ সাময়িক Ⓒ মেয়াদি Ⓓ পুনর্বিমা **Ans Ⓐ**

03. সর্বপ্রথম কে জীবনবিমা সম্পাদন করেন? [RAJ-17]
Ⓐ এম. এন মিশ্র Ⓑ উইলিয়াম গিবস Ⓒ রিচার্ড মার্টিন Ⓓ অধ্যাপক মার্শাল **Ans Ⓒ**

04. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না? [SYL-17, COM-16]
Ⓐ অগ্নি বিমা Ⓑ জীবনবিমা Ⓒ নৌ-বিমা Ⓓ শস্য বিমা **Ans Ⓑ**

05. বিমাগ্রহীতার ভিত্তিতে জীবনবিমা কত প্রকার? [DHA-17]
Ⓐ দুই প্রকার Ⓑ তিন প্রকার Ⓒ চার প্রকার Ⓓ পাঁচ প্রকার **Ans Ⓐ**

06. রফিক একটি বিমাপত্র ক্রয় করেছেন যে বিমাপত্রে বিমার অন্যতম প্রধান নীতি স্থলাভিষিক্ততার নীতি অনুপস্থিত আছে। রফিক কোন ধরনের বিমাপত্র ক্রয় করেছেন? [RAJ-19]
Ⓐ অগ্নি Ⓑ নৌ Ⓒ জীবন Ⓓ দায় **Ans Ⓒ**

07. জীবনবিমা চুক্তিতে বয়স প্রমাণ গুরুত্বপূর্ণ কেন? [DHA-16]
Ⓐ মৃত্যুহার নির্ণয় করার জন্য Ⓑ বিমা দাবি নির্ণয় করার জন্য
Ⓒ বয়সের সাথে প্রিমিয়ামের প্রত্যক্ষ সম্পর্কের জন্য Ⓓ বিমাপত্র প্রদান করার জন্য **Ans Ⓒ**

08. কোন ধরনের জীবনবিমাপত্রে প্রিমিয়ামের হার বেশি হয়? [DHA-16]
Ⓐ মেয়াদি বিমাপত্রে Ⓑ সাময়িক বিমাপত্রে
Ⓒ আজীবন বিমাপত্রে Ⓓ গ্রুপ বিমাপত্রে **Ans Ⓐ**

09. বিমাকৃত ব্যক্তির মৃত্যুর পর বিমা দাবি পরিশোধ করা হয় কোন বিমায়? [CHI-16]
Ⓐ জীবনবিমা Ⓑ আজীবন বিমাপত্র Ⓒ সাময়িক বিমাপত্র Ⓓ গোষ্ঠী বিমা **Ans Ⓑ**

10. কোন ধরনের জীবনবিমাপত্রের মৃত্যু ও মেয়াদপূর্তি উভয়ক্ষেত্রেই বিমা দাবি পরিশোধিত হয়? [RAJ-16]
Ⓐ সাময়িক Ⓑ মেয়াদি Ⓒ আজীবন Ⓓ বিশুদ্ধ মেয়াদি **Ans Ⓑ**

11. জীবনবিমা চুক্তির অপরিহার্য উপাদান হচ্ছে- [DIN-16]
Ⓐ মানব জীবনের সাথে সংশ্লিষ্টতা Ⓑ বস্তুগত বিমাযোগ্যস্বার্থ Ⓒ মনোনয়নযোগ্য Ⓓ হস্তান্তরযোগ্য **Ans Ⓐ**

12. নিচের কোনটি নিশ্চয়তার চুক্তি?
Ⓐ সম্পত্তি বিমাচুক্তি Ⓑ জীবন বিমাচুক্তি Ⓒ দুর্ঘটনা বিমাচুক্তি Ⓓ দায় বিমাচুক্তি **Ans Ⓑ**

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. জীবন জীবিকার ক্ষেত্রে বিদ্যমান ঝুঁকির সম্ভাব্য ক্ষতির বিরুদ্ধে আর্থিক প্রতিরোধ ও প্রতিরক্ষামূলক ব্যবস্থাকে কী বলে?
Ⓐ নৌ-বিমা Ⓑ জীবনবিমা Ⓒ অগ্নি বিমা Ⓓ সম্পত্তি বিমা **Ans Ⓑ**

02. কমপক্ষে কত বছর প্রিমিয়াম জমা দেওয়ার পর যেকোনো সময় ডাক্তারি পরীক্ষা ছাড়াই সীমিত কিস্তি সম্পন্ন আজীবন বিমাপত্রকে মেয়াদি বিমাপত্রে রূপান্তর করা যায়?
Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৪ Ⓓ ৫ **Ans Ⓑ**

03. নিচের কোনটি সাময়িক বিমাপত্রের মেয়াদ?
Ⓐ ২ মাস থেকে ৭ বছর Ⓑ ১ মাস থেকে ২০ বছর
Ⓒ ২ মাস থেকে ৩০ বছর Ⓓ ৭ বছর থেকে ৩০ বছর **Ans Ⓐ**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

04. নিচের কোনটি সাময়িক বিমার উপ শ্রেণি?
Ⓐ স্বল্পকালীন Ⓑ নবায়নযোগ্য Ⓒ পরিবর্তনযোগ্য Ⓓ সবগুলো Ans Ⓓ

05. নিচের কোনটি মেয়াদি বিমাপত্র?
Ⓐ বিশুদ্ধ Ⓑ সাধারণ Ⓒ শিক্ষাবৃত্তি বিমাপত্র Ⓓসবগুলো Ans Ⓓ

06. জীবনবিমার মধ্যে কোনটি থাকা আবশ্যকীয় নয়?
Ⓐ নির্দিষ্ট সময়সীমা Ⓑ বিমাযোগ্য স্বার্থ Ⓒ চূড়ান্ত সদ্বিশ্বাস Ⓓ বার্ষিক প্রিমিয়াম Ans Ⓐ

07. ব্যক্তিগত জীবনে বিমার প্রয়োজন কেন?
Ⓐ ব্যক্তিগত সঞ্চয় সৃষ্টি Ⓑ নিরাপত্তা নিশ্চিতকরণে Ⓒ ব্যক্তিগত সম্পদ সংরক্ষণ Ⓓসবগুলো Ans Ⓓ

08. নিশ্চয়তার চুক্তি-
Ⓐ সামাজিক বিমা Ⓑ অগ্নি বিমা Ⓒ নৌ-বিমা Ⓓ জীবনবিমা Ans Ⓓ

09. যে বিমা চুক্তি দ্বারা বিমাকারী প্রিমিয়ামের বিনিময়ে বিমাগ্রহীতাকে বা মনোনীতকে আর্থিক সহায়তা করে তাকে কী বলে?
Ⓐ নৌ-বিমা Ⓑ দায় বিমা Ⓒ দুর্ঘটনা বিমা Ⓓ জীবনবিমা Ans Ⓓ

10. বিমাযোগ্য স্বার্থ বলতে কী বোঝায়?
Ⓐ বিমাগ্রহীতার আর্থিক লাভ-ক্ষতি Ⓑ বিমাগ্রহীতার শর্তসাপেক্ষ চুক্তি
Ⓒ বিমাগ্রহীতার সঞ্চয় ও বিনিয়োগের উদ্দেশ্য Ⓓ বিমাগ্রহীতার নিশ্চয়তার চুক্তি Ans Ⓐ

11. জীবনবিমা চুক্তিতে অতি প্রয়োজনীয় উপাদান কোনটি?
Ⓐ প্রতিদান Ⓑ চূড়ান্ত সদ্বিশ্বাস Ⓒ বিমাযোগ্য অর্থ Ⓓ সমর্পণ মূল্য Ans Ⓒ

12. জীবনবিমা কীভাবে মুদ্রাস্ফীতি হ্রাস করে?
Ⓐ কর্মসংস্থানের সৃষ্টির মাধ্যমে Ⓑ বিনিয়োগের মাধ্যমে
Ⓒ বাজারে অর্থের সরবরাহ হ্রাস করে Ⓓ বাজারে অর্থের সরবরাহ বৃদ্ধি করে Ans Ⓒ

13. আজীবন বিমাপত্রের মধ্যে কোন বিমাপত্রটি সবচেয়ে জনপ্রিয়?
Ⓐ একক কিস্তি আজীবন বিমাপত্র Ⓑ সীমিত কিস্তি আজীবন বিমাপত্র
Ⓒ রূপান্তরযোগ্য আজীবন বিমাপত্র Ⓓ অবিরাম কিস্তি আজীবন বিমাপত্র Ans Ⓐ

14. আজীবন বিমাপত্রের বৈশিষ্ট্য কোনটি?
Ⓐ প্রিমিয়ামের হার বেশি Ⓑ আপনজনদের আর্থিক নিরাপত্তা প্রদান করা হয়
Ⓒ নির্দিষ্ট সময় পর্যন্ত প্রিমিয়াম প্রদান করতে হয় Ⓓ বিমাগ্রহীতা বিমা দাবি পেয়ে থাকে Ans Ⓑ

15. একটি সুতা ফ্যাক্টরিতে কর্মরত কর্মীদের জন্যে একটি বিমা প্রতিষ্ঠানের সাথে বিমা চুক্তি করা হলো। এটি কোন ধরনের বিমা চুক্তি?
Ⓐ যৌথবিমা Ⓑ গোষ্ঠী বিমা Ⓒ বার্ষিক বিমা Ⓓ বিশ্বস্ততা বিমা Ans Ⓑ

16. মৃত্যুর পরে পরিবার-পরিজনের আর্থিক অসহায়ত্ব দূর করার জন্য কোন পন্থার উদ্ভব হয়?
Ⓐ দায় বিমা Ⓑ বিশ্বস্ততা বিমা Ⓒ সম্পত্তি বিমা Ⓓ জীবনবিমা Ans Ⓓ

17. বিমাযোগ্য স্বার্থ নেই এমন ক্ষেত্র কোনটি?
Ⓐ নিজের জীবনে নিজের Ⓑ দেনাদারের জীবনে পাওনাদারের
Ⓒ পাওনাদারের জীবনে দেনাদারের Ⓓ স্ত্রীর জীবনে স্বামীর Ans Ⓒ

18. নিচের কোন ধরনের জীবনবিমার সাথে সম্পত্তি বিমার অধিক মিল লক্ষণীয়?
Ⓐ সাময়িক Ⓑ আজীবন Ⓒ মেয়াদি Ⓓ বৃত্তি Ans Ⓐ

19. কোন ধরনের বিমাপত্রের ক্ষেত্রে একক কিস্তি পরিকল্পনা বিশেষভাবে প্রযোজ্য?
Ⓐ সাময়িক Ⓑ বৃত্তি Ⓒ মেয়াদি Ⓓ আজীবন Ans Ⓒ

20. সামাজিক বিমা সংক্রান্ত সুযোগ সুবিধা পাওয়া যায় কোন বিমাপত্রে?
Ⓐ আজীবন Ⓑ মেয়াদি Ⓒ সাময়িক Ⓓ মুনাফাসহ Ans Ⓑ

21. কোন জীবনবিমাপত্রের ক্ষেত্রে ঋণ সুবিধা পাওয়া যায়?
Ⓐ গোষ্ঠী Ⓑ মেয়াদি Ⓒ সাময়িক Ⓓ যৌথ বিমা Ans Ⓑ



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Type 2 জীবন বিমা চুক্তি সম্পাদন প্রক্রিয়া ও দাবি আদায়

### Step 1 BASIC INFORMATION

☐ **জীবন বিমা চুক্তির সম্পাদন প্রক্রিয়া (Implementation process of Life insurance contract):**

১. **প্রস্তাব প্রদান:** কেউ জীবন বিমা করতে আগ্রহী হলে তাকে বিমা কোম্পানির অফিস থেকে বা বিমা প্রতিনিধির নিকট হতে সর্বাগ্রে ছাপানো বিমা প্রস্তাব ফরম সংগ্রহ করতে হয়। এরূপ বিমা ফরম নিম্নোক্ত দু'ধরনের হয়ে থাকে।
(ক) ডাক্তারি পরীক্ষাযুক্ত প্রস্তাব ফরম (বড় অঙ্কের প্রস্তাবের জন্য) ও
(খ) ডাক্তারি পরীক্ষাবিহীন প্রস্তাব ফরম (ছোট অঙ্কের বা সাধারণ প্রস্তাবের জন্য)।
অতঃপর এই ফরম যথাযথভাবে পূরণ করে বিমা কোম্পানিতে জমা দিলে তা প্রস্তাব হিসেবে গণ্য হয়। এরূপ ফরমে বিমাপত্র গ্রহণেচ্ছু ব্যক্তির পরিচয়, বয়স, পেশা, শারীরিক সুস্থতা, বিমাপত্রের ধরন, বিমাকৃত অঙ্কের পরিমাণ এবং প্রয়োজনীয় তথ্য সম্বলিত প্রশ্নমালা সন্নিবেশিত থাকে। এর ওপর ভিত্তি করেই বিমা প্রস্তাব গ্রহণ, প্রিমিয়াম নির্ধারণ ইত্যাদি বিষয় নির্ধারিত হয় বিধায় এতে মিথ্যাবর্ণনা বা প্রতারণার আশ্রয় গ্রহণ করা কোন ক্রমেই উচিত নয়। এর সাথে বিমাকৃত ও মনোনীত ব্যক্তি বা ব্যক্তিদের ছবি জমা দিতে হয়।

২. **প্রস্তাব বিবেচনা:** প্রস্তাব পাওয়ার পর বিমা কোম্পানি তা বিশেষভাবে পর্যালোচনা করে। এক্ষেত্রে প্রস্তাবকারীর পেশা, বয়স, স্বাস্থ্যগত বর্ণনা, পরিবারের স্বাস্থ্য সম্পর্কিত ইতিহাস ইত্যাদি বিশেষভাবে বিবেচনায় আনা হয়। প্রস্তাবকারীর পেশা ঝুঁকিপূর্ণ হলে, বয়স বেশি হলে, শারীরিক অসুস্থতা বা অস্বাভাবিকতা থাকলে তা বিশেষভাবে চিহ্নিত করা হয়। অতঃপর ঝুঁকি বহনযোগ্য মনে হলে পরবর্তী পদক্ষেপ গৃহীত হয়।

৩. **ডাক্তারি পরীক্ষা রিপোর্ট সংগ্রহ:** ডাক্তারি পরীক্ষাযুক্ত ফরমে আবেদনকারী ব্যক্তিকে এ পর্যায়ে জীবন বিমা প্রতিষ্ঠানের নিজস্ব ডাক্তার স্বাস্থ্য পরীক্ষা করেন। ডাক্তার এ পর্যায়ে বিমাপত্র গ্রহণেচ্ছু ব্যক্তিকে লিখিত প্রশ্ন করে স্বাস্থ্য সম্পর্কিত বিভিন্ন বিষয়ে জেনে নেয়ার চেষ্টা করেন এবং বিমাগ্রহীতার বুক, হৃৎপিন্ড, ফুসফুস, রক্ত, ওজন, উচ্চতা ইত্যাদি পরীক্ষা করে রিপোর্ট প্রদান করেন।

৪. **বিমা প্রতিনিধির রিপোর্ট সংগ্রহ:** জীবন বিমার চুক্তিতে কোম্পানির পক্ষে বিমা প্রতিনিধির একটা মুখ্য ভূমিকা থাকে। তাই এ পর্যায়ে প্রস্তাবিত ব্যক্তি সম্পর্কে বিমা প্রতিনিধির রিপোর্ট সংগ্রহ করা হয়। এরূপ রিপোর্ট যদিও সাধারণভাবে বিমা প্রস্তাবকের পক্ষে যায় তথাপিও এটা নেয়ার অর্থ হলো বিমা প্রতিনিধিকে চুক্তির সাথে সম্পৃক্ত করা এবং তাকে চুক্তির জন্য দায়বদ্ধ করা।

৫. **প্রয়োজনে অতিরিক্ত তথ্য সংগ্রহ:** বিমা চুক্তিতে বিমা প্রস্তাবক প্রদত্ত তথ্যাবলি সম্পর্কে অধিক নিশ্চিত হওয়ার জন্য বিমা কোম্পানি প্রয়োজনে আরো কোনো সূত্র থেকেও প্রস্তাবক সম্পর্কে জানার চেষ্টা চালায়। এক্ষেত্রে নিম্নোক্ত দু'টি উৎস গুরুত্বপূর্ণ বিবেচিত হয়।
(ক) বিমাপত্র গ্রহণেচ্ছু ব্যক্তির ব্যক্তিগত ডাক্তার ও (খ) তার ঘনিষ্ঠ কোনো বন্ধু।

৬. **বয়সের প্রমাণ:** জীবন বিমার প্রস্তাব বিবেচনার ক্ষেত্রে পলিসি গ্রহণেচ্ছু ব্যক্তির জন্ম তারিখ ও বয়স খুবই গুরুত্বপূর্ণ। কারণ বয়সের সাথে প্রিমিয়ামের প্রত্যক্ষ সম্পর্ক থাকে। তাই উল্লিখিত জন্ম তারিখের সত্যতা প্রমাণের জন্য তাকে প্রমাণপত্র জমা দিতে হয়। নিম্নোক্ত যে কোন বিষয় এক্ষেত্রে প্রমাণপত্র বিবেচিত হতে পারে:
(ক) শিক্ষা সনদপত্র
(খ) পাসপোর্টের কপি
(গ) স্থানীয় সংস্থা প্রদত্ত বার্থ সার্টিফিকেট
(ঘ) জন্মের সময় তৈরি কোষ্ঠীনামা
(ঙ) ব্যাপ্টিজম সার্টিফিকেট ইত্যাদি।
এরূপ প্রমাণপত্র চুক্তি করার সময় দাখিল না করে দাবি আদায়ের পূর্বেও করা যায়।

৭. **প্রস্তাব নির্বাচন:** আবেদনপত্রের ফরম, ডাক্তারি রিপোর্ট ও অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র পাওয়ার পর বিমা প্রতিষ্ঠান পর্যালোচনাপূর্বক আবেদনপত্রসমূহকে নিম্নোক্ত চারটি ভাগে ভাগ করে:

| শ্রেণি | অবস্থা |
|---|---|
| ১ম শ্রেণি | যে সকল বিমা প্রস্তাব প্রস্তাবিত বিমা হারেই গ্রহণযোগ্য। |
| ২য় শ্রেণি | যে সকল বিমা প্রস্তাব বাড়তি প্রিমিয়াম ধার্য করে বা কোনো শর্তসাপেক্ষে গ্রহণযোগ্য। |
| ৩য় শ্রেণি | যে সকল বিমা প্রস্তাব সরাসরি প্রত্যাখ্যানযোগ্য নয়, আরো ডাক্তারি পরীক্ষা ও খোঁজখবর নেয়া প্রয়োজন। |
| ৪র্থ শ্রেণি | যে সকল বিমা প্রস্তাব গ্রহণযোগ্য নয়। |

৮. **প্রস্তাব গ্রহণ বা স্বীকৃতি:** প্রস্তাব নির্বাচনের পর প্রথম শ্রেণির প্রস্তাবকারীদের প্রস্তাব গ্রহণপূর্বক স্বীকৃতিপত্র বা সম্মতিপত্র ইস্যু করা হয়। এর সাথে প্রথম প্রিমিয়ামের পরিমাণ এবং তা পরিশোধের সময় ও স্থান জানানো হয়। এরূপ প্রিমিয়াম জমা হওয়ার পর এবং রসিদ ইস্যু করা হলেই প্রস্তাবিত জীবন বিমা চুক্তির সম্পাদিত হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**৯. বিমাপত্র প্রদান:** প্রস্তাবক বা বিমাগ্রহীতার নিকট হতে প্রথম কিস্তির টাকা জমা পাওয়ার পর যত দ্রুত সম্ভব বিমা কোম্পানি বিমাপত্র তৈরি করে তা বিমাগ্রহীতাকে প্রদানের ব্যবস্থা করে। এরূপ জীবন বিমাপত্রে বিমাগ্রহীতার নাম, পিতার নাম, ঠিকানা, পেশা, বয়স, বিমাকৃত টাকার পরিমাণ, বিমাপত্রের ধরন, মেয়াদ, প্রিমিয়ামের হার, মনোনীত ব্যক্তির নাম ইত্যাদি সকল প্রয়োজনীয় বিষয় লেখা থাকে। এরূপ দলিল বিমার প্রমাণপত্র হিসেবে বিবেচিত হয়।

## ❑ জীবন বিমা দাবি আদায় পদ্ধতি (Claim colletion procedure of life insurance) :

জীবন বিমা চুক্তিতে বিমাকৃত বিপদে উদ্ভুত হানি বা ক্ষতির ক্ষেত্রে অথবা নির্দিষ্ট মেয়াদ শেষে বিমাকারী প্রতিশ্রুতি অনুযায়ী নির্দিষ্ট পরিমাণ অর্থ বিমাদাবি হিসেবে পরিশোধ করে। বিমাদাবি বলতে সাধারণত বিমাকৃত অঙ্ক (Insured sum)-কে বুঝালেও মুনাফাসহ জীবন বিমা পলিসিতে বিমাকৃত অঙ্কের সাথে মুনাফা যোগ হয়। বিমাপত্রের শ্রেণিবিন্যাস অনুযায়ী সাধারণত নিচের অবস্থায় বিমাদাবি পরিশোধের প্রয়োজন পড়ে:

| ক্রমিক নং | বিমাপত্রের ধরন | বিমাদাবি উদ্ভবের কারণ |
|---|---|---|
| ১. | সাময়িক বিমাপত্র | নির্দিষ্ট সময়ের মধ্যে বিমাকৃত ব্যক্তি মারা গেলে |
| ২. | আজীবন বিমাপত্র | বিমাকৃত ব্যক্তির মৃত্যু ঘটলে |
| ৩. | মেয়াদি বিমাপত্র | মেয়াদের মধ্যে বিমাকৃত ব্যক্তি মারা গেলে বা জীবিতাবস্থায় মেয়াদকাল পূর্ণ করলে |

**বিভিন্ন অবস্থায় জীবন বিমার দাবি আদায় পদ্ধতি নিচে আলোচনা করা হলো:**

**১. নির্ধারিত মেয়াদ অন্তে দাবি পরিশোধ:** মেয়াদি বিমাপত্রের বেলায় সাধারণত পত্রে উল্লেখিত মেয়াদ পূর্ণ হলে বিমাদাবি পরিশোধের প্রয়োজন দেখা দেয়। এক্ষেত্রে বিমাকৃত ব্যক্তি বা বিমাগ্রহীতা সরাসরি বিমাকারী বরাবর বিমাপত্র উপস্থাপন করে বিমাদাবি আদায়ের ব্যবস্থা করে। অবশ্য বিমাকৃত ব্যক্তির বয়সের প্রমাণ পূর্বে উপস্থাপন করা না হলে এ পর্যায়ে অবশ্যই তা দাখিল করতে হয়। অতঃপর বিমা প্রতিষ্ঠান পাওনা নির্ধারণপূর্বক দাবি পরিশোধের ব্যবস্থা করে।

**২. বিমাকৃত ব্যক্তির মৃত্যুতে দাবি পরিশোধ:** মেয়াদি বিমার ক্ষেত্রে মেয়াদপূর্তির পূর্বে বিমাকৃত ব্যক্তির মৃত্যু হলে অথবা আজীবন বা সাময়িক বিমাপত্রের ক্ষেত্রে বিমাকৃত ব্যক্তির মৃত্যু ঘটলে তখন বিমাপত্রে উল্লেখিত মনোনীত ব্যক্তি অন্যথায় বিমাকৃত ব্যক্তির উত্তরাধিকারীরা বিমাদাবি আদায়ের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করে। এক্ষেত্রে যে সকল পদক্ষেপ নিতে হয় তা নিম্নে আলোচিত হলো:

**(ক) বিমাকৃত ব্যক্তির মৃত্যু সম্পর্কে অবহিতকরণ:** বিমাকৃত ব্যক্তির মৃত্যু হলে সেক্ষেত্রে মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীদের দায়িত্ব হলো যথাশীঘ্র বিমা প্রতিষ্ঠানকে বিষয়টি অবহিত করা। অবশ্য বিমা প্রতিনিধিও এ বিষয়টি অবহিত করতে পারেন।

**(খ) বিমাদাবির ফরম পূরণ:** বিমা কোম্পানিকে অবহিত করার পর বিমা কোম্পানি মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গকে বিমাদাবির ফরম প্রদান করে। এই ফরমে নিম্নোক্ত তিনটা অংশ থাকে:

(i) বিমাকৃত ব্যক্তি সংক্রান্ত সাধারণ তথ্যাবলি।

(ii) মৃত্যু বিষয়ে ডাক্তারের প্রতিবেদন এবং

(iii) স্থানীয় সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বিমাকৃত ব্যক্তির মৃত্যুর প্রত্যয়নপত্র।

**(গ) কাগজপত্রাদি সংযুক্তকরণ:** উপরোক্ত প্রতিবেদন ও প্রত্যয়নপত্রের বাইরেও বিভিন্ন কাগজপত্র বিমাদাবিপত্রের সাথে সংযুক্ত করার প্রয়োজন পড়ে; এর মধ্যে অন্যতম হলো:

(i) বিমাপত্রের কপি।

(ii) সৎকার বা কবরস্থ করা হয়েছে এমন স্থানের প্রদত্ত রসিদ (যদি থাকে)।

(iii) বয়সের প্রমাণপত্র (যদি পূর্বে প্রদত্ত না হয়ে থাকে) যেমন- শিক্ষা সনদ, জাতীয় পরিচয়পত্র, পাসপোর্টের কপি, স্থানীয় সংস্থার জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি।

(iv) দুর্ঘটনায় মৃত্যুর ক্ষেত্রে পুলিশের তদন্ত রিপোর্ট ও পোস্টমর্টেম রিপোর্ট।



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

(ঘ) **মনোনীত ব্যক্তির প্রমাণ দাখিল:** বিমাকৃত ব্যক্তি বিমাপত্রে যদি এক বা একাধিক ব্যক্তির নাম মনোনীত করে থাকেন তবে তার মৃত্যুর ক্ষেত্রে উক্ত মনোনীত ব্যক্তি বা ব্যক্তিবর্গ বিমাদাবি পাওয়ার অধিকারী হন। এ পর্যায়ে তাদের যথার্থতার বিষয়ে প্রমাণ দিতে হয়। জাতীয় পরিচয় পত্র, শিক্ষা সনদ, পাসপোর্ট, স্থানীয় সংস্থার প্রদত্ত সনদ ইত্যাদি এরূপ প্রমাণপত্র হিসেবে গৃহীত হয়। এরূপ পরিচয় সহজ করার জন্য বর্তমানে বিমা আবেদন ফরমের সাথে মনোনীত ব্যক্তির ছবিও সংরক্ষণ করা হয়ে থাকে।

(ঙ) **উত্তরাধিকারীর সনদপত্র দাখিল:** বিমাকৃত ব্যক্তি যদি বিমাপত্রে কোনো মনোনীত ব্যক্তির নাম উল্লেখ করে না যান বা করলেও পরবর্তীতে তা প্রত্যাহার করেন তবে জেলা জজের নিকট থেকে উত্তরাধিকারীর সনদপত্র বা ক্ষেত্রবিশেষে স্থানীয় পরিষদের প্রদত্ত এরূপ সনদ উত্তরাধিকারীদেরকে জমা দিতে হয়। উল্লেখ্য, বিমাকারী কর্তৃক স্বত্বনিয়োগীর কাছে বিমাপত্র হস্তান্তর করা হলে স্বত্বনিয়োগীকে তার পরিচয় ও আইনগত বৈধতা সম্পর্কে বীমা প্রতিষ্ঠানের কাছে প্রমাণ দাখিল করার প্রয়োজন পড়ে।

(চ) **দাবি পরিশোধ:** প্রয়োজনীয় কাগজ-পত্র ও প্রমাণাদি পেয়ে বিমা প্রতিষ্ঠান সন্তুষ্ট হলে বিমাদাবি পরিশোধের ব্যবস্থা করে। উল্লেখ্য, বয়সের প্রমাণ এ পর্যায়ে দেয়া হলে যদি তা বিমাপত্রে উল্লেখিত বয়সের সাথে অমিল হয় তবে অতিরিক্ত প্রিমিয়াম বিমা দাবির সাথে নিষ্পত্তি করা হয়ে থাকে। আরও উল্লেখ্য, মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীদের কেউ নাবালক হলে সেক্ষেত্রে বিমা কোম্পানি বিমাদাবির অর্থ উক্ত নাবালকের অভিভাবককে প্রদান করতে পারে। সেক্ষেত্রে আইন অনুযায়ী উক্ত অভিভাবককে তার অভিভাবকত্বের সনদ আদালত থেকে সংগ্রহ করতে হয়। অন্যথায় উক্ত অর্থ নাবালকের নামে জমা থাকে। যা সে সাবালক হলে উঠাতে পারে।

৩. **বহুমুখী উদ্দেশ্যসম্পন্ন মেয়াদি বিমার ক্ষেত্রে আংশিক দাবি পরিশোধ:** বহুমুখী উদ্দেশ্যসম্পন্ন মেয়াদি বিমাপত্রের বেলায় চুক্তিপত্রে উল্লেখিত কোনো দুর্ঘটনা বা অসুস্থতার কারণে আংশিক বিমাদাবির উদ্ভব হলে সেক্ষেত্রে অবস্থা অনুযায়ী নিম্নোক্ত প্রয়োজনীয় প্রমাণপত্র দাখিল করতে হয়:

(ক) দুর্ঘটনার ক্ষেত্রে পুলিশ তদন্ত রিপোর্ট।

(খ) আংশিক বা পূর্ণাঙ্গ অক্ষমতার ক্ষেত্রে বিশেষজ্ঞ ডাক্তারের সনদপত্র।

(গ) হাসপাতাল খরচের ক্ষেত্রে হাসপাতাল প্রদত্ত ভাউচার ইত্যাদি।

এভাবে দাবির যথার্থতা প্রমাণ সাপেক্ষে বিমা প্রতিষ্ঠান চুক্তির শর্ত অনুযায়ী দাবি পূরণ করে। অবশ্য অসুস্থতার ক্ষেত্রে ডাক্তার ও হাসপাতাল সুবিধা বিমা প্রতিষ্ঠান প্রদান করে থাকলে সেক্ষেত্রে হাসপাতাল ভাউচারের প্রয়োজন পড়ে না।

৪. **নিখোঁজ বিমাগ্রহীতার ক্ষেত্রে দাবি পরিশোধ:** নিখোঁজ বিমাগ্রহীতার মৃত্যু সম্পর্কীত প্রমাণের অভাবে দাবি পরিশোধে সমস্যা দেখা দেয়। এ অবস্থায় আদালতের দ্বারস্থ হওয়া ছাড়া কোনো গত্যন্তর থাকে না। কোনো বিমাকৃত ব্যক্তি সাত বছর বা তার অধিককাল নিরুদ্দেশ থাকলে পরিবারের কোনো সদস্য বা মনোনীত ব্যক্তির পক্ষ থেকে জেলা জজের আদালতে উক্ত ব্যক্তিবর্গ মৃত ঘোষণার অনুরোধ জানিয়ে আবেদন করেন। আদালত উক্ত ব্যক্তির নিখোঁজ হওয়ার বিষয়ে পুলিশ তদন্ত রিপোর্ট এবং যথাযথ অনুসন্ধান করা হয়েছে এ মর্মে প্রমাণপত্র পেয়ে সন্তুষ্ট হলে নিখোঁজ ব্যক্তিকে মৃত ঘোষণা করে। অতঃপর যথাযথ প্রমাণসাপেক্ষে মনোনীত ব্যক্তি বা উত্তরাধিকারীদেরকে বিমাদাবি পরিশোধ করা হয়।

## Step 2 At a Glance : Most Important Information

- একজন ব্যক্তি ৭ বছরের বেশি নিখোঁজ থাকলে তাকে – **মৃত বলে গণ্য করা হয়।**
- জীবনবিমা হলো এমন একটি চুক্তি যেখানে নির্দিষ্ট প্রিমিয়ামের বিনিময়ে নির্দিষ্ট সময় শেষে অথবা – **বিমাকারীর মৃত্যুতে দাবি পরিশোধ করে।**
- মেয়াদি বিমাপত্রের বেলায় সাধারণত পত্রে উল্লেখিত মেয়াদ পূর্ণ হলে বিমাদাবি পরিশোধের প্রয়োজন দেখা দেয়।
- প্রয়োজনীয় কাগজ-পত্র ও প্রমাণাদি পেয়ে বিমা প্রতিষ্ঠান সন্তুষ্ট হলে বিমাদাবি পরিশোধের ব্যবস্থা করে।
- ডাক্তারি পরীক্ষাযুক্ত ফরমে আবেদনকারী ব্যক্তিকে এ পর্যায়ে জীবন বিমা প্রতিষ্ঠানের নিজস্ব ডাক্তার স্বাস্থ্য পরীক্ষা করেন।
- জন্ম তারিখের সত্যতা প্রমাণের জন্য তাকে প্রমাণপত্র জমা দিতে হয়।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## Step 3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

**01. বিমাযোগ্য স্বার্থের উপস্থিতি জীবনবিমার কোন পর্যায়ে থাকা বাধ্যতামূলক?** [DU : 13-14]

Ⓐ ক্ষতির সময় Ⓑ আবেদনের সময়
Ⓒ বিমাগ্রহীতার মৃত্যুর সময় Ⓓ পলিসি চালুকালীন সময়ব্যাপিয়া

Ans Ⓑ

### GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

**01. বিমাকৃত ব্যক্তি বেঁচে থাকা পর্যন্ত যে বিমাপত্রের দাবি পরিশোধ করা হয় না তাকে কী বলে?** [BRUR : 13-14]

Ⓐ সাময়িক বিমাপত্র Ⓑ আজীবন বিমাপত্র
Ⓒ মেয়াদি বিমাপত্র Ⓓ একক বিমাপত্র

Ans Ⓑ

**02. জীবনবিমা চুক্তি সম্পাদনে বয়সের প্রমাণ গ্রহণের সবচেয়ে গুরুত্বপূর্ণ ধারণা কোনটি?** [BRUR : 13-14]

Ⓐ বিমাগ্রহীতার সততা বিচার
Ⓑ অন্য বিমাগ্রহীতার সাথে তুলনা
Ⓒ সঠিকভাবে বিমাদাবি নিরূপণ
Ⓓ সঠিকভাবে প্রিমিয়াম নির্ধারণ

Ans Ⓒ

**03. কোন বিমার ক্ষেত্রে বিমা দাবি অবশ্যই পরিশোধ করতে হবে?** [IU : 05-06]

Ⓐ জীবনবিমা Ⓑ নৌবিমা
Ⓒ দুর্ঘটনা বিমা Ⓓ অগ্নিবিমা

Ans Ⓐ

## Step 4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

**01. জীবনবিমা চুক্তিতে বয়স প্রমাণ গুরুত্বপূর্ণ কেন?** [DHA-16]

Ⓐ মৃত্যুহার নির্ণয় করার জন্য
Ⓑ বিমা দাবি নির্ণয় করার জন্য
Ⓒ বয়সের সাথে প্রিমিয়ামের প্রত্যক্ষ সম্পর্কের জন্য
Ⓓ বিমাপত্র প্রদান করার জন্য

Ans Ⓒ

## Step 5 : NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**01. জীবনবিমা চুক্তি সম্পাদন প্রক্রিয়ায় সর্বপ্রথম কোন কাজটি করতে হয়?**

Ⓐ প্রস্তাব প্রদান Ⓑ ডাক্তারি পরীক্ষা ও রিপোর্ট
Ⓒ প্রস্তাব গ্রহণ Ⓓ প্রাথমিক আনুষ্ঠানিকতাসমূহ

Ans Ⓐ

**02. বিমাগ্রহীতার মৃত্যু ঘটলেই কেবল বিমাদাবি পূরণের প্রশ্ন আসে কোন বিমা ব্যবস্থায়?**

Ⓐ মেয়াদি বিমার ক্ষেত্রে Ⓑ আজীবন বিমার ক্ষেত্রে
Ⓒ নৌবিমার ক্ষেত্রে Ⓓ জীবনবিমার ক্ষেত্রে

Ans Ⓑ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Type 3

# বিবিধ

Step 1

## BASIC INFORMATION

### ☐ প্রিমিয়াম (Premium) :

- বিমা চুক্তিতে বিমাকারী ঝুঁকি বহনের বা অর্থ প্রদানের যে নিশ্চয়তা দেয় তার বিপক্ষে বিমাগ্রহীতা যে অর্থ প্রদান করে তাকে প্রিমিয়াম বলে।
- এরূপ অর্থ বিমাগ্রহীতা বিমাকারীকে প্রদান করে।
- বিমাগ্রহীতার ঝুঁকি নিজে বহনের প্রতিশ্রুতিতে বিমাকারী এরূপ অর্থ পায়।
- চুক্তির শর্তানুযায়ী এটা একবারে বা কিস্তিতে কিস্তিতে প্রদত্ত হতে পারে।

### ☐ বোনাস (Bonus):

- স্বাভাবিক বা প্রত্যাশার বাইরে কোনো প্রাপ্তি ঘটলে তাকে বোনাস বলে।
- জীবন বিমা ব্যবসায়ের ক্ষেত্রে লাভের অংশবিশেষ বিমাপত্রধারীদের মধ্যে বণ্টন করা হলে তাকেও বোনাস বলা হয়ে থাকে।
- প্রতিষ্ঠানের মুনাফাযুক্ত বিমাপত্র ধারীদের মধ্যেই শুধু এরূপ অর্থ বণ্টন করা হয়।
- যে কারণে মুনাফাবিহীন বিমাপত্র অপেক্ষা এক্ষেত্রে প্রিমিয়ামের হার বেশি হয়।
- জীবন বিমায় বোনাসের নিম্নোক্ত বৈশিষ্ট্য লক্ষণীয়:
  - ✓ জীবন বিমা ব্যবসায়ে বিমাপত্রধারীদের মধ্যে বণ্টিত লাভের অংশই হলো বোনাস।
  - ✓ মুনাফাযুক্ত বিমাপত্রধারীদেরকেই শুধু বোনাস প্রদান করা হয়।
  - ✓ এটি হলো জীবন বিমা ব্যবসায়ের ফান্ড সৃষ্টিতে বিমাপত্রধারীদের অবদানের স্বীকৃতি।

### ☐ বার্ষিক বৃত্তি (Annuity):

- ল্যাটিন 'Annus' শব্দ থেকে উদ্ভূত ইংরেজি 'Annuity' শব্দের বাংলা অর্থ হলো বার্ষিক বৃত্তি।
- বিমা জগতে কোনো ব্যক্তিকে বিমা কোম্পানির পক্ষ হতে মৃত্যুকাল অবধি বা জীবনের একটা নির্দিষ্ট সময় পর্যন্ত প্রতি বছর নির্দিষ্ট হারে অর্থ প্রদান করাই এক্ষেত্রে বার্ষিক বৃত্তি হিসেবে গণ্য।
- বার্ষিক বৃত্তি হলো নির্দিষ্ট সময়কাল বা মৃত্যুকাল অবধি নির্দিষ্ট হারে ভাতা বা বৃত্তি লাভের ব্যবস্থা।
- এক্ষেত্রে বৃত্তিগ্রহীতা একবারে বা কিস্তিতে নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত বিমা কোম্পানিকে প্রিমিয়াম প্রদান করে।
- চুক্তি অনুযায়ী প্রিমিয়াম প্রদানের পর থেকে বা নির্দিষ্ট মেয়াদ পর থেকে এ ধরনের বৃত্তি প্রদান শুরু হয়।
- চুক্তি অনুযায়ী বৃত্তিগ্রহীতার মৃত্যুকাল অবধি বা নির্দিষ্ট সময় পর্যন্ত এরূপ বৃত্তি প্রদান চালু থাকে এবং
- শেষ বয়সের অবলম্বন হিসেবে যারা বিমাকে প্রত্যাশা করে তারা এরূপ পলিসি সংগ্রহ করে।

### ☐ সমর্পণ মূল্য (Surrender Value):

- বিমাপত্রের মেয়াদপূর্তির পূর্বেই বিমাপত্র সমর্পণ করে যে মূল্য বা প্রতিদান চাওয়া হয় তাকেই সমর্পণ মূল্য বলা হয়।
- কমপক্ষে ২ বছর মেয়াদ উত্তীর্ণ না হলে সাধারণত সমর্পণ মূল্য প্রদান করা হয় না।
- বাংলাদেশে সমর্পন মূল্য দেয়া হয় সর্বোচ্চ ৮০%.

### ☐ মৃত্যুহারপঞ্জি (Death mortality table):

- এটি নির্দিষ্ট বয়সের লোকদের হাজার প্রতি মৃত্যুহার তালিকা;
- অতীত পর্যবেক্ষণ থেকে এরূপ পঞ্জি বা তালিকা প্রস্তুত করা হয় এবং
- এরূপ পঞ্জি মৃত্যুঝুঁকি ও প্রিমিয়ামের পরিমাণ নির্ধারণে সহায়তা করে।
- $\text{মৃত্যুহার} = \frac{\text{বছরে মোট মৃত্যু ব্যক্তির সংখ্যা}}{\text{বছরের শুরুতে জীবিত ব্যক্তির সংখ্যা}} \times ১০০$ ।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**14. মৃত্যুহার পঞ্জি হলো-** [BAR-16]
Ⓐ জনপ্রতি মৃত্যুর হার Ⓑ বিমাকৃত ব্যক্তির সংখ্যা Ⓒ বার্ষিক মৃত্যুর সংখ্যা Ⓓ হাজারপ্রতি মৃত্যু হার Ans Ⓓ

**15. জীবনবিমার ক্ষেত্রে বিমাকৃত অর্থের সাথে ঘোষিত বোনাস যুক্ত হয়ে যখন পরিশোধ করা হয় তখন তাকে কী বলে?** [BAR-17]
Ⓐ প্রত্যাবর্তনশীল বোনাস Ⓑ নগদ বোনাস Ⓒ কিস্তি হ্রাসকারী বোনাস Ⓓ বাট্টাকৃত বোনাস Ans Ⓐ

**16. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?** [SYL-17, COM-16]
Ⓐ অগ্নি বিমা Ⓑ জীবনবিমা Ⓒ নৌ-বিমা Ⓓ শস্য বিমা Ans Ⓑ

**17. প্রিমিয়াম দিতে অসমর্থ ব্যক্তিকে বিমা কোম্পানি যে মূল্য ফেরত দেয় তাকে কী বলে?**
Ⓐ বোনাস Ⓑ সমর্পণ মূল্য Ⓒ বৃত্তি Ⓓ ক্ষতিপূরণ

**18. একটি পলিসি কতদিন চালানোর পর পলিসিটি বন্ধের আবেদন করা যায়?**
Ⓐ এক বছরের কম Ⓑ এক বছরের উর্ধ্বে Ⓒ দুই বছরের কম Ⓓ দুই বছরের উর্ধ্বে

**19. বিমাপত্র চালাতে অসমর্থ হলে বিমা প্রতিষ্ঠান বিমাগ্রহীতাকে যে মূল্য ফেরত দেয় তাকে কী বলে?**
Ⓐ বোনাস Ⓑ বৃত্তি Ⓒ সমর্পণ মূল্য Ⓓ মুনাফা Ans Ⓒ

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**01. কমপক্ষে কত বছর সময় উত্তীর্ণ না হলে সমর্পণ মূল্য প্রদান করা হয় না?**
Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৩ Ⓓ ৮ Ans Ⓑ

**02. মুনাফাযুক্ত বিমাপত্রের শতকরা কত ভাগ পর্যন্ত সমর্পণ মূল্য হিসেবে প্রদান করা যেতে পরে?**
Ⓐ ৪০ Ⓑ ৫০ Ⓒ ৬০ Ⓓ ৭০ Ans Ⓓ

**03. পরিশোধিত প্রিমিয়ামের যে অংশ বিমাপত্র সমর্পণের সময় বিমাগ্রহীতাকে ফেরত প্রদান করা হয়, তাকে কী বলে?**
Ⓐ সমর্পণ মূল্য Ⓑ অধিমূল্য Ⓒ বার্ষিক বৃত্তি Ⓓ সুদ Ans Ⓐ

**04. কততম প্রিমিয়াম জমা দেওয়ার পরই বিমাগ্রহীতার প্রস্তাব কার্যকর হয়?**
Ⓐ প্রথম Ⓑ দ্বিতীয় Ⓒ তৃতীয় Ⓓ চতুথ Ans Ⓐ

**05. বিমাকারী কর্তৃক অন্যের ঝুঁকি গ্রহণের বিনিময় মূল্যকে কী বলে?**
Ⓐ বৃত্তি Ⓑ প্রিমিয়াম Ⓒ মুনাফা Ⓓ বোনাস Ans Ⓑ

## Type 4 লিখিত প্রশ্নোত্তর

### Step-1 ▶ এক কথায় প্রশ্নোত্তর

- এমন একটি চুক্তির যেখানে প্রিমিয়াম পরিশোধের প্রতিদান হিসেবে বিমাকারী বিমাগ্রহীতার মৃত্যুতে বা নির্দিষ্ট মেয়াদ শেষে নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধের দায়িত্ব গ্রহণ করে তাকে কি বলে? **-জীবন বিমা**
- যে জীবন বিমায় শর্তানুযায়ী বিমাগ্রহীতার মৃত্যুর পূর্ব পর্যন্ত প্রিমিয়াম প্রদান করা হয় এবং তার মৃত্যুর পর উত্তরাধিকারী বা মনোনীত ব্যক্তিকে বিমাদাবি পরিশোধ করা হয় তাকে কি বলে? **-আজীবন বিমাপত্র**
- সাধারণত যে বিমাপত্রের মেয়াদকাল সর্বনিম্ন তিন মাস থেকে সর্বোচ্চ সাত বছর পর্যন্ত মেয়াদকালের হয়ে থাকে তাকে কি বলে? **-সাময়িক বিমাপত্র**
- সাধারণত যে বিমাপত্রের সর্বনিম্ন মেয়াদকাল ৭ বছর পর্যন্ত হয়ে থাকে তাকে কি বলে? **-মেয়াদি বিমাপত্র**
- যে বিমাপত্রের দ্বারা একাধিক ব্যক্তির জীবন বিমা-গৃহীত হয় তাকে কি বলে? **-যৌথ বিমা**
- একই প্রতিষ্ঠানের কর্মরত ব্যক্তি বা একই পেশার লোকেরা নির্দিষ্ট প্রিমিয়ামের বিনিময়ে যে বিমাপত্র গ্রহণ করে তাকে কি বলে? **-গোষ্ঠী বিমা**
- বিমা চুক্তিতে নির্দিষ্ট সময় পর পর বাধ্যতামুলকভাবে যে অর্থ প্রতিদান হিসেবে বিমা কোম্পানিকে পরিশোধ করা হয় তাকে কি বলে? **-প্রিমিয়াম**



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Step-2 ▶ গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

০১. **বোনাস কাকে বলে?**
**উত্তর :** স্বাভাবিক বা প্রত্যাশার বাইরে কোনো প্রাপ্তি ঘটলে তাকে বোনাস বলে। স্বাভাবিক ও প্রত্যাশিত কিছুর সাথে যুক্ত হয় এমন কোনো পাওনাই হলো বোনাস। জীবনবিমা ব্যবসায়ের ক্ষেত্রে লাভের অংশবিশেষ বিমাপত্রধারীদের মধ্যে বণ্টন করা হলে তাকে বোনাস বলা হয়ে থাকে।

০২. **বার্ষিক বৃত্তি বা বৃত্তি ব্যবস্থা কী?**
**উত্তর :** ল্যাটিন 'Annus' শব্দ থেকে উদ্ভূত ইংরেজি 'Annuity' শব্দের বাংলা অর্থ হলো বার্ষিক বৃত্তি। বিমা জগতে কোনো ব্যক্তিকে বিমা কোম্পানির পক্ষ হতে মৃত্যুকাল অবধি বা জীবনের একটা নির্দিষ্ট সময় পর্যন্ত প্রতি বছর নির্দিষ্ট হারে অর্থ প্রদান করাই বার্ষিক বৃত্তি হিসেবে গণ্য। বার্ষিক বৃত্তি হলো নির্দিষ্ট সময়কাল বা মৃত্যুকাল অবধি নির্দিষ্ট হারে ভাতা বা বৃত্তি লাভের ব্যবস্থা।

০৩. **সমর্পণ মূল্য কী?**
**উত্তর :** বিমাগ্রহীতা কর্তৃক পরিশোধিত প্রিমিয়ামের যে অংশ বিমাপত্র ফেরত দানের সময় বিমাগ্রহীতাকে পরিশোধ করা হয় তাকে বলা হয়- সমর্পণ মূল্য। বিমাপত্রের মেয়াদপূর্তির পূর্বেই বিমাপত্র সমর্পণ করে যে মূল্য বা প্রতিদান চাওয়া হয়, তাকেই সমর্পণ মূল্য বলা হয়। কমপক্ষে ২ বছর মেয়াদ উত্তীর্ণ না হলে সাধারণত সমর্পণ মূল্য প্রদান করা হয় না। বাংলাদেশে সর্বোচ্চ সমর্পণ মূল্য দেওয়া হয়- ৮০%.

০৪. **মৃত্যুহার পঞ্জি কী?**
**উত্তর :** যে সারণির মাধ্যমে অতীত অভিজ্ঞতার ভিত্তিতে ভবিষ্যৎ মৃত্যুহার সম্বন্ধে ধারণা করা যায় তাকে মৃত্যুহার পঞ্জি বলে। এডমন্ড হ্যালি মৃত্যুহার পঞ্জি আবিষ্কার করেন। গোষ্ঠী বিমার ক্ষেত্রে এটি ব্যবহৃত হয়। এটি নির্দিষ্ট বয়সের লোকদের হাজার প্রতি মৃত্যুহার তালিকা। অতীত পর্যবেক্ষণ থেকে এরূপ তালিকা তৈরি করা হয়। এই তালিকা মৃত্যুঝুঁকি ও প্রিমিয়াম নির্ধারণে সহায়তা করে। **মৃত্যুহার** $= \frac{\text{বছরে মোট মৃত ব্যক্তির হার}}{\text{বছরের শুরুতে জীবিত ব্যক্তির সংখ্যা}} \times ১০০০$।

০৫. **পুনর্বিমা কী?**
**উত্তর :** বিমাকারী বা বিমা কোম্পানি তার গৃহীত ঝুঁকির অংশবিশেষ পুনঃচুক্তির মাধ্যমে অন্য কোনো বিমা কোম্পানির ওপর ন্যস্ত করলে তাকে পুনর্বিমা বলে। যখন বিমা কোম্পানি দেখে যে তার গৃহীত ঝুঁকির পরিমাণ সামর্থ্যের তুলনায় অত্যধিক এবং অস্বাভাবিক মাত্রায় বিপদ সংঘটনের ফলে তার ব্যবসায় মারাত্মক ক্ষতিগ্রস্ত হতে পারে তখন অন্য বিমা কোম্পানির সাথে এ ধরনের চুক্তি করে তার গৃহীত দায় বা এর অংশবিশেষ নতুন বিমা কোম্পানির ওপর অর্পণ করে। এক্ষেত্রে বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়ই বিমা কোম্পানি।

০৬. **দ্বৈত বিমা কী?**
**উত্তর :** কোনো একক বিষয়বস্তু একাধিক বিমা কোম্পানির নিকট বিমা করা হলে তাকে দ্বৈত বিমা বলে। অধিক মূল্যমানের সম্পদ একক বিমা কোম্পানির নিকট বিমা করা ক্ষেত্রবিশেষে ঝুঁকিপূর্ণ মনে হওয়ায় এরূপ বিমার আশ্রয় নেওয়া হয়ে থাকে। এক্ষেত্রে একক বিষয়বস্তু একাধিক বিমা কোম্পানির নিকট বিমা করা হয়। বিমাকৃত অঙ্ক না পাওয়ার ঝুঁকি এড়ানোই এরূপ বিমার উদ্দেশ্য। সাধারণত বিপুল পরিমাণ অংকের সম্পত্তির ক্ষেত্রেই এ ধরনের বিমার আশ্রয় নেওয়া হয়। আংশিক ক্ষতির বেলায় আনুপাতিক সাহায্যের নীতি এক্ষেত্রে বলবৎ হয়।

০৭. **জীবন বিমার চূড়ান্ত সদ্বিশ্বাসের সম্পর্ক কেন প্রয়োজন ?**
**উত্তর :** জীবন বিমার বিমাকারী ও বিমাগ্রহীতা উভয়পক্ষ একে অন্যের সব তথ্য সম্পূর্ণ ও নির্ভুলভাবে দিতে বাধ্য থাকি। ফলে তাদের মধ্যে চূড়ান্ত সদ্বিশ্বাসের সম্পর্ক স্থাপনের প্রয়োজন হয়। চূড়ান্ত সদ্বিশ্বাস ভঙ্গ হলে অর্থাৎ কোনো গুরুত্বপূর্ণ তথ্য গোপন বা মিথ্যা বর্ণনা করা হলে জীবন বিমা চুক্তি বাতিল হয়। এর ফলে বিমাকারী অথবা বিমাগ্রহীতা আর্থিক ক্ষতির সম্মুখীন হয়। অন্যান্য বিমা চুক্তির ন্যায় জীবন বিমা চুক্তিতেও উভয়পক্ষের মধ্যে চূড়ান্ত সদ্বিশ্বাসের সম্পর্ক প্রতিষ্ঠিত।

০৮. **জীবন বিমা ক্ষতিপূরণের চুক্তি নয় কেন?**
**উত্তর :** জীবন বিমা চুক্তি অন্যান্য বিমা চুক্তি থেকে আলাদা। কারণ অন্যান্য বিমা চুক্তিতে বিমাকৃত বিষয়বস্তুর ক্ষতির ক্ষেত্রে বিমাকারী বিমাকৃত অর্থ দেয় অথবা ক্ষতিপূরণের ব্যবস্থা করে। যেমন : পাঁচ বছরের জন্য কোনো গাড়ির বিমা করা হলে ঐ সময়ের মধ্যে গাড়িটি ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হলে বিমাকারী ক্ষতিপূরণের যথাযথ ব্যবস্থা করে। কিন্তু জীবন বিমার ক্ষেত্রে নির্দিষ্ট মেয়াদ অতিক্রম করলে বিমাকারী বিমাকৃত অর্থ বিমাগ্রহীতাকে দেয়। আর নির্দিষ্ট সময়ের মধ্যে বিমাগ্রহীতার মৃত্যু হলে মনোনীত ব্যক্তি বিমাকৃত অর্থ পায়। এজন্য বলা হয় জীবন বিমা ক্ষতিপূরণের চুক্তি নয়।

## Step-3 ▶ বিগত বছরের প্রশ্নোত্তর

০১. **কোন ধরনের জীবন বিমা পত্রে মৃত্যু ও মেয়াদপূর্তি উভয় ক্ষেত্রেই বিমা দাবি পরিশোধিত হয়?- (ঢাবি ২২-২৩)**
**উত্তর :** মেয়াদি বিমাপত্রে।

০২. **জনাব রাজীব আজকে ২০,০০,০০০ টাকা এককালীন প্রিমিয়াম পরিশোধ করে একটি জীবন বিমা পলিসি ক্রয় করেন। যার বিনিময়ে তিনি প্রতিমাসে ২০,০০০ টাকা করে আর্থিক সুবিধা জীবনব্যাপী পাবেন। এই প্রকার আর্থিক সুবিধার নাম কী?- (ঢাবি ২২-২৩)**
**উত্তর :** চিরস্থায়ী বৃত্তি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

দ্বিতীয় পত্র

অধ্যায় ১২

# নৌ-বিমা
# [Marine Insurance]

## Chapter Outlook Map

নৌ বিমা
- Type-1 : নৌ-বিমার মৌলিক ধারণা
- Type-2 : নৌ-বিপদ ও সামুদ্রিক ক্ষতি
- Type-3: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে
- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

## হোম টিউটর: বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে এ বছরের ভর্তি পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| টপিক সমূহ | অতি গুরুত্বপূর্ণ (৯০% +) | গুরুত্বপূর্ণ (৮০% +) | কম গুরুত্বপূর্ণ (৭০% +) | জানা জরুরি (৫০% +) |
|---|---|---|---|---|
| | ■ নৌ-বিমার মৌলিক ধারণা | ■ সামুদ্রিক ক্ষতি<br>■ সামুদ্রিক ক্ষতির প্রকারভেদ | ■ নৌ-বিপদ | ■ পণ্য নিক্ষেপণ |

## Type 1 : নৌ বিমার মৌলিক ধারনা

### Step 1 : BASIC INFORMATION

❑ **নৌ-বিমা (Marine Insurance):**

- নির্ধারিত প্রিমিয়ামের বিনিময়ে নৌ পথে চলাচলকারী জাহাজ ও জাহাজস্থিত পণ্যসামগ্রী বিমাকৃত ঝুঁকি দ্বারা আক্রান্ত হয়ে ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হলে তা ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দিয়ে যে বিমাচুক্তি করা হয় তাকে নৌ বিমা বলে।
- ক্ষতি আংশিক বা সম্পূর্ণ যাই হোক না কেনো বিমাকারী তা পূরণ করে।
- জাহাজ, জাহাজস্থ পণ্য ও মাশুল প্রধানত এর অন্তর্ভুক্ত। ■ বিমা ব্যবস্থার মধ্যে নৌ-বিমার উৎপত্তি ঘটে সবার আগে।
- সর্বপ্রথম নৌ বিমাপত্র ইস্যুকরা হয় ইতালির জেনোয়া শহরে।

❑ **নৌ-বিমার অপরিহার্য উপাদান (Indespenseble element of Insurance) :**

নৌ-বিমা চুক্তির প্রয়োজনীয় উপাদান বা শর্তাবলি

আইনগত উপাদানসমূহ
১. দু'টি পক্ষ
২. বৈধ উদ্দেশ্য
৩. উভয়পক্ষের যোগ্যতা
৪. নির্দিষ্টতা
৫. লিখিত চুক্তি

অন্যান্য উপাদানসমূহ
১. বিমাযোগ্য স্বার্থ
২. চূড়ান্ত সদ্বিশ্বাস
৩. ক্ষতি নিষ্কৃতি
৪. প্রত্যক্ষ কারণের জন্য ক্ষতিপূরণ
৫. আনুপাতিক অংশগ্রহণ
৬. স্থলাভিষিক্তকরণ
৭. শর্তাবলি



CamScanner

## ❑ নৌ বিমা চুক্তির অত্যাবশ্যকীয় শর্তাবলি (Indespenseble condition of Insurance Contract) :

| ব্যক্ত/প্রকাশিত শর্তাবলি | অব্যক্ত/অপ্রকাশিত শর্তাবলি |
|---|---|
| → যাত্রার নিরাপদ সময় | → জাহাজের সমুদ্র চলাচলযোগ্যতা |
| → যাত্রার সুনির্দিষ্ট তারিখ | → যাত্রার বৈধতা |
| → রক্ষীবহর সঙ্গে রাখা | → নির্দিষ্ট সময়ে যাত্রা |
| → বিমাকৃত সম্পদের নিরপেক্ষতা ঘোষণা | → যাত্রাপথ পরিবর্তন না করা |
| → নির্দিষ্ট সীমারেখা | → বিপক্ষে গমন না করা |

## ❑ নৌ বিমাপত্রের প্রকারভেদ (Types of Marine Policy):

- **যাত্রার বিমাপত্র [Voyage Policy] :** যে বিমাপত্রের নির্দিষ্ট যাত্রাপথের উল্লেখ থাকে এবং উল্লিখিত নির্দিষ্ট যাত্রাপথে চলার সময় জাহাজ বা জাহাজের পণ্য ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণের নিশ্চয়তা দেওয়া হয় তাকে যাত্রার বিমাপত্র বলে।
- **সময় বিমাপত্র [Time Policy] :** যে বিমাপত্রের মাধ্যমে কোনো নির্দিষ্ট সময়ে জাহাজ, পণ্য বা মাশুলের ক্ষতির জন্য নৌ বিমা করা হয় তাকে সময় বিমাপত্র বলে। সাধারণত ১২ মাসের বেশি সময়ের জন্য এ ধরনের বিমা করা হয় না।
- **মিশ্র বিমাপত্র [Mixed Policy] :** যে বিমাপত্রে সুনির্দিষ্ট যাত্রার কথা উল্লেখের পাশাপাশি সময়েরও উল্লেখ থাকে তাকে মিশ্র বিমাপত্র বলে।
- **মূল্যায়িত বিমাপত্র [Valued Policy] :** যে নৌ বিমাপত্রে বিমাগ্রহীতার বিমাকৃত বিষয়বস্তুর মূল্য নির্ধারণ করে সেই পরিমাণ অর্থ বিমাপত্রে বিমাকৃত অঙ্ক হিসেবে উল্লেখ করা হয় তাকে মূল্যায়িত বিমাপত্র বলে। বিমাকৃত বিষয়বস্তুর ক্ষতি হলে বিমাকারী ঐ সর্বোচ্চ নির্দিষ্ট পরিমাণ মূল্য পর্যন্ত বিমাগ্রহীতাকে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকে।
- **অমূল্যায়িত বিমাপত্র [Unvalued Policy] :** বিমাকৃত বিষয়বস্তুর মূল্য বিমাকারী পূর্ব হতে নির্ধারণ না করে ক্ষতিগ্রস্ত হওয়ার পর মূল্য নির্ধারণ করে।
- **ভাসমান বিমাপত্র [Floating Policy] :** একই মালিক বা প্রতিষ্ঠানের একাধিক জাহাজ নির্দিষ্ট সময়ের জন্য একই বিমাপত্রের আওতায় বিমা করা হলে তাকে ভাসমান বিমাপত্র বলে। তবে এর অসুবিধা হলো আগাম প্রিমিয়ামের পরিমাণ নির্ধারণ এক্ষেত্রে বেশ জটিল।
- **বন্দর ঝুঁকি বিমাপত্র [Port Risk Policy] :** বন্দরে মাল ওঠা নামার সুবিধার জন্য কিছু কিছু জাহাজ, বার্জ ও লাইটারসমূহকে বন্দরের নির্দিষ্ট সীমানার মধ্যে কাজ করতে হয়। বন্দরে থাকা বা কর্ম কালীন অবস্থায় এ সকল যানবাহন বা এতে রক্ষিত উপায় উপকরনের ঝুঁকি বা ক্ষতির বিপক্ষে এ ধরনের বিমাপত্র ইস্যু করা হয়।

## Step 2 — At a Glance : Most Important Information

- নৌ-বিমার প্রচলনে সর্বাধিক ভূমিকা পালন করে – **ইতালি।**
- বাংলাদেশে নৌ-বিমা আইন – **১৯০৬ (ব্রিটিশ) সালের।**
- আধুনিক নৌ-বিমার জনক – **Edward Lloyd.**
- Edward Lloyd – **যুক্তরাজ্যের অধিবাসী।**
- Llyod's আইন পাশ হয় – **১৮৭১ সালে।**
- বাংলাদেশে নৌ-বিমা সংক্রান্ত কার্যাবলি পরিচালনা করছে – **সাধারণ বিমা কর্পোরেশন।**
- **এডওয়ার্ড লয়েডস্** -ছিলেন একজন বৃটিশ নাগরিক। তিনি নৌ বিমার বিশেষজ্ঞ হিসেবে পরিচিত। তৎকালীন জাহাজের লোকজন নৌ-বিমা সম্পর্কে ওনার কাছ থেকে খোঁজ খবর নিতেন।
- নৌ-বিমায় উদ্ধারযোগ্য সামুদ্রিক ক্ষতির দাবি প্রত্যাখ্যান করে যে নোটিশ প্রদান করা হয় তাকে - **বর্জন নোটিশ বলে।**
- কোনো কারণে জাহাজ ক্ষতিগ্রস্ত হলে জাহাজের ক্যাপ্টেন জাহাজ ও পণ্যের জন্য পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা রাখা হয়েছিল এ মর্মে যে নোটিশ প্রদান করে তাকে - **প্রতিবাদ নোটিশ বলে।**

## Step 3 — বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

**01. নৌ-বিমায় জাহাজ ভাড়া পণ্য পৌছানোর পর পরিশোধ করা হলে, জাহাজ ভাড়ায় কার বিমাযোগ্য স্বার্থ বিদ্যমান?** [DU : 20-21]
Ⓐ বন্দর কর্তৃপক্ষের Ⓑ ক্লিয়ারিং অ্যান্ড ফরওয়ার্ডিং এজেন্টের Ⓒ পণ্য মালিকের Ⓓ শিপিং কোম্পানির **Ans D**

**02. নৌ-বিমা সর্বপ্রথম চালু হয় কোন দেশে?** [DU : 19-20]
Ⓐ গ্রিস Ⓑ ইংল্যান্ড Ⓒ ইতালি Ⓓ ফ্রান্স **Ans C**

**03. কোনটি নৌ-বিমা চুক্তির প্রকাশিত শর্ত?** [DU : 11-12]
Ⓐ সমুদ্রযাত্রার তারিখ Ⓑ জাহাজের সমুদ্র চলাচল যোগ্যতা Ⓒ যাত্রার বৈধতা
Ⓓ নির্দিষ্ট সময়ে যাত্রা Ⓔ যাত্রাপথ পরিবর্তন না করা **Ans A**



CS CamScanner

17. **নৌ-বিমা চুক্তির অপ্রত্যাশিত শর্ত কোনটি?** [SYL-16]
Ⓐ যাত্রার বৈধতা Ⓑ সম্পদের নিরপেক্ষতা ঘোষণা Ⓒ নাবিকের সংখ্যা Ⓓ সমুদ্র যাত্রার তারিখ Ans Ⓐ

18. **মেরিন ইন্স্যুরেন্স আইন কত সালের?** [DIN-16]
Ⓐ ১৯০৫ Ⓑ ১৯০৬ Ⓒ ১৯০৮ Ⓓ ১৯০৯ Ans Ⓑ

## Step 5 : NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. **নৌ-বিমা চুক্তির অব্যক্ত শর্ত কোনটি-**
Ⓐ নির্দিষ্ট সময়ে যাত্রা Ⓑ রক্ষীবহর সাথে রাখা Ⓒ বিমাকৃত মালামালের বৈধতা Ⓓ সমুদ্রযাত্রার তারিখ Ans Ⓐ

02. **যে নৌ-বিমা পত্রের বিষয়বস্তুতে একটি নির্দিষ্ট সময় এবং সমুদ্রপথের বিস্তারিত বিবরণ থাকে তাকে বলা হয়-**
Ⓐ মূল্যায়িত বিমাপত্র Ⓑ সুদ বিমাপত্র Ⓒ মিশ্র বিমাপত্র Ⓓ ভাসমান বিমাপত্র Ans Ⓒ

03. **কোনটি নৌ-বিমার গুরুত্ব বলে বিবেচিত হবে না?**
Ⓐ ঋণের ব্যবস্থা Ⓑ বৈদেশিক বাণিজ্য Ⓒ নিরাপত্তা Ⓓ বাণিজ্য প্রসার Ans Ⓐ

04. **ব্যবসা- বাণিজ্যের ক্ষেত্রে সর্বপ্রথম বিস্তার লাভ করে কোন বিমা ব্যবস্থা?**
Ⓐ জীবনবিমা Ⓑ নৌবিমা Ⓒ অগ্নি বিমা Ⓓ সাধারণ বিমা Ans Ⓑ

05. **কোনটি নৌ-বিমা চুক্তির ব্যক্ত শর্তাবলি নয়?**
Ⓐ যাত্রার বৈধতা Ⓑ বিমাকৃত সম্পদের নিরপেক্ষতা ঘোষণা
Ⓒ যাত্রার নিরাপদ সময় Ⓓ সবগুলোই Ans Ⓐ

06. **যে বিমাব্যবস্থা দ্বারা সমুদ্র যাত্রার ক্ষয়ক্ষতির জন্যে ক্ষতিপূরণ করার যে প্রতিশ্রুতি বিমাগ্রহীতাকে দেয়, তাকে কী বলে।**
Ⓐ জীবনবিমা Ⓑ নৌবিমা Ⓒ আজীবন বিমা Ⓓ অগ্নি বিমা Ans Ⓑ

07. **নিচের কোনটি নৌ-বিমার সাথে সম্পৃক্ত?**
Ⓐ জাহাজ Ⓑ জাহাজি পণ্য Ⓒ জাহাজের ভাড়া Ⓓ সবগুলোই Ans Ⓓ

08. **নৌ-বিমা নিচের কোন ধরনের বিমা?**
Ⓐ সম্পত্তি বিমা Ⓑ দায় বিমা Ⓒ মূলধন বিমা Ⓓ বিশ্বস্ততা বিমা Ans Ⓐ

09. **নিচের কোনটি নৌ বিমার অপরিহার্য উপাদান?**
Ⓐ চুক্তি Ⓑ বিমাযোগ্য স্বার্থ Ⓒ চূড়ান্ত সদ্বিশ্বাস Ⓓ সবকটি Ans Ⓓ

10. **কোনটি নৌ-বিমা চুক্তির প্রকাশিত শর্ত?**
Ⓐ সমুদ্রযাত্রার তারিখ Ⓑ জাহাজের সমুদ্র চলাচল যোগ্যতা Ⓒ যাত্রার বৈধতা Ⓓ নির্দিষ্ট সময়ে যাত্রা Ans Ⓐ

11. **ব্যবসা-বাণিজ্যের ক্ষেত্রে সর্বপ্রথম বিস্তার লাভ করে কোন বিমা ব্যবস্থা?**
Ⓐ জীবনবিমা Ⓑ নৌবিমা Ⓒ অগ্নি বিমা Ⓓ সাধারণ বিমা Ans Ⓑ

12. **নৌ-বিমার প্রথম প্রচলন ঘটে কোথায়?**
Ⓐ ইংল্যান্ডে Ⓑ ইতালিতে Ⓒ কানাডায় Ⓓ আমেরিকায় Ans Ⓑ

13. **নৌ-বিমা চুক্তির অপ্রকাশিত শর্ত কোনটি?**
Ⓐ সমুদ্র যাত্রায় তারিখ Ⓑ বিমাকৃত সম্পদের বৈধতা
Ⓒ রক্ষীবহর সাথে রাখা Ⓓ জাহাজের সমুদ্র চলাচলযোগ্যতা Ans Ⓓ

14. **জাহাজ ভাড়ার ক্ষতিপূরণ রক্ষার্থে যে বিমা করা হয় তাকে কী বলে?**
Ⓐ মাশুল বিমা Ⓑ নৌ-দায়বিমা Ⓒ পণ্য বিমা Ⓓ জাহাজ বিমা Ans Ⓐ

15. **সমুদ্রযাত্রার ধারায় বিমাপত্রে প্রধান বিষয়বস্তু কোনটি?**
Ⓐ যাত্রা পথ Ⓑ যাত্রার সরঞ্জাম Ⓒ যাত্রারদিক Ⓓ যাত্রার সময় Ans Ⓐ

16. **সপ্তদশ শতকে নৌ-বিমা ব্যবসায়ে অবদান রাখে কারা?**
Ⓐ ব্যবসায়ীগণ Ⓑ লয়েডসগণ Ⓒ বিমা কোম্পানি Ⓓ মহাজন Ans Ⓑ

17. **নৌ-বিমা চুক্তিকে কোন ধরনের চুক্তি হিসেবে আখ্যায়িত করা হয়?**
Ⓐ ক্ষতিপূরণের Ⓑ মাশুলের Ⓒ দাবি পূরণের Ⓓ উল্লেখযোগ্য Ans Ⓐ

18. **আন্তর্জাতিক বাণিজ্যের প্রায় শতকরা কত ভাগ সমুদ্র পথে সম্পাদিত হয়?**
Ⓐ ৮০% Ⓑ ৮৫% Ⓒ ৯০% Ⓓ ৯৫% Ans Ⓓ



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

# Type 2 নৌ-বিপদ ও সামুদ্রিক ক্ষতি

## Step 1 BASIC INFORMATION

### নৌ-বিপদ (Marine Peril):

- সমুদ্রপথে যে সকল বিপদের কারণে জাহাজ, জাহাজস্থ পণ্য ও মাশুলের ক্ষতি হয় তাকে নৌবিপদ বলে।
- এরূপ বিপদের ফলে উদ্ভূত ক্ষতির হাত থেকে ক্ষতিগ্রস্ত পক্ষকে রক্ষার জন্য নৌবিমার উৎপত্তি হয়েছে।
- নৌবিপদ হলো অনিশ্চিত ও পূর্বে অনিরূপণযোগ্য কোনো বিপদ।

### সমুদ্র পথে সংঘটিত বিপদসমূহ এর প্রকারভেদ (Types of Marine Peril):

| | |
|---|---|
| প্রাকৃতিক বিপদ | → সমুদ্র পথে প্রাকৃতিক কারণে যে সকল বিপদ বা দুর্ঘটনা সংঘটিত হয়, তাকে প্রাকৃতিক বিপদ বলে।<br>→ উদাহরণ : সামুদ্রিক ঝড়, সমুদ্রে জাহাজ নিমজ্জিত হওয়া, ভাসমান বরফ খণ্ডে ধাক্কা লাগা ইত্যাদি। |
| অপ্রাকৃতিক বিপদ | → সমুদ্র পথে মানুষ সৃষ্ট কারণে যে সকল বিপদ বা দুর্ঘটনা সংঘটিত হয়, তাকে অপ্রাকৃতিক বিপদ বলে।<br>→ উদাহরণ : জলদস্যু, চোর-ডাকাত, বহিঃশত্রু, আটক, জাহাজের কাপ্তান ও কর্মচারীদের প্রতারণা, পণ্য নিক্ষেপ, আগুন, যুদ্ধকালীন পরিস্থিতি, হরতাল, বিস্ফোরণ ইত্যাদি। |

### সামুদ্রিক ক্ষতি (Marine Loss):

সামুদ্রিক জাহাজ বা নৌযান সমুদ্রপথে মালামাল নিয়ে চলাচলের সময় প্রাকৃতিক বা অপ্রাকৃতিক বিপদসমূহের কারণে যে ক্ষতির সম্মুখীন হয় তাকে সামুদ্রিক ক্ষতি বলে।

### সামুদ্রিক ক্ষতির প্রকারভেদ (Types of Marine Loss):




## Step 2 At a Glance : Most Important Information

- বিমার বিষয়বস্তুতে জাহাজ, পণ্য ও মাশুল যদি সম্পূর্ণটাই ক্ষতিগ্রস্ত হয় তবে তাকে সামগ্রিক বা মোট ক্ষতি বলে।
- বিমাকৃত বিষয়বস্তু এমনভাবে ক্ষতি হলে যেটা আর উদ্ধার করা সম্ভব নয় তাকে প্রকৃত সামগ্রিক ক্ষতি বলে। যেমন: জাহাজের সম্পূর্ণ পণ্য সমুদ্রতলে এরূপভাবে ডুবে যাওয়া, যা উদ্ধার অসম্ভব।
- যে ক্ষেত্রে বিমাকৃত বিষয়বস্তুর আংশিক ক্ষতি সাধিত হয় তাকে আংশিক ক্ষতি বলে।
- সামুদ্রিক বিপদের কারণে বিমাকৃত কোনো নির্দিষ্ট বিষয়বস্তুর আংশিক ক্ষতি হলে তাকে বিশেষ আংশিক ক্ষতি বলে। এ ক্ষতি তিন ধরনের হতে পারে। যথা: জাহাজের, মালের এবং মাশুলের।
- বিপদের সময় সমুদ্রপথে সমুদ্রযাত্রা সংশ্লিষ্ট সকল পক্ষের স্বার্থরক্ষা করার জন্য স্বেচ্ছায় ও যুক্তিসঙ্গতভাবে যে ত্যাগ স্বীকার করা হয় তাকে সাধারণ আংশিক ক্ষতি বলে। সাধারণ আংশিক ক্ষতি যেহেতু নৈতিক, তাই এটি - ৩টি পক্ষের মধ্যে বণ্টন করা হয়। যথা : ১. জাহাজ মালিক, ২. পণ্য মালিক, ৩. মাশুল গ্রহণকারী।
- জাহাজ হালকা করার জন্য পণ্য স্বেচ্ছায় সমুদ্রে নিক্ষেপ করা হলে তাকে - ত্যাগ স্বীকার বলে।
- সামুদ্রিক বিপদের সময় জাহাজকে হালকা করার জন্য কিছু পরিমাণ সামগ্রী অন্য জাহাজে তুলে দেওয়া বাবদ খরচ অথবা অন্য কোনো জাহাজ কর্তৃক ক্ষতিগ্রস্ত জাহাজটিকে নিরাপদ গন্তব্য স্থানে পৌছে দেওয়া বাবদ খরচ হয় তাকে - গচ্চা বলে।
- বিমাকৃত বিষয়বস্তুর নিরাপত্তা বিধান অথবা স্বার্থ রক্ষার্থে বিমাগ্রহণকারীর পক্ষে যে ব্যয় হয় তাই - বিশেষ চার্জেজ।
- নৌ-সমুদ্র পথে সম্পত্তি উদ্ধারকারী বা উদ্ধারকাজে সাহায্যকারীকে প্রদত্ত - পুরস্কার বোঝায়।
- জাহাজকে বড় বিপদের হাত থেকে রক্ষা করার জন্য বাহিত পণ্যের অংশবিশেষ সমুদ্রে ফেলে দেওয়া হলে তাকে পণ্য নিক্ষেপণ (Jetision)বলে। আর নিক্ষেপিত পণ্যকে বলে- (Jetsum)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

## Step 3 বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

01. নৌ-বিমার ক্ষতির পরিমাণ ও বিমা দাবি আদায় নিচের কোন ক্ষেত্রে সহজ? [DU-C : 20-21]
Ⓐ সমুদ্রে পণ্য নিক্ষেপণ Ⓑ উদ্ধারযোগ্য সামগ্রিক ক্ষতি
Ⓒ সাধারণ আংশিক ক্ষতি Ⓓ বিশেষ আংশিক ক্ষতি Ans Ⓓ

02. 'জেটিসন' শব্দটি জড়িত– [DU : 95-96; JnU : 08-09; RU : 10-11; BSMRSTU : 13-14]
Ⓐ জীবনবিমার সাথে Ⓑ অগ্নি বিমা
Ⓒ নৌবিমা Ⓓ কোনোটিই নয় Ans Ⓒ

### ঢাবি অধিভুক্ত ৭ কলেজ/গার্হস্থ্য অর্থনীতি কলেজ

01. 'জেটিসন' বলতে কী বোঝায়? [DU 7 College : 20-21]
Ⓐ পণ্য হ্রাসকরণ Ⓑ পণ্য বোঝাই
Ⓒ পণ্য স্থানান্তর Ⓓ পণ্য নিক্ষেপ Ans Ⓓ

### জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

01. সামুদ্রিক ক্ষতি কত প্রকার ? [JU : 18-19]
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৬ Ans Ⓐ

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. নৌ-বিমায় সামগ্রিক ক্ষতির যে অংশটুকু উদ্ধার করা সম্ভব তাকে যে ধরনের ক্ষতির অন্তর্ভুক্ত করা হয়- [RU : 08-09]
Ⓐ সামগ্রিক ক্ষতি Ⓑ সাময়িক ক্ষতি
Ⓒ আংশিক ক্ষতি Ⓓ উদ্ধারযোগ্য ক্ষতি Ans Ⓓ

### চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. নৌ-বিমার বিশেষ আংশিক ক্ষতি- [CU : 08-09]
Ⓐ দুই প্রকার Ⓑ তিন প্রকার Ⓒ চার প্রকার
Ⓓ পাঁচ প্রকার Ⓔ সাত প্রকার Ans Ⓑ

### GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. 'জেটিসন' শব্দটি জড়িত- [JKKNIU : 19-20; BRUR : 11-12; RU : 05-06]
Ⓐ জীবনবিমার সাথে Ⓑ নৌবিমার সাথে
Ⓒ ডাক বিমার সাথে Ⓓ সাধারণ বিমার সাথে Ans Ⓑ

02. 'Jettison' বলতে কী বোঝায়? [JUST : 19-20; DU : 18-19; IU : 18-19]
Ⓐ পণ্য হ্রাসকরণ Ⓑ পণ্য বোঝাই
Ⓒ পণ্য স্থানান্তরকরণ Ⓓ পণ্য নিক্ষেপ Ans Ⓓ

03. বাংলাদেশে নৌ-বিমার ক্ষেত্রে প্রাকৃতিক বিপদ কোনটি? [IU : 17-18]
Ⓐ জলদস্যু Ⓑ বিস্ফোরণ
Ⓒ অগ্নিকাণ্ড Ⓓ সামুদ্রিক ঝড় Ans Ⓓ

04. 'জেটিসন' শব্দটি নিচের কোন বিমার সঙ্গে জড়িত? [MBSTU : 11-12]
Ⓐ দায় বিমা Ⓑ অগ্নি বিমা
Ⓒ জীবনবিমা Ⓓ নৌবিমা Ans Ⓓ

05. কোনটি নৌ-প্রাকৃতিক বিপদ নয়? [IU : 05-06]
Ⓐ জলদস্যু Ⓑ পণ্য নিক্ষেপ
Ⓒ রণপোত Ⓓ সমুদ্রে নিমজ্জিত পাহাড় Ans Ⓐ



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. কোনটি প্রাকৃতিক বিপদ? [DHA-17]
Ⓐ পণ্য নিক্ষেপণ Ⓑ জলদস্যু
Ⓒ সামুদ্রিক ঝড় Ⓓ যুদ্ধ জাহাজ **Ans Ⓒ**

02. ছলাভিত্তিক্তার নীতি নিচের কোন ধরনের ক্ষতির বেলায় প্রযোজ্য? [BAR-17]
Ⓐ বিশেষ আংশিক ক্ষতি Ⓑ সাধারণ আংশিক ক্ষতি
Ⓒ প্রকৃত সামগ্রিক ক্ষতি Ⓓ ত্যাগ স্বীকার **Ans Ⓒ**

03. সামুদ্রিক বিপদের সময় জাহাজকে হালকা করার জন্য পণ্য অন্য জাহাজে তুলে দেওয়ার জন্য খরচকে কী বলা হয়? [CHI-16]
Ⓐ গচ্চা Ⓑ ত্যাগ স্বীকার
Ⓒ উদ্ধার খরচ Ⓓ বিশেষ খরচ **Ans Ⓐ**

04. নৌ-বিপদ প্রধানত কত প্রকার? [COM-16]
Ⓐ ২ Ⓑ ৩
Ⓒ ৪ Ⓓ ৫ **Ans Ⓐ**

05. নৌ-বিমায় 'ত্যাগ স্বীকার' কোন ক্ষতির আওতাভুক্ত? [JES-16]
Ⓐ প্রকৃত সামগ্রিক Ⓑ বিশেষ আংশিক
Ⓒ উদ্ধারযোগ্য সামগ্রিক Ⓓ সাধারণ আংশিক **Ans Ⓓ**

06. পণ্য নিক্ষেপন (Jettison) কোন ধরনের সামুদ্রিক ক্ষতি? [JES-16]
Ⓐ গচ্চা Ⓑ ত্যাগ স্বীকার
Ⓒ আনুষঙ্গিক খরচ Ⓓ বিশেষ খরচ **Ans Ⓑ**

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. 'বিশেষ চার্জেজ' কথাটি সম্পৃক্ত কোন বিমার ক্ষেত্রে?
Ⓐ নৌবিমা Ⓑ অগ্নি বিমা
Ⓒ শস্য বিমা Ⓓ দুর্ঘটনা বিমা **Ans Ⓐ**

02. সমুদ্র পথে সম্পত্তি উদ্ধারকারীকে প্রদত্ত পুরস্কারকে বলে-
Ⓐ বিশেষ চার্জেজ Ⓑ স্যালভেজ চার্জেজ
Ⓒ জেটিসন Ⓓ জেঁসাম **Ans Ⓑ**

03. নৌ-বিমার বিশেষ আংশিক ক্ষতি-
Ⓐ দুই প্রকার Ⓑ তিন প্রকার
Ⓒ চার প্রকার Ⓓ পাঁচ প্রকার **Ans Ⓑ**

04. নৌ-বিমা চুক্তির অপ্রকাশিত শর্ত কোনটি?
Ⓐ সমুদ্র যাত্রায় তারিখ Ⓑ বিমাকৃত সম্পদের বৈধতা
Ⓒ রক্ষীবহর সাথে রাখা Ⓓ জাহাজের সমুদ্র চলাচলযোগ্যতা **Ans Ⓓ**

05. যখন বিমার বিষয়বস্তু সম্পূর্ণরূপে ধ্বংস হয় এবং এটা আর উদ্ধার করা যায় না তখন তাকে কোন ক্ষতি বলে?
Ⓐ জাহাজের আংশিক ক্ষতি Ⓑ সাধারণ আংশিক ক্ষতি
Ⓒ প্রকৃত সামগ্রিক ক্ষতি Ⓓ মালের বিশেষ ক্ষতি **Ans Ⓒ**

06. কোন ক্ষতিতে জাহাজ, পণ্য বা মাশুলের একটি ক্ষতিতে তিনটির মধ্যে তা আনুপাতিক হারে বণ্টিত হয়?
Ⓐ আংশিক ক্ষতি Ⓑ সামগ্রিক ক্ষতি
Ⓒ সাধারণ আংশিক ক্ষতি Ⓓ বিশেষ আংশিক ক্ষতি **Ans Ⓒ**

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## Type 3 লিখিত প্রশ্নোত্তর

### Step-1 ▶ এক কথায় প্রশ্নোত্তর

- যে বিমা চুক্তির বিষয়বস্তু নৌ-যান তাকে কি বলে? **নৌ-বিমা**
- সমুদ্র পথে চলাচলে জাহাজ বা নৌযানের ক্ষতিপূরণের লক্ষ্যে যে নৌ-বিমা চুক্তি সম্পাদিত হয় তাকে কি বলে? **জাহাজ বিমা**
- সমুদ্রপথে পরিবাহিত জাহাজে পণ্যের আংশিক বা সম্পূর্ণ ক্ষতি হতে পারে। আর এ ক্ষতিপূরণের জন্য যে বিমা চুক্তি সম্পাদিত হয় তাকে কি বলে? **পণ্য বিমা**
- যে বিমা ব্যবস্থা দ্বারা জাহাজ ভাড়ার ক্ষতিপূরণের বিপরীতে প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে বিমা করা হয় তাকে কি বলে? **মাশুল/ভাড়া বিমা**
- বাণিজ্যিক জাহাজগুলি অনেক সময় অনিচ্ছাকৃতভাবে নৌ-নীতি লঙ্ঘন করে যে দায় সৃষ্টি করে এবং এর ক্ষতিপূরণের জন্য যে বিমা করা হয় তাকে কি বলে? **নৌ-দায় বিমা**
- সমুদ্রপথে জাহাজ চলাচলকালে প্রাকৃতিক কারণে সংঘটিত বিপর্যয় বা দুর্ঘটনাসমূহকে কি বলে? **প্রাকৃতিক বিপদ**

### Step-2 ▶ গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

**০১. বিমাকৃত সম্পদের বৈধতা নৌ-বিমা চুক্তির কোন ধরনের শর্ত? ব্যাখ্যা করো।**

**উত্তর :** বিমাকৃত সম্পদের বৈধতা নৌ-বিমা চুক্তির ব্যক্ত শর্ত। নৌ-বিমা চুক্তিতে শর্ত লিখিতভাবে উল্লেখ থাকে, যা নৌ-বিমার ব্যক্ত শর্তের অন্তর্ভুক্ত। বিমাকৃত সম্পদ যে বৈধ এ বিষয়ে বিমাগ্রহীতাকে অবশ্যই ঘোষণা দিতে হয়। আর এরূপ ঘোষণা ছাড়া চুক্তি সম্পাদিত হলে বিমা প্রতিষ্ঠান দায়ী থাকে।

**০২. জেটিসনের ফলে কোন ধরনের সামুদ্রিক ক্ষতির উদ্ভব হয়? বুঝিয়ে লিখ।**

**উত্তর :** জাহাজ ও জাহাজে অবস্থিত পণ্যকে বড় ধরনের বিপদ থেকে রক্ষার জন্য পরিবহনকৃত পণ্যের অংশবিশেষ সমুদ্রে নিক্ষেপ করাকেই পণ্য নিক্ষেপণ বা জেটিসন বলে। এরূপ পণ্য নিক্ষেপণের উদ্দেশ্য হলো পণ্যবাহী জাহাজকে কিছুটা হালকা করে ডুবে যাওয়ার হাত থেকে রক্ষা করা। পণ্যের অংশ বিশেষ সমুদ্রে ফেলায় আংশিক সামগ্রিক ক্ষতির উদ্ভব হয়।

**০৩. জাহাজ ও জাহাজস্থ পণ্যের ক্ষতি মোকাবেলায় কোন ধরনের বিমা করা হয়? বুঝিয়ে লেখ।**

নির্ধারিত প্রিমিয়ামের বিনিময়ে নৌ-পথে চলাচলকারী জাহাজ ও জাহাজস্থিত পণ্যসামগ্রী বিমাকৃত ঝুঁকি দ্বারা আক্রান্ত হয়ে ধ্বংস বা ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দিয়ে যে বিমাচুক্তি করা হয় তাকে নৌ-বিমা বলে। নৌ-বিমা ক্ষতিপূরণের চুক্তি। বিমাপত্রে উল্লিখিত কোনো কারণে জাহাজ ও জাহাজস্থিত পণ্য ও এর মাশুলের ক্ষতি হলেই শুধুমাত্র বিমা কোম্পানি ক্ষতিপূরণ করে। এরূপ ক্ষতি সম্পূর্ণ বা আংশিক যে কোনো ধরনের হতে পারে।

**০৪. যাত্রার বৈধতা নৌ-বিমার কোন ধরনের শর্ত? ধারণা দাও।**

নিশ্চিতভাবে প্রকাশ করা হয়নি অথবা আইন অনুযায়ী পালনীয় এমন শর্তকে অব্যক্ত শর্ত বলে। বিমা চুক্তিতে উল্লেখ না থাকলেও ধরে নেয়া হয় যে, যে পথে পণ্য বহন করা হবে ঐ পথে বহনের জন্য প্রয়োজনীয় অনুমোদন ও বৈধ কাগজপত্র জাহাজ কোম্পানির রয়েছে। এ ছাড়া ঐ পথে বহনে কোনো আন্তর্জাতিক বাধা- নিষেধ নেই। এক্ষেত্রে ব্যাঘাত ঘটলে জাহাজ কোম্পানি দায়ী হয়।

**০৫. কোন ধরনের নৌ-বিমাপত্রে আংশিক ক্ষতিতে সমন্বিত আনুপাতিক ক্ষতি বের করে বিমাদাবির পরিমাণ নির্ধারিত হয়? ব্যাখ্যা কর।**

যে নৌ-বিমাপত্রে বিমাগ্রহীতার বিমাকৃত বিষয়বস্তুর মূল্য নির্ধারণ করে সেই পরিমাণ অর্থ বিমাপত্রে বিমাকৃত অংক হিসেবে উল্লেখ করা হয় তাকে মূল্যায়িত বিমাপত্র বলে। এরূপ বিমার আংশিক ক্ষতি হলে সমন্বিত আনুপাতিক ক্ষতির পরিমাণ বের করা হয়। এর উদ্দেশ্য হলো, ক্ষতিগ্রস্ত পণ্যের বাজার মূল্য হিসাবে বিমাগ্রহীতার প্রকৃত ক্ষতি এবং সেই হিসাবে প্রিমিয়াম কম বা বেশি দেয়ার ফলে বিমা কোম্পানির স্বার্থের মধ্যে সমন্বয় সাধন করা। সূত্র হলো :

$$\text{সমন্বিত আনুপাতিক ক্ষতি} = \frac{\text{ক্ষতিগ্রস্ত সম্পত্তির বিমা মূল্য}}{\text{ক্ষতিগ্রস্ত সম্পত্তির বাজার মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ}$$

**০৬. সামুদ্রিক ঝড় কোন ধরনের নৌ-বিপদ? বুঝিয়ে লেখ।**

সমুদ্রপথে জাহাজ চলাকালে প্রাকৃতিক কারণে সংঘটিত বিপর্যয় বা দুর্ঘটনাসমূহকে প্রাকৃতিক বিপদ বলে। এরূপ বিপদ থেকে উদ্ধার পাওয়ার বিষয়ে মানুষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে পারে কিন্তু তাকে প্রতিরোধ করতে পারে না। আকস্মিকভাবে এরূপ বিপদ ঘটায় সতর্ক হওয়ার পূর্বেই অনেক সময় বিপদ ঘটে। সামুদ্রিক ঝড় এ ধরনেরই একটা প্রাকৃতিক নৌ-বিপদ।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

# SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

## Part-1 MCQ

01. কোন বিমার মধ্যে দিয়ে সর্বপ্রথম বিমা ব্যবসায়ের উদ্ভব ঘটে?
Ⓐ নৌ Ⓑ জীবন
Ⓒ অগ্নি Ⓓ দুর্ঘটনা

02. নিচের কোনটি নৌ-বিমা চুক্তিবহির্ভূত?
Ⓐ ক্ষতিনিষ্কৃতি Ⓑ হ্রাসভিত্তিককরণ
Ⓒ আর্থিক নিশ্চয়তা Ⓓ আনুপাতিক সাহায্য

03. নিচের কোনটি নৌ-বিমার চুক্তির অব্যক্ত শর্তের মধ্যে পড়ে?
Ⓐ সমুদ্রযাত্রার তারিখ Ⓑ সমুদ্রযাত্রার বৈধতা
Ⓒ নৌ-পথ সংক্রান্ত বর্ণনা Ⓓ বিমাকৃত বিষয়বস্তুর নাম

04. নৌ-বিমার সাথে নিচের কোনটি এককভাবে প্রযোজ্য?
Ⓐ সদ্বিশ্বাসের সম্পর্ক Ⓑ জেটিসন
Ⓒ দ্বৈত বিমা Ⓓ পুনঃস্থাপন

05. নিচের কোন বিমা দেশের অদৃশ্যমান রপ্তানির পরিমাণ বৃদ্ধি করে?
Ⓐ জীবন Ⓑ অগ্নি
Ⓒ নৌ Ⓓ দুর্ঘটনা

06. নৌ-বিমার বিষয়বস্তুর বহির্ভূত নিচের কোনটি?
Ⓐ জাহাজ Ⓑ জাহাজস্থ পণ্য
Ⓒ জাহাজের নাবিক Ⓓ পণ্য মাশুল

07. যে নৌ-বিমা পলিসি দ্বারা বিভিন্ন ধরনের বিষয়বস্তু বিমাকৃত হয় তাকে কী বলে?
Ⓐ ছাউনি Ⓑ ভাসমান
Ⓒ সম্মিলিত Ⓓ মিশ্র

08. জেটিসন ও 'লয়েডস' শব্দদ্বয় কোন বিমার সাথে জড়িত-
Ⓐ জীবন Ⓑ নৌ
Ⓒ অগ্নি Ⓓ শস্য

09. নৌ-বিমায় 'ত্যাগ স্বীকার' কোন ক্ষতির আওতাভুক্ত?
Ⓐ প্রকৃত সামগ্রিক Ⓑ বিশেষ আংশিক
Ⓒ উদ্ধারযোগ্য সামগ্রিক Ⓓ সাধারণ আংশিক

10. ভাসমান নৌ-বিমাপত্র নিচের কোনটির জন্য বিশেষভাবে প্রযোজ্য?
Ⓐ জাহাজ Ⓑ পণ্য
Ⓒ মাশুল Ⓓ দায়

11. পণ্য বিমা কোন বিমার আওতাধীন?
Ⓐ নৌবিমা Ⓑ শস্য বিমা
Ⓒ অগ্নি বিমা Ⓓ যৌথ বিমা

12. নৌ-বিমা চুক্তিতে থাকা বাধ্যতামূলক কোনটি?
Ⓐ নির্দিষ্ট প্রিমিয়াম Ⓑ বিমাযোগ্য স্বার্থ Ⓒ হ্রাসভিত্তিককরণ Ⓓ সমঝোতা

**OMR**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01.ⒶⒷⒸⒹ | 02.ⒶⒷⒸⒹ | 03.ⒶⒷⒸⒹ | 04.ⒶⒷⒸⒹ | 05.ⒶⒷⒸⒹ | 06.ⒶⒷⒸⒹ |
| 07.ⒶⒷⒸⒹ | 08.ⒶⒷⒸⒹ | 09.ⒶⒷⒸⒹ | 10.ⒶⒷⒸⒹ | 11.ⒶⒷⒸⒹ | 12.ⒶⒷⒸⒹ |

**Answer**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12.B | 11.A | 10.A | 09.D | 08.B | 07.A | 06.C | 05.C | 04.B | 03.B | 02.C | 01.A |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

Part-2 ▶ **Written**

01. বন্দর ঝুঁকি বিমাপত্র কী?

02. গচ্চা কোন ধরনের সামুদ্রিক ক্ষতি? ব্যাখ্যা করো।

03. সামুদ্রিক ঝড় কোন ধরনের বিপদ? বুঝিয়ে লেখো।

04. কখন সমুদ্রে পণ্য নিক্ষেপ করা হয় এবং কেন?

05. নৌ-বিমা চুক্তি কেন ক্ষতিপূরণের চুক্তি? ব্যাখ্যা করো।

06. যাত্রার বৈধতা নৌ-বিমার কোন ধরনের শর্ত? ধারণা দাও।

07. জেটিসনের ফলে কোন ধরনের সামুদ্রিক ক্ষতির উদ্ভব হয়? বুঝিয়ে লিখ।

08. বিমাকৃত সম্পদের বৈধতা নৌ-বিমা চুক্তির কোন ধরনের শর্ত? ব্যাখ্যা করো।

**Answer**

01. নির্দিষ্ট বন্দরে নির্দিষ্ট সময় অবস্থান কালে জাহাজ বা পণ্যের ক্ষতিপূরণের নিশ্চয়তার যে বিমাপত্র নেওয়া হয় তাকে বন্দর ঝুঁকি বিমাপত্র বলে।

02. গচ্চা হলো আংশিক সামুদ্রিক ক্ষতি। সামুদ্রিক বিপদে জাহাজকে হালকা করার জন্য মালামাল অন্য জাহাজে তুলতে যে খরচ হয় তাকে গচ্চা বলে। আবার ক্ষতিগ্রস্ত জাহাজকে নিরাপদে গন্তব্যস্থানে টেনে নেওয়ার খরচ ও গচ্চা হিসেবে গণ্য। এ ধরনের ক্ষতি বিমাকারী প্রতিষ্ঠানের কাছে আংশিক ক্ষতি হিসেবে বিবেচিত।

03. সামুদ্রিক ঝড় প্রাকৃতিক নৌ-বিপদ। সমুদ্রপথে জাহাজ চলাকালে প্রাকৃতিক কারণে সংঘটিত বিপর্যয় বা দুর্ঘটনাসমূহ প্রাকৃতিক বিপদ নামে পরিচিত। এরূপ বিপদ থেকে উদ্ধার পাওয়ার বিষয়ে মানুষ সতর্কতামূলক ব্যবস্থা নিতে পারে কিন্তু প্রতিরোধ করতে পারে না।

04. সামুদ্রিক ঝড়, জলোচ্ছ্বাস বা অন্য কারণে বিপদগ্রস্ত জাহাজকে হালকা করার জন্য পণ্য সমুদ্রে নিক্ষেপণ করা হয়। জাহাজ ও এর অধিকাংশ মালামালকে বিপদমুক্ত করতে পণ্য নিক্ষেপ করা হয়। এটি মানব তৈরি বা অপ্রাকৃতিক বিপদ। তবে পণ্য নিক্ষেপ আংশিক ক্ষতি তৈরি করে।

05. নৌ-বিমা চুক্তিতে বিমাকৃত বিষয়বস্তুর কোনো ক্ষতি হলে বিমাকারী বিমাগ্রহীতাকে ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকে। তাই একে ক্ষতিপূরণের চুক্তি বলা হয়। এ ধরনের বিমা চুক্তিতে বিমাকারী ও বিমাগ্রহীতার মধ্যে সমুদ্র যাত্রায় নিয়োজিত জাহাজ এবং এর সাথে সম্পৃক্ত স্বার্থের কোনো ক্ষতির জন্য বিমাকারী চুক্তি অনুসারে বিমাগ্রহীতাকে ক্ষতিপূরণের দায়িত্ব নেয়।

06. নিশ্চিতভাবে প্রকাশ করা হয়নি অথবা আইন অনুযায়ী পালনীয় এমন শর্তকে অব্যক্ত শর্ত বলে। বিমা চুক্তিতে উল্লেখ না থাকলেও ধরে নেয়া হয় যে, যে পথে পণ্য বহন করা হবে ঐ পথে বহনের জন্য প্রয়োজনীয় অনুমোদন ও বৈধ কাগজপত্র জাহাজ কোম্পানির রয়েছে। এ ছাড়া ঐ পথে বহনে কোনো আন্তর্জাতিক বাধা- নিষেধ নেই। এক্ষেত্রে ব্যাঘাত ঘটলে জাহাজ কোম্পানি দায়ী হয়।

07. জাহাজ ও জাহাজে অবস্থিত পণ্যকে বড় ধরনের বিপদ থেকে রক্ষার জন্য পরিবহনকৃত পণ্যের অংশবিশেষ সমুদ্রে নিক্ষেপ করাকেই পণ্য নিক্ষেপণ বা জেটিসন বলে। এরূপ পণ্য নিক্ষেপণের উদ্দেশ্য হলো পণ্যবাহী জাহাজকে কিছুটা হালকা করে ডুবে যাওয়ার হাত থেকে রক্ষা করা। পণ্যের অংশ বিশেষ সমুদ্রে ফেলায় আংশিক সামগ্রিক ক্ষতির উদ্ভব হয়।

08. বিমাকৃত সম্পদের বৈধতা নৌ-বিমা চুক্তির ব্যক্ত শর্ত। নৌ-বিমা চুক্তিতে শর্ত লিখিতভাবে উল্লেখ থাকে, যা নৌ-বিমার ব্যক্ত শর্তের অন্তর্ভুক্ত। বিমাকৃত সম্পদ যে বৈধ এ বিষয়ে বিমাগ্রহীতাকে অবশ্যই ঘোষণা দিতে হয়। আর এরূপ ঘোষণা ছাড়া চুক্তি সম্পাদিত হলে বিমা প্রতিষ্ঠান দায়ী থাকে। অবৈধ বা বেআইনি কোনো পণ্য বহন করা হচ্ছে কি না এটা নিশ্চিত করার জন্যই নৌ-বিমা চুক্তিতে এধরনের শর্ত উল্লেখ করা হয়।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

দ্বিতীয় পত্র

অধ্যায় ১৩

# অগ্নি বিমা
# [Fire Insurance]

## Chapter Outlook Map

অগ্নি বিমা

- Type-1 : অগ্নি বিমা
- Type-2: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে

- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

**হোম টিউটর** বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে এ বছরের ভর্তি পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| টপিক সমূহ | অতি গুরুত্বপূর্ণ (৯০% +) | গুরুত্বপূর্ণ (৮০% +) | কম গুরুত্বপূর্ণ (৭০% +) | জানা জরুরি (৫০% +) |
|---|---|---|---|---|
| | ■ অগ্নি বিমার মৌলিক ধারণা<br>■ গড়পড়তা বিমা | ■ অগ্নিবিমার অপরিহার্য উপাদান | ■ নৈতিক ঝুঁকি | ■ অগ্নিজনিত ক্ষতির কারণ |

## Type 1 অগ্নি বিমা

### Step 1 BASIC INFORMATION

❑ **অগ্নি বিমা (Fire Insurance):**

- অগ্নি বিমা হলো অগ্নিজনিত বিপদের ঝুঁকি মোকাবিলার একটি আর্থিক প্রতিরক্ষা ব্যবস্থা।
- নির্দিষ্ট সম্পত্তিতে ও নির্দিষ্ট মেয়াদে অগ্নিজনিত বিপদের কারণে উদ্ভূত ক্ষতির বিপক্ষে একটি সর্বোচ্চ নির্দিষ্ট পরিমাণ অর্থ ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দিয়ে বিমাকারী ও বিমাগ্রহীতার মধ্যে যে চুক্তি হয় তাকে অগ্নি বিমা বলে।
- অগ্নি বিমার বিষয়বস্তু হলো স্থাবর ও অস্থাবর উভয় ধরনের সম্পত্তি ও এর সংশ্লিষ্ট আনুষঙ্গিক ক্ষতিসমূহ।
- অগ্নি বিমা হলো দু'টি পক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি।
- অগ্নি বিমার উদ্দেশ্য হলো অগ্নিজনিত ঝুঁকির হাত থেকে বিমাগ্রহীতাকে রক্ষা করা।
- অগ্নিজনিত ক্ষতির বিপক্ষে বিমাকারী এক্ষেত্রে ক্ষতিপূরণের নিশ্চয়তা প্রদান করে।
- এক্ষেত্রে বিমাকৃত সম্পত্তি এবং চুক্তির মেয়াদ অবশ্যই নির্দিষ্ট হতে হয়।
- এটি ক্ষতিপূরণের চুক্তি।
- জার্মানিতে অগ্নি বিমার প্রচলন ঘটে- ১৬০৯ সালে।
- আধুনিক অগ্নি বিমার জনক বলা হয়- ড. নিকোলাস বারবান কে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## ❑ অগ্নি বিমা বা অগ্নিবিমাপত্রের শ্রেণিবিভাগ (Types of Fire Insurance):

০১. **মূল্যায়িত বিমাপত্র:** যে বিমাচুক্তিতে বিমাকৃত সম্পত্তির মূল্য পূর্ব থেকে উভয়পক্ষের সম্মতিক্রমে নির্ধারণপূর্বক বিমাপত্রে উল্লেখ করা হয় তাকে মূল্যায়িত বিমাপত্র বলে। এরূপ বিমাপত্রের একটি বিশেষ বৈশিষ্ট্য হলো বিমাপত্রে বর্ণিত কোনো দুর্ঘটনার কারণে উদ্ভব হলে সেক্ষেত্রে নতুন করে ক্ষতি মূল্যায়নের বা এ জন্য নতুন করে প্রমাণপত্র হাজির করার প্রয়োজন পড়ে না।

০২. **অমূল্যায়িত বিমাপত্র:** যে অগ্নিবিমা চুক্তিতে বা অগ্নিবিমাপত্রে পূর্ব থেকে বিমাকৃত সম্পত্তির মূল্যায়ন করা হয় না এবং মূল্যায়নের কাজ পরবর্তী সময়ে করার ব্যবস্থা থাকে তাকে অমূল্যায়িত বিমাপত্র বলে।একে খোলা অগ্নিবিমাপত্রও বলা হয়ে থাকে।

০৩. **নির্দিষ্ট বিমাপত্র:** যে অগ্নিবিমাপত্রে একটি নির্দিষ্ট পরিমাণ সম্পত্তির বিপক্ষে একটি নির্দিষ্ট পরিমাণ মূল্যের কথা উল্লেখ থাকে বিমা কোম্পানি বিমাপত্রে উল্লিখিত পরিমাণ ক্ষতিপূরণ প্রদান করতে বাধ্য থাকে তাকে নির্দিষ্ট বিমাপত্র বলে।

০৪. **গড়পড়তা বিমাপত্র:** এরূপ বিমাপত্র নির্দিষ্ট বিমাপত্রের বিপরীত। যে বিমাপত্রের বেলায় ক্ষতির উদ্ভব হলো বিমাপত্রে উল্লেখিত পরিমাণ দাবি পরিশোধ না করে গড়পড়তা হারে তা নির্ণয় করা হয় তাকে গড়পড়তা বিমাপত্র বলে।

$$\text{বিমাদাবি} = \frac{\text{বিমাপত্রের মূল্য বা বিমাকৃত অঙ্ক}}{\text{দুর্ঘটনাকালে সম্পত্তির প্রকৃত মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ}$$

০৫. **ভাসমান বিমাপত্র:** একই প্রতিষ্ঠানের সম্পত্তি যদি বিভিন্ন স্থানে রক্ষিত বা মজুত থাকে এবং একই বিমাপত্রের আওতায় উক্ত বিক্ষিপ্ত সকল সম্পত্তি বিমা করা হয় তবে তাকে ভাসমান বিমাপত্র বলে।

০৬. **বাড়তি বিমাপত্র:** যে সকল গুদামে নির্দিষ্ট সময়ের জন্য মালামাল সংরক্ষিত করা হয় না বরং আগমন-নির্গমন সবসময়ই ঘটে, সেই সকল গুদামে রক্ষিত পণ্যের অগ্নিবিমার ক্ষেত্রে মূল বিমাপত্রের সাথে অতিরিক্তি বিমাপত্র ইস্যু করা হলে তাকে বাড়তি বিমাপত্র বলে।

০৭. **ঘোষণাযুক্ত বিমাপত্র:** যে বিমাপত্রে বিমাগ্রহীতা একটি নির্দিষ্ট সময়ে তার কাছে সর্বোচ্চ যে পরিমাণ পণ্য মজুত থাকতে পারে সেই পরিমাণ পণ্যের মূল্য উল্লেখ করে ও ঐ অঙ্কের ওপর সাধারণত ৭৫% নগদে প্রিমিয়াম পরিশোধ করে বিমাপত্র সংগ্রহ করে এবং নির্দিষ্ট সময় পরপর প্রকৃত পরিমাণ পণ্যের ঘোষণা দিয়ে বছর শেষে বিমা প্রিমিয়াম সমন্বয় করে তাকে ঘোষণাযুক্ত বিমাপত্র বলে।

০৮. **সমন্বয়যোগ্য বিমাপত্র:** যে বিমাপত্রে পলিসি গ্রহণকালে প্রকৃত মজুত হিসাবে লিখে প্রিমিয়াম ধার্য করা হয় এবং পরবর্তীতে মজুতের হ্রাস-বৃদ্ধি ঘোষণাপত্রের মাধ্যমে বিমাকারীকে জানিয়ে প্রিমিয়ামে সমন্বয় এবং মেয়াদ শেষে প্রিমিয়াম হিসাব চূড়ান্ত করা হয় তাকে সমন্বয়যোগ্য বিমাপত্র বলে।

০৯. **বাট্টাকৃত সর্বোচ্চ মূল্যের বিমাপত্র:** যে বিমাপত্রে সমগ্র বছরের জন্য মজুত পণ্যের সর্বোচ্চ পরিমাণ ও মূল্য যা হতে পারে তা ঠিক করে লেখা হয় ও তার ভিত্তিতে প্রিমিয়াম প্রদান করা হয় এবং বছর শেষে মজুত পণ্যের পরিমাণ ও মূল্যের হ্রাস-বৃদ্ধির কারণে প্রাপ্ত প্রিমিয়ামের এক-তৃতীয়াংশ বিমাকারী বিমাগ্রহীতাকে ফেরত দেয় তাকে বাট্টাযুক্ত সর্বোচ্চ মূল্যের বিমাপত্র বলে।

১০. **পুনঃস্থাপন বিমাপত্র:** যে বিমাপত্রের ক্ষেত্রে বিমাকৃত বিষয়বস্তুর হানি হলে বিমাগ্রহীতাকে আর্থিকভাবে ক্ষতিপূরণ না করে সম্পত্তি পুনঃস্থাপন করে দিতে বিমাকারী সম্মত হয় তাকে পুনঃস্থাপন বিমাপত্র বলা হয়।

## ❑ অগ্নিজনিত ক্ষতি বা অপচয় (Loss from Fire):

- অগ্নিকাণ্ডের ফলে সহায়-সম্পত্তির যে ক্ষতি হয় তাকে অগ্নিজনিত ক্ষতি বা অপচয় বলে।
- অগ্নিকাণ্ড থেকে সৃষ্ট দুরাবস্থাকেই অগ্নিজনিত ক্ষতি বলা হয়ে থাকে।
- অগ্নিজনিত বিপদ বা ঝুঁকি থেকে অগ্নিজনিত ক্ষতি বা অপচয়ের সৃষ্টি হয়ে থাকে।
- এরূপ অগ্নিজনিত বিপদ বা ঝুঁকি নানান কারণেই সৃষ্ট হয়।
- এর মধ্যে অবহেলা ও অসাবধানতাজনিত কারণই হলো মুখ্য।
- কিছু কারণকে অগ্নি সংঘটনের প্রত্যক্ষ কারণ হিসেবে এবং কিছু কারণকে পরোক্ষ কারণ হিসেবে গণ্য করা যায়।
- অগ্নিজনিত ঝুঁকি বলতে অগ্নিকাণ্ডের ফলে সৃষ্ট বিপদ বা ক্ষতিকে বুঝায়।
- এরূপ বিপদ বা ঝুঁকি হতে ব্যক্তি বা প্রতিষ্ঠানকে আর্থিকভাবে রক্ষার ব্যবস্থাই হলো অগ্নিবিমা।



CamScanner

**অগ্নিজনিত ঝুঁকি বা বিপদ**

**প্রাকৃতিক ঝুঁকি বা পরোক্ষ কারণ**

১. সম্পত্তি বা বস্তুর অতি দাহ্য প্রকৃতি
২. ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো
৩. ত্রুটিপূর্ণ তাপ ব্যবস্থা
৪. বিপজ্জনক প্রক্রিয়া ব্যবহার
৫. প্রতিষ্ঠানের প্রকৃতি
৬. ত্রুটিপূর্ণ শাখা বিন্যাস
৭. অগ্নিনির্বাপক যন্ত্রপাতির অভাব

**নৈতিক ঝুঁকি বা প্রত্যক্ষ কারণ**

১. স্বেচ্ছাপ্রণোদিত অগ্নিসংযোগ
২. অবহেলা ও অসতর্কতা
৩. শত্রুর দ্বারা অগ্নিসংযোগ

## Step 2 : At a Glance : Most Important Information

- বিমা আইনের ২৬ (৬ক) ধারায়– **অগ্নি বিমা সম্পর্কে বলা হয়েছে।**
- "Fire is a good servent but a bad master" বলেছেন– **লর্ড ব্রুক।**
- ১৬৮৪ সালে– **Friendly Society নামে অগ্নি বিমা কোম্পানি গঠিত হয়।**
- ১৭০৮ সালে পণ্যদ্রব্যের জন্যে অগ্নি বিমা প্রচলন করেন– **Charles Varry নামক একজন ব্যবসায়ী।**
- অগ্নি বিমার ক্ষেত্রে– **Castellan বনাম Dreston মোকদ্দমার নজিরটি উল্লেখযোগ্য।**
- **১৯২২** - সালে অগ্নি বিমা প্রতিষ্ঠান সঠিকভাবে পরিচালনার জন্য নীতিমালা প্রণয়ন করা হয়।
- অংশীদারিত্বের ভিত্তিতে Sun Fire Office বিমা কোম্পানি স্থাপিত হয়– **১৭১০ সালে।**
- Sun Fire Office বিমাতে অংশীদার ছিল– **২৪ জন।**
- ইংল্যান্ডে Fire Insurance Office স্থাপিত হয়– **১৮৬১ সালে।**
- অগ্নিবিমার মূল ভিত্তি হলো – **অগ্নি বিমাপত্র।**
- অমূল্যায়িত বিমাপত্রের আরেক নাম হলো – **'খোলা বিমাপত্র'।**
- অগ্নিকাণ্ডের ফলে সম্পদ-সম্পত্তির যে ক্ষতি হয় তাকে – **অগ্নি ক্ষতি বা অপচয় বলে।**
- প্রতিরোধ প্রচেষ্টা বলতে অগ্নিকাণ্ড সংঘটিত হওয়ার – **ঝুঁকিসমূহ কমানোকে বোঝায়।**
- অগ্নিকাণ্ডের কারণ – **দুই প্রকার। যথা : ১. প্রত্যক্ষ কারণ এবং ২. পরোক্ষ কারণ।**

## Step 3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### ঢাকা বিশ্ববিদ্যালয়

**01. আধুনিক অগ্নি-বিমার জনক কে?** [DU : 19-20]
Ⓐ নিকোলাস বারবন Ⓑ ইউজিন ফামা
Ⓒ উইলিয়াম ক্যারি Ⓓ ফিসার ব্ল্যাক
Ans Ⓐ

**02. কোনটি অগ্নিবিমার অপরিহার্য উপাদান নয়?** [DU : 11-12]
Ⓐ দুটি পক্ষ Ⓑ নির্দিষ্টতা Ⓒ ব্যবসায়ের ধরন
Ⓓ প্রস্তাব ও স্বীকৃতি Ⓔ বৈধ প্রতিদান
Ans Ⓒ

**03. আগুন লাগার নিম্নোক্ত কোন কারণে একটি বিমার দাবি মেটানো যাবে না?** [DU : 01-02]
Ⓐ বজ্রপাত Ⓑ বৈদ্যুতিক সম্পর্ক Ⓒ বোমা
Ⓓ গ্যাস ক্ষয় Ⓔ কোনোটিই নয়
Ans Ⓒ



CamScanner

## ঢাবি অধিভুক্ত ৭ কলেজ

01. কোন ধরনের বিমার ক্ষেত্রে স্থাবর ও অস্থাবর উভয় ধরনের সম্পত্তি বিমা করা যায়? (DU 7 College: 22-23)
Ⓐ নৌ বিমা Ⓑ অগ্নি বিমা Ⓒ শস্য বিমা Ⓓ দুর্ঘটনা বিমা Ans Ⓑ

## রাজশাহী বিশ্ববিদ্যালয়

01. কোন্ ক্ষেত্রে গ্রুপ বিমার ধারণাটি প্রযোজ্য নয়? [RU : 16-17]
Ⓐ অগ্নি বিমা Ⓑ জীবনবিমা
Ⓒ শস্য বিমা Ⓓ কোনোটিই নয় Ans Ⓐ

## চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

01. নৈতিক ঝুঁকি প্রাধান্য বেশি দেখা যায়- [CU : 02-03]
Ⓐ নৌ-বিমা ক্ষেত্রে Ⓑ অগ্নি বিমা ক্ষেত্রে Ⓒ জীবনবিমার ক্ষেত্রে Ⓓ কোনোটির ক্ষেত্রে নয় Ans Ⓑ

## GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

01. অগ্নি বিমা কোন ধরনের চুক্তি? [BRUR : 2017-18]
Ⓐ ক্ষতিপূরণের চুক্তি Ⓑ নিশ্চয়তার চুক্তি
Ⓒ বহুপাক্ষিক চুক্তি Ⓓ শর্তহীন চুক্তি Ans Ⓐ

02. অগ্নি বিমা চুক্তি সম্পাদনের জন্য চারিত্রিক সনদ কেন প্রয়োজন? [CoU : 13-14]
Ⓐ ব্যক্তিগত অনুধাবন Ⓑ নৈতিক ঝুঁকি এড়ানো
Ⓒ ব্যবসায় সম্পর্কে ধারণা লাভ Ⓓ ভবিষ্যৎ সম্পর্কে অনুমান Ans Ⓑ

03. অগ্নি বিমা করা হয় সর্বোচ্চ কত বছরের জন্য? [IU : 05-06]
Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৩ Ⓓ ৪ Ans Ⓐ

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. নিচের কোনটি অগ্নিজনিত ক্ষতির নৈতিক ঝুঁকির অন্তর্ভুক্ত নহে? [DHA-19, CHI-16]
Ⓐ ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো Ⓑ স্বেচ্ছাপ্রণোদিত অগ্নিসংযোগ
Ⓒ ইচ্ছাকৃত অবহেলা Ⓓ শত্রুর দ্বারা অগ্নিসংযোগ Ans Ⓐ

02. অগ্নিবিমায় একটিমাত্র বিমাপত্রের অধীনে একাধিক সম্পত্তির বিমা করা হলে তাকে কী বলে? [CHI-19]
Ⓐ ছাউনি বিমাপত্র Ⓑ পুনঃস্থাপন বিমাপত্র
Ⓒ গড়পড়তা বিমাপত্র Ⓓ অতিরিক্ত বিমাপত্র Ans Ⓐ

03. কোন ধরনের বিমাতে নৈতিক ঝুঁকি বেশি? [COM-19]
Ⓐ জীবনবিমা Ⓑ নৌ-বিমা
Ⓒ অগ্নিবিমা Ⓓ দায়বিমা Ans Ⓒ

04. অগ্নিবিমা কোন ধরনের চুক্তি? [JES-19, CHI-17]
Ⓐ ক্ষতিপূরণের চুক্তি Ⓑ নিশ্চয়তার চুক্তি
Ⓒঘটনা সাপেক্ষ চুক্তি Ⓓআজীবন চুক্তি Ans Ⓐ

05. গড়পড়তা অগ্নি বিমাপত্র উত্তম কারণ- [RAJ-19]
Ⓐবিমাকারী ও বিমাগ্রহীতা উভয়ের ক্ষতির সম্ভাবনা কম Ⓑ প্রিমিয়ামের হার বেশি থাকে
Ⓒ সম্পত্তির মূল্য পূর্ব হতে মূল্যায়িত থাকে Ⓓপ্রিমিয়ামের হার কম থাকে Ans Ⓐ

06. অগ্নিজনিত ক্ষতির প্রত্যক্ষ কারণ- [DIN-19, BAR-16]
Ⓐ অবহেলা Ⓑ ফায়ার সার্ভিস না থাকা
Ⓒ ব্যবসায়িক অসততা Ⓓ ত্রুটিপূর্ণ নির্ণয় Ans Ⓐ

07. নিচের কোন অগ্নি বিমাপত্রে বিষয়বস্তুর মূল্য বিমা চুক্তির পূর্বেই নির্ধারণ করা হয়? [BAR-19]
Ⓐ মূল্যায়িত বিমাপত্র Ⓑ অমূল্যায়িত বিমাপত্র
Ⓒ ভাসমান বিমাপত্র Ⓓ নির্দিষ্ট বিমাপত্র Ans Ⓐ



CS CamScanner

08. কোন অগ্নি বিমাপত্রে ক্ষতিপূরণের পরিমাপ নির্ধারিত থাকে? [COM-17]
Ⓐ মূল্যায়িত Ⓑ নির্দিষ্ট
Ⓒ অমূল্যায়িত Ⓓ ঘোষণাযুক্ত Ans Ⓑ

09. বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে লাগা আগুন কোন ঝুঁকির আওতাধীন? [DIN-17]
Ⓐ দুর্ঘটনা বিমা Ⓑ ব্যক্তিগত ঝুঁকি Ⓒ অগ্নি ঝুঁকি Ⓓ সামাজিক ঝুঁকি Ans Ⓒ

10. অগ্নিজনিত ক্ষতি সংঘটনের প্রত্যক্ষ কারণ কোনটি? [BAR-17, JES-16]
Ⓐ স্থাপনার লাগোয়া অবস্থান Ⓑ অবহেলা ও অজ্ঞতা
Ⓒ ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো Ⓓ নিম্নমানের উপকরণের ব্যবহার Ans Ⓑ

11. অগ্নি বিমা বিমাগ্রহীতাকে কী সহায়তা দেয়? [RAJ-16]
Ⓐ সম্পদকে অগ্নি থেকে রক্ষা করে Ⓑ অগ্নি থেকে রক্ষায় গ্রাহকদের সচেতন করে
Ⓒ আর্থিক ক্ষতিপূরণের ব্যবস্থা করে Ⓓ সম্পদ পুনরায় প্রতিস্থাপন করে দেয় Ans Ⓒ

12. অগ্নি বিমার অপরিহার্য বিশেষ উপাদান কোনটি? [COM-16]
Ⓐ প্রত্যক্ষ কারণ Ⓑ স্বেচ্ছায় সায়
Ⓒ নির্দিষ্টতা Ⓓ প্রস্তাব মূল্যায়ন Ans Ⓐ

13. ৬০,০০০ টাকা মূল্যের বাড়িটা একটা গড়পড়তা বিমাপত্রের অধীনে ৪০,০০০ টাকায় বিমা করা হয়। বাড়িটা আগুনে নষ্ট হয়ে যায় এবং প্রকৃত ক্ষতির পরিমাণ দাঁড়ায় ২৪,০০০ টাকা। বিমাগ্রহীতা এ ক্ষতির জন্য বিমাকারীর নিকট থেকে কত টাকা আদায় করতে পারবে? [BAR-16]
Ⓐ ১০,০০০ টাকা Ⓑ ১৬,০০০ টাকা Ⓒ ২০,০০০ টাকা Ⓓ ৩৬,০০০ টাকা Ans Ⓑ

14. কত সালে সর্বপ্রথম অগ্নিবিমার প্রচলন ঘটে? [JES-16]
Ⓐ ১৬০৭ Ⓑ ১৬০৮ Ⓒ ১৬০৯ Ⓓ ১৬১৪ Ans Ⓒ

15. কোন দেশে প্রথম অগ্নিবিমা চালু হয়েছিল? [DIN-16]
Ⓐ ইতালি Ⓑ ফ্রান্স Ⓒ যুক্তরাজ্য Ⓓ যুক্তরাষ্ট্র Ans Ⓒ

16. অপ্রাকৃতিক নৌ বিপদ কোনটি?
Ⓐ সামুদ্রিক ঝড় Ⓑ সমুদ্রে নিমজ্জিত পাহাড়ের সাথে ধাক্কা
Ⓒ ভাসমান বরফখণ্ডের সাথে ধাক্কা Ⓓ নাবিকের অসতর্কতা Ans Ⓓ

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. অগ্নি বিমা সম্পর্কে বলা হয়েছে বিমা আইনের কত ধারায়?
Ⓐ ২৬ (৬ক) ধারায় Ⓑ ২৫ (৬ক) ধারায়
Ⓒ ২৭ (৬ক) ধারায় Ⓓ ২৮ (৬ক) ধারায় Ans Ⓐ

02. কোনটি অগ্নি বিমার সাধারণ উপদান?
Ⓐ দুটি পক্ষ Ⓑ স্বীকৃতি
Ⓒ পক্ষসমূহের যোগ্যতা Ⓓ সবগুলোই Ans Ⓓ

03. অগ্নি বিমাপত্রের ক্ষেত্রে স্বত্ব নিয়োগের ব্যাপারে কার অনুমোদন অপরিহার্য?
Ⓐ বিমাগ্রহীতা Ⓑ বিমাকারীর
Ⓒ পণ্য মালিকের Ⓓ সবগুলোই Ans Ⓓ

04. অগ্নি বিমার ক্ষেত্রে যে বিমাপত্রের বেলায় বিমা গ্রহণের পূর্বে বিষয়বস্তুর মূল্যায়ন করা হয় না তাকে কী বলে?
Ⓐ মূল্যায়িত বিমাপত্র Ⓑ অমূল্যায়িত বিমাপত্র
Ⓒ গড়পড়তা Ⓓ উদ্বৃত্ত বিমাপত্র Ans Ⓑ

05. 'অগ্নিকাণ্ডে ধ্বংসের ফলে সৃষ্ট ক্ষতিপূরণ করার পন্থা বা উপায়ই হলো অগ্নি বিমা' – সংজ্ঞাটি কার?
Ⓐ আর. এম. জনসন Ⓑ এম. এন. মিশ্র
Ⓒ স্যার জনসন Ⓓ মি: আগারওয়ালা Ans Ⓑ

06. অগ্নি বিমা কয়টি পক্ষের মধ্যে সম্পাদিত চুক্তি?
Ⓐ ২টি Ⓑ ৩টি Ⓒ ৪টি Ⓓ ৫টি Ans Ⓐ


CamScanner

**07. বিশেষজ্ঞদের মতে সর্ব প্রথম অগ্নি বিমার প্রচলন ঘটে কবে?**
Ⓐ ১৯১২ Ⓑ ১৮২৩ Ⓒ ১২৮০ Ⓓ ১৮৬৫ Ans Ⓓ

**08. নৈতিক ঝুঁকি প্রাধান্য বেশি দেখা যায়-**
Ⓐ নৌ-বিমা ক্ষেত্রে Ⓑ অগ্নি বিমা ক্ষেত্রে
Ⓒ জীবনবিমার ক্ষেত্রে Ⓓ সবগুলো Ans Ⓑ

**09. কোনটি অগ্নিজনিত প্রাকৃতিক ঝুঁকি?**
Ⓐ বিশেষ কারণ Ⓑ অসতর্কতা Ⓒ অবহেলা Ⓓ বৈদ্যুতিক সংযোগ ত্রুটি Ans Ⓓ

**10. বিমাগ্রহীতা যখন সম্পূর্ণ প্রিমিয়াম পরিশোধ না করেই ক্ষতিপূরণ দাবি করে তখন বিমাকারীর কর্তব্য কী?**
Ⓐ বিমাচুক্তি বাতিল করে দেওয়া Ⓑ ক্ষতিপূরণ দাবি ফিরিয়ে দেওয়া
Ⓒ বিমাগ্রহীতার নিকট থেকে ক্ষতিপূরণ চেয়ে নেওয়া Ⓓ ক্ষতিপূরণ অঙ্ক থেকে প্রিমিয়াম কেটে রাখা Ans Ⓓ

**11. শিল্পবিপ্লবের সাথে ভারতীয় উপমহাদেশে অগ্নি বিমা প্রসারে সম্পর্ক কী?**
Ⓐ শিল্পবিপ্লবের আগেই উপমহাদেশে অগ্নি বিমা প্রসার লাভ করে
Ⓑ শিল্পবিপ্লবের সময় উপমহাদেশে অগ্নি বিমা প্রসার লাভ করে
Ⓒ শিল্পবিপ্লবের অনেক পরে উপমহাদেশে অগ্নি বিমা জনপ্রিয় হয়
Ⓓ শিল্পবিপ্লব ও ভারতীয় উপমহাদেশে অগ্নি বিমা প্রসার এ দুটি পরস্পর সম্পর্কহীন Ans Ⓑ

**12. সাধারণ চুক্তির বৈশিষ্ট্য হিসেবে কোনটি অগ্নি বিমায় অন্তর্ভুক্ত?**
Ⓐ স্থলাভিষিক্তকরণ Ⓑ নিকটতম কারণ
Ⓒ পক্ষসমূহের যোগ্যতা Ⓓ পরম সদ্বিশ্বাস Ans Ⓒ

**13. ক্ষতিপূরণের চুক্তির প্রধান উদ্দেশ্য কী?**
Ⓐ বিমাকারী কর্তৃক বিমাগ্রহীতাকে কম পরিমাণে সুবিধা প্রদান
Ⓑ বিমাগ্রহীতা কর্তৃক বিমাকারী থেকে অধিক পরিমাণ অর্থ আদায়
Ⓒ ক্ষতির পরিমাণ অপেক্ষা বিমাকৃত বিষয়বস্তু মূল্য কম দেখানো হলে বিমাকারী অতিরিক্ত মূল্য প্রদানে বাধ্য থাকবে
Ⓓ অসৎ প্রকৃতি, প্রতারণা প্রতিরোধ করে অন্যায়ভাবে ক্ষতি সংঘটনে প্রলুব্ধ হওয়া থেকে বিরত থাকা Ans Ⓓ

**14. অগ্নি বিমা কীভাবে জাতীয় সম্পদ রক্ষায় ভূমিকা রাখে?**
Ⓐ শিল্পোন্নয়নে সহায়তা করে Ⓑ কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
Ⓒ মূলধন গঠন করে Ⓓ সচেতনতা বৃদ্ধি করে Ans Ⓓ

**15. অগ্নি বিমা চুক্তি সম্পাদনের সময় বিমা কোম্পানি কোন বিষয়টি গুরুত্ব সহকারে পর্যবেক্ষণ করে?**
Ⓐ বিমাগ্রহীতার চারিত্রিক সনদপত্র Ⓑ সম্পত্তির উপযুক্ততা Ⓒ বিমাগ্রহীতার আর্থিক অবস্থা Ⓓ সম্পত্তির প্রকৃত মূল্য Ans Ⓐ

**16. সাধারণ বিমাপত্র অনুযায়ী কোন কারণটি ক্ষতিপূরণের আওতাবহির্ভূত হিসেবে বিবেচ্য?**
Ⓐ বজ্রপাতের আগুনের জন্য ক্ষতি Ⓑ অবহেলা ও অসাবধানতাবশত ক্ষতি
Ⓒ আগুন জ্বলার আগেই চুক্তি হলে Ⓓ সরকার কর্তৃক কোনো সম্পত্তি পুড়িয়ে ফেলা হলে Ans Ⓓ

**17. অগ্নিজনিত ক্ষতি সংঘটনের প্রত্যক্ষ কারণ কোনটি?**
Ⓐ অসতর্কতা Ⓑ ত্রুটিপূর্ণ তাপ ব্যবস্থা
Ⓒ ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো Ⓓ দাহ্য প্রকৃতির সম্পত্তি Ans Ⓐ

**18. সর্বপ্রথম সংঘবদ্ধভাবে অগ্নি বিমার ঝুঁকি গ্রহণের জন্য লন্ডনে যে প্রতিষ্ঠান এগিয়ে আসে তার নাম কী ছিল?**
Ⓐ বৃহৎ অগ্নি Ⓑ অগ্নি নিবারণ সংঘ
Ⓒ বৃহৎ অগ্নিসংঘ Ⓓ অগ্নিসংঘ Ans Ⓐ

**19. নৈতিক ঝুঁকির পরিমাণ হ্রাসের ক্ষেত্রে কোন ধরনের অগ্নি বিমাপত্র উত্তম?**
Ⓐ বাড়তি Ⓑ নির্দিষ্ট
Ⓒ ভাসমান Ⓓ গড়পড়তা Ans Ⓓ

**20. রহিম একজন গার্মেন্টস মালিক। তার মতো একজন ব্যবসায়ীর জন্য কোন ধরনের বিমা উপযোগী?**
Ⓐ জীবনবিমা Ⓑ নৌ-বিমা
Ⓒ সাধারণ বিমা Ⓓ অগ্নি বিমা Ans Ⓓ



CamScanner

Type 2

# লিখিত প্রশ্নোত্তর

## Step-1 ▶ এক কথায় প্রশ্নোত্তর

- যে বিমা চুক্তির অধীনে বিমা কোম্পানি নির্দিষ্ট প্রিমিয়ামের বিনিময়ে বিমাগ্রহীতার সম্পদ ও সম্পত্তির অগ্নিজনিত ক্ষতিপূরণ প্রদানের প্রতিশ্রুতি দেয় তাকে কি বলে? **অগ্নি বিমা**
- কোনো নির্দিষ্ট সম্পত্তির ওপর ক্ষতিপূরণ পাওয়ার আশায় যদি অগ্নি বিমা চুক্তি সম্পাদিত হয় তবে তাকে কি বলে? **নির্দিষ্ট বিমাপত্র**
- যে বিমাচুক্তির অধীনে বিমাকৃত বিষয়বস্তুর অগ্নি-কাণ্ডের কারণে ক্ষতিগ্রস্ত হলে গড় নিয়মে ক্ষতিপূরণ প্রদান করা হয় তবে তাকে কি বলে? **গড়পড়তা বিমা**
- পরবর্তী ঘোষণার মাধ্যমে যে অগ্নি বিমা চুক্তি সম্পাদিত হয় তাকে কি বলে? **ঘোষণাযুক্ত বিমাপত্র**
- যে সকল ব্যবসায়ীদের মজুত পণ্য প্রায়ই ওঠানামা করে তাদের সর্বনিম্ন মজুতের অতিরিক্ত বা বাড়তি যে মজুত পণ্য থাকে তার জন্য প্রতি মাসেই ঘোষণা দিয়ে যে বিমা করা হয় তাকে কি বলে? **বাড়তি বিমাপত্র**
- অগ্নি বিমা চুক্তিতে বিমাকৃত বিষয়বস্তুর অগ্নিকান্ডের কারণে যে আংশিক বা সম্পূর্ণ ক্ষতি সংঘটিত হয় তাকে কি বলে? **অগ্নিজনিত ক্ষতি**

## Step-2 ▶ গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

**০১. অগ্নিবিমা কোন ধরনের চুক্তি তা বুঝিয়ে লিখ?**

**উত্তর :** অগ্নিবিমা ক্ষতিপূরণের চুক্তি। এ বিমা হলো অগ্নিজনিত ক্ষতির বিপক্ষে আর্থিক প্রতিরক্ষামূলক ব্যবস্থা। এ কারণে এটি নিঃসন্দেহে ক্ষতিপূরণের চুক্তি। বিমাগ্রহীতা তার সম্পত্তি বিমা করে রাখলে, বিমা প্রতিষ্ঠান বিমাকৃত সম্পত্তির আংশিক ক্ষতির ক্ষেত্রে আংশিক এবং সম্পূর্ণ ক্ষতির ক্ষেত্রে সম্পূর্ণ ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকে।

**০২. অগ্নিবিমায় প্রত্যক্ষ কারণ বিবেচনা করা গুরুত্বপূর্ণ কেন?**

**উত্তর :** অগ্নিবিমায় নৈতিক ঝুঁকি বেশি হওয়ায় অগ্নিবিমায় প্রত্যক্ষ কারণ বিবেচনা করা গুরুত্বপূর্ণ। অগ্নিবিমার ক্ষেত্রে যে কেউ পণ্য সরিয়ে ইচ্ছে করে আগুন লাগিয়ে বিমাদাবি পেশ করতে পারে। এছাড়া অবহেলা, অসতর্কতা প্রভৃতি কারণেও অগ্নিসংযোগ ঘটতে পারে। তাই ক্ষতিপূরণ দেওয়ার আগে ক্ষতির প্রত্যক্ষ কারণ বিবেচনা করা বিমা প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ।

**০৩. গড়পড়তা বিমাপত্র কী?**

**উত্তর :** এরূপ বিমাপত্র নির্দিষ্ট বিমাপত্রের বিপরীতে। যে বিমাপত্রের বেলায় ক্ষতির উদ্ভব হলে বিমাপত্রে উল্লিখিত পরিমাণ দাবি পরিশোধ না করে গড়পড়তা হারে তা নির্ণয় করা হয় তাকে গড়পড়তা বীমাপত্র বলে। কোনো বিমাগ্রহীতা সম্পত্তির মূল্য বেশি দেখিয়ে অধিক পরিমাণ অর্থ বিমা প্রতিষ্ঠান থেকে যাতে নিতে না পারে সেজন্যই এরূপ বিমাপত্রের উদ্ভব।

**০৪. ভাসমান বা ছাউনি বিমাপত্র কী?**

**উত্তর :** একই প্রতিষ্ঠানের সম্পত্তি যদি বিভিন্ন স্থানে রক্ষিত বা মজুত থাকে এবং একই বিমাপত্রের আওতায় উক্ত বিক্ষিপ্ত সকল সম্পত্তি বিমা করা হয় তবে তাকে ভাসমান বা ছাউনি বিমাপত্র বলে। অনেক ক্ষেত্রেই দেখা যায়, বড় বড় ব্যবসায়ী বা উৎপাদনকারীদের বিভিন্ন স্থানে স্থাপনা ও সহায়-সম্পদ থাকে।

**০৫. পুনঃস্থাপন বিমাপত্র কী?**

**উত্তর :** যে বিমাপত্রের ক্ষেত্রে বিমাকৃত বিষয়বস্তুর হানি হলে বিমাগ্রহীতাকে আর্থিকভাবে ক্ষতিপূরণ না করে সম্পত্তি পুনঃস্থাপন করে দিতে বিমাকারী সম্মত হয় তাকে পুনঃস্থাপন বিমাপত্র বলা হয়। এ ধরনের বিমাপত্র দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর হতে চালু হয়েছে। এ ধরনের বিমাপত্রের ক্ষেত্রে বিমাগ্রহীতা পুরনোর পরিবর্তে নতুন সম্পত্তি লাভ করে বলে একে পুরনো প্রদীপের বদলে নতুন প্রদীপ বিমাপত্র বলা হয়ে থাকে।

## Step-3 ▶ বিগত বছরের প্রশ্নোত্তর

**০১. অগ্নিবিমায় কোন ধরনের ঝুঁকি বেশি? (ঢাবি ২০২২-২৩)**

**উত্তর :** অগ্নিবিমায় নৈতিক ঝুঁকি বেশি থাকে। বিমাগ্রহীতার চরিত্র বা পার্শ্ববর্তী লোকজনের কার্যকলাপ থেকে তৈরি ঝুঁকিকে অগ্নিবিমায় নৈতিক ঝুঁকি বলে। নৈতিক ঝুঁকি অদৃশ্যমান ও তা মানুষের ওপর নির্ভরশীল। প্রাকৃতিক ঝুঁকির মতো এ ঝুঁকি অনুমান করা অসম্ভব। পণ্যের গুদাম বিমা করে পণ্য সরিয়ে আগুন লাগানো ও ক্ষতিপূরণ আদায় করা নৈতিক ঝুঁকির আওতাভুক্ত।



CamScanner

# Mathematical Problems

## গানিতিক সমস্যার ধরন-০১: বিমাদাবি নির্ণয় (একক বিমার বেলায়)

**প্রয়োজনীয় সূত্র :**

$$\text{বিমাদাবি} = \frac{\text{বিমাপত্রের মূল্য বা বিমাকৃত অঙ্ক}}{\text{দুর্ঘটনাকালে সম্পত্তির প্রকৃত মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ}$$

**সংশ্লিষ্ট গাণিতিক সমস্যা ও সমাধান:**

**সমস্যা: জনাব মুশফিক তাঁর ৫,০০,০০০ টাকা মূল্যের একটি টয়োটা গাড়ি গড়পড়তা বিমাপত্রের অধীনে ৪,০০,০০০ টাকায় ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানির নিকট বিমা করলেন। গাড়িটি আগুনে বিনষ্ট হয় এবং উক্ত ক্ষতির পরিমাণ দাঁড়ায় ৩,৫০,০০০ টাকা। এ অবস্থায় জনাব মুশফিক ফেডারেল ইনস্যুরেন্স কোম্পানি হতে বিমাদাবি হিসেবে কত টাকা আদায় করতে পারবেন?**

**সমাধান:** $\text{বিমাদাবি} = \frac{\text{বিমাপত্রের মূল্য বা বিমাকৃত অঙ্ক}}{\text{দুর্ঘটনাকালে সম্পত্তির প্রকৃত মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ}$

$\Rightarrow \frac{৪০০০০০}{৫০০০০০} \times ৩৫০০০০ \Rightarrow$ ২,৮০,০০০ টাকা।

**নিজে করো:**

০১. জনাব জয় তাঁর ১,০০,০০০ টাকা মূল্যের একখানা বাড়ি গড়পড়তা বিমাপত্রের অধীনে সাধারণ বিমা কোম্পানির কাছে ৮০,০০০ টাকায় বিমা করেন। বাড়িটি আগুনে পুড়ে যায় এবং ক্ষতির পরিমাণ নির্ধারণ করা হয় ৬০,০০০ টাকা। ক্ষতির পর ঘরের বাজারমূল্য দাঁড়ায় ৯০,০০০ টাকা। বিমাগ্রহীতা জনাব জয় এক্ষেত্রে সাধারণ বিমা কোম্পানির কাছ থেকে ক্ষতিপূরণ হিসেবে কত টাকা পাবেন? উত্তর: ৫৩,৩৩৩.৩৩ টাকা।

০২. মিঃ সাকিব তাঁর ৬,০০,০০০ টাকা মূল্যের একখানা গুদামঘর গড়পড়তা বিমাপত্রের অধীনে ৪,০০,০০০ টাকা-প্রগতি ইনস্যুরেন্স কোম্পানির নিকট বিমা করেছেন। ইতোমধ্যে গুদামঘরটি আগুনে পুড়ে নষ্ট হয়ে গেছে এবং ক্ষতির পরিমাণ নির্ধারণ করা হয়েছে ২,৪০,০০০ টাকা। এ অবস্থায় মিঃ সাকিব প্রগতি ইনস্যুরেন্স কোম্পানি হতে কী পরিমাণ ক্ষতিপূরণ পাবেন? **উত্তর:** ১,৬০,০০০ টাকা।

**বিশ্ববিদ্যালয়ে (MCQ) তে আসা গানিতিক সমস্যা ও সমাধান:**

**সমস্যা-০১: গড়পড়তা বিমায় ১০,০০০ টাকার সম্পত্তি ২০,০০০ টাকায় বিমা করা হলে এবং ক্ষতির পরিমাণ ৫,০০০ টাকা হলে বিমা কোম্পানি কত টাকা ক্ষতিপূরণ দেবে? [DU : 21-22]**

সমাধান: $\text{বিমাদাবি} = \frac{\text{বিমাপত্রের মূল্য বা বিমাকৃত অঙ্ক}}{\text{দুর্ঘটনাকালে সম্পত্তির প্রকৃত মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ}$

$\Rightarrow \frac{২০০০০}{১০০০০} \times ৫০০০ \Rightarrow$ ১০,০০০ টাকা।

**Note :** ক্ষতির অতিরিক্ত অর্থ বিমা কোম্পানি পরিশোধ করবে না তাই সর্বোচ্চ বিমা দাবী ৫,০০০ টাকা।

**সমস্যা-০২: বিমাকৃত মূল্য ১,৭৫,০০০ টাকা। অগ্নি দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত সম্পত্তির প্রকৃত মূল্য ৩,৫০,০০০ টাকা। প্রকৃত ক্ষতির পরিমাণ ১,১০,০০০ টাকা। গড়পড়তা পরিশোধ্য দাবির পরিমাণ- [RU : 08-09]**

সমাধান: $\text{বিমাদাবি} = \frac{\text{বিমাপত্রের মূল্য বা বিমাকৃত অঙ্ক}}{\text{দুর্ঘটনাকালে সম্পত্তির প্রকৃত মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ}$

$\Rightarrow \frac{১৭৫০০০}{৩৫০০০০} \times$ ১,১০,০০০ $\Rightarrow$ ৫৫,০০০ টাকা।



CamScanner

## গানিতিক সমস্যার ধরন-০২: বিমাদাবি নির্ণয় (দ্বৈত বিমার বেলায়)

**প্রয়োজনীয় সূত্র:**

$$১ম\ কোম্পানি\ কতৃক\ পূরণকৃত\ বিমাদাবি = \frac{১ম\ কোম্পানির\ অনুপাত}{২\ টি\ কোম্পানির\ অনুপাতের\ যোগফল} \times ক্ষতির\ পরিমাণ$$

$$২য়\ কোম্পানি\ কতৃক\ পূরণকৃত\ বিমাদাবি = \frac{২য়\ কোম্পানির\ অনুপাত}{২\ টি\ কোম্পানির\ অনুপাতের\ যোগফল} \times ক্ষতির\ পরিমাণ$$

**সংশ্লিষ্ট গাণিতিক সমস্যা ও সমাধান:**

**সমস্যা: জাহির এন্ড কোম্পানি একটি ঔষধের দোকানের জন্য ফিনিক্স ইনস্যুরেন্স কোম্পানির নিকট হতে ৬০,০০০ টাকা এবং এক্সপ্রেস ইনস্যুরেন্স কোম্পানির নিকট হতে ৪০,০০০ টাকার মোট দুটি বিমাপত্র গ্রহণ করে। অগ্নিকাণ্ডের ফলে দোকানটি ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতির পরিমাণ ৩০,০০০ টাকা। কোন কোম্পানি কী পরিমাণ ক্ষতিপূরণ প্রদান করবে?**

সমাধান: $$ফিনিক্স\ ইনস্যুরেন্স\ কোম্পানি\ কতৃক\ পূরণকৃত\ বিমাদাবি = \frac{ফিনিক্স\ ইনস্যুরেন্স\ কোম্পানির\ অনুপাত}{২\ টি\ কোম্পানির\ অনুপাতের\ যোগফল} \times ক্ষতির\ পরিমাণ$$

$$\Rightarrow \frac{৬}{১০} \times ৩০,০০০ \Rightarrow ১৮,০০০\ টাকা।$$

$$এক্সপ্রেস\ ইনস্যুরেন্স\ কোম্পানি\ কতৃক\ পূরণকৃত\ বিমাদাবি = \frac{এক্সপ্রেস\ ইনস্যুরেন্স\ কোম্পানির\ অনুপাত}{২\ টি\ কোম্পানির\ অনুপাতের\ যোগফল} \times ক্ষতির\ পরিমাণ$$

$$\Rightarrow \frac{৪}{১০} \times ৩০,০০০ \Rightarrow ১২,০০০\ টাকা।$$

**নিজে করো:**

০১. আফনান তার কারখানাটির জন্য প্রভাতী ইনস্যুরেন্স কোম্পানির নিকট হতে ৭০,০০০ টাকা এবং সিটি ইনস্যুরেন্স কোম্পানির নিকট হতে ৫০,০০০ টাকার মোট দুটি বিমাপত্র গ্রহণ করে। অগ্নিকাণ্ডের ফলে কারখানাটি ক্ষতিগ্রস্ত হয়। ক্ষতির পরিমাণ ৯০,০০০ টাকা। কোন কোম্পানি কী পরিমাণ ক্ষতিপূরণ প্রদান করবে?
উত্তর : প্রভাতী ইনস্যুরেন্স কোম্পানি ৫২,৫০০ টাকা এবং সিটি ইনস্যুরেন্স কোম্পানি ৩৭,৫০০ টাকা।

০২. মি হাকিম তার ৪০,০০,০০০ টাকা গাড়ি ৩০ লক্ষ টাকার A কোম্পানি ও ১০ লক্ষ টাকার B কোম্পানির কাছে বিমা করে, ৬০,০০০ টাকার ক্ষতি হলে, A কোম্পানি কত টাকা দিবে। উত্তর : ৪৫,০০০ টাকা।

## গানিতিক সমস্যার ধরন-০৩: বিমাদাবি নির্ণয় (২ এর অধিক বিমার বেলায়)

**প্রয়োজনীয় সূত্র:**

$$নির্দিষ্ট\ কোম্পানি\ কতৃক\ পূরণকৃত\ বিমাদাবি = \frac{নির্দিষ্ট\ কোম্পানির\ অনুপাত}{সকল\ কোম্পানির\ অনুপাতের\ যোগফল} \times ক্ষতির\ পরিমাণ$$

**সংশ্লিষ্ট গাণিতিক সমস্যা ও সমাধান:**

**সমস্যা: লিটন তার জাহাজ A, B, C তিনটি কোম্পানির কাছে ৫০ লক্ষ টাকা করে মোট ১.৫০ কোটি টাকায় বিমা করে। জাহাজের ৩০ লক্ষ টাকার ক্ষতি হলে, A কোম্পানি কত অর্থ দিবে?**

সমাধান: $$A\ কোম্পানি\ কতৃক\ পূরণকৃত\ বিমাদাবি = \frac{নির্দিষ্ট\ কোম্পানির\ অনুপাত}{সকল\ কোম্পানির\ অনুপাতের\ যোগফল} \times ক্ষতির\ পরিমাণ$$

$$\Rightarrow \frac{১}{৩} \times ৩০,০০,০০০ \Rightarrow ১০,০০,০০০\ টাকা।$$



CamScanner

# SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

## Part-1 MCQ

**01. অগ্নি বিমা কোন ধরনের চুক্তি?**
Ⓐ ক্ষতিপূরণের চুক্তি
Ⓑ নিশ্চয়তার চুক্তি
Ⓒ ঘটনাসাপেক্ষ চুক্তি
Ⓓ বহুপাক্ষিক চুক্তি

**02. নিচের কোন ধরনের বিমার ক্ষেত্রে স্থাবর ও অস্থাবর উভয় ধরনের সম্পত্তিই বিমা করা যায়?**
Ⓐ নৌ
Ⓑ অগ্নি
Ⓒ দুর্ঘটনা
Ⓓ শস্য

**03. কোন ধরনের বিমায় নৈতিক ঝুঁকির মাত্রা বেশি থাকে?**
Ⓐ অগ্নি Ⓑ নৌ Ⓒ জীবন Ⓓ পুনঃ

**04. স্থলাভিষিক্তকরণ বলতে কীসের স্থলাভিষিক্তকরণকে বুঝায়?**
Ⓐ সম্পদের
Ⓑ মালিকানার
Ⓒ দায়ের
Ⓓ বিমাযোগ্য স্বার্থের

**05. অগ্নি বিমায় স্থলাভিষিক্তকরণ নীতি কখন প্রযোজ্য হয়?**
Ⓐ আংশিক ক্ষতিতে
Ⓑ বিশেষ আংশিক ক্ষতিতে
Ⓒ সামগ্রিক ক্ষতিতে
Ⓓ উদ্ধারযোগ্য সামগ্রিক ক্ষতিতে

**06. অগ্নি বিমার উপাদান বা বৈশিষ্ট্যবহির্ভূত নিচের কোনটি?**
Ⓐ নির্দিষ্টতা
Ⓑ সদ্বিশ্বাসের সম্পর্ক
Ⓒ স্থলাভিষিক্তকরণ
Ⓓ নিশ্চয়তার চুক্তি

**07. নিচের কোনটি অগ্নিসংযোগের পরোক্ষ কারণ?**
Ⓐ অসতর্কতা
Ⓑ নিম্নমানের উপকরণ ব্যবহার
Ⓒ ইচ্ছাকৃত অগ্নিসংযোগ
Ⓓ অবহেলা ও অজ্ঞতা

**08. অগ্নি বিমার বিষয়বস্তু কী?**
Ⓐ মানুষের জীবন
Ⓑ স্থাবর ও অস্থাবর সম্পত্তি
Ⓒ মোটর যান
Ⓓ সমুদ্র যান

**09. কোনটি অগ্নিজনিত প্রাকৃতিক ঝুঁকি?**
Ⓐ বিশেষ কারণ
Ⓑ অসতর্কতা
Ⓒ অবহেলা
Ⓓ বৈদ্যুতিক সংযোগে ত্রুটি

**10. আনুষ্ঠানিকভাবে সর্বপ্রথম কত সালে অগ্নি বিমা চালু হয়?**
Ⓐ ১৬০৯ সালে
Ⓑ ১৬১০ সালে
Ⓒ ১৬১১ সালে
Ⓓ ১৬১২ সালে

**11. অগ্নিজনিত ক্ষতি সংঘটনের প্রত্যক্ষ কারণ কোনটি?**
Ⓐ অসতর্কতা
Ⓑ ত্রুটিপূর্ণ তাপ ব্যবস্থা
Ⓒ ত্রুটিপূর্ণ নির্মাণ কাঠামো
Ⓓ দাহ্য প্রকৃতির সম্পত্তি

**12. অগ্নি বিমার শর্তসমূহ কত প্রকার?**
Ⓐ ৬ প্রকার
Ⓑ ৪ প্রকার
Ⓒ ৩ প্রকার
Ⓓ ২ প্রকার

**OMR**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01.ⒶⒷⒸⒹ | 02.ⒶⒷⒸⒹ | 03.ⒶⒷⒸⒹ | 04.ⒶⒷⒸⒹ | 05.ⒶⒷⒸⒹ | 06.ⒶⒷⒸⒹ |
| 07.ⒶⒷⒸⒹ | 08.ⒶⒷⒸⒹ | 09.ⒶⒷⒸⒹ | 10.ⒶⒷⒸⒹ | 11.ⒶⒷⒸⒹ | 12.ⒶⒷⒸⒹ |

**Answer**

| | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12.D | 11.A | 10.B | 09.D | 08.B | 07.B | 06.D | 05.C | 04.B | 03.A | 02.B | 01.A |



CamScanner

## Part-2 Written

01. বিমা দাবি নির্ধারণের সূত্র কী?

02. নৈতিক ঝুঁকি কী?

03. গড়পড়তা বিমাপত্র বলতে কী বোঝায়?

04. অগ্নিবিমাকে ক্ষতিপূরণের চুক্তি বলা হয় কেন?

05. অমূল্যায়িত বিমাপত্র বলতে কী বোঝায়?

06. মূল্যায়িত বিমাপত্র বলতে কী বোঝায়?

07. অগ্নিবিমায় প্রত্যক্ষ কারণ বিবেচনা করা গুরুত্বপূর্ণ কেন?

08. অগ্নিবিমায় কোন ধরনের ঝুঁকি বেশি?

## Answer

01. বিমা দাবি নির্ধারণের সূত্রটি হলো :

$$\text{বিমা দাবি} = \frac{\text{বিমাপত্রে উল্লিখিত মূল্য}}{\text{দুর্ঘটনাকালে প্রকৃত মূল্য}} \times \text{ক্ষতির পরিমাণ।}$$

02. বিমাগ্রহীতার চরিত্র বা পার্শ্ববর্তী লোকজনের কার্যকলাপ অর্থাৎ মানুষের অসততা, অসতর্কতা, অবহেলা প্রভৃতি কারণে যে ঝুঁকি তৈরি হয় তাকে নৈতিক ঝুঁকি বলে।

03. যে বিমাপত্রে বিমাকৃত মূল্যে ক্ষতিপূরণ না করে গড়পড়তাহারে ক্ষতিপূরণ করা হয় তাকে গড়পড়তা বিমাপত্র বলে।

04. অগ্নিবিমা হলো অগ্নিজনিত ক্ষতির বিপক্ষে আর্থিক প্রতিরক্ষা ব্যবস্থা। এ কারণে নিঃসন্দেহে এটি একটি ক্ষতিপূরণের চুক্তি।

05. অমূল্যায়িত বিমাপত্রে আগে থেকে বিমাকৃত সম্পত্তির মূল্যায়ন করা হয় না। এরূপ বিমার ক্ষতি সংঘটিত হওয়ার পর সম্পত্তির মূল্য নির্ণয় করা হয় । তবে ক্ষতিপূরণের পরিমাণ সম্পত্তির সর্বোচ্চ মূল্য দ্বারা সীমাবদ্ধ। সম্পত্তির আংশিক ক্ষতিতে গড়পড়তা হারে ক্ষতিপূরণে বাধ্য বিমা প্রতিষ্ঠান।

06. বিমাপত্রে বিমাকৃত বিষয়বস্তুর মূল্য আগেই নির্ধারণ করা থাকলে তাকে মূল্যায়িত বিমাপত্র বলে। এক্ষেত্রে দুর্ঘটনার পর ক্ষতির পরিমাণ মূল্যায়ন করা হয় না। আবার সম্পত্তির মূল্যের কোনো প্রমাণ দাখিল করতে হয় না। সম্পত্তির বাজার মূল্য যাই হোক না কেন বিমাগ্রহীতা পূর্ব নির্ধারিত মূল্যেই ক্ষতিপূরণ দাবি করতে পারে।

07. অগ্নিবিমায় নৈতিক ঝুঁকি বেশি হওয়ায় অগ্নিবিমায় প্রত্যক্ষ কারণ বিবেচনা করা গুরুত্বপূর্ণ। অগ্নিবিমার ক্ষেত্রে যে কেউ পণ্য সরিয়ে ইচ্ছে করে আগুন লাগিয়ে বিমাদাবি পেশ করতে পারে। এছাড়া অবহেলা, অসতর্কতা প্রভৃতি কারণেও অগ্নিসংযোগ ঘটতে পারে। তাই ক্ষতিপূরণ দেওয়ার আগে ক্ষতির প্রত্যক্ষ কারণ বিবেচনা করা বিমা প্রতিষ্ঠানের জন্য গুরুত্বপূর্ণ।

08. অগ্নিবিমায় নৈতিক ঝুঁকি বেশি থাকে। বিমাগ্রহীতার চরিত্র বা পার্শ্ববর্তী লোকজনের কার্যকলাপ থেকে তৈরি ঝুঁকিকে অগ্নিবিমায় নৈতিক ঝুঁকি বলে। নৈতিক ঝুঁকি অদৃশ্যমান ও তা মানুষের ওপর নির্ভরশীল। প্রাকৃতিক ঝুঁকির মতো এ ঝুঁকি অনুমান করা অসম্ভব। পণ্যের গুদাম বিমা করে পণ্য সরিয়ে আগুন লাগানো ও ক্ষতিপূরণ আদায় করা নৈতিক ঝুঁকির আওতাভুক্ত।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

দ্বিতীয় পত্র

অধ্যায় ১৪

# বিবিধ বিমা
# [Miscellaneous Insurance]

## Chapter Outlook Map

বিবিধ বিমা

- Type-1 : বিবিধ বিমা
- Type-2: লিখিত প্রশ্নোত্তর
  - Step-1 : এক কথায় প্রশ্নোত্তর
  - Step-2 : গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর
  - Step-3 : বিগত বছরের প্রশ্নোত্তর
- Self Test (বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার অনুরূপ)

প্রতিটি Type-এ যা যা থাকছে

- Step-1 : Basic Information
- Step-2 : At a Glance : Most Important Information
- Step-3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর
- Step-4 : সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর
- Step-5: NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

## হোম টিউটর — বিগত বছরের প্রশ্ন বিশ্লেষণের আলোকে এ বছরের ভর্তি পরীক্ষার জন্য গুরুত্বপূর্ণ টপিকসমূহ

| টপিক | অতি গুরুত্বপূর্ণ (৯০% +) | গুরুত্বপূর্ণ (৮০% +) | কম গুরুত্বপূর্ণ (৭০% +) | জানা জরুরি (৫০% +) |
|---|---|---|---|---|
| সমূহ | ■ বিভিন্ন প্রকার বিমার উৎপত্তি | ■ দুর্ঘটনা বিমাপত্রের প্রকারভেদ | - | - |

## Type 1 — বিবিধ বিমা

### Step 1 — BASIC INFORMATION

❑ **দুর্ঘটনা বিমা (Accidented insurance):**

- দুর্ঘটনার ফলে মানুষের ক্ষয়ক্ষতি কীভাবে লাঘব করা যায় বা ক্ষতিপূরণ করা যায় সেই চিন্তা থেকেই দুর্ঘটনা বিমার উৎপত্তি।
- অনাকাঙ্ক্ষিত বা আকস্মিক কোনো দুর্ঘটনাজনিত ক্ষতি বা সম্ভাব্য দুর্ঘটনা সংক্রান্ত ঝুঁকির বিপরীতে যে বিমা বা প্রতিরক্ষা গ্রহণ করা হয়, তাই 'দুর্ঘটনা বিমা'।

❑ **দুর্ঘটনা বিমাপত্রের প্রকারভেদ (Types of accidented insurance) :**

দুর্ঘটনা বিমা

| ব্যক্তিগত দুর্ঘটনা বিমা | সম্পত্তি দুর্ঘটনা বিমা | দায় বিমা |
|---|---|---|
| ১. দুর্ঘটনাজনিত মৃত্যু বিমা<br>২. দুর্ঘটনাজনিত অক্ষমতা বিমা<br>৩. নির্দিষ্ট রোগ ও দুর্ঘটনা বিমা<br>৪. যেকোনো প্রকার রোগ ও দুর্ঘটনা বিমা<br>৫. চিকিৎসা ও হাসপাতাল খরচের বিমা | ১. মোটরগাড়ি বিমা<br>২. মোটরসাইকেল বিমা<br>৩. বিমান বিমা<br>৪. শস্য বিমা<br>৫. গবাদিপশু বিমা<br>৬. প্রকৌশল বিমা<br>৭. চৌর্য বিমা<br>৮. প্লেট-গ্লাস বিমা<br>৯. তল্পি-তল্পা বিমা<br>১০. ছিনতাই বিমা<br>১১. যুদ্ধ ঝুঁকি বিমা<br>১২. বৃষ্টি বিমা<br>১৩. হিমাগার বিমা | ১. নিয়োগকারীর দায় বিমা<br>২. গণদায় বিমা<br>৩. পণ্য দায় বিমা<br>৪. পেশাগত ক্ষতিপূরণ বিমা |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

❑ বিভিন্ন প্রকার বিমার উৎপত্তি (Origin of different insurance):

| বিভিন্ন বিমা | উৎপত্তি | বিভিন্ন বিমা | উৎপত্তি |
|---|---|---|---|
| • গোষ্ঠীবিমা | যুক্তরাষ্ট্র -USA | • শস্যবিমা | জার্মানি |
| • ডাক জীবনবিমা | ভারতীয় উপমহাদেশ (১৮৮৪) | • শিলাবৃষ্টি বিমা | জার্মানি (১৮৮০) |
| • প্রকৌশল বিমা, অগ্নিবিমা | ইংল্যান্ড -UK | • রুগ্নবিমা | জার্মানি (১৮৮৩) |
| • রপ্তানি ধার বিমা | বাংলাদেশ | • দুর্ঘটনা বিমা | জার্মানি (১৮৮৪) |
| • বিমান বিমা | ইংল্যান্ড -UK (১৯৪৬) | • বিকলাঙ্গ ও বার্ধক্য বিমা | জার্মানি (১৮৮৯) |
| • রপ্তানি বিমা | ইংল্যান্ড -UK (১৯১৮) | • বেকার ও স্বাস্থ্যহানি বিমা | ইংল্যান্ড -UK |

## Step 2 : At a Glance : Most Important Information

- কীসের ঝুঁকি কমাতে শস্যবিমার উদ্ভব হয়েছে – **প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি।**
- রপ্তানি বাণিজ্যের সাথে কোন বিমা জড়িত – **রপ্তানি ধারবিমা।**
- কোন আইন অনুযায়ী তৃতীয় পক্ষের ক্ষয়ক্ষতির জন্য বিমাকারী দায়িত্বমুক্ত থাকে – **মোটর গাড়ির আইন।**
- দুর্ঘটনা বিমার আওতা বেড়েছে কেন – **শিল্পের ও যন্ত্রের ব্যাপক উন্নতির ফলে।**
- দেশ ট্রাভেল্স পরিবহন প্রতিষ্ঠানের সকল যাত্রী জীবন বিমাকৃত-এটি হলো একটি– **গণদায় বিমা।**
- একই বিমাপত্রের আওতায় বিভিন্ন স্থানে রক্ষিত মজুত বিমা করা হলে সেটি কী বিমাপত্র? – **ভাসমান বিমাপত্র।**
- সম্পূর্ণ মূল্য পরিশোধের জন্য কমপক্ষে কত বছর বিমাপত্র চালু রাখা প্রয়োজন – **২ বছর।**
- সর্বনিম্ন কত টাকার পলিসি ডাক জীবন বিমাতে খোলা যায়- **১০০ টাকার।**
- শস্য বিমার ক্ষেত্রে অর্থনৈতিক ঝুঁকির অন্তর্ভুক্ত – **মূল্য হ্রাস।**
- বাংলাদেশে এখনও কোন ধরনের বিমার প্রচলন হয়নি– **গবাদিপশু বিমা।**
- দায়বিমা কোন ধরনের চুক্তির ফলে সৃষ্টি হয় – **তৃতীয় পক্ষীয় চুক্তি।**
- মানুষের স্বাস্থ্য সংক্রান্ত যে কোনো ঝুঁকি মোকাবিলা করার জন্য যে বিমা করা হয় তাকে– **স্বাস্থ্য বিমা বলে।**
- দুর্ঘটনার কারণে বিমান ধ্বংসপ্রাপ্ত হওয়া বা আংশিক ক্ষতি হওয়ার ঝুঁকি কমানোর উদ্দেশ্যে যে বিমা করা হয় তাকে– **বিমান বিমা বলে।**

## Step 3 : বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার বিগত বছরের প্রশ্নোত্তর

### রাজশাহী বিশ্ববিদ্যালয়

**01. 'দেশ ট্রাভেল্স পরিবহন প্রতিষ্ঠানের সকল যাত্রীর জীবন বিমাকৃত' এটি হলো একটি-** [RU : 13-14]

Ⓐ সামাজিক বিমা Ⓑ গণদায় বিমা
Ⓒ ব্যক্তিগত দুর্ঘটনা বিমা Ⓓ দ্বৈত বিমা
Ans: B

### GST গুচ্ছ/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়

**01. শস্যবিমা কোন দেশে প্রথম প্রচলন হয়?** [JKKNIU : 17-18; IU : 05-06; RU : 11-12]

Ⓐ জার্মানি Ⓑ ইংল্যান্ড
Ⓒ যুক্তরাষ্ট্র Ⓓ বাংলাদেশ
Ans: A

**02. ডাকবিমা প্রথম চালু হয় কোথায়?** [CoU : 13-14]

Ⓐ যুক্তরাষ্ট্রে Ⓑ ভারতে
Ⓒ ফ্রান্সে Ⓓ কানাডায়
Ans: B

**03. এই উপমহাদেশে সর্বপ্রথম ডাক জীবনবিমা ব্যবস্থা চালু হয় কবে?** [HSTU : 13-14]

Ⓐ ১৯৮৪ সালে Ⓑ ১৮৮৪ সালে
Ⓒ ১৯৮০ সালে Ⓓ ১৬৮৪ সালে
Ans: B

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## Step 4 সকল বোর্ডের HSC পরীক্ষার MCQ প্রশ্নোত্তর

01. নিচের কোনটি ক্ষতিপূরণের চুক্তি সংশ্লিষ্ট? [JES-22]
Ⓐ স্বাস্থ্য Ⓑ ব্যক্তিগত দুর্ঘটনা Ⓒ শস্য Ⓓ গ্রুপ Ans C

02. বিশ্বে সর্বপ্রথম কত সালে স্বাস্থ্যবিমা প্রবর্তিত হয়? [CHI-19]
Ⓐ ১৮৮৬ Ⓑ ১৯১২ Ⓒ ১৯২০ Ⓓ ১৯৭৬ Ans C

03. গবাদিপশু বিমাচুক্তি সাধারণত কত বছরের জন্য করা হয়? [RAJ-19]
Ⓐ ২ বছর বা তার কম Ⓑ ১ বছর বা তার বেশি Ⓒ ১ বছর বা তার কম Ⓓ ২ বছর বা তার বেশি Ans C

04. শস্যবিমা যে বিমার অংশ- [DIN-19]
Ⓐ ঝুঁকিবিমা Ⓑ দায়বিমা Ⓒ কৃষিবিমা Ⓓ গবাদি পশুবিমা Ans C

05. দুর্ঘটনা বিমা কত প্রকার? [DHA-17]
Ⓐ দুই প্রকার Ⓑ তিন প্রকার Ⓒ চার প্রকার Ⓓ পাঁচ প্রকার Ans B

06. নিচের কোনটি ব্যক্তিগত দুর্ঘটনা বিমার অন্তর্ভুক্ত?[COM-17]
Ⓐ ডাকাতি Ⓑ চিকিৎসা ও হাসপাতাল ব্যয় Ⓒ পেশাগত ক্ষতিপূরণ Ⓓ মোটরগাড়ি Ans B

07. গবাদিপশু বিমায় কোন ধরনের ঝুঁকি সবচেয়ে বেশি? [SYL-17]
Ⓐ প্রাকৃতিক ঝুঁকি Ⓑ অনৈতিক ঝুঁকি Ⓒ সামাজিক ঝুঁকি Ⓓ নৈতিক ঝুঁকি Ans D

08. নিচের কোনটি শস্য বিমার ঝুঁকিবহির্ভূত? [JES-17]
Ⓐ প্রাকৃতিক ঝুঁকি Ⓑ রাজনৈতিক ঝুঁকি Ⓒ অর্থনৈতিক ঝুঁকি Ⓓ সামাজিক ঝুঁকি Ans B

09. একই বিমাপত্রের আওতায় বিভিন্ন স্থানে রক্ষিত মজুত বিমা করা হলে সেটি কী বিমাপত্র? [CHI-16]
Ⓐ ভাসমান Ⓑ নির্দিষ্ট Ⓒ গড়পড়তা Ⓓ মূল্যায়ন Ans A

10. কোন ধরনের দুর্ঘটনার ব্যাপকতায় দুর্ঘটনা বিমা চালু হয়েছে? [CHI-16]
Ⓐ রেল Ⓑ বাস Ⓒ নৌ Ⓓ বিমান Ans A

11. ব্যক্তিগত দুর্ঘটনা বিমার প্রিমিয়াম নির্ধারণের বিবেচ্য বিষয় হলো-[COM-16]
Ⓐ ব্যক্তির পেশা Ⓑ শিক্ষাগত যোগ্যতা Ⓒ বয়স Ⓓ সামাজিক মর্যাদা Ans A

12. শস্যবিমার ক্ষেত্রে কোনটি অর্থনৈতিক ঝুঁকির অন্তর্ভুক্ত? [JES-16]
Ⓐ মূল্য হ্রাস Ⓑ শিলা বৃষ্টি Ⓒ আত্মসাৎ Ⓓ চুরি Ans A

## Step 5 NCTB অনুমোদিত পাঠ্য বইয়ের গুরুত্বপূর্ণ MCQ প্রশ্নোত্তর

01. দুর্ঘটনা বিমা প্রধানত কয় প্রকার?
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৫ Ans B

02. কোনটি দায়বিমা?
Ⓐ নিয়োগকারীর দায়বিমা Ⓑ গণদায়বিমা Ⓒ পণ্য দায়বিমা Ⓓ সবকটি Ans D

03. ভারতীয় উপমহাদেশে কত সালে ডাক জীবনবিমার প্রচলন ঘটে ?
Ⓐ ১৭৪৮ Ⓑ ১৮৪৮ Ⓒ ১৯৪৮ Ⓓ ১৮৮৪ Ans D

04. কোনটির বিপক্ষে দুর্ঘটনাবিমা করা হয়?
Ⓐ অপ্রত্যাশিত ঘটনা Ⓑ অচিন্তনীয় ঘটনা Ⓒ আকস্মিক ঘটনা Ⓓ সবকটি Ans D

05. যুক্তরাজ্য কত সালে সর্ব প্রথম রপ্তানি বিমা সরকারিভাবে চালু করে?
Ⓐ ১৯১২ Ⓑ ১৯১৪ Ⓒ ১৯১৬ Ⓓ ১৯১৮ Ans D

06. বাংলাদেশে কত সালে দায়বিমা স্কিম প্রচলিত হয়?
Ⓐ ১৯৬০ Ⓑ ১৯৬২ Ⓒ ১৯৬৪ Ⓓ ১৯৬৬ Ans D

07. কোনটি সম্পত্তি দুর্ঘটনা বিমা?
Ⓐ চৌর্য বিমা Ⓑ মোটরযান বিমা Ⓒ শস্যবিমা Ⓓ বিমান বিমা Ans B

08. কোনটি শস্যবিমার ঝুঁকি?
Ⓐ প্রাকৃতিক ঝুঁকি Ⓑ সামাজিক ঝুঁকি Ⓒ অর্থনৈতিক ঝুঁকি Ⓓ সবকটি Ans D



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

09. চুরি-ডাকাতির জন্য কোন ধরনের বিমা করা হয়?
Ⓐ মুনাফা ক্ষতির বিমা Ⓑ চৌর্য বিমা
Ⓒ ডাক জীবনবিমা Ⓓ রপ্তানি বিমা
Ans B

10. দায়বিমা হলো -
Ⓐ এক ধরনের দুর্ঘটনা বিমা Ⓑ শ্রমিকদের দুর্ঘটনাজনিত ক্ষতিপূরণের চুক্তি
Ⓒ শ্রমিকদের ক্ষতিপূরণ বিমা Ⓓ সবকটি
Ans D

11. রপ্তানি বাণিজ্যের সাথে কোন বিমা জড়িত?
Ⓐ রপ্তানি ধারবিমা Ⓑ পুনঃবিমা Ⓒ যুগ্মবিমা Ⓓ A ও B
Ans A

12. মেয়াদি শিক্ষা বিমার মেয়াদ কত বছর?
Ⓐ ২/৫ Ⓑ ৫/৭ Ⓒ ২০/৩০ Ⓓ ৩০/৪০
Ans B

13. সন্ধিমূলক পুনঃবিমাকে কয়ভাগে ভাগ করা যায়?
Ⓐ ২ Ⓑ ৩ Ⓒ ৪ Ⓓ ৫
Ans C

14. গবাদিপশু বিমায় কোন ঝুঁকির সম্ভাবনা সবচেয়ে বেশি?
Ⓐ প্রাকৃতিক ঝুঁকি Ⓑ নৈতিক ঝুঁকি
Ⓒ সামাজিক ঝুঁকি Ⓓ ব্যক্তিগত ঝুঁকি
Ans A

15. তুষার জয়কলি পাবলিকেশন্স লিমিটেডের মহাব্যবস্থাপক। বাঁধন ঐ একই প্রতিষ্ঠানের সিনিয়র অফিসার। দুজনেরই ব্যক্তিগত দুর্ঘটনা বিমা থাকলেও বিমার কোন বিষয়টিতে পার্থক্য হবে?
Ⓐ উদ্দেশ্যে Ⓑ প্রিমিয়াম নির্ধারণে
Ⓒ প্রিমিয়াম প্রদানের সময়ে Ⓓ মোট বিমাকৃত অঙ্কে
Ans B

16. কখন দুর্ঘটনা বিমা ব্যবস্থার প্রয়োজন তীব্রভাবে অনুভূত হয়?
Ⓐ অষ্টাদশ শতাব্দীর শুরুতে Ⓑ অষ্টাদশ শতাব্দীর শেষে
Ⓒ উনবিংশ শতাব্দীর শুরুতে Ⓓ উনবিংশ শতাব্দীর শেষে
Ans C

17. দুর্ঘটনা বিমার আওতা বেড়েছে কেন?
Ⓐ শিল্পের ও যন্ত্রের ব্যাপক উন্নতির ফলে Ⓑ মানুষের কর্মক্ষমতা বৃদ্ধির ফলে
Ⓒ মানুষের জীবনযাত্রার মানের উন্নতির কারণে Ⓓ সম্পত্তির আয়ুষ্কাল কমে যাওয়ার কারণে
Ans A

18. কোন বিমা অনুসারে দুর্ঘটনাকবলিত ব্যক্তি নির্দিষ্ট সময়ের মধ্যে মৃত্যুবরণ করলে তার মনোনীত ব্যক্তি আর্থিক সুবিধা পাবে?
Ⓐ নির্দিষ্ট রোগ ও দুর্ঘটনা বিমা Ⓑ সকল অসুস্থতা বিমা
Ⓒ হাসপাতাল ও চিকিৎসা ব্যয় বিমা Ⓓ দুর্ঘটনাজনিত মৃত্যুবিমা
Ans D

19. ব্যক্তিগত দুর্ঘটনা বিমার ঝুঁকিগুলো কীসের ভিত্তিতে নির্ধারিত হয়?
Ⓐ বয়সের ভিত্তিতে Ⓑ পেশার ভিত্তিতে
Ⓒ সুযোগ সুবিধার তারতম্যের ভিত্তিতে Ⓓ মেয়াদের ভিত্তিতে
Ans B

20. কীসের ঝুঁকি কমাতে শস্যবিমার উদ্ভব হয়েছে?
Ⓐ পরিবেশ দূষণের ঝুঁকি Ⓑ যানবাহনের ঝুঁকি
Ⓒ প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি Ⓓ শস্য ঘরে তোলার সময়কার ঝুঁকি
Ans C

21. আমিন একজন পাট চাষি। তিনি তার ফসলকে প্রাকৃতিক দুর্যোগের হাত থেকে রক্ষার জন্যে শস্যবিমা গ্রহণ করেন যাতে সুনির্দিষ্টভাবে অনাবৃষ্টির কথা উল্লেখ আছে। তিনি কোন বিমাপত্র গ্রহণ করেছেন?
Ⓐ সম্মিলিত ঝুঁকির শস্যবিমা Ⓑ সকল ঝুঁকির শস্যবিমা
Ⓒ বিশেষ ঝুঁকির শস্যবিমা Ⓓ অতিবৃষ্টিজনিত শস্যবিমা
Ans C

22. কোন বিমায় শুধু তৃতীয় পক্ষের জানমালের ক্ষতিপূরণ করার বিধান বিদ্যমান?
Ⓐ ব্যাপক ঝুঁকি বিমাপত্র Ⓑ তৃতীয় পক্ষ বিমাপত্র
Ⓒ আইনগত বিমাপত্র Ⓓ সম্পত্তি ও দুর্ঘটনা বিমাপত্র
Ans B

23. মোটরগাড়ির ঝুঁকিসমূহকে কয় ভাগে ভাগ করা যায়?
Ⓐ ২ ভাগে Ⓑ ৩ ভাগে
Ⓒ ৪ ভাগে Ⓓ ৫ ভাগে
Ans D

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CS CamScanner

## Type 2 লিখিত প্রশ্নোত্তর

### Step-1 এক কথায় প্রশ্নোত্তর

- যে সকল বিমা চুক্তির দ্বারা চালকের অসাবধানতায় অগ্নিকাণ্ড বা অন্যান্য কারণে মোটরযান, যাত্রীর ক্ষতি পূরণের জন্য যে বিমা করা হয় তাকে কি বলে? **-যানবাহন বিমা**
- যে বিমা চুক্তি দুর্ঘটনার, আর্থিক ক্ষতির প্রতিরোধমুলক ব্যবস্থা হিসেবে করা হয় তাকে কি বলে?- **দুর্ঘটনা বিমা**
- যে বিমা চুক্তির মাধ্যমে বিমাকারী প্রিমিয়ামের প্রতিদান হিসেবে ডাকাতির মাধ্যমে সংঘটিত ক্ষতিপূরণ প্রদান করে তাকে কি বলে?- **ডাকাতি বিমা**
- যে বিমা চুক্তির দ্বারা বিমাকারী নির্দিষ্ট প্রিমিয়ামের প্রতিদান হিসেবে প্রাকৃতিক ও অপ্রাকৃতিক কারণে বিমাগ্রহীতার শস্যের ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দেয় তাকে কি বলে?- **শস্য বিমা**
- যে বিমাপত্রের মাধ্যমে ভূমিকম্পের কারণে কোনো স্থাবর-অস্থাবর সম্পত্তি ও ক্ষতিগ্রস্ত হলে বিমাকারী বিমাগ্রহীতাকে ক্ষতিপূরণ প্রদানে সম্মত হয় তাকে কি বলে?- **ভূমিকম্প বিমা**
- মানুষের স্বাস্থ্য স্বাভাবিক ও সুস্থ রাখার ক্ষেত্রে প্রয়োজনীয় আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে বিমাকারী প্রিমিয়ামের বিনিময়ে বিমাগ্রহীতার সাথে যে চুক্তি সম্পাদিত হয় তাকে কি বলে?- **স্বাস্থ্য বিমা**

### Step-2 গুরুত্বপূর্ণ সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

**০১. ব্যক্তিগত দুর্ঘটনা বিমা কী? এটি কত প্রকার ও কী কী?**

**উত্তর :**কোনো দুর্ঘটনায় বা রোগ ব্যাধিতে বিমাগ্রহীতার মৃত্যু হলে বা উপার্জনক্ষমতা সম্পূর্ণ বা আংশিক ক্ষতিগ্রস্ত হলে ক্ষতিপূরণ প্রদানের প্রতিশ্রুতির ভিত্তিতে বিমাকারী ও বিমাগ্রহীতার মধ্যে যে চুক্তি সম্পাদিত হয় তাকে ব্যক্তিগত দুর্ঘটনা বিমা বলে। ব্যক্তিগত দুর্ঘটনার ঝুঁকিকে তিনভাগে ভাগ করা হয়েছে।

◆ সাধারণ ঝুঁকিতে আছে -

আইন ব্যবসায়ী, ব্যাংকার, সাধারণ ব্যবসায়ী, প্রতিনিধি, কেরানি, সরকারি অফিসার ও কর্মচারী, শিক্ষক-শিক্ষিকা এবং অতিরিক্ত ঝুঁকিবিহীন পেশায় নিয়োজিত অন্যান্য ব্যক্তিবর্গ।

◆অতিরিক্ত ঝুঁকিতে আছে -

দোকানদার, বিপদসঙ্কুল কার্যে নিয়োজিত ব্যক্তি, ব্যবসায়ী, বাণিজ্যিক পরিব্রাজক প্রভৃতি ব্যক্তি।

◆বিপদসঙ্কুল ঝুঁকিতে আছে -

নিলাম ডাককারী, গৃহ নির্মাতা, সুতার মিস্ত্রি, ইঞ্জিনিয়ার, শ্রমজীবী, পশু শল্য চিকিৎসক, অতিরিক্ত বিপদসঙ্কুল ব্যবসায়ে নিয়োজিত ব্যক্তিগণ (যেমন কসাই, কাঠ ব্যবসায়ী, বনরক্ষা কর্মকর্তা প্রভৃতি লোক।)



CamScanner

০২. দুর্ঘটনাজনিত মৃত্যু বিমা কী?

উত্তর : যে বিমা চুক্তির আওতায় বিমাগ্রহীতা বিমা চুক্তিতে উল্লিখিত কারণে আহত হয়ে বিমাগ্রহীতার মৃত্যু হলে বিমা প্রতিষ্ঠানের দ্বারা বিমা দাবি পূরণ করা হয় তাকে দুর্ঘটনাজনিত মৃত্যু বিমা বলে।

০৩. দুর্ঘটনাজনিত অক্ষমতা বিমা কী?

উত্তর : যে দুর্ঘটনা বিমা চুক্তির আওতায় চুক্তিতে উল্লিখিত কোনো দুর্ঘটনার কারণে বিমাগ্রহীতা সম্পূর্ণ বা আংশিক অক্ষম হয়ে পড়লে বিমাপত্রে উল্লিখিত নির্দিষ্ট হারে ক্ষতিপূরণ করা হলে তাকে দুর্ঘটনাজনিত অক্ষমতা বিমা বলে।

০৪. নির্দিষ্ট রোগ ও দুর্ঘটনা বিমা কী?

উত্তর : দুর্ঘটনাজনিত মৃত্যু বিমাপত্রে বা দুর্ঘটনাজনিত অক্ষমতা বিমাপত্রে দুর্ঘটনা ছাড়া ও কোনো নির্দিষ্ট রোগের ফলে বিমাগ্রহীতা অক্ষম হয়ে পড়ার জন্য ক্ষতিপূরণের প্রতিশ্রুতি থাকে তাকে যে কোনো প্রকার রোগ ও দুর্ঘটনা বিমা বলে।

০৫. মোটরযান বিমা কী ?

উত্তর : রাস্তাঘাটে মোটরযান চালনার সময় মোটরযানের অথবা যাত্রীর অথবা অন্য ব্যক্তির ও তার সম্পত্তির ক্ষতির ঝুঁকি এড়ানোর জন্য মোটরযান মালিক যে ধরনের বিমাপত্র গ্রহণ করে তাকে মোটরযান বিমা বলে।

০৬. গবাদিপশু বিমা নবায়ন করা হয় না কেন?

উত্তর : বিমা চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার সাথে সাথে গবাদিপশুর বয়স ও স্বাস্থ্যের পরিবর্তন হয় বলে গবাদিপশুর বিমা নবায়ন করা যায় না। গৃহপালিত পশুর অসুস্থতা ও মৃত্যুজনিত ক্ষতি মোকাবিলা করার জন্য গবাদিপশুর বিমা করা হয়। এ বিমাপত্রের মেয়াদ এক বছর।

০৭. শস্য বিমা কৃষকের উৎপাদন অব্যাহত রাখে কীভাবে?

উত্তর : কোনো শস্য বা ফসলের ক্ষতি হলে নিঃস্ব হয়ে যেতে পারে। এক্ষেত্রে ক্ষতিগ্রস্ত ফসলের বা শস্যের বিমা করা থাকলে কৃষকরা বিমা প্রতিষ্ঠানের কাছ থেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা পায়। ফলে উৎপাদন অব্যাহত রাখা যায়। এভাবেই আর্থিক ক্ষতিপূরণের মাধ্যমে শস্য বিমা কৃষকের উৎপাদন অব্যাহত রাখে।

০৮. আইন বিমাপত্র কী?

উত্তর : মোটর যানবাহন আইনের আওতাধীন যে সমস্ত ঝুঁকি মোটরগাড়ি মালিকের কাঁধে পড়ে তা এ ধরনের বিমাপত্রের মাধ্যমে বিমা করা হয় বলে একে আইন বিমাপত্র বলা হয়।

০৯. তৃতীয় পক্ষ বিমাপত্র কী?

উত্তর : আইন বিমাপত্রের আওতাধীন তৃতীয় পক্ষের আইনগত দায় ব্যতীত অন্যান্য বিভিন্ন আইন; যেমন– মারাত্মক দুর্ঘটনা আইন ও সাধারণ আইন অনুসারে তৃতীয় পক্ষের কোনো ক্ষতির জন্য মোটরগাড়ির মালিক দায়ী হলে তা পূরণের জন্য এ ধরনের বিমাপত্র গ্রহণ করা হয়।

১০. সার্বিক মোটর বিমাপত্র কী?

উত্তর : একটি বিমাপত্রের অধীনে অনেকগুলো মোটর ঝুঁকি অন্তর্ভুক্ত করে যে বিমাপত্র গ্রহণ করা হয় তাকে সার্বিক মোটর বিমাপত্র বলা হয়। এটা যেমনি স্বীয় গাড়ির দুর্ঘটনার দরুন বিমাগ্রহীতার মৃত্যু বা শারীরিক অক্ষমতা বা জখম অন্তর্ভুক্ত করে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

# SELF TEST

Part-1 : MCQ
Part-2 : Written

## Part-1 ▶ MCQ

01. নিচের কোনটি সম্পত্তি দুর্ঘটনা বিমাবহির্ভূত?
Ⓐ গণদায় বিমা
Ⓑ চৌর্য বিমা
Ⓒ শস্য বিমা
Ⓓ গবাদিপশু বিমা

02. গবাদিপশুর বিমায় কোন ঝুঁকির সম্ভাবনা সবচেয়ে বেশি?
Ⓐ প্রাকৃতিক ঝুঁকি
Ⓑ নৈতিক ঝুঁকি
Ⓒ সামাজিক ঝুঁকি
Ⓓ পেশাগত ঝুঁকি

03. বাংলাদেশে এখনও কোন ধরনের বিমার প্রচলন হয়নি?
Ⓐ নৌ-বিমা
Ⓑ শিক্ষাবৃত্তি বিমা
Ⓒ শ্রমিক ক্ষতিপূরণ বিমা
Ⓓ গবাদিপশু বিমা

04. গবাদিপশু বিমা কোন ধরনের বিমার অন্তর্ভুক্ত?
Ⓐ জীবন
Ⓑ সম্পত্তি
Ⓒ সামাজিক
Ⓓ দায়

05. পুনর্বিমার মুখ্য উদ্দেশ্য কোনটি?
Ⓐ ঝুঁকি হ্রাস
Ⓑ মুনাফা বৃদ্ধি
Ⓒ গ্রাহক সন্তুষ্টি অর্জন
Ⓓ আস্থা পুনঃপ্রতিষ্ঠা

06. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?
Ⓐ জাহাজ বিমা
Ⓑ বিমান বিমা
Ⓒ জীবনবিমা
Ⓓ অগ্নিবিমা

07. মোটরগাড়ির ঝুঁকিসমূহকে কয় ভাগে ভাগ করা যায়?
Ⓐ ২ ভাগে
Ⓑ ৩ ভাগে
Ⓒ ৪ ভাগে
Ⓓ ৫ ভাগে

08. সর্বপ্রথম কোথায় দুর্ঘটনা বিমার প্রচলন হয়?
Ⓐ ভারতে
Ⓑ বাংলাদেশে
Ⓒ মার্কিন যুক্তরাষ্ট্রে
Ⓓ ইংল্যান্ডে

09. বিশ্বে কখন প্রথম দুর্ঘটনা বিমা চালু হয়?
Ⓐ ১৮১২
Ⓑ ১৮৬৬
Ⓒ ১৮৮৪
Ⓓ ১৮৯০

10. দুর্ঘটনা বিমা কত প্রকার?
Ⓐ ২ প্রকার
Ⓑ ৪ প্রকার
Ⓒ ৩ প্রকার
Ⓓ ৬ প্রকার

11. বাংলাদেশে কত সালে শস্য বিমার প্রচলন হয়?
Ⓐ ১৯৭১
Ⓑ ১৯৭২
Ⓒ ১৯৭৭
Ⓓ ১৯৭৫

12. ব্যক্তিগত দুর্ঘটনা বিমা কোন বিমার অন্তর্ভুক্ত?
Ⓐ সম্পত্তি বিমা
Ⓑ জীবনবিমা
Ⓒ সাধারণ বিমা
Ⓓ স্বাস্থ্য বিমা

| OMR | | | | | |
|---|---|---|---|---|---|
| 01.ⒶⒷⒸⒹ | 02.ⒶⒷⒸⒹ | 03.ⒶⒷⒸⒹ | 04.ⒶⒷⒸⒹ | 05.ⒶⒷⒸⒹ | 06.ⒶⒷⒸⒹ |
| 07.ⒶⒷⒸⒹ | 08.ⒶⒷⒸⒹ | 09.ⒶⒷⒸⒹ | 10.ⒶⒷⒸⒹ | 11.ⒶⒷⒸⒹ | 12.ⒶⒷⒸⒹ |

| ANSWER | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| 12.B | 11.C | 10.C | 09.B | 08.D | 07.D | 06.C | 05.A | 04.B | 03.D | 02.B | 01.A |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## Part-2 Written

01. সম্পত্তি দুর্ঘটনা বিমা কী?

02. পণ্য দায় বিমা কী?

03. চৌর্য বিমা কী?

04. সার্বিক মোটর বিমাপত্র বলতে কী বোঝায়?

05. সম্পত্তি বিমার ক্ষতিপূরণের দাবি উত্থাপনের পদ্ধতি আলোচনা করো।

06. আইন বিমাপত্র কী?

07. তৃতীয় পক্ষ বিমাপত্র কী?

08. দুর্ঘটনাজনিত মৃত্যু বিমা কী?

## Answer

01. অপ্রত্যাশিতভাবে ঘটে যাওয়া কোনো দুর্ঘটনার কারণে সম্পত্তির কোনো ক্ষতি হলে তা পূরণের প্রতিশ্রুতি দিয়ে বিমাকারী বিমাগ্রহীতার সাথে চুক্তিবদ্ধ হলে বা বিমাপত্র ইস্যু করা হলে তাকে সম্পত্তি দুর্ঘটনা বিমা বলে।

02. কোনো যানবাহনে একস্থান থেকে অন্যস্থানে পণ্য পরিবহনকালে পথিমধ্যে কোনো কারণে পণ্য হারানো গেলে বা বিনষ্ট হলে সে ক্ষতিপূরণের জন্য পরিবহন প্রতিষ্ঠান যে বিমা গ্রহণ করে তাকে পণ্য দায় বিমা বলে।

03. চুরি, ডাকাতি, ছিনতাই, রাহাজানি বা জালিয়াতির মাধ্যমে মূল্যবান সম্পত্তি বেহাত হওয়ার ঝুঁকি থাকলে তার জন্য যে ধরনের বিমাপত্র গ্রহণ করা হয় তাকে চৌর্য বিমা বলে।

04. যে বিমাপত্রের অধীনে অনেকগুলো মোটরগাড়ির সম্ভাব্য ঝুঁকি অন্তর্ভুক্ত করা হয় তাকে সার্বিক মোটর বিমাপত্র বলে। এ বিমাপত্রে অনেক মোটরগাড়ি ক্ষতিগ্রস্ত হলে বিমা প্রতিষ্ঠান সব মোটরগাড়ির ক্ষতিপূরণ বহন করে। এতে মালিকদের ঝুঁকি কম হয়।

05. সম্পত্তি বিমায় দাবি উত্থাপন করতে হলে বিমাকারীকে তার সম্পদের ক্ষতির সম্ভাব্য কারণ, ক্ষতির পরিমাণ ইত্যাদি জানিয়ে বিমা প্রতিষ্ঠানের কাছে লিখিত আবেদন করতে হয়। পরবর্তীতে বিমা প্রতিষ্ঠান এর সত্যতা যাচাই করে সম্পদের ক্ষতিপূরণ দেয়।

06. মোটর যানবাহন আইনের আওতাধীন যে সমস্ত ঝুঁকি মোটরগাড়ি মালিকের কাঁধে পড়ে তা এ ধরনের বিমাপত্রের মাধ্যমে বিমা করা হয় বলে একে আইন বিমাপত্র (Act Policy) বলা হয়।

07. আইন বিমাপত্রের আওতাধীন তৃতীয় পক্ষের আইনগত দায় ব্যতীত অন্যান্য বিভিন্ন আইন; যেমন– মারাত্মক দুর্ঘটনা আইন ও সাধারণ আইন অনুসারে তৃতীয় পক্ষের কোনো ক্ষতির জন্য মোটরগাড়ির মালিক দায়ী হলে তা পূরণের জন্য এ ধরনের বিমাপত্র গ্রহণ করা হয়।

08. যে বিমা চুক্তির আওতায় বিমাগ্রহীতা বিমা চুক্তিতে উল্লিখিত কারণে আহত হয়ে বিমাগ্রহীতার মৃত্যু হলে বিমা প্রতিষ্ঠানের দ্বারা বিমা দাবি পূরণ করা হয় তাকে দুর্ঘটনাজনিত মৃত্যু বিমা বলে।



CamScanner